শ্রীশ্রীসংকীর্ত্তনামৃত

[পদাবলীর সংগ্রহ-গ্রন্থ]

পদকর্ত্তা দীনবন্ধু দাস কর্ত্তৃক সঙ্কলিত

মহারাজ রাও শ্রীযুক্ত যোগীন্দ্রনারায়ণ রায় সি আই ই
বাহাদুরের স্থাপিত লালগোলা গ্রন্থ-প্রকাশ
তহবিলের অর্থে প্রকাশিত।

অধ্যাপক
শ্রীঅমূল্যচরণ বিদ্যাভূষণ
সম্পাদিত

কলিকাতা
২৪৩।১ আপার সার্কুলার রোড,
বঙ্গীয়-সাহিত্য-পরিষদ্ মন্দির হইতে
শ্রীরামকমল সিংহ কর্ত্তৃক
প্রকাশিত
১৩৩৬

মূল্য—সাধারণ পক্ষে—৳০, শাখা-সভার সদস্য-পক্ষে—৳০ এবং পরিষদের সদস্য-পক্ষে—॥৵০

মুখবন্ধ

দশ বৎসর হইতে চলিল, একখানি বৈষ্ণব-পদাবলী-সংগ্রহের পুথি স্বর্গগত দেশবন্ধু চিত্তরঞ্জন দাশ মহাশয়ের হস্তগত হয়। পুথিখানির নাম "সংকীর্ত্তনামৃত"। সঙ্কলয়িতার নাম দীনবন্ধু দাস। লিপিকাল ১৬৯৩ শক, ৫ বৈশাখ। ১৩২৬ বঙ্গাব্দের 'নারায়ণ'-পত্রের কার্ত্তিক সংখ্যায় শ্রীযুক্ত তারাপ্রসন্ন ভট্টাচার্য্য মহাশয় এই পুথিখানির একটী পরিচয় প্রকাশ করেন। ইহাতে তিনি বিশেষ প্রণিধান-যোগ্য একটী কথা বলিয়াছেন। তিনি বলেন, "আশ্চর্য্যের বিষয়, যে চণ্ডীদাসের নাম বাঙ্গালীর অস্থি-মজ্জার সহিত মিশিয়া গিয়াছে, তাঁহার একটী পদও আলোচ্য গ্রন্থে উদ্ধৃত হয় নাই। আরও আশ্চর্য্যের বিষয় এই যে, বর্ত্তমানে আমরা যাহাকে চণ্ডীদাসের পদ বলি, দীনবন্ধু দাসের কয়েকটী পদে তাহার সুর যেন বিলক্ষণ অনুভূত হইয়া থাকে।"

১৩২৭ বঙ্গাব্দের চৈত্র মাসে বঙ্গীয়-সাহিত্য-পরিষদের সভাপতি মহামহোপাধ্যায় শ্রীযুক্ত হরপ্রসাদ শাস্ত্রী মহাশয়ের হস্তে দাশ মহাশয় তাঁহার সংগৃহীত সমস্ত পুথি (৪২৪খানি) পরিষৎকে দান করেন এবং সাহিত্য-পরিষৎও এই পুথি-খানি প্রকাশে ইচ্ছুক হইয়া আমার প্রতি ইহার সম্পাদন-ভার অর্পণ করেন। তদনুসারে ইহার মূল-ভাগ মুদ্রিত হইয়াছে। ইহার বিস্তৃত ব্যাখ্যা ও টীকা প্রভৃতি লিখিত হইতেছে। কিন্তু ইতিমধ্যে মুদ্রিত ফর্ম্মাগুলি নষ্ট হইয়া যাইতেছে দেখিয়া পরিষৎ ইহার মূল অংশ প্রথম খণ্ডরূপে প্রকাশ করিলেন। ব্যাখ্যা, টীকা বিস্তৃত ভূমিকা সমেত দ্বিতীয় খণ্ডরূপে প্রকাশিত হইবে।

'সংকীর্ত্তনামৃত' পুথির আকার ১২¾"×৪½"। পুথিখানি সর্ব্বসমেত ১২৭ খানি পত্রে সম্পূর্ণ। এই পুথির শেষে লিপিকরের কোন পরিচয় নাই। তবে শেষ পদে দীনবন্ধুদাসের ভণিতায় দীনবন্ধুর এইটুকু পরিচয় পাওয়া যায়,—

"প্রপিতামহের নাম শ্রীঠাকুর হরি।
তার পাদপদ্মধূলি নিজ শিরে ধরি॥
পিতামহ ঠাকুর নাম শ্রীনন্দকিশোর।
তাহার করুণাবলে হেন ইৎসা মোর॥
পিতা শ্রীবল্লবীকান্ত ঠাকুরের দয়া।
সেই বলে লিখি আমি ভক্তিশক্তি পাঞা॥"

"দ্বিজ অজামিল * * পাপী ছিল
শুনিয়াছি ভাগবতে :
সেহো গেল তরি নারায়ণ বলি
ডাকিঞা আপন সুতে॥
ভাই লোকনাথ তনুজ গোলোক
কাজে ডাকি বারে বার।"

ইহা হইতে দীনবন্ধুর প্রপিতামহের নাম হরি ঠাকুর, পিতামহ নন্দকিশোর, পিতা বল্লবীকান্ত, ভ্রাতা লোকনাথ ও ভ্রাতুষ্পুত্র গোলোক, এইটুকু জানিতে পারা যায়। দীনবন্ধুর অন্য কোন পরিচয় পুথিতে নাই। কিন্তু তিনি যে,

শ্রীখণ্ডের নরহরি সরকার ঠাকুরের শিষ্য-শাখার অন্তর্গত ছিলেন, তাহা মাত্র দুইটী পদের ভণিতা হইতে প্রমাণিত হয়। ভণিতা যথা,—

১। দীনবন্ধু কহে শুন পরিণাম।
মধুমতি আনি মিলাওব কাহ্ন॥—৪৭৬
২। মধুমতি পদ পাশে লুকাইঞা অভিলাষে
দীনবন্ধু রভস দেখিব।—৪৮৯

বৈষ্ণব-সমাজে নরহরি সরকার ঠাকুর ব্রজলীলার "মধুমতী সখী" বলিয়া প্রসিদ্ধ ছিলেন।

নরহরির সমকালবর্ত্তী বাসুঘোষ তাঁহার পদে লিখিয়াছেন,—

"সরকার ঠাকুরের অদ্ভুত মহিমা।
ব্রজে মধুমতী যে গুণের নাহি সীমা॥"

শ্রীনিবাসাচার্য্য-কৃত "শ্রীনরহরিঠকুরাষ্টকম্" নামক গ্রন্থে লিখিত আছে,—

"বৃন্দারণ্যে ব্রজরমণীনাং মধ্যে খ্যাতা হি মধুমতী।
তং শ্রীগৌরপ্রিয়তমমশেষং বন্দে শ্রীলং নরহরিদাসম্॥ ৮

সংকীর্ত্তনামৃতে ৪০ চল্লিশ জন পদকর্ত্তার পদ সঙ্কলিত হইয়াছে। পদকর্ত্তাদিগের নাম এবং কাহার কয়টী পদ ইহাতে সংগৃহীত হইয়াছে, নিম্নে তাহা প্রদর্শিত হইল।—

১।	দীনবন্ধু দাস	২০৭	২১।	মথুরেশ দাস	২
২।	গোবিন্দ দাস	১৫৪	২২।	চন্দ্রশেখর	২
৩।	বাসুদেব ঘোষ	১৬	২৩।	কবিরঞ্জন	২
৪।	জ্ঞানদাস	১১	২৪।	নয়নানন্দ	২
৫।	ঘনশ্যাম দাস	১১	২৫।	কুমুদানন্দ	১
৬।	বিদ্যাপতি	১০	২৬।	প্রেমদাস	১
৭।	যদুনাথ দাস	৬	২৭।	বংশীবদন	১
৮।	নন্দকিশোর	৬	২৮।	নরসিংহ	১
৯।	কবিশেখর	৫	২৯।	চম্পাতিনাথ	১
১০।	সনাতন গোস্বামী	৫	৩০।	বিপ্রদাস ঘোষ	১
১১।	বলরাম দাস	৪	৩১।	অনন্ত	১
১২।	নরোত্তম দাস	৪	৩২।	দিব্যসিংহ	১
১৩।	শ্যাম দাস	৪	৩৩।	বল্লভ দাস	১
১৪।	লোচন দাস	৬	৩৪।	গিরিধর দাস	১
১৫।	রামানন্দ দাস (বসু)	৩	৩৫।	লোচন দাস	১
১৬।	যাদবেন্দ্র	৩	৩৬।	চম্পাতি	১
১৭।	মুকুন্দ দাস	৩	৩৭।	বৃন্দাবন	১
১৮।	ভূপতিনাথ	৩	৩৮।	উদ্ধব	১
১৯।	নরহরি	৩	৩৯।	শেখর রায়	১
২০।	জয়দেব	২	৪০।	সিংহ ভূপতি	১
				ভণিতা-হীন পদ	৭

৫৬১

গ্রন্থখানি দুই ভাগে বিভক্ত—পূর্ব্বখণ্ড ও উত্তরখণ্ড। পূর্ব্বখণ্ডে ১৫ পরিচ্ছেদ, উত্তরখণ্ডে—৫, মোট ২০ পরিচ্ছেদে গ্রন্থখানি সমাপ্ত। উভয় খণ্ডের শেষেই সেই সেই খণ্ডের কোন্ কোন্ পরিচ্ছেদে কি কি বিষয়ের পদ সংগৃহীত হইয়াছে, তাহার একটী বর্ণনা আছে। ইহা ছাড়া ৬ হইতে ১৩ পৃষ্ঠা পর্য্যন্ত দীনবন্ধু দাসের স্বকৃত পয়ারে একটী সুন্দর সিদ্ধান্তব্যাখ্যা ও রসবিচার আছে। এই প্রসঙ্গে তিনি সংস্কৃত রসশাস্ত্র হইতে প্রমাণ উদ্ধৃত করিয়া নিজ মতের উপাদেয়তা বৃদ্ধি করিয়াছেন। এতদ্ভিন্ন অধিকাংশ পদের প্রথমেই নানা বৈষ্ণব গ্রন্থ ও ভাগবত হইতে সেই সেই পদের সমভাবাত্মক সংস্কৃত শ্লোক উদ্ধৃত করিয়া, বৈষ্ণব পদাবলী ও সংস্কৃত ভাষায় লিখিত বৈষ্ণব কাব্যাদি, এই উভয়ের ভাবধারা যে অধিকাংশ স্থলে একই খাতে প্রবাহিত হইয়াছে, তাহার প্রমাণ দিয়াছেন। অনেক অজ্ঞাতনামা লেখকের সংস্কৃত শ্লোকও তিনি এই প্রসঙ্গে উদ্ধার করিয়াছেন।

মুখবন্ধে সাধারণভাবে এই কয়টী কথাই বলিলাম। দ্বিতীয় খণ্ডে বিশেষভাবে আলোচনা করিবার ইচ্ছা রহিল।

শ্রীঅমূল্যচরণ বিদ্যাভূষণ

পদসূচী

গ

শ্রীশ্রীসংকীর্ত্তনামৃত

শ্রীগুরোঃ শ্রীযুতং পাদপদ্মং বন্দে মুহুর্ম্মুহুঃ ।
যৎকৃপাগন্ধমাত্রেণ কৃতার্থা নরষট্‌পদাঃ ॥
শ্রীচৈতন্যপদারবিন্দযুগলং নত্বা তদীয়ানহং
বন্দে পাদরজঃ শিরস্যনুবহন্ ত্যক্ত্বা ভয়ং কালতঃ ।
বন্ধূনামুপরোধভাগ্যবশতঃ প্রাচীনপদ্যাবলী
যত্নেন গ্রথিতা ময়া ক্রমকৃতা সৎকণ্ঠহারাবলী ॥*॥
রাধাকৃষ্ণরসোদ্রেকং বর্ণিতং পদকারকৈঃ ।
কিঞ্চিদ্‌যথাক্রমং কৃত্বা লিখিতং দীনবন্ধুনা ॥
গুণজ্ঞা গীয়তাং নিত্যং চিন্ত্যতাং ভাবুকা জনাঃ ।
রসজ্ঞা শ্রূয়তাং রাধাকৃষ্ণসংকীর্ত্তনামৃতম্ ॥

এতানি পদ্যানি কস্যচিৎ ॥

শ্রীচৈতন্যচন্দ্রামৃতে,—

সংসারসিন্ধুতরণে হৃদয়ং যদি স্যাৎ
সংকীর্ত্তনামৃতরসে রমতে মনশ্চেৎ ।
প্রেমাম্বুধৌ বিহরণে যদি চিত্তবৃত্তিঃ
গৌরাঙ্গচন্দ্রচরণে শরণং প্রয়াতু ॥

জয় জয় শ্রীগুরুচরণ ভক্তিসদ্ম ।
জয় নিত্যানন্দ চৈতন্যের পাদপদ্ম ॥
জয়াদ্বৈতচন্দ্র জয় দ্বাদশ গোপাল ।
চৌষষ্টি মহান্তপদে করি নমস্কার ॥
জয় জয় চৈতন্যের পার্ষদগণ ।
শক্তি দেহ করি জেন নামসংকীর্ত্তন ॥
অজ্ঞ বালকের যত মনে মনে সাধ ।
ধরিবারে চাহে যেন গগনের চান্দ ॥

ঐছন ইচ্ছা মোর কীর্ত্তন করিতে ।
পুরহ মোনের সাধ দয়া কর চিতে ॥
বাঞ্ছাকল্পতরু নাম সাধুমুখে শুনি ।
বড় মনে ভরসা করিঞা কিছু বর্ণি ॥
নিবেদন করি শ্রোতাগণের চরণে ।
অবজ্ঞা না কর কেহো আমার বচনে ॥
রাধাকৃষ্ণসংকীর্ত্তনামৃত সাধ্যসার ।
শুনিলে জানিএ সব রসের বিস্তার ॥
অজ্ঞবাক্য বলি কেহো না করিবে হেলা ।
অবশ্যশ্রোতব্য এই রাধাকৃষ্ণলীলা ॥
পূর্ব্ব পূর্ব্ব মহতের যত পদাবলী ।
তাহারি সংগ্রহ করি হইঞা কুতূহলী ॥
কদাচিৎ দুই এক স্বকৃত বর্ণন ।
মধ্যে মধ্যে দিব রস সংলগ্ন কারণ ॥

প্রাচীন বর্ণন আছে কবিতা বিচিত্র।
তথাপি আপন বাণী করিব পবিত্র॥
শুন শুন শ্রোতাগণ একমন হঞা।
দীনবন্ধু দাস কহে বিনতি করিঞা॥

শ্রীগৌরচন্দ্রজননাদিসমস্তলীলা
বিস্তারিতানি ভুবি সর্ব্বরসানি সন্তি।
শ্রীবাসুঘোষরচিতানি পদানি যানি
তান্যেব গায়ত বুধাঃ কিল কীর্ত্তনাদৌ॥

বাসুঘোষ ঠাকুরের বিচিত্র বর্ণন।
শুনিতেই যুড়ায় শ্রোতার কর্ণ মন॥
গৌরাঙ্গের জন্ম আদি যত যত লীলা।
বিস্তারি অশীতি পদে সকল বর্ণিলা॥
কীর্ত্তনের আরম্ভে রসের অনুসারে।
গৌরচন্দ্র সেই পদ গাও সমাদরে॥
যত যত রাধাকৃষ্ণ-লীলা পদে পদে।
তত গৌরচন্দ্রপদ লাগে পরিচ্ছেদে॥
গ্রন্থবাহুল্য ভয়ে লিখিতে না পারি।
অতএব দেখিহ প্রাচীন পদাবলী॥
দীনবন্ধু দাস কহে শুন বন্ধুগণ।
গৌরগুণ গাও আগে করি একমন॥ * ॥

তার পরে গাইএ শ্রীরাধাকৃষ্ণলীলা।
জন্ম আদি ব্রজভূমে কত শত খেলা॥
রাধাকৃষ্ণলীলা এ অপার সুধাসিন্ধু।
অবগাহিতে নারিব ছুইব এক বিন্দু॥
লোকে সচরাচর যে লীলা সংকীর্ত্তন।
মহাজনপদ তাথে অনেক বর্ণন॥
সেই সব পদ পদ্য ভরসার বলে।
সিদ্ধান্তবিরোধ ভয় পালাইল দূরে॥

প্রাচীনের পদ পদ্য আছে সর্ব্বরসে।
সংগ্রহ করিব সেই শুদ্ধ রসবশে॥
রসাভাস সিদ্ধান্তবিরোধ দুই দোষ।
দূরে গেল মনে বড় হইল সন্তোষ॥
পরম আনন্দে করি কীর্ত্তন সংগ্রহ।
দয়া করি সভে শুন করি অনুগ্রহ॥
প্রথমে বর্ণিব রাধাকৃষ্ণজন্মোৎসব।
তার পরে বয়োবাহুল্যাদি যত সব॥
সংক্ষেপে কহিব এই সব সূত্রমাত্র।
পূর্ব্বরাগ হয় সর্ব্বরসের আদি পাত্র॥
সেই হৈতে বর্ণিব শ্রীরাধাকৃষ্ণরস।
যেই রসে পরস্পর দোহেঁ দোঁহার বশ
অপরূপ এক দিবসের নিত্য লীলা।
শ্রীগোবিন্দ কবিরাজ ঠাকুর বর্ণিলা॥
সেই মত বর্ণন গোবিন্দলীলামৃতে।
কবিরাজ গোস্বামীর বিদিত জগতে॥
সেই সব পদ পদ্য ভরসার বলে।
দীনবন্ধু সংগ্রহ করএ কুতূহলে॥

গোবিন্দলীলামৃতে,

কুঞ্জাদ্‌গোষ্ঠং নিশান্তে প্রবিশতি কুরুতে
দোহনান্নাশনাদ্যাং
প্রাতঃ সায়ঞ্চ লীলাং বিহরতি সখিভিঃ সঙ্গবে
চারয়ন্ গাঃ।
মধ্যাহ্নে চাথ নক্তং বিলসতি বিপিনে রাধয়াদ্ধা-
পরাহ্ণে
গোষ্ঠং যাতি প্রদোষে রময়তি সুহৃদো যঃ
শ্রীকৃষ্ণোঽবতান্নঃ॥

শ্রীচৈতন্যচন্দ্রামৃতে,—

সংসারসিন্ধুতরণে হৃদয়ং যদি স্যাৎ
সংকীর্ত্তনামৃতরসে রমতে মনশ্চেৎ।
প্রেমাম্বুধৌ বিহরণে যদি চিত্তবৃত্তিঃ
গৌরাঙ্গচন্দ্রচরণে শরণং প্রযাতু ॥

অথ সংকীর্ত্তনাদৌ

প্রথমতো গন্ধমাল্যাদিনাহ্বানম্ ॥

তত্র গৌরচন্দ্রঃ ॥

কামোদ।

জয় রে জয় রে গোরা শ্রীশচীনন্দন
মঙ্গল নটন সুঠান।
কীর্ত্তনমণ্ডলে শ্রীবাস রামানন্দ
মুকুন্দ বাসু গুণ গান ॥
দ্রাং দিমিকি দিমি মাদল বাজত
মধুর মঞ্জিরা রসাল।
শঙ্খ করতাল ঘণ্টারব ভেল
মিলল পদতলে তাল ॥
কেহ দেই গোরা অঙ্গে সুগন্ধি চন্দন
কেহ দেই মালতীর মাল।
পিরিতি ফুলশর মরমে ভেদল
ভাবে সহচরি ভোর ॥
কেহো বলে গোরা জানকীবল্লভ
রাধার প্রিয় পাচ বাণ।
নয়নানন্দ মনে আন নাহি জানে
আমারি গদাধরের প্রাণ ॥১॥

আগোর চন্দন লেপিয়া গোরা গায়।
প্রিয় পারিষদগণ চামর ঢুলায় ॥
অনিট চামর কেহ ধরি নিজ করে।
মোনের মানসে ঢালে গৌরকলেবরে ॥
চান্দ জিনিঞা মুখ অধিক বিরাজে।
মালতী ফুলের মালা গোরা অঙ্গে সাজে
অরুণ বসন সাজে নানা অভরণে।
বাসুদেব গোরারূপ করে নিরক্ষণে ॥২॥

মঙ্গল রাগ।

শঙ্খ দুন্দুভি নাদ বাজএ সুস্বরে।
গোরাচান্দের অভিষেক করে সহচরে ॥
গন্ধ চন্দন শিলা ধূপ দীপ জালি।
নগরে নাগরী সব করে অর্ঘথালি ॥
নদীয়ার লোক সব দেখি আনন্দিত।
ঘন জয় জয় দিঞা কেহ গাএ গীত ॥
গোরাচান্দের মুখ সভে করে নিরক্ষণে।
গোরা অভিষেকরস বাসুদেব গানে ॥৩॥

শ্রীচৈতন্যচন্দ্রামৃতে,—

প্রেমানামাদ্ভুতার্থঃ শ্রবণপথগতঃ কস্য নাম্নাং মহিম্নঃ
কো বেত্তা কস্য বৃন্দাবিপিনবনমহামাধুরীষু প্রবেশঃ।
কো বা জানাতি রাধাং পরবশচমৎকারমাধুর্য্যসীমা-
মেকশ্চৈতন্যদেবঃ প্রকটকরুণয়া সর্ব্বমাবিশ্চকার ॥

গৌর নহিত কি মেন হইত
কেমনে ধরিত দে।
রাধার মহিমা প্রেমরসসিমা
জগতে জানিত কে ॥
মধুর বৃন্দা- বিপিনমাধুরী
প্রবেশ চাতুরি সার।
বরজযুবতী ভাবের ভকতি
শকতি হইত কার ॥
শুন পুন পুন গোরাচান্দের গুণ
কে আছে এমন হেন।

এ দিন দয়াল এ ভব সয়াল
আমার গৌরাঙ্গ বিন ॥
গৌর বলিঞা না গেল গলিঞা
কেমনে পাইল সিধি।
বাসুর হিয়া পাষাণ দিঞা
গঢ়িঞাছে কোন বিধি ।৪॥
ইতি মহোৎসবাদৌ গন্ধঃ ॥

অথ কৃষ্ণজন্ম ॥

তত্রাদৌ গৌরচন্দ্রঃ ।

করুণাশ্রী ।

জয় জয় কলরব নদীয়া নগরে।
জনম লভিল গোরা শচীর উদরে ॥
ফাল্গুন পূর্ণিমা তিথি নক্ষত্র ফল্গুনী।
শুভক্ষণে জনমিলা গোরা দ্বিজমণি ॥
পূর্ণিমার চন্দ্র জিনি কিরণ প্রকাশ।
দূরে গেল অন্ধকার পাইঞা তরাস ॥
দ্বাপর যুগে ভেল কৃষ্ণ অবতার।
আপনে করিতে সেই অসুর সংহার ॥
শচীর উদরে ইবে গোরা অবতার।
কলিযুগে জীবে গোরা করিতে উদ্ধার ॥
বাসুদেব ঘোষ গায় মোনে করি আশা।
গোরাপাদপদ্ম মনে করিঞা ভরসা ॥৫॥

তথা।

মিশ্র পুরন্দর তবে মনে বিচারিঞা।
পুরোহিত দ্বিজবরে আনিল ডাকিঞা ॥
ধন রত্ন অলঙ্কার দ্বিজবরে দিল।
স্বস্তিবাচন বলি দান তুলি নিল ॥
আশিষ তণ্ডুল দ্বিজ তুলি নিল হাথে।
সন্তোষে তুলিঞা দিল গোরাচান্দের মাথে ॥
শচী ঠাকুরাণী তারে বলিতে লাগিলা।
সাত পুত্রে এই পুত্র মোরে বিধি দিলা ॥
নিমাই বলিঞা নাম দেহ দ্বিজবর।
বাসুদেব ঘোষ কহে জোড় করি কর ॥৬॥

ধানশ্রী।

শচীর মন্দিরে আসি অকলঙ্ক পূর্ণশশী
উদয় করিল মহিমাঝে।
গ্রহণ করিঞা ছলা সকলঙ্ক ষোলকলা
চান্দ লুকাইল বড় লাজে ॥
আনন্দে নদীয়া ভেল ভোর।
পুণ্যের সময় পাঞা নানা ধন বিলাইঞা
সভাই বলএ হরিবোল ॥
নদিয়া নাগরী যত আনন্দে আকুল চিত
শচীর মন্দিরে উপনীত।
গোরাচান্দ-মুখ দেখি প্রেমে ছল ছল আখি
উপজিল নিগূঢ় পিরিত ॥
দুটি বাহু পসারিঞা নিজ নিজ কোলে লঞা
চুম্ব দিল বদনকমলে।
দীনবন্ধু দাসে বলে শচীর নন্দন মিলে
অনেক দিনের পুণ্যের ফলে ॥ ৭ ॥

যথা রাগ।

গোকুলে আনন্দ বড় জয় জয়কার।
আপনি অখিলপতি ভেল অবতার ॥
ভাদ্রমাসে কৃষ্ণাষ্টমী নক্ষত্র রোহিণী।
অর্দ্ধরাত্রে জনম লভিলা যদুমণি ॥
কত চান্দ জিনি মুখ ঝলমল করে।
জগজনার মোনের আন্ধার গেল দূরে ॥

বরণ চিকন ইন্দ্রনীলমণি জিনি।
দীনবন্ধু কহে রূপে পরান নিছনি ॥৮॥

আলসে অবশ অঙ্গ যশোমতি রাণী।
সপন দেখএ নিজ কোরে যদুমণি ॥
অলস ভাঙ্গিল যদুমণি করি কোলে।
লাখে লাখে চুম্ব দিল বদনকমলে ॥
নন্দ উপনন্দ সব মিলিল আসিঞা।
আনন্দে ভরল হিয়া চান্দমুখ চাঞা ॥
দ্বিজগণ গণক আনিঞা নিজ ঘরে।
কাঞ্চন গোধন কত তিল দান করে।
গোচরণধূলি রাণি ধরি নিজ হাথে।
রক্ষা বান্ধে কত সুখে গোপালের মাথে
বন্দী মাগধগণ মঙ্গল গায়।
দীনবন্ধু আনন্দে অবধি নাহি পায় ॥৯॥

গীতাবল্যাং।

ভৈরবী রাগ।

পুত্রমুদারমসূত যশোদা।
সমজনি বল্লবতর্তিরতিমোদা ॥
কোঽপ্যুপনয়তি বিবিধমুপহারং।
নৃত্যতি কোঽপি জনো বহুবারং ॥
কোঽপি মধুরমুপগায়তি গীতং।
বিকিরতি কোঽপি সদধি নবনীতং ॥
কোঽপি তনোতি মনোরথপূর্ত্তিং।
পশ্যতি কোঽপি সনাতনমূর্ত্তিং ॥১০॥

আনন্দময় বড় আনন্দময়।
নন্দের মন্দিরে শ্যামচান্দের উদয় ॥
নন্দের মন্দিরে জয় জয় রব শুনি।
ধাইঞা আইল যত গোপ আর গোপিনী ॥
নন্দের মন্দিরে রে গোয়াল এল্য ধাঞা।
হাথে নড়ি কান্ধে ভার নাচে থয়্যা থয়্যা ॥
শিব নাচে ব্রহ্মা নাচে আর নাচে ইন্দ্র।
গোকুলে গোয়ালা নাচে পাইয়া গোবিন্দ ॥
তৈল হরিদ্রা আনি রোহিণী ছড়ায়।
দধি করে দম্ভ করি নাচে নন্দ রায় ॥
কেহো রড়ারড়ি কেহো গড়াগড়ি যায়।
করতালি দিঞা কেহো নাচিঞা বেড়ায় ॥
ডম্ফ রবাব বীণা গোপিনী বাজায়।
মধুমতি মঙ্গল পঞ্চম গায় ॥১১॥

ধানশ্রী।

ব্রজ-রমণীগণ তেজল লাজ।
ধাওল নন্দমহল গৃহমাজ ॥
বিগলিত কুন্তল অঞ্চল বাস।
চকিত বিলোকন গদ গদ ভাষ ॥
হেরই নন্দতনয়-মুখচন্দ্র।
দাঠি পাওল পহুঁ চিরদিন অন্ধ ॥
আদরে সাধ রমণি কর পাতি।
যদুমণি মাগি ধরত নিজ ছাতি ॥
চুম্বন অধরসুধা করু পান।
কর গহি দেই আলিঙ্গন দান ॥
দীববন্ধু পহুঁ পূরল সাধ।
ভুখিল চকোর যেন পাওল চান্দ ॥১২॥

মৃগমদ চন্দন হারিদ কুঙ্কুম
দেই গোয়ালিনি অঙ্গে।
সিন্দুর দেই বদন নিরমঞ্ছই
কবরি বনাওই রঙ্গে ॥

রোহিণি মঙ্গল করত সুঠান।
ক্ষির সর ছেনা নবনি নব মোদক
আচর ভরি করু দান॥
ব্রজবধূ রাম- কদলি সম উরুযুগ
মঙ্গলঘট কুচভার।
গোকুল অখিল কলাবতি সম্পদ
মঙ্গল করল বিথার॥
নিজ পর ভেদ কোই নাহি জানত
বিছুরল ধন জন গেহ।
দীনবন্ধু ভণ হরি জীবনধন
অতএ বাঢল এত লেহ॥১৩॥

তথা রাগ।

চরণের ধুলা দিঞা বালকের মাথে।
বিনয় করিঞা রাণী কহে জোড়হাথে॥
আশীর্ব্বাদ কর সভে হইঞা সদয়।
কল্যাণ কুশলে রহু আমার তনয়॥
তোমা সভাকার পদ ভরসার বলে।
নীলমণি পাঞাছি আমি অনেক পুণ্যফলে॥
সাত নাহি পাচ নাঞি এই ধন সারা।
পরানপুথলি দুটি নয়নের তারা॥
চিরজীবী হইঞা গোকুলে করু বাস।
বড় হল্যে হবে তোমা সভাকার দাস॥
যশোদা মাএর কথা শুনিঞা শুনিঞা।
দীনবন্ধুদাস হাসে উলসিত হঞা॥১৪॥

সভার পরান ধন এই নিলমণি।
তিল আধ আঁখি আড় না করিহ রাণি॥
দেখিলে গোপিনীগণ উলসিতমনে।
অঞ্জন বলিঞা পাছে পরয়ে নয়নে॥
আর এক ভয় মোর অহর্নিশি আছে।
চান্দ বল্যে রাহু এস্যে গরাসএ পাছে॥
নবনি জিনিঞা তনু রবির উদয়ে
অবনি মিলাবে জানি প্রাণ কাঁপে ভয়ে॥
দীনবন্ধু দাস বলে শুন নন্দরানি।
গলাএ গাথিঞা রাখ্য এই নীলমণি॥১৫॥
ইতি নন্দোৎসবঃ॥

দিনে দিনে বাঢ়ে কৃষ্ণ মানুষ লীলায়।
বাল্য পৌগণ্ড কৈশোর ক্রমে ক্রমে হয়॥
বস্তুত না হয় এই লোকপ্রতারণা।
তৈছে তৈছে দেখে যৈছে ভক্তের ভাবনা॥

তথাহি দশমে,—

নন্দানামশনির্ণাং নরবরস্ত্রীণাং স্মরো মূর্ত্তিমান্। ইত্যাদি

বাৎসল্যে বালক জ্ঞান এই সর্ব্বকাল।
নিত্য পৌগণ্ড জ্ঞানে সখ্যভাব যার॥
নিত্য নিত্য কৈশোর গোপিকাগণ জানে।
ইহা বিনে তা সভার অন্য নাহি মনে॥
এই নন্দনন্দনের লীলার নাহি পার।
অনন্ত না পাঞা অন্ত শেষ নাম তার॥
ইথিমধ্যে যত যত অসুরমারণ।
স্বয়ং ভগবানের নহে সে সব করণ॥
কৃষ্ণ যবে অবতরে আপন ইচ্ছায়।
আর সব অংশ আসি তাহাতে মিশায়॥
সেই অংশে কৈল সব অসুরসংহার।
শ্রীনন্দনন্দন কৈল মাধুর্য্য প্রচার॥
ব্রজ ছাড়ি কৃষ্ণের অন্যত্র নাহি গতি।
অন্য কৃষ্ণ বিহার মথুরা দ্বারাবতী॥

তথাহি,—

কৃষ্ণোঽন্যো যদুসম্ভূতো যস্তু গোপেন্দ্রনন্দনঃ।
বৃন্দাবনং পরিত্যজ্য স কচিন্নৈব গচ্ছতি॥

তবে ব্রজবাসীর ভাবে মথুরা গমন।
শ্রবণ মাত্রেই ব্রজে প্রলাপ রোদন॥
নিত্য নিত্য ব্রজে কৃষ্ণ করে বিহরণে।
দেখি ব্রজবাসী তাহা স্বপ্ন সম মানে॥
দ্বারকাতে বাসুদেব পূর্ণ নাম তার।
পূর্ণতর কৃষ্ণ কৈল মথুরা বিহার॥
ব্রজে নিত্য নিত্য লীলা করে পূর্ণতম।
ব্রজ ছাড়ি কৃষ্ণ কভো না করে গমন॥
মানস লীলার ভাব রাখিবার তরে।
প্রকটাপ্রকট মাত্র দেখাএ সভারে॥
এই ত কহিল সব সিদ্ধান্তের সার।
ভাগবতামৃতে আছে ইহার বিস্তার॥
কৃষ্ণলীলা কৃষ্ণনাম কৃষ্ণের মহিমা।
হেন জনা কে আছে করিতে পারে সীমা॥
ইহার মধ্যে কথঞ্চিৎ রাধাকৃষ্ণলীলা।
কীর্ত্তনে রসের ক্রমে বিপ্রলম্ভ মিলা॥
মহতের পদ আছে করিএ সংগ্রহ।
অজ্ঞ দেখি সভে মেলি কর অনুগ্রহ॥
শ্রীনন্দকিশোরপদ মনে করি আশ।
সংকীর্ত্তনামৃত কহে দীনবন্ধু দাস॥

অথ শ্রীরাধায়া জন্মবৃষভানূৎসবৌ॥

ভবিষ্যোত্তরে—

আশ্বিনে বহুলে পক্ষে অষ্টমী যা তিথির্ভবেৎ।
অস্যাং দিনার্দ্ধেঽভিজিতি নক্ষত্রে চানুরাধিকে।
রাজলক্ষণসম্পন্নাং কীর্ত্তিদাসূত কন্যকাং

আশ্বিনের শুক্লাষ্টমী দিনার্দ্ধের কালে
অনুরাধা নক্ষত্র হইল সেই বেলে॥
শুভ দিন দশ দিশ ভেল সুপ্রকাশ।
সভাকার অন্তরে আনন্দ অভিলাষ॥

হেন কালে কীর্ত্তিদা পরমকুতূহলী।
প্রসবিল কন্যা নাম রাধিকা সুন্দরী॥
আনন্দিত হইঞা ডাকিঞা নৃপবরে।
দুই জনে নানা ধন বিতরণ করে॥
দ্বিজগণ গণক আনিঞা শত শত।
ধন দান দিল জার জেই অভিমত॥
নগর বাজারে বাজে অশেষ বাজনা।
শুনি দীনবন্ধু দাস পাসরে আপনা॥১॥১৬॥

জয় জয় কলরব নগর বাজারে।
জনম লভিল ধনী বৃষভানুঘরে॥
দেখিঞা কীর্ত্তিদা রাণী আপনা পাসরে।
লাখ লাখে চুম্ব দেই বদনকমলে॥
পরম আনন্দে নাচে বৃষভানু রাজা।
ক্ষীর সব দধি বিতরণ করে প্রজা।
শঙ্খ দুন্দুভি বাজে সকল নগরে।
আনন্দের অবধি কহিতে কেবা পারে॥
তৈল হরিদ্রা আর কুঙ্কুম আনিঞা।
অগুরু চন্দন আদি দেয় ছড়াইঞা॥
কেহো নাচে কেহো গায় দেয় করতালি।
দীনবন্ধু দাস দেখে অতি কুতূহলী॥২॥১৭॥

নগরের লোক সব কলরব শুনি।
রাজার মন্দিরে আল্য গোপ গোয়ালিনী॥
বৃষভানুসুতা দেখি অনুমান করে।
আপনি আইল লক্ষ্মী বৃষভানুঘরে।
কেহো বলে হেন বুঝি আইল পার্ব্বতী।
কেহো বলে আলা বশিষ্ঠের অরুন্ধতী॥
কেহো বলে উর্ব্বশী আইল অবনীতে।
নরলোকে এত রূপ না পাই দেখিতে॥

পতিব্রতা কুলবতী সর্ব্বসুলক্ষণা।
পদ্মিনী পরমপুণ্যা অতিবিচক্ষণা ॥
দীনবন্ধু দাসে কহে উলসিত হিয়া।
সর্ব্বলক্ষ্মীময়ী রাই দেখ বিচারিঞা ॥৩॥১৮॥

দিবানিশি চান্দ নাহি থাকএ গগনে।
পদুমিনি বিকসিত নহে নিশিদিনে ॥
তবে আর কিবা দিব মুখের তুলনা।
খঞ্জন-গঞ্জন তাহে বঙ্কিমনয়না ॥
মেঘের বিজুরি জিনি রূপের মাধুরী।
চাহিতে পিছলে আখি নিরুপিতে নারি ॥
দীনবন্ধু দাস কহে তুলনা না জানি।
জারে দেখি আপনি ভুলিবে যদুমণি ॥৪॥১৯॥

বিদগ্ধমাধবে,—

বিধুরেতি দিবা বিরূপতাং
শতপত্রং বত শর্ব্বরীমুখে।
ইতি কেন সদাশ্রিয়োজ্জ্বলং
তুলনামর্হতি রাধিকাননং ॥ ইতি ॥
ইতি বৃষভানূৎসবঃ ॥

দিনে দিনে বাঢ়ে ধনী জেন চন্দ্রকলা।
কৈশোর পর্য্যন্ত বৃদ্ধি জাতে কৃষ্ণলীলা ॥
কৃষ্ণের অনন্ত শক্তি চিচ্ছক্তি প্রধান।
তার সার অংশ হয় আহ্লাদিনী নাম ॥
সেই আহ্লাদিনী শক্তি রাধা ঠাকুরাণী।
ললিতা বিশাখা তার কায়ব্যূহ জানি ॥
কৃষ্ণে সুখ দিতে ইবে হইল অবতার।
প্রেমে দেহ সমর্পণ এই কার্য্য তার ॥

জার প্রেমরসে কৃষ্ণ আপনা পাসরে।
তার গুণ বর্ণিতে জগতে কেবা পারে॥
অতএব বর্ণন করিতে নাহি পারি।
বাল্যলীলা আদি যত নমস্কার করি।
কৃষ্ণসংগবেন্দু মহাজনপদাবলী।
সংগ্রহ করিএ কিছু হইঞা কুতুহলী ॥
তাহাতে গোপীর ভাব অকথ্য কথন।
নিজেন্দ্রিয়সুখগন্ধ সর্ব্বত্র বর্জ্জন ॥
কৃষ্ণসুখ মাত্র হয় সর্ব্বত্র তাৎপর্য্য।
অতএব গোপীভাব সভা হৈতে বর্য্য ॥
তার মধ্যে মান করে কৃষ্ণ পায় ব্যথা।
রসপুষ্টি মাত্র সেই জানিহ সর্ব্বথা॥
বিনা মানে রসের পুষ্টতা নাহি হয়।
এই লাগি করে মান জানিহ নিশ্চয় ॥

তথাহি ভবিষ্যোত্তরে শ্রীমুখবাক্যং,—

অনয়া সহ বিচ্ছেদো মম নাস্তি কদাচন।
তথা চেদ্রসপোষায় প্রকটস্যানুসারতঃ ॥

এসব সিদ্ধান্ত কথা বুঝিতে না পারি।
দীনবন্ধু মাগে রাঙ্গা চরণমাধুরী ॥

ইতি শ্রীরাধাকৃষ্ণ-সংকীর্ত্তনামৃতে পূর্ব্বখণ্ডে গন্ধনন্দোৎ-সব-বৃষভানূৎসবসংগ্রহো নাম প্রথমঃ পরিচ্ছেদঃ ॥

জয় জয় শ্রীচৈতন্য নিত্যানন্দচন্দ্র।
জয়াদ্বৈতাচার্য্য জয় জয় ভক্তবৃন্দ।
প্রথমে কহিল নন্দবৃষভানূৎসব।
তার মধ্যে যথাবুদ্ধি লিখিঞাছি সব ॥
ইবে বয়ঃসন্ধি হৈতে করিব বর্ণন।
সেই হয় শৃঙ্গার রসের সুকারণ ॥
অতএব করি আগে রসের বিচার
যাহা শুনি জানিবে রসের সুবিস্তার ॥

ব্যভিচারী অনুভাব স্থায়ীভাব আর।
চতুর্থ বিভাব ইথে রসের প্রচার॥

তথাহি,—

ব্যভিচার্য্যনুভাবোঽপি স্থায়ী বিভাব এব চ।
ব্যক্তঃ সম্ভির্ভবত্যত্র তত্রাপি চ রসঃ স্মৃতঃ।

সেই ব্যভিচারী হয় তেত্তিষ প্রকার।
অনুভাব ত্রিধা হয় শাস্ত্রে পরচার॥
স্থায়ীভাব অষ্টবিধ বিভাব দ্বিবিধা।
রসশাস্ত্রে ভাব এই ছেচল্লিষবিধা॥

তথাহি,-

ব্যভিচারী ত্রয়স্ত্রিংশদনুভাবস্ত্রয়ো মতাঃ।
স্থায়ী চাষ্টবিধশ্চাপি বিভাবো দ্বিবিধঃ স্মৃতঃ।

ইহা জাতে নাহি তারে কহি রসাভাস।
রসশাস্ত্রে কহে ইহা করিঞা প্রকাশ॥

তথাহি,—

এতে যত্র ন বিছন্তে রসাভাসঃ স কথ্যতে॥

সেই রস রসশাস্ত্রে নয় প্রকার।
শৃঙ্গার বীর করুণ অদ্ভুত আর॥
হাস্য ভয়ানক আর বীভৎস রৌদ্ররস।
অমরে লিখিল এই অষ্টবিধ রস॥
শান্ত এক রস আর রসশাস্ত্রে কহে।
এই নয় রস ভাই জানিহ নিশ্চয়ে॥
রসামৃতসিন্ধুতে করিল বর্ণন।
দাস্য সখ্য বাৎসল্য রসের বিবরণ॥
এই দ্বাদশ রসে দ্বাদশ দেবতা।
তার মধ্যে শৃঙ্গারের কৃষ্ণ অধিষ্ঠাতা॥
রাধাকৃষ্ণলীলারস শৃঙ্গার রসমূল।
সেই শৃঙ্গারের পূর্ব্বরাগ অনুকূল॥
বিপ্রলম্ভ সম্ভোগ শৃঙ্গার দুই ভেদ।
সম্ভোগে আনন্দ বিপ্রলম্ভে বহু খেদ॥

সেই বিপ্রলম্ভ হয় চারি প্রকার।
পূর্ব্বরাগ মান প্রেমবৈচিত্ত্য আর॥
প্রবাস সহিত চারি বিপ্রলম্ভ হয়।
রসশাস্ত্রে বিস্তার করিঞা ইহা কয়॥

তথাহি উজ্জ্বলে,—

পূর্ব্বরাগস্তথা মানঃ প্রেমবৈচিত্ত্যমিত্যপি।
প্রবাসশ্চেতি কথিতো বিপ্রলম্ভশ্চতুর্ব্বিধঃ॥

ইহাতে সম্ভোগ হয় চারি প্রকার।
সংক্ষিপ্ত সম্ভোগ সঙ্কীর্ণ নাম আর॥
সম্পন্ন সমৃদ্ধিমান চতুর্দ্ধা সম্ভোগ।
পূর্ব্বরাগে সংক্ষিপ্ত সম্ভোগ করি যোগ॥
মানেতে জানিহ হয় সম্ভোগ সঙ্কীর্ণ।
প্রেমবৈচিত্ত্যের পর সম্ভোগ সম্পন্ন॥
প্রবাসের পর মিলনে সমৃদ্ধিসম্ভোগ।
চারি বিপ্রলম্ভে চারি সম্ভোগের যোগ॥

তথাহি উজ্জ্বলে,—

তান্ পূর্ব্বরাগতো মানাৎ প্রবাসদ্বয়তঃ ক্রমাৎ
জাতান্ সংক্ষিপ্ত-সঙ্কীর্ণ-সম্পন্নর্দ্ধিমতো বিদুঃ

বিপ্রলম্ভ সম্ভোগ দুইএ অষ্ট প্রকার।
একেক রসে অষ্ট ভেদে চৌষট্টি বিচার॥
ইবে পূর্ব্বরাগ হইতে করি বিবরণ।
ভাষা করি কহি পূর্ব্বরাগের লক্ষণ॥
সঙ্গমের পূর্ব্বে যেই শ্রবণ দর্শন।
তাহাতে যে রতি তার পূর্ব্বরাগ নাম॥
চতুঃষষ্টি রসের যাবৎ বিচরণ।
রসসারোদধি গ্রন্থের দেখাইব লক্ষণ।

তথাহি,—

রতির্যা সঙ্গমাৎ পূর্ব্বং দর্শনশ্রবণাদিজা।
তয়োরুন্মীলতি প্রাজ্ঞৈঃ পূর্ব্বরাগ ইতীর্য্যতে॥

সেই পূর্ব্বরাগ আদি রসের কারণ।
দুই ভেদ হয় তার দর্শন শ্রবণ॥

ত্রিবিধ দর্শন পঞ্চ প্রকার শ্রবণ।
সাক্ষাদ্দর্শন চিত্রপটে দরশন॥
স্বপ্নদর্শন এই দর্শনের ক্রম।
ইবে কহি পঞ্চবিধ বিচিত্র শ্রবণ॥
দূতী সখী ভট্টমুখে বংশীতে শ্রবণ।
গায়ক-বর্ণন এই শ্রবণ পঞ্চম॥

তথাহি,—

সাক্ষাৎ কৃষ্ণস্য চিত্রে চ স্যাৎ স্বপ্নাদৌ চ দর্শনম্॥

বন্দিদূতীসখীবক্ত্রাদ্‌গীতাদেশ্চ শ্রুতির্ভবেৎ॥

পূর্ব্বরাগে অভিলাষবিশিষ্ট নায়িকা।
তাহাতে প্রথমাবস্থা হয় অভিসারিকা॥
পূর্ব্বরাগে সংক্ষিপ্ত সম্ভোগ রস হয়।
রসশাস্ত্রে নিশ্চয় করিঞা ইহা কয়॥
নায়ক নায়িকা ভীত সংক্ষিপ্ত সম্ভোগে।
নানা উপচারে ক্রীড়া সখীর সংযোগে॥

তথাহি,—

যুবানৌ যত্র সংক্ষিপ্তান্ সাধ্বসব্রীড়িতাদিভিঃ।
উপচারান্নিষেবেতে স সংক্ষিপ্ত ইতীরিতঃ॥

সেই সংক্ষিপ্ত সম্ভোগ অষ্ট মত।
বাল্যে মিলন গোষ্ঠে মিলনাদি যত॥
গোদোহনে চুম্বনে বা অঙ্গের স্পর্শনে।
বস্ত্রাপকর্ষণে পথরোধে বা সঙ্গমে।

তথাহি,—

বাল্যে গোষ্ঠে গবীদোহে চুম্বনে স্পর্শনে তথা।
বস্ত্রাপকর্ষণে বর্ত্মরোধনে মিথঃ সঙ্গমে॥

সংক্ষিপ্ত সম্ভোগ এই অষ্ট প্রকার।
ইবে শুন বিপ্রলম্ভ মানের বিচার॥
নায়ক নায়িকা এক ভাবে অনুরক্ত।
দর্শনালিঙ্গনে করে ঈর্ষা ক্রোধ ব্যক্ত॥

তথাহি,—

দম্পত্যোর্ভাব একত্র সতোরপ্যনুরক্তয়োঃ।
স্বাভীষ্টাশ্লেষবীক্ষাদিনিরোধী মান উচ্যতে॥

সেই মান হয় প্রণয়ের মূল স্থান।
হেতু নির্হেতু পুন দুই তার নাম॥

তথাহি,—

অস্য প্রণয় এব স্যান্মানস্য পদমুত্তমম্।
সোঽয়ং সহেতুনির্হেতুভেদেন দ্বিবিধো মতঃ॥

সেই সহেতু মান ত্রিবিধ প্রকার।
শ্রুত অনুমিত দৃষ্ট তিন নাম তার॥
সখীমুখে শুকমুখে মুরলীর গানে।
এ তিন শ্রবণ আর দুই অনুমানে॥
বাক্যস্খলনে কিংবা স্বপ্নে অন্য সঙ্গে।
দৃষ্ট মান ভোগাঙ্ক দেখিলে ব্যক্ত অঙ্গে॥

তথাহি,—

শ্রুতঞ্চানুমিতং দৃষ্টং তদ্বৈশিষ্ট্যং ত্রিধা মতম্।
শ্রবণন্তু প্রিয়সখীশুকাদীনাং মুখাদ্ভবেৎ॥

অপরঞ্চ—

ভোগাঙ্কগোত্রস্খলনস্বপ্নৈরনুমিতিঃ ত্রিধা।

সহেতু মান এই ছয় প্রকার।
নির্হেতু মান হয় দুই মত আর॥

তথাহি,—

সহেতুঃ ষড়্‌বিধো মানো নির্হেতুর্দ্বিবিধস্তথা।
কারণাভাসতশ্চাপি পুনশ্চাকারণাত্ততঃ॥

নির্হেতু মান হয় দুই প্রকার।
কারণাভাসেতে এক অকারণে আর॥
এই অষ্টবিধ মান কহিলাম ক্রমে।
সঙ্কীর্ণ সম্ভোগ হয় ইহাতে মিলনে॥
মান ভঙ্গ হয় কিন্তু মনে থাকে দুখ।
সখী উপচারে মিলায় করিঞা কৌতুক॥

তপ্ত ইক্ষু চর্ব্বণ সমান সুখাস্বাদ।
সঙ্কীর্ণ সম্ভোগরস মানের পশ্চাৎ ॥

তথাহি,—

যত্র সঙ্কীর্ণমানাঃ স্যুর্ব্যলীকস্মরণাদিভিঃ।
উপচারাঃ স সঙ্কীর্ণঃ কিঞ্চিত্তপ্তেক্ষুপেষলঃ ॥

সেই সম্ভোগ হয় অষ্ট পরকার।
মহারাস জলক্রীড়া কুঞ্জলীলা আর ॥
দান বংশীচুরি নৌকাখণ্ড মধুপান।
অর্কপূজা সঙ্কীর্ণসম্ভোগ অষ্ট নাম ॥

তথাহি,—

মহারাসো জলক্রীড়া কুঞ্জলীলা ততঃপরম্।
দানচৌর্য্যৌ নৌবিলাসো মধুপানার্কপূজনম্ ॥

ইবে কহি প্রেমবৈচিত্ত্য বিপ্রলম্ভ।
সম্পন্ন সম্ভোগ যাতে ঘটে অবিলম্ব ॥
নায়ক নায়িকা বিলসএ প্রেমভরে।
নব নব অনুরাগে আপনা পাসরে ॥
প্রেমোৎকর্ষে নিকটে থাকিতে মানে দূর।
তেঁই প্রেমবৈচিত্ত্যের অনুরাগ মূল ॥

তথাহি,—

প্রিয়স্য সন্নিকর্ষেঽপি প্রেমোৎকর্ষস্বভাবতঃ।
যা বিশ্লেষধিয়ার্ত্তিস্তৎ প্রেমবৈচিত্ত্যমুচ্যতে ॥
বিলাসমনুরাগস্তু কুত্রচিৎ ক্বাপি চ ব্রজন্।
পার্শ্বে সন্তমপি স্পৃষ্টং হারিতং কুরুতে স্ফুটম্ ॥

অনুভূত হঞা পুন দর্শন স্পর্শন।
নূতন করিঞা মানে প্রেমে অচেতন ॥
তাহাতে জন্মায় রাগ নূতন নূতন।
অনুরাগ নাম তার কহে সর্ব্বজন ॥

তথাহি,—

সদানুভূতমপি যঃ কুর্য্যান্নবনবং প্রিয়ম্।
রাগো ভবন্নবনবঃ সোঽনুরাগ ইতীর্য্যতে।

সেই অনুরাগ হয় দুই প্রকার।
রূপানুরাগ আক্ষেপানুরাগ আর ॥
কিন্তু রূপানুরাগ উল্লাসানুরাগ।
এক রূপানুরাগ পুন হয় দুই ভাগ ॥

তথাহি,—

অনুরাগো ভবত্যত্র রূপাদাক্ষেপতঃ ক্রমাৎ।
রূপানুরাগশ্চোল্লাসো জ্ঞায়তে রসিকৈর্জ্জনৈঃ ॥

আক্ষেপানুরাগ হয় পঞ্চ প্রকার।
কৃষ্ণকে আক্ষেপ করে মুরলীকে আর।
আপনাকে আক্ষেপ অথবা সখীগণে।
কিংবা দূতী প্রতি কহে আক্ষেপবচনে ॥

তথাহি,—

কৃষ্ণঞ্চ মুরলীঞ্চৈব হ্যাত্মানং স্বসখীং প্রতি।
করোতি দূতীমাক্ষেপমিতি পঞ্চ প্রকীর্ত্তিতাঃ ॥

এই সাত অনুরাগ আর রসোদ্গার।
প্রেমবৈচিত্ত্য এই অষ্ট পরকার ॥

তথাহি,—

রসোদ্গারং মিলিত্বা চ প্রেমবৈচিত্ত্যমষ্টকং।
বিজ্ঞায়তে মহাকাব্যে সম্ভোগোন্নতিকারকম্ ॥

প্রেমবৈচিত্ত্যের পর সম্ভোগ সম্পন্ন।
সম্পন্নসম্ভোগ অষ্ট মত ভিন্ন ভিন্ন ॥
দূরে দূরে দর্শন দোল আর হোলী।
প্রহেলি পাশকক্রীড়া নৃত্য রাসকেলি ॥
রসালস ধূর্ত্ত নিদ্রা এই অষ্ট লেখা।
সম্পন্নসম্ভোগ এই রসগ্রন্থে দেখা ॥

তথাহি,—

সুদূরাদ্দর্শনং দোলো হোলী চৈব প্রহেলিকা।
দ্যূতক্রীড়া নর্ত্তনঞ্চ রসালসবিনোদনম্ ॥
ধূর্ত্তনিদ্রাবিশালোর্ম্মি চমৎকারকরঃ সদা।
বিজ্ঞায়তে রসজ্ঞেন ভোগঃ সম্পন্ন ঈরিতঃ ॥

ইবে শুন বিপ্রলম্ভ বিশেষ প্রবাস।
দূর নিকট ভেদে দ্বিবিধ বিলাস॥
নিকট প্রবাস হয় পঞ্চ পরকার।
কালিয়দমনে এক গোচারণে আর॥
শ্রীনন্দমোক্ষণে আর কার্য্য অনুরোধে।
রাসে অন্তর্ধানে দেখ এই পঞ্চবিধে॥
নিকট প্রবাসে হয় সুদূর দর্শন।
সম্পন্নসম্ভোগ তাথে কহে বিচক্ষণ॥
দূর প্রবাস হয় ত্রিবিধ নিশ্চয়।
সমৃদ্ধিসম্ভোগ তাথে রসবেত্তা কয়॥

তথাহি,—

অদূরাদ্দূরতশ্চৈব প্রবাসদুঃখতঃ ক্রমাৎ।
সম্পন্নঋদ্ধিমাংশ্চাপি সম্ভোগো ভবতি ধ্রুবম্॥

দূরপ্রবাস হয় তিন প্রকার।
ভাবী ভবন্ ভূত এই ভেদ তার॥

তথাহি,—

ভাবী ভবংশ্চ ভূতশ্চ ত্রিবিধঃ স তু কীর্ত্তাতে॥

অক্রূর আইল যবে কৃষ্ণকে লইতে।
তার নাম ভাবি হয় রসশাস্ত্র মতে॥
কৃষ্ণ লঞা মথুরাকে গেল সেই দিনে;
ভবন বিরহ প্রবাসের বর্ত্তমানে॥

তথাহি,—

যদহ্না নীয়তে গোষ্ঠাৎ দূরাদাহূয় মাধবং।
মথুরায়াং স্থিতির্যাবৎ বর্ত্তমানস্তদুচ্যতে॥

আগমনসংখ্যাকাল বঞা গেল যবে।
ভূত প্রবাস নাম দ্বারকাবৈভবে॥

তথাহি,—

সংখ্যাপূর্ত্তে যদা তত্র দিবসে নাগতঃ প্রিয়ঃ।
বিরহো ভূতো বিজ্ঞেয়ো ভবেদ্দেশান্তরোপি চ॥

দূরপ্রবাসের পর সমৃদ্ধি সম্ভোগ।
ঋদ্ধির লক্ষণ বিচ্ছেদের পরে যোগ॥

দৈবাধীন সুদুর্ল্লভ দোহাঁর মিলন।
পরে আসি উপভোগ যথেষ্টাচরণ॥

তথাহি,—

দুর্ল্লভালোকয়োর্যূনোঃ পারতন্ত্র্যাদ্বিযুক্তয়োঃ।
উপভোগাতিরেকো যঃ কীর্ত্ত্যতে স সমৃদ্ধিমান্॥

সমৃদ্ধিসম্ভোগ ভেদ অষ্ট বিবরণ।
স্বপ্নতে সম্ভোগ কুরুক্ষেত্রে সম্মিলন॥
বাক্যের বিলাসে আর ব্রজে আগমনে।
বিপরীত রতিতে আর কৌতুক ভোজনে॥
নায়ক নায়িকা দোহার একত্র নিদ্রাতে।
অষ্টম সমৃদ্ধি স্বাধীনভর্ত্তৃকাতে॥

তথাহি,—

স্বপ্নে সঙ্গস্তথা ক্ষেত্রে জল্পনে ব্রজমাগতে।
বিপরীতে ভোজনে চ নিদ্রায়াং স্বাধীনেপি চ॥

এই চতুঃষষ্টি রস সংক্ষেপ বিচার।
রসসারোদধিগ্রন্থে আছএ বিস্তার॥
চারি বিপ্রলম্ভে চারি সম্ভোগ নিয়ম।
লীলা সঙ্কীর্ত্তনে কৃচ্ছ্রসাধ্য এই ক্রম॥
স্মরণমঙ্গল শ্রীগোবিন্দলীলামৃতে।
না দেখি এমন ক্রম অনেক গ্রন্থতে॥
অতএব যথাযোগ্য করিব ঘটন।
অবিচ্ছেদে দিবারাত্রি লীলা সঙ্কীর্ত্তন॥
বিপ্রলম্ভ রাস যত সম্ভোগের ক্রম।
সে কেবল যুক্তি মাত্র না হয় নিয়ম॥
অতএব পূর্ব্বরাগে মানে যে সম্ভোগ।
যুক্তি সহকারি তাথে দিঞাছে প্রয়োগ॥

তথাহি,—

যুবানৌ যত্র সংক্ষিপ্তান্ সাধ্বসব্রীড়িতাদিভিঃ॥ ইত্যাদি।
যত্র সংকীর্ণমানাঃ স্যুর্ব্যলীকস্মরণাদিভিঃ। ইত্যাদি॥

* * লক্ষাদি জার নাঞি।
সংক্ষিপ্ত সম্ভোগ তাহা কোথা হৈতে পাই॥

অতএব রসে ক্রমভঙ্গের সম্ভোগে।
দোষদৃষ্টি না করিবে কেহো অনুযোগে ॥
এইত কহিল * * রসবিবরণ।
ইবে কহি অষ্টাবস্থা নায়িকালক্ষণ ॥
নায়িকার হয় কার্য্য ক্রমে অষ্টাবস্থা।
অভিসারিকা বাসকসজ্জা আর উৎকণ্ঠিতা।
বিপ্রলব্ধা খণ্ডিতা কলহান্তরিতা।
প্রোষিতপ্রেয়সী নাম পরমদুঃখিতা ॥
দূর প্রবাসের পর স্বাধীনভর্তৃকা।
এই অষ্টবিধাবস্থাবিশিষ্ট নায়িকা ॥
উৎকণ্ঠা পর্য্যন্ত কৃষ্ণমিলনে সম্ভোগ।
রাসরসালসরসোদ্গারের সংযোগ ॥
অন্যথা মিলনাভাবে রাত্রো দুঃখভোগ ॥
সেইখানে বিপ্রলব্ধা খণ্ডিতা বিয়োগ ॥
উত্তর খণ্ডেতে ইহার কহিব লক্ষণ।
প্রাচীন প্রাচীন পদে দিব উদাহরণ ॥
পূর্ব্বখণ্ডে নিত্য নিত্য কহিব মিলন।
উত্তরখণ্ডেতে বিপ্রলব্ধাদি বর্ণন ॥
পূর্ব্ব উত্তর এই দুই খণ্ডভেদ।
দিনে দিনে রাত্রো রাত্রো সংখ্যা পরিচ্ছেদ
শ্রীনন্দকিশোর পাদপদ্ম করি আস।
রসবিবেচনা কহে দীনবন্ধু দাস ॥

প্রথমতো গৌরচন্দ্রঃ ॥

শ্রীচৈতন্যচরিতামৃতে,—

কৃষ্ণোৎকীর্ত্তনগাননর্ত্তনকলাপাথোজনিভ্রাজিতা
সদ্ভক্তাবলিহংসচক্রমধুপশ্রেণীবিহারাস্পদম্।
কর্ণানন্দিকলধ্বনির্বহতু মে জিহ্বামরুপ্রাঙ্গণে
শ্রীচৈতন্য! দয়ানিধে! তব লসল্লীলাসুধাস্বর্ধুনী

সুহই রাগ।

কুন্দন কনয় কলেবর কাতি।
প্রতি অঙ্গে অবিরল পুলকের পাতি ॥
প্রেমভরে ঝর ঝর লোচনে চায়।
কত মন্দাকিনী তহি বহি জায় ॥
দেখ দেখ গোরা গুণমণি।
করুণাএ কো বিহি মিলাওল আনি ॥
জপি জপাএ মধুর হরিনাম।
গাই গাওয়াএ আপন গুণগাম ॥
নাচি নাচাএ বধির জড় অন্ধ।
কতিহো না দেখলো ঐছন পরবন্ধ ॥
আপহি ভোরি জগত করু ভোর।
নিজ পর না জানে সভারে দেই কোর ॥
ভাসল প্রেমে অখিল নর নারি।
গোবিন্দদাস তহিঁ জাওঁ বলিহারি ॥১॥২০।

সুহই।

জয় জয় শ্রীকৃষ্ণচৈতন্য নাম।
কলিমলমথন নিত্যানন্দ রাম ॥
অপরূপ হেম কলপতরু জোর।
প্রেমরতন ফল ধরল উজোর ॥
অযাচিতে বিতরই কাহে না উপেখি।
ঐছন সদয়হৃদয় নাহি দেখি ॥
জে নাচিতে নাচএ বধির জড় আঁধ।
জে কান্দিতে অখিল ভুবন জন কান্দ ॥
তেই অনুমানিএ দুহুঁ পরমেশ।
প্রতি দরপনে জেন রবির আবেশ ॥
এই রসে জার নাহি বিশোআস।
মলিন মুকুরে নাহি বিম্বের প্রকাশ ॥
গোবিন্দদাস কহ তাহারি বিচার।
কোটি কলপে তার নাহিক উদ্ধার ॥২॥২১॥

অথ শ্রীরাধায়া বয়ঃসন্ধিঃ ॥

ধানশ্রী রাগ।

শশিমুখি তেজি সরল দিঠি ভঙ্গিম
ইবে ভেল বঙ্কিম দীঠ।
মতি গতি চঞ্চল হসই মনোহর
বচন সুধা সম মীঠ ॥
সজনী কাহা ধনি শীখল রঙ্গ।
কুচযুগ দরশি হরসি পুন আদরে
ঘন ঘন ঝাপই অঙ্গ ॥
সহচরি করে ধরি কৈতবে ছল করি
পূছই রতিরস ভাতি।
মনসিজ সাধে আধ পুন হাসই
মদনমদালসে মাতি ॥
তিলে কত বেরি খসই নিবিবন্ধন
বিগলিত কুন্তল পাশ।
দীনবন্ধু ভন নিরখি নাহ মন
মনমথ জেন পরকাশ ॥৩॥২২॥

অথ শ্রীরাধায়া দর্শনাৎ শ্রীকৃষ্ণস্য পূর্ব্বরাগঃ ॥

ধানশ্রী।

কাঞ্চন কমল পবনে উলটাওল
ঐছন ন সুচার।
সরবস লেই পালটি পুন বীন্ধই
রঙ্গিনি রঙ্গ নেহার ॥
হরি হরি কো দিল দারুণ বাধা।
নয়নকি সাধ আধ নাহি পূরল
পালটি না হেরলুঁ রাধা ॥
ঘন ঘন আচরে কুচযুগ ঝাপই
হাসিতে রহু মুখ ফেরি।
মঝু মন-বারি কনয়া
মুহুরি রাখই কত বেরি ॥
মঝু মন বারণ ইন্দ্রিয়গণ ফাকর
তাহি মীলল আন আন।
কাঠক মুরতি তাহি মন মুরছই
গোবিন্দদাস পরমান ॥৪॥২৩॥

ভাটিয়ালি।

যমুনা জাইতে পথে রসবতী রাই।
দেখিঞা বিদরে হিয়া সম্বিত না পাই ॥
কিবা খেনে আলো সখি কি দেখিলাম তারে।
সে রূপ লাবনী বনি নয়ন উপরে ॥
মেলিয়া দীঘল কেশ ফেলিঞা নিতম্বে।
চলে বা না চলে ধনী রস অবলম্বে ॥
তাহে মুখ মনোহর ঝলমল করে।
কাম চামর করে জেন পূর্ণ শশধরে ॥
তথি বিরাজই শ্রমে ঘাম বিন্দু বিন্দু।
মুকুতাভূষিত জেন পুনমিক ইন্দু ॥
মন্দ মধুর হাস বিলাস অধরে।
ঐছন সমাধি রহু মরম ভিতরে ॥
ফুয়ল নিলিম বাস রহ আধ উরে।
আধ গিরিপর কিএ নব জলধরে ॥
অরু তথি পর লোলে মুকুতার হার।
হেমগিরি মাঝে জেন সুরনদী ধার ॥
মঝু মন রহি তথি করত সিনান।
গোবিন্দদাস তথি আছে পরমান ॥৫॥২৪॥

ধানসী।

হাসি বদনে আধ অঞ্চল দেল।
অঙ্গ মোড়ি পদ দুই তিন গেল ॥
পাস উদাশল পালটি নেহারি।
তাহিঁ চলল মন বাহু পসারি ॥
পেখলোঁ বর বৈদগধি নারি।
মদনবাণ কত ভেল তাঁহা মারি ॥

কেশ বিথারল পীঠহি লোল।
আধ আধ পর রহল নিচোল ॥
পহিরল পুনহিঁ সারি নিবিবন্ধ।
তব ধরি নয়নে রহল মঝু ধন্দ ॥
চাতুরি কতহিঁ কয়ল মঝু আগে।
জীবন রহল বড়ই পুন ভাগে ॥
কহইতে কি কহব কহই না পারি।
জ্ঞানদাস কহে বড় বিদগধ নারি ॥৬॥২৫॥

বড়ারী।

জাহাঁ জাহাঁ নিকসই তনু তনু জোতি।
তাহাঁ তাহাঁ বিজুরি চমক মতি হোতি ॥
জাহাঁ জাহাঁ অরুণ চরণে চলি চলই।
তাহাঁ তাহাঁ থল কমলদল খলই ॥
দেখ সখি কো ধনি সহচরি মেলি।
হামারি জীবন সঞে করতহিঁ কেলি ॥
যাহাঁ যাহাঁ ভঙ্গুর ভাউঁ বিলোল।
তাহাঁ তাহাঁ উছলই কালিন্দীকলোল ॥
যাহাঁ যাহাঁ তরল বিলোচন পড়ই।
তাঁহাঁ তাহাঁ নিল উতপল বন ভরই।
যাহাঁ যাহাঁ হেরিএ মধুরিম হাস।
তাহাঁ তাহাঁ কুন্দ কুসুম পরকাশ ॥
গোবিন্দদাস কহ মুগধল কানু।
চিন লহুঁ রাই চিহ্নল নাহি জান ॥৭॥২৬॥

পূরবী।

জাহাঁ জাহাঁ পদযুগ ধরই।
তাহিঁ সরোরুহ ভরই ॥
যাহাঁ যাহাঁ ঝলকত অঙ্গ।
তাহাঁ তাহাঁ বিজুরি তরঙ্গ ॥
কি হেরলোঁ অপরূপ গোরি।
পৈঠল হিয়া মাহা মোরি ॥
যাহাঁ যাহাঁ বয়ান বিকাশ।
তাহিঁ কমল পরকাশ ॥
যাহাঁ লহুঁ হাস সঞ্চার।
তাহাঁ তাহা অমিয়া বিকার ॥
জাহাঁ জাহাঁ কুটিল কটাখ।
তাহিঁ মদন-শর লাখ ॥
হেরইতে সো ধনি থোর।
অব তিন ভুবন আগোর ॥
পুন কিএ দরশন পাব।
তব মঝু ইহ দুখ জাব ॥
বিদ্যাপতি কহ জানি।
তুয়া গুণে দেওব আনি ॥৮॥২৭॥

সুহই।

হেরইতে হেরি না হেরি।
পুছইতে কহই না কহ পুন বেরি ॥
চতুর সখী সঞে বসই।
রস পরিহাসে হসই না হসই ॥
পেখলোঁ ব্রজ নব নারি।
তরুণিম সে সব লখই না পারি ॥
হৃদয় নয়ন গতি রীত।
সো কিএ আন নহত পরতীত ॥
ঐছন হেরইতে গোরি।
হঠ সঞে পৈঠল হিয়া মাহা মোরি ॥
তবহুঁ কুসুম-শর ভোর।
ছুটল বাণ ফুটল হিয়া মোর ॥
গোবিন্দ দাস চিতে জাগ।
চান্দক লাগি সুরুজ উপরাগ ॥৯॥২৮॥

সুই।

ধনি ধনি অদভুত পেখলোঁ রামা।
কুটিল কটাখ লাখ ধনু দরশন
মন বান্ধল বিনু দামা ॥

প্রথম বয়স ধনি মুনি-মনমোহিনী
গতি গজরাজ জিনি মন্দা।
কনকলতা তনু বদন ভান জনু
উয়ল পুনমিক চন্দা॥
কাচা কাঞ্চন সাঁচে ভরি দ্বৌ কুচ
চঞ্চুক মরকত শোভা।
কমল কোরে জেন মধুকর পৈঠল
তাহিঁ রহল মনলোভা॥১০॥২৯॥

সুহই।

রতন মন্দির মাঝ বৈঠল সুন্দরি
সখী সঞে রস পরখাই।
হসইতে খসই কতহি মণি মোতিম
দশনকিরণ অবছাই॥
সজনী কহইতে না রহে লাজ।
সে বরনারি হামারি মন-বারণ
বান্ধল কুচগিরি মাঝ॥
মঝু মুখ হেরি ভরমভরে সুন্দরি
ঝাপহিঁ ঝাপল দেহা।
কুটিল কটাক্ষ লাখ শর বরিখনে
জীবন না বান্ধই থেহা॥
করে করে জোরি মোড়ি তনু বল্লরি
মোহে হেরি সখি করু কোর।
গোবিন্দ দাস ভন তেঞি নন্দনন্দন
দোলত মদনহিলোল॥১১॥৩০॥

সুহই।

নিরমল বদন- কমল-বর-মাধুরি
হেরইতে ভৈ গেলুঁ ভোর।
দলখিতে রঙ্গিনী ভাঙ ভুজঙ্গিনী
মরমহি দংশল মোর॥
সজনী জব ধরি পেখলুঁ রাই।
মদন-মহোদধি নিমগন মঝু মন
আকুল কুল নাহি পাই॥
বঙ্কিম হাস বিলোকন অঞ্চল
মঝুপর যো দিঠি দেল।
কিএ অনুরাগিণী কিএ বিরাগিনী
বুঝইতে সংশয় ভেল॥
মরমক বেদন মরমহিঁ জানত
সদয় হৃদয় তহিঁ ঠাই।
গোবিন্দ দাস ভন নিতি নব নৌতুন
লাগএ রসবতি রাই॥১০॥৩১॥

অথ দূতী।

ধানসী।

রাইক রূপ মরমে জব লাগল
মাধব আতুর ভেল।
মলয়জ মাল কুসুম তৃণ তাম্বুল
সহচরি করে ভরি দেল॥
সহচরি বহুত যতন করি কহবী।
যো কিছু বচন কহই বররঙ্গিনী
সকল আপন করি সহবী॥
তুয়া মুখ হেরি রহলুঁ হাম কুঞ্জবনে
যব আনি মিলাওবি রাই।
তাকর দরশনে পুরব মনোরথ
তব হাম জীবন পাই॥
মাধব-বচন শুনল জব সহচরি
কহতহিঁ গদ গদ ভাষ।
আজুক রজনী দোহেঁ সুখে বঞ্চবি
চলতহি গোবিন্দ দাস॥১২॥৩২॥

ধানসী।

সহচরি চলত খলত পদ-পঙ্কজ
অন্তরে অতিশয় সাধা।
শুভ দিন জানি মোহে উপদেশল
যতনহিঁ করব সমাধা॥
হরি হরি অপরূপ প্রেমনিবন্ধে।
বিধির ঘটন দুহুঁ তনু তনু মীলল
বুঝিলু বচন অনুবন্ধে॥
চান্দ চকোর কমল-মধু মধুকর
ঐছন শ্যামর রাধা।
মধুরিম বাতে হাথ ধরি আনব
পূরব দুহুঁ মন-সাধা॥
অতি রস বাদর আদর দর দর
অন্তর পুলকিত দেহ।
সহচরি দীন- বন্ধু পরবেশল
রসবতি রাইক গেহ॥১৪।৩৩॥

বড়ারী।

কাঞ্চনজ্যোতি কুসুমসম গোরি।
নিরমই মুরতি যতন করি তোরি॥
তুয়া অনুভাবে আলিঙ্গই তায়।
সো তনুতাপে ভসম ভই জায়॥
শুন শুন অহে বৃষভানুকুমারি।
তুয়া বিরহানলে জলত মুরারি॥
ঝামর নীল উতপলদল অঙ্গ।
লোরে না হেরই নয়নতরঙ্গ॥
বিগলিত মুরলি খুরলি রহু দূর;
অনুখন মদন দহন পরিপূর॥
বিছুরল পিঞ্ছ মুকুট পরিপাটি।
সহচরি মেলি মরত জিউ ফাটি॥
জীউ রহত পুন তুয়া অভিলাষে।
তোহারি চরণে কহে গোবিন্দদাসে।১ ॥৩৫॥

শ্রীরাগ।

কত কত ভুবনে আছএ বর নাগরি
কে না করই অভিলাষ।
যো পুরুখরতন যতনে নাহি পাওই
সো তুয়া দাসকি আশ॥
সজনী আর কত সাধসি মানে।
রসময় লোচন- লোরে লাঞ্ছসি
অনুভূয়ি সহসি পরাণে॥
যাকর মুরলী আলাপছি কত কত
কুলরমণীগণ ভোর।
তোহারি প্রেমভএ বাত না কহতহিঁ
অতএ কি মানসি থোর।
প্রেমকি দহন প্রেম পএে শীতল
আনহি হোয়ত আন।
চন্দন চন্দ্র চন্দনি তাপই
গোবিন্দদাস রস গান॥১৫॥৩৪॥

তথা।

তরুতলে বৈঠই পন্থ নেহারই
নয়নে গলই বহু লোর।
রাই রাই করি কত না ফিরই হরি
মন মাহা দেয়ই কোর॥
সুন্দরি তোর বড়ি হৃদয় পাষাণ।
তুয়া লাগি মদন- শরানলে পীড়িত
জীবইতে সংশয় কাহ্ন॥
সজল কমলদল তাহি মলয়ানিল
অগোরে লেপিত শ্যাম অঙ্গ।
চমকি চমকি হরি উঠই রহতেক বেরি
হা হুত মদন-তরঙ্গ॥
শুন সখি রে ধনি রমণীশিরোমণি
জাই কি ভেটহ কাহ্ন।
গোবিন্দদাস কহে তুরিতে নড়ু সুন্দরি
কাহ্ন ভেল বহুত নিদান॥১৭.৩৬॥

ধানশ্রী।

কতএ কলাবতি মুরতি সুমুরতি
নিবসই গোকুল মাহ।
হরি অব হাসি রভসে পুন কাহুকে
কুটিল নয়নে নাহি চাহ॥
সুন্দরি অতএ করিএ অনুমান।
শুভখনে স্বামি- বরত তুহুঁ ছোড়লি
নারি-বরত নিল কাহ্ন॥
তুয়া নিজ নাম রাই ভরি কি কহব
সো একু-আখর-রঙ্গে।
শুনইতে রতন রাতি রতি রাতুল
চমকই তোহারি আতঙ্কে॥
তুয়া গুণগাম নাম ঘন গাওই
অবেকত মুরলী নিসানে।
সহচরি-কোরে ভোরি তোহে ডাকই
গোবিন্দদাস পরমাণে॥১৮॥৩৭॥

গান্ধার

প্রেম আগুনি মনহি গুনি গুনি
এ দিন যামিনী জাগি।
মদন পঞ্জর কুঞ্জে রোয়ই
তোহারি রসকণ লাগি॥
কী ফল মানিনি মান মানসি
কাহ্নু জানলোঁ তোরি।
তুহুঁ সে জলধর অঙ্গে সোহই
ভুলহ দামিনি গোরি॥
নয়ন কিশলয় বলয় মলয়জ
পঙ্ক পঙ্কজ পাত।
শয়ন ছটফটি লুঠই ভূতলে
তো বিনু দহ দহ গাত॥
জানি পুন পুন সো পিয়া পরথাগ
পুজহু পহু পাচবাণ।
প্রতাপ আদিত্য ও রস গাহক
দাস গোবিন্দ ভাণ॥১৯॥৩৮॥

কস্যচিৎ।

কৃষ্ণস্য গৌরবং বাক্যং শ্রুত্বা দূতীমুখে তদা।
প্রেম্না স্থাতুং ন শক্তা সা গন্তুং শক্তা ন লজ্জয়া॥

কামোদ।

সহচরি সরস বচন শুনি সুন্দরি
নব নব রঙ্গিণী সাথ।
লাজহিঁ কাজ কহই নাহি পারই
সঘন ঢুলাওই মাথ॥
সুন্দরি রসবতি বালা।
নাগর দরশ পরশ রস লালসে
চলইতে উতপত ভেলা॥
লহুঁ লহু হাস ভাষ মধু-মাখন
শ্যামর নব অনুরাগে।
মণিময় রতন- জড়িত শত অভরণ
পহিরই পিরিতি সোহাগে॥
আদর-বাদরে দর দর অন্তর
অবনত লাজে বয়ান।
সহচরি দীন- বন্ধু সমুঝাওত
পিরিতি-রীতি অনুপাম॥২০॥৩৯॥

ধানশ্রী

রঙ্গিণি মরম জানি সখি সঙ্গিনী
হাসি কহই শুন রাধা।
গোকুল-চান্দ ফান্দ করি পাড়লি
সাধলি নিজ মনসাধা

সুন্দরি তুহুঁ রসবতি ব্রজবালা।
চকিত নয়ানে কাহে মুখ মোড়সি
জানলো ভেঠবি কালা॥
জাকর দরশ পরশ রস লালসে
লাখ যুবতি করু আশ।
সো তুয়া দরশন মানি পরম ধন
আসি করল বনবাস॥
ধনি ধনি রমণি- শিরোমণি সুন্দরি
ভেঠহ নাগররাজ।
দীনবন্ধু কহে নব অনুরাগিণী
কহইতে বাসই লাজ॥২১।৪০

ধানসী।

শুনইতে সুন্দরি উলসিত চীত।
ছল করি পুছই রতিরস রীত॥
কি কহলি সহচরি দারুণ বাত।
কুলবতি-সঙ্গতি উপপতি সাথ॥
পহিলহিঁ পুরুষ পরশ নাহি মোর।
এ কি অপরূপ বচন সব তোর॥
সহচরি কহে শুন রসবতি রাই।
যতনহিঁ প্রেম রতন ধন পাই॥
সুপুরুষ পিরিতি বিরতি হএ জার।
কী ফল জীবন যৌবন তার॥
তুহুঁ যদি সুন্দরি সুরত না জান।
মনমথ মন্ত্র পঢ়াওব কান্থ॥
দূর কর কুলবতি গৌরব লাজ।
দীনবন্ধু সমুঝাওব কাজ॥২২ ৪১॥

ধানসী।

আদরে আগুসরি হরি যব আওব
পুন পুন করইতে কোর।
মৃদু মৃদু হাসি উলটি দিঠি পঙ্কজ
চঞ্চল করবি নিচোল॥

সুন্দরি শুন শুন শুন নিরবাহ।
পরশিতে তরসি করহি কর বারবি
জনি পুন সাধই নাহ॥
চুম্বন করইতে নিজ মুখ মোড়বি
আধ আধ কহি বাত।
কুচযুগ ধরইতে নহি নহি বোলবি
সঘনে ঢুলাওবি মাথ॥
হরি যব আদরে কোরে পসারব
বৈঠি না বৈঠবি সঙ্গ।
দীনবন্ধু কহে যদি ধৈরয রহে
তবহিঁ করব ইহ রঙ্গ॥২৩।৪২॥

সহচরি তুহুঁ যদি সাগরে ডারসি
তাহিঁ ডারি নিজ দেহ।
জগজন জানি কহই কুলটা যদি
মঝু দারুণ ভয় এহ॥
সজনী কো যদি করু পরিবাদ।
তৈখনে ধরম করম সব মীটব
টুটব কুলমরযাদ॥
রাইক মরম জানি পহু সহচরি
কহতহিঁ গদ গদ ভাষ।
এত পরিণাম কাহে তুহু ভাবসি
হাম জানি এ নিন্দপাশ॥
সুন্দরি বসন ভূষণ মণি আভরণ
যতনহি পীন্ধহ অঙ্গে।
দীনবন্ধু ভণ কোই না জানব
হাম জাওব তুয়া সঙ্গে॥২৪॥৬৭॥

ভালে সিন্দূরবিন্দুঞ্চ নয়নে দলিতাঞ্জনম্।
রাধা লেভে কুচে হারং কৃষ্ণাকর্ষণকাঙ্ক্ষয়া॥

কানড় রাগ।

ধনী সাজত শ্যাম মনোহর বেশ।
কসি কানড় ছান্দে বান্ধাওল কেশ॥
শিথি সিন্দুর চন্দন-বিন্দু ছটা
রবিমণ্ডল বেঢ়ল চান্দ ঘটা॥
মৃগনাভি-বিচিত্রিত গণ্ডযুকুল।
বর বেশর লম্বিত নাসিকমূল॥
ঘন কুঙ্কুম ঘোরি লেপি কুচভার।
তহি শোভিত সুন্দর মোতিম হার॥
কর-কঙ্কন হেরি অনঙ্গ বিভোর।
কটি কিঙ্কিনিমণ্ডিত নীল নিচোল॥
পদ-পঙ্কজ রঞ্জিত যাবক রঙ্গ।
দীনবন্ধু নেহারি প্রফুল্লিত অঙ্গ॥২৫॥৪৪॥

অথাভিসারঃ॥
কান্তার্থিনী তু যা যাতি সঙ্কেতং সাভিসারিকা॥

শ্রীরাগ।

চলু অভিসারে বিনোদিনী রাধে
নব নব রঙ্গিণী সাথে।
বাম শ্রবণমূলে শতদল মালতী
বীজই ফুলধনু হাথে॥
করিবর-গতি ভূ- ষণ পরি সুন্দরি
মণিময় কঙ্কন সাজে।
পহিরন ধৌত বসন কটি-বন্ধন
কটিতটে কিঙ্কিনী বাজে॥
কপালে সিন্দুরবিন্দু দূরে রবি কীরণ
চারি পাশে মলয়জবিন্দু।
হেরইতে লাজ- সায়রে রবি ডুবল
দিনে দিনে খিন ভেল ইন্দু॥
নব নব রঙ্গিণী দেই হুলাহুলি
জয় জয় বন পরবেশ।
দোহে দোহা হেরইতে চিত ভেল সোসর
বলিহারি গোবিন্দদাস॥২৬॥৪৫॥

কস্যচিৎ।

বৃন্দাবনে রচিতপল্লবতল্পমধ্যে
শ্রীরাধিকাঞ্চলপটং দ্বিকরেণ ধৃত্বা।
হাস্যেন গদ্‌গদবচা রতিযাচকঃ শ্রী-
গোবিন্দ আশু পরিপূরয়তু প্রিয়ং বঃ॥

সুরত-তিয়াগে ধরল পহুঁ পাণি।
করে কর বারই তরলনয়ানি॥
হঠ পরিরম্ভনে পরশই গাত।
নহি নহি বোলি ঢুলাওত মাথ॥
অভিনব মদন-তরঙ্গিণী রাই।
শ্যাম-তরঙ্গ রঙ্গে অবগাই॥
চুম্বনে সকুচই লোচনতার।
পিবইতে অধর রচই সিতকার॥
নখর পরশে ধনি চমকই গোরি।
দশইতে চমকি উঠই তনু মোড়ি॥
কহইতে কহ গদ গদ পদ আধ।
আনোআন মনসিজ উনমাদ॥
তৈখনে রোখত রাইপরসাদ।
গোবিন্দদাস কহ রসমরিযাদ।২৭॥৪৬॥

প্রিয়দর্শনজানন্দ-প্রফুল্লহৃদয়া পুনঃ।
শৃঙ্গারভয়ভীতা সা নবোঢ়া কুটিলাশয়া॥

ধরি সখি আচরে ভরি উপচঙ্ক।
বৈঠি না বৈঠই হরি পরিযঙ্ক॥
চলইতে আলি চলই পুন চাহ।
রস অভিলাষে অগোরল নাহ॥

লুবধল মাধব মুগধল নারি।
ও অতি বিদগধ এ অতি গোয়ারি ॥
পরশিতে তরসি করহিঁ কর ঠেলই।
হেরইতে বয়ন নয়নে জল খলই ॥
হঠ পরিরম্ভনে থরহরি কাঁপ
চুম্বনে বদন পটাম্বরে ঝাঁপ ॥
শূতলি ভীত পুতলি সম গোরি।
চিত্র নলিনী অলি রহত আগোরি ॥
গোবিন্দদাস কহই পরিণাম।
রূপক কূপে মগন ভেল কাম ॥২৮॥৪৭॥
ইতি সংক্ষিপ্ত-সম্ভোগঃ ॥

করুণ ভাটিয়ালী রাগ।

রাইর দক্ষিণ কর ধরি পহুঁ গিরিধর
মধুর মধুর চলি যায়।
আগে পাছে সখীগণ করে ফুল বরিষণ
কোনো সখি চামর ঢুলায় ॥
দেখ সখি যুগলকিশোর।
সুখময় বৃন্দাবন কলপতরুর গণ
সুশীতল জোতি উজোর ॥
দুহু অঙ্গে চিত্র বেশ কুসুম-রচিত কেশ
সৌরভে ভরল অলিকুল।
রতন-রচিত হেম- মঞ্জির-শিঞ্জিত
নরোত্তম মনোরথ পূর ॥২৯॥৪৮॥

বরাড়ী রাগ।

অভিনব গোরি বসতি পতিগেহ।
ঘর সঞে করয়ঞে নয়ল সিনেহ ॥
নিরসএ নব রতিপতি ভয় লাজ।
দুতিক পৈঠহঃ এহেন কাজ ॥
কি কহব এ সখি কহনে না জান।
পহিল সমাগম রাধা কাহ্ন ॥
যব ধনি কুঞ্জে কান্ত সঞে ভেঠ।
সচকিত নয়নে বয়ন করু হেঠ ॥
সোপলো যব তুহুঁ করে কর আপি।
সাধসে ধাধসে ধনি দুহুঁ কাপি ॥
যব দুহুঁ আওল মদন শয়ান।
না জানিএ তব কিএ করু পাচবান ॥
গোবিন্দদাস কহ তুহুঁ সে সিয়ানি।
হরি কোরে সোপালি হরিননয়ানি ॥৩০॥৪৯॥
ইতি সংক্ষিপ্তসম্ভোগঃ নবোঢ়োপযুক্তঃ ॥

অথ রসালসঃ।

বিভাষ।

রজনি উজাগরি নাগর নাগরি
শূতল কিশলয় সেজ।
রতি-রস আলসে অবশ কলেবর
দুহুঁ তনু দুহুঁ নাহি তেজ ॥
শুন সজনি শুতি রহু নীলজ কাহ্ন।
রাই জাগাই লেই চলু মন্দির
জানাহি হোত বিহান ॥
রাইক কবরি বান্ধি পুন সম্বরি
পিঞ্ছ মুকুট গড়ি জাউ।
মণিময় মুদরি মোহন মুরলী
এ দুহুঁ যতনে চোরাউ ॥
ঘুমল কাহ্ন যুগতি শুনি ঐছন
রাইক কোরে আগোর।
গোবিন্দদাস পহুঁ চতুর-শিরোমণি
নিরসল সহচরি চোর ॥৩১॥৫০॥

শ্রীগোবিন্দলীলামৃতে,—

ত্বরোত্থিতা সম্ভ্রমসংগ্রহীত-
পীতোত্তরীয়েণ বপুঃ পিধায়।
পার্শ্বে প্রিয়স্যোপবিবেশ রাধা
সলজ্জহাসাং মুখমীক্ষ্যমাণা ॥

কস্যচিৎ—

যামিনী বিরতিং যাতি গৃহং যামি ততঃ প্রিয়।
শীঘ্রং রচয় মে বেশং যাবজ্জাগর্ত্তি কোপি ন।

ভূপালী।

নিশি অবশেষে কোকিল ঘন কুহরই
জাগল রসবতি রাই।
বানরী নাদে চমকি উঠি বৈঠল
ভুরিতহি শ্যাম জাগাই ॥
শুন নব নাগর কানু।
সত্বরে বেশ বনাহ যতন করি
যামিনী ভেল অবসান ॥
শারি শুক কপোত কীর ঘন কুহরই
ময়ুর ময়ুরী করু নাদ।
নগরক লোক জাগি যব বৈঠব
তবহিঁ পড়ব পরমাদ ॥
গুরুজন পুরজন নোনদী দুরজন
তুহুঁ কিনা জানতহিঁ রীত।
গোবিন্দদাস কহে উঠি চলু সুন্দরি
বিঘটব কানুক প্রীত ॥৩২॥৫১॥

সিন্দূরবিন্দুং রমণীললাটে
নিধায় কেশে কবরীং বিধায়।
যত্নেন নেত্রে দলিতাঞ্জনেন
সজ্জীকৃতে নাগরমাধবেন ॥

ললিতগড়া।

হরি নিজ আচরে রাইমুখ মোছই
কুঙ্কুমে তনু পুন মাজি।
অলক তিলক দেই সীথ বনাওল
চিকুরে কবরি পুন সাজি ॥
সিন্দুর দেওল সীঁথে।
কণ্ঠহিঁ যতন করি উরপর লেখই
মৃগমদ চিত্রক পাতে ॥
নয়নহিঁ অঞ্জন করল সুরঞ্জন
চিবুকহিঁ মৃগমদবিন্দু।
চরণকমল পর যাবক লেপন
কি কহব দাস গোবিন্দ ॥৩৩॥৫২॥

গোবিন্দলীলামৃতে,—

নির্ব্বৃত্য বিভ্রমভরং সময়ে স্বধাম্নি
সুপ্তেঽচ্যুতে প্রতিলয়ে শ্রুতয়ো যথেশম্।
লীলাবিতাননিপুণাঃ সগুণাঃ সমীয়ুঃ
সখ্যোঽপ্যলক্ষ্যগতয়ঃ সদনং যথা স্বম্ ॥

বিভাষ।

রজনী বিরাম জানি সব রঙ্গিনী
মন্দিরে করল পয়ান।
শূন্য কুঞ্জ পরি- হরি নিজ মন্দিরে
শূতল বিদগধ কানু ॥
মাধব অলসে অবশ সব দেহ।
উদিত দিবাকরে নীন্দ না ভাঙ্গই
যশোমতি পৈঠল গেহ ॥
নিজ করে শ্যাম অঙ্গ ঘন পরশই
ক্ষীর স্রবই কুচভারে।
ও মুখ-চান্দ সঘন করি চুম্বন
উপজল পুলক শরীরে ॥
গদ গদ আধ আধ ঘন বোলত
উঠ উঠ যাদব রায়।
শ্যামর নিজ তনু ঘন ঘন মোড়ই
দীনবন্ধু গুণ গায়।৩৪ ৫৩॥

গোবিন্দলীলামৃতে,—

সুক্ষীররত্নালয়মন্দিরান্ত-
রনঙ্গরঙ্গোজ্জ্বলতল্পমধ্যে।
সুপ্তং হরিং বোধয়িতুং প্রবৃত্তা
মাতা শ্রুতির্ব্বা প্রলয়াবসানে॥

পর্য্যঙ্কে ন্যস্য সব্যং তদুপরি নিহিতস্বাঙ্গভারাপ পাণিং
কৃষ্ণস্যাঙ্গং স্পৃশন্তীতরকরকমলেনেষদাভুগ্নমধ্যা।
সিঞ্চন্ত্যানন্দবাষ্পৈঃ স্নুতকুচপয়সাং ধারয়া চাস্য তল্পং
বৎসোত্তিষ্ঠাশু নিদ্রাং ত্যজ মুখকমলং দর্শয়েত্যাহ মাতা॥

উত্তিষ্ঠ কুর্য্যাং মুখমার্জ্জনং তে
বলস্য বাসঃ কিমিতি ত্বদঙ্গে।
ইতি ব্রুবাণাপনিনায় নীলং
বাসস্তদঙ্গাদবদচ্চ সার্য্যাং॥

রামকেলী রাগ।

রামক নীল বসন কাহে পৌন্ধ।
উদিতহিঁ অরুণ না ভাঙ্গই নীন্দ॥
ব্রজকুলচান্দ নিছনি জাঙ তোর।
অঙ্গ বিভঙ্গ কতহিঁ তনু মোড়॥
কাগু লাল কাহাঁ লোচন জোর।
কাহাঁ লাগল হিএ কণ্টক আচোর॥
ঝামর ভেল নীল উতপল দেহ।
না জানিএ চিঠি দরশাওল কেহ॥
মঙ্গল স্নান করাওব গেহ।
শুব ভুঞ্জব দধি মাখন এহ॥
এতহুঁ শুনল যব যশোমতি ভাষ।
আচরে মোদি লুকাওল হাস॥
গোবিন্দদাস কহে শুন ব্রজদেবি।
ওই নিরাপদ গোরিক সেবি॥৩৫।৫৪॥

ইতি শ্রীরাধাকৃষ্ণসংকীর্ত্তনামৃতে পূর্ব্বখণ্ডে সন্ধ্যায়াং
শ্রীকৃষ্ণস্য পূর্ব্বরাগাবধি-নবোঢ়ামীলনানন্তর-
রসালস-গৃহাগমনপর্য্যন্তসমুদায়-রাত্রি-
লীলাসংগ্রহোনাম দ্বিতীয়ঃ পরিচ্ছেদঃ॥
ইত্যেকরাত্রিলীলা।

শ্রীচৈতন্যচরিতামৃতে,—

বন্দে চৈতন্যকৃষ্ণস্য বাল্যলীলাং মনোহরাং।
লৌকিকীমপি তামীশচেষ্টয়াবলিতান্তরাম্॥

মায়ূর রাগ।

কিএ হাম পেখলোঁ কনকপুতলিয়া।
শচীর আঙ্গিনাএ ধুলাএ ধুসরিয়া॥
চৌদিকে দিগম্বর বালক বেঢ়িয়া।
কণ্ডল কুন্তল ভালে জগত ভুলালিয়া॥
উজল কমল পদ ধায় দ্বিজমণিয়া।
জননী শুনএ ভাল নূপুর ধনিয়া॥
কহে বাসুদেব ঘোষ শিশুরস জানিয়া।
ধন্য নদিয়ার লোক নবদ্বীপ ধনিয়া॥১।৫৫॥

এতত্তু উত্থানাৎ পরং জ্ঞেয়ম্॥

শ্রীগোবিন্দলীলামৃতে,—

তদ্বাগ্বিগতনিদ্রোঽহয়মুত্তিষ্ঠাসুরপীশ্বরঃ।
উত্থাতুমীশ্বরো নাসীদ্ঘূর্ণাপূর্ণেক্ষণঃ ক্ষণং॥

সমুষ্টিপাণিদ্বয়মুন্নমধ্য
বিমোটয়ন্ সোঽথ রসালসাঙ্গং।
জৃম্ভাবিসর্পদ্দশনাংশুজাল-
তমালনীলঃ শয়নাদুদস্থাৎ॥

ন্যস্তাঙ্গঃ প্রপদোপরি প্রকটয়ন্ জানুদ্বয়ে দোহনীং
কাশ্চিদ্দোগ্ধি পয়ঃ স্বয়ন্ত্বথ পরাঃ দৈর্দোহয়ত্যুন্মুখীঃ
অন্যাঃ পায়য়তি স্বতর্ণকগণান্ কণ্ডূয়নৈঃ প্রীণয়ন্
ইত্থং নন্দসুতঃ প্রগে স্বসুরভীরানন্দয়ন্নন্দতি॥

রামকেলী রাগ।

নিজ গৃহে শয়ন কয়ল বর কান্থ।
জননী জাগাওত ভৈ গেল বিহান॥
আলস তেজি উঠহ যদুরায়।
আগত ভানু রজনি বহি যায়॥
সত্বরে গোদোহন করু চান্দ।
তুরিতহিঁ দেওল দোহন ছান্দ॥

শয়ন উপেখি চলল বরকানু ।
গোধন মাঝহি করল পয়ান ॥
ঘন হাম্বারব বৎসক রাব ।
হুঁ হুঁ গরজি ধেনু কৈ কই ধাব ॥
সুন্দর অপরূপ শ্যামর চন্দ ।
দোহত ধেনু করত ছন্দ বন্ধ ॥
গোরস-ধার চুয়াওত অঙ্গ ।
সুমেরু শিখরে যেন শোভিত গঙ্গ ॥
মুটুকি অটুকি লেই রাখত চারি ।
গোবিন্দদাস পহুঁক বলিহারি ॥২॥৫৬॥

ধানসী ।

গোধন দোহন করি যদুনন্দন
মন্দির পরিহরি গেল ।
সহচরি সঙ্গে চলত নব রঙ্গিনী
পন্থহি দরশন ভেল ॥
কো কহু দুহুঁ জন রঙ্গ ।
ক্ষির সর মোদক ধর ধর বলি ধনি
সঘনে দেখাওত অঙ্গ ॥
চঞ্চল নাহ ধরল যব অঞ্চল
সুন্দরি কোরে আগোর ।
নীল নিচোলে ঝাঁপি ভুজ পাসহি
বান্ধল মানস-চোর ॥
পুরল মনোরথ দুহু নিজ নিজ পথ
মন্দিরে করল পয়ান ।
জগ ভরি কোই লখই নাহি পারল
দীনবন্ধু রস গান ॥৩॥৫৭॥

ধানসী ।

পরিসর ঘর দে- হলি পুর-গোপুর
হেরি যশোমতি রাণী ।
গোকুল চান্দ কতিহু নাহি পাওল
বিপদ পড়ল হেন জানি ॥
মাই সুতবিরহাকুল ভেল ।
বিগলিত ক্ষীর পয়োধর-মণ্ডলে
লোরে নয়ন ঢরি গেল ॥
বল বসুদাম সুবল মধুমঙ্গলে
সাধই বারহি বার ।
ধর ধর ক্ষির সর আনি দেহ মোর
জীবনলাল দুলাল ॥
যো অব নিলমনি কোরে মিলাওব
ক্ষির সর সব দিব তায় ।
দীনবন্ধু বলে তিলে তিলে না দেখিলে
পরান ধরিতে নারে মায় ॥৪॥৫৮॥

তথা রাগ ।

সহচর অনুভব সুবল জানি সব
কহে কিছু কপট বচনে ।
ধেনু চরাইতে গেলে কান্দিঞা বিদায় দাও
তেঁঞি না বলিঞা গেল বনে ॥
আগো মা, গোপাল আনিঞা দিব তোরে ।
বলাই দাদার সনে যদি পাঠাইবে বনে
শপথ করিঞা বল মোরে ॥
সকল গোকুল পুরে সুধাইলে ঘরে ঘরে
কোথাও না পাবে নিলমনি ।
চঞ্চল বালক তোর নহে অগোচর মোর
এখনি আনিতে পারি আমি ॥
আনিলে তোমার কাছে ভুলাইঞা রাখ পাছে
এ ক্ষীর নবনী দিঞা হাথে ।
দীনবন্ধু দাস ভণে অই ভয় বড় মনে
তবে বনে যাব কার সাথে ॥৫॥৫৯॥

কস্যচিৎ,—

বৎস দর্শয় মে কৃষ্ণং তুভ্যং দাস্যামি জীবনম্।
মন্নেত্রগোচরং কৃত্বা নীত্বা যাস্যসি কাননম্

ধানসী।

সুবলের কথা শুনি উলসিত নন্দরাণী
চান্দমুখে চুম্ব দিঞা বলে।
ধেনুর শপথ করি বনে পাঠাইব হরি
একবার নয়নে দেখিলে॥
বাছা নিছনি লইঞা মরি তোর।
তিলে তিলে না দেখিলে হিয়া বিদরিঞা মরি
দেখাইঞা প্রাণ রাখ মোর॥
জাও জাও আন দেখি দেখিঞা জুড়াউ আঁখি
কত দূরে গেল নীলমণি।
কোমল চরণে পাছে কুশের অঙ্কুর বাজে
অই ভএ কান্দিছে পরাণি॥
না জানি কাহার সনে পাঠাইলে কোন বনে
অনেক সাধের মোর নিধি।
দীনবন্ধু দাস বলে ব্রজবালকের ছলে
বিবাদে লাগিল মোরে বিধি॥৬॥৬০॥

কামোদ রাগ।

না দেখিঞা নীলমণি আকুল হইল রাণী
ধরিতে না পারে নিজ তনু।
দেখিঞা মাএর দুখ উভ করি চান্দ-মুখ
সব শিশু বাজাইল বেণু॥
গগন ভরিল বেণুরবে।
শুনিঞা জানিল হরি সব সহচর মেলি
বনে ধেনু লঞা জাত্যে হবে॥
রাইর বিচ্ছেদে শ্যাম আকুল অবশ প্রাণ
আসি যমুনার ধারে ধারে।
উছুর দেখিঞা বেলা শ্রীঅঙ্গে মাখিঞা ধূলা
কান্দিতে কান্দিতে আল্যা ঘরে॥
পাইঞা রতন-মণি আনন্দে আকুল রাণী
বদন চুম্বয়ে অনুরাগে।
দীনবন্ধু দাস ভণে পাঠাইতে হবে বনে
শপথ কর্য্যাছ মোর আগে॥৭॥৬১॥

সুহই রাগ।

মরকত মণি জিনি চিকন বরণখানি
কে ধূলা দিঞাছে শ্যাম অঙ্গে।
বিহানে পরের ঘরে গিছিলে কিসের তরে
বিবাদ করিলে কার সঙ্গে॥
বাছা তোমার নিছনি লইঞা মরি।
দুটি নয়নের তারা তিলে তিলে তুই হারা
এত দুখ সহিতে কি পারি॥
ছল ছল দুটি আঁখি পরান কান্দয়ে দেখি
কে তোর করিলে অপমান।
তোমার মলিন মুখ দেখিঞা বিদরে বুক
বল দেখি কি করি বিধান॥
এ ঘর আঙ্গিনা ছাড়ি না জায়্য কাহার বাড়ি
ছাল্যা-ধরা আস্যাছে গোকুলে।
নগর্যা বালক সাথে ক্ষীর সর করি হাথে
বেড়াঞা বেড়াছ্যে নানা ছলে॥
হেদে রে চান্দের কোনা এ ক্ষীর নবনী ছেনা
খাঞা আঙ্গিনাতে কর খেলা।
দীনবন্ধু দাস বলে আস্ত আস্ত করি কোলে
বসনে মুছাঞা দিএ ধূলা॥৮॥৬২॥

কস্যচিৎ,—

কুত্রাপি ন গন্তং মাতঃ কেবলং গোপুরং গতম্।
দত্ত্বা ক্ষীরসরং গোপ্যো হ্যপমানং কৃতং মম॥

ধানসী।

বিহানে উঠিঞা জেই ডাড়াইলাম পথে।
আসি এক গোয়ালিনী ধরিলেক হাথে॥

হাসিঞা গোপিনী সব কাল কাল বল্যা।
অপমান কর‍্যা কত গাএ দিলে ধূলা॥
ঢাকিঞা ক্ষীরের নাড়ু রাখিঞা আচলে।
বারে বারে দেখাইঞা ধর ধর বলে॥
ক্ষীর সর নবনী যাচাঞা দিঞা মোরে।
চোর বল্যা কেহো কেহো বান্ধে দুটি করে॥
মা বল্যা ডাকিতে চাহি মনে ভয় পাঞা।
থরতর ধরে মুখ বসনে ঝাপিঞা॥
কেহো কেহো ধরে মোর ধড়ার আচলে।
শুনি দীনবন্ধুদাস ভাসে প্রেমজলে॥৯॥৬৩॥

কথং গতোঽসি হে বৎস নাপমানং কৃতস্তব।
বৃদ্ধৈঃ পিতামহীবর্গৈঃ পরিহাসঃ কৃতঃ পথি॥

অভাগীরে না কহিঞা ঘরের বাহির হঞা
কি লাগিঞা গিছিলে বাজারে।
আই গোয়ালিনী যত রভস কর‍্যাছে কত
ভয় পাঞা আসিঞাছ ঘরে॥
পরিসর আঙ্গিনাতে বলাই দাদার সাথে
বাছুরি লইঞা কর খেলা।
করতালি দিএ আমি নাচ্যা নাচ্যা আস্য তুমি
পরম সুখের এই বেলা॥
নবীন কোকিল জিনি মধুর মধুর ধ্বনি
মা বলিঞা ডাক চান্দমুখে।
আরে বাছা নীলমণি নাচ্যা নাচ্যা আস্য তুমি
বাহু পসারিঞা করি বুকে॥
জনমে জনমে কত কর‍্যাছি কঠিন ব্রত
তোমারে পাঞাছি সেই ফলে।
দীনবন্ধু দাস বলে চান্দমুখে মা বলিলে
তবে সে মনের সাধ পুরে॥১০॥৬৪॥

বিল্বমঙ্গলে।

বালায় নীলবপুষে তনুকিঙ্কিণীক-
ধ্বানাভিরামজঘনায় দিগম্বরায়।
শার্দ্দূলদিব্যনখভূষণভূষিতায়
নন্দাত্মজায় ভববন্ধভিদে নমোঽস্তু॥

বেলোয়ার রাগ।

অব নাচত রে নব নন্দদুলাল।
তঁহি মাই যশোমতি দেওত তাল॥
লহুঁ হাসিনী রোহিণী বুলত সাঁথ।
বড় আনন্দে নন্দ ঢুলাওত মাথ॥
কত যন্ত্র বাজাওত পঞ্চম তান।
পিকু-নিন্দিত গাওত মঙ্গল গান॥
মুখচন্দ্র নেহারত দেওত চুম্ব।
ক্ষির-পূরিত ভূরি পয়োধর-কুম্ভ॥
দিঠি-পঙ্কজ ভাসল প্রেমজলে।
যমুনা জনু মীলল লোর ছলে॥
পুলকাকুল অঙ্গ আনন্দভরে।
দিনবন্ধু লোটাওত ভূমিতলে॥১১॥৬৫॥

দূরদৃষ্টনবনীতভাজনং
জানুচংক্রমণজাতসম্ভ্রমং।
মাতৃভীতিপরিবর্ত্তিতাননং
কৈশবং কিমপি শৈশবং ভজে॥
ইতি বিল্বমঙ্গলে।

সুহই রাগ।

নাচিতে নাচিতে হরি দক্ষিণ চরণ ধরি
মাএর সমুখে ডাড়াইল।
করতলে কর জুড়ি মলিন বদন করি
গদ গদ কহিতে লাগিল॥
জননি গো নাচিঞা চরণ হল্য ভারি।
এই না ক্ষুধার বেলা খস্যা পড়ে পীত ধড়া
আর আমি নাচিতে না পারি॥
ক্ষীর সর দেহ যদি তবে নাচি নিরবধি
ঘন ঘন চরণ তুলিঞা।
রুনুর ঝুনুর স্বর বাজিবে নূপুর মোর
শুনিলেই রহিবে ভুলিঞা॥
ঘাঘর ঘুংঘুর খর বাজিবে পঞ্চম স্বর
নবনি পাইলে ছুটি হাথে।
দীনবন্ধু দাস গানে পরম আনন্দ মনে
নাচিঞা বেড়াব আঙ্গিনাতে॥১২॥৬৬॥

পুরবী।

জননি দেহি নবনীতম্।
জঠরানল উপ- দহতি কলেবর-
মনুপালয় সুতগীতম্॥
মম নীরস-মুখ- মচিরমপাকুরু
দধি বিতরয় নিজডিম্ভে।
চলয়তি মৃদু-পব- নোঽপি তনুং মম
ভোজনসময়বিলম্বে॥
দশন-বসন-রস- নে নচ রস ইহ
জীবয় নিজপরিবারং।
সুতমপি লঘুতর- ময়ি মনুষে কিল
ধনমতি গুরু দধিসারম্॥
অয়ি কঠিনে ময়ি করুণালবমপি
নহি কুরুষে যদি তোকে।
সহচর-দীন- বন্ধুরপযশ ইতি
সদসি বদিষ্যতি লোকে॥১৩॥৬৭॥

ধানশী।

গোপিনীগণ আনন্দে আকুল মন
উপনীত যশোদার ঘরে।
দেখিঞা গোকুলচন্দ্র মনে মনে করি ছন্দ
হাসিতে হাসিতে কিছু বলে॥
হেদে রাণি বারে বার কেনে গো কান্দাছ্য আর
অনেক সাধের নীলমণি।
এ ক্ষীর নবনী সর করে দিঞা কোলে কর
আখ্যে থোল্যে যুড়াবে পরানি॥
হঞাছে ক্ষুধার বেলা শ্রীঅঙ্গে লাগ্যাছে ধুলা
দেখ্যা ছল ছল করে আঁখি।
হেন আমি মনে করি লইঞা তোমার হরি
বসনে ঢাকিঞা কোলে রাখি॥
এহেন রতন মণি ধুলাএ রাখ্যাছ তুমি
কি তোর কর্যাছে অপরাধ।
লঞা জাই নিজ ঘরে লুনি দিঞা ছুটি করে
পূরিব মনের নিজ সাধ॥
নিতি জাঞা মোর ঘরে কত না জঞ্জাল করে
পরিজন মানে কত দুখ।
হৃদয়ে পাইঞা বেথা কহিতে চাহিএ কথা
পাসরিএ দেখ্যা চান্দমুখ॥
হেদে রে চান্দের কোনা কি ধন নবনী ছেনা
কিসের লাগিঞা কান্দ তুমি।
দীনবন্ধু দাস বলে আস্ত আস্ত করি কোলে
তোরে দিব পরান নিছনি॥১৪॥ ৬৮॥

লুনি দিলে ছুটি করে ভূমে পেলে বারে বারে
হাথে করি মোর পদ ছান্দে।
দে মা দে বলি গাএ মাখএ ধুলি
বসন ধরিঞা কান্দে॥

রোহিণি গো, বল কি করিব আমি।
এ কি হল্য দায় না দেখি উপায়
যাচিলে না খায় লুনি ॥
এ ঘর ও ঘর যাতায়াতে মোর
কান্দিঞা বেড়ায় সাথে।
হোর নাহি জায় না জানি কি চায়
জুড়িঞা যুগল হাথে ॥
আধ আধ বোল বুঝিতে বিরল
না জানি কি ধন মাগে।
দীনবন্ধু বলে জত আ ঘরে
সকলি করহ আগে ॥১৫।৬৯॥

কামোদ।

কাচা মরকত নবনি জড়িত
মনোহর তনুখনি।
হাসিঞা হাসিঞা অমিয়া মাখিয়া
বলে আধ আধ বাণী ॥
প. খা. না নূপুর বাজাঞা
বসিঞা মাএর কোলে।
সোনাএ জড়িত মুকুতা লম্বিত
শোভিছে নাসিকাতলে ॥
গলাএ জড়িত রুরু-নখ রুচি
গাথনি মুকুতা ঝুরি।
কুমুদানন্দ কহে এমন বালকের
নিছনি লইয়া মরি ॥১৬।৭০॥

অহো ভাগ্যমহো ভাগ্যং নন্দগোপব্রজৌকসাম।
যন্মিত্রং পরমানন্দং পূর্ণং ব্রহ্ম সনাতনম্ ॥

বেলোআর।

নন্দদুলাল মেরো আঙ্গিনাএ খেলাএ রে।
নাচি নাচি চলি জায় বাজন-নূপুর পায়
আপনার অঙ্গছায়া ধরিবারে চায় ॥

ঝলকএ অভরণ জিনিয়া দামিনী ঘন
পীত বসন কটি ঘন উড়ে যায়।
হিয়াএ পদক দোলে ঝলকএ কলেবরে
চান্দ জেন ঢর ঢর বহে যমুনায় ॥
যশোদা পুলকভরে গদ গদ বাণী বলে
নব নব বৎসপুচ্ছ ধরি ধরি ধায়।
সমান বালক সঙ্গে আঙ্গিনা খেলায় রঙ্গে
শ্যামদাস কহে চিত ধরণে না জায় ॥১৭॥৭১॥

ভৈরবী রাগ।

নাচ দেখি রে আর বার।
লোকমুখে শুনি আস্যাছে গোপিনী
সাধ পুরহ সভাকার ॥
ললিতা বিশাখা আসি দিল দেখা
বড়াই তাহাতে আগুসার।
আসিঞাছে রাধা মনে করি সা
তোমার নাচন দেখিবার ॥
ক্ষীর সর লুনি লইঞা রোহিণী
ডাড়াঞা সাধিছে কত বার।
কেনে হেন বোধ এত উপরোধ
মনে মনে কিছু করা ভার ॥
নাচন না দেখি ছল ছল আখি
গোপী সব মাগে পরিহার।
দীনবন্ধু ভণ দেখাহ নাচন
আমরা সভাই ধরি তাল ॥১৮॥৭২॥

পীতাম্বরো বেণুবিষাণকক্ষ
আভীরনারীকরতালবাদ্যৈঃ।
হৈয়ঙ্গবীনং নিজমাতৃদত্তং
করে দধন্নৃত্যতি নন্দসূনুঃ ॥
ইতি কস্যচিৎ।

সারঙ্গ।

পঞ্চ বরিষ বয়- সাকৃতি মোহন
ধাবমান পরঅঙ্গনা।
পায়স পাণিতলে আওর মাখন
খাওত মিটাওত বয়না ॥
নাচে রে মোহন নন্দদুলাল।
ঘোষ প্রঘোষ ঘোর মণিমঞ্জির
বাজত করতলতাল ॥
কুটিলালক মুখ- পঙ্কজ সুন্দর
লোহিত নেত্র বিশাল।
গোপী জন অনু- মোদিত নিখিত
ভালি ভালি নাচত মেরি লাল ॥
অজ পদ শঙ্কর সেবি নিরন্তর
শেষ অন্ত নাহি পায়া।
বরজ-বধূ মেলি তাহে নাচাওত
দারুযন্ত্র জেন মায়া ॥১৯॥৭৩॥

নেমং বিরিঞ্চো ন ভবো ন শ্রীরপাঙ্গসংশ্রয়া।
প্রসাদং লেভিরে গোপী যত্তৎ প্রাপ বিমুক্তিদাৎ।

ভূপালী রাগ।

নীল পীত ধড়া নন্দ পরাএ আপনি।
অলকা তিলক দিছে যশোদা রোহিণী ॥
পাচনি সিঙ্গা বেত্র কটিতে আটিঞা।
কত শত চুম্ব দিছে চান্দ-মুখ চাঞা ॥
রাম পানে চাহে রাণী গোপাল পানে চায়।
আনন্দে আকুল চিত ধরনে না জায় ॥
নয়নে প্রেমের ধারা বহে অনিবার।
কি করিতে কিনা করে ওর নাহি তার ॥২০॥৭৪॥

অথ গোষ্ঠঃ।

তত্র গৌরচন্দ্রঃ।

পূর্ব্বলীলা গোরাচান্দের মনেতে পড়িল।
ধবলি শ্যামলি বলি ঘন ডাক দিল ॥
সিঙ্গা বেণু মুরলীর করি জয়ধ্বনি।
হৈ হৈ বলিঞা ঘন ফিরাএ পাচনি ॥
রামাই সুন্দরানন্দ সঙ্গে নিত্যানন্দ।
গৌরীদাস আদি সভে হইল আনন্দ ॥
বাসুদেব ঘোষ গায় মনের হরিষে।
গোষ্ঠলীলা গোরাচান্দ করিল প্রকাশে ॥২১॥৭৫॥

ধানসী।

প্রভাতে সকল শিশু হঞা কুতূহলী।
নিজ নিজ ধেনু সব করে একমেলি ॥
দেখ আজি বিনোদ রাখাল।
গোকুল বাহিরে আজি বাথাইল পাল ॥
একে একে জত শিশু আসিঞা মিলিল।
কে জানে কানাই ভাই কেনে না আইল ॥
উচ্চ কদম্বের ডালে চড় এক ভাই।
দেখ কত দূরে আস্থে প্রাণের কানাই ॥
শ্রীদাম ডাড়াঞা ডাকে কানাই অরে ভায়া।
আখনি আসিবে কানাই আর হেরে কয়া ॥
সে মোর প্রেমের ভাই দেখিলে আমারে।
কহে ঘনশ্যামদাস না রহিবে ঘরে ॥২২॥৭৬॥

গোবিন্দলীলামৃতে—

তাবদ্‌গোভট-ভদ্রসেন-সুবল-শ্রীস্তোককৃষ্ণার্জ্জুন-
শ্রীদামোজ্জ্বলদামকিঙ্কিণিসুদামাদ্যাঃ সখায়ো গৃহাৎ।
আগত্য ত্বরিতা মুদাভিমিলিতাঃ শ্রীসারিণা প্রাঙ্গণে
কৃষ্ণোত্তিষ্ঠ নিজেষ্টগোষ্ঠময় ভোঃ! ইত্যাহ্বয়ন্তঃ স্থিতাঃ ॥

ধানসী।

শ্রীদাম সুদাম সঙ্গে জতেক রাখাল।
সভাই আইল নিতে গোঠেরে গোপাল ॥
শুন কাহ্নাই ভায়্যা মোর শুন কানাই ভায়্যা।
বাথানে রহিল ধেনু তোর মুখ চাঞা ॥
আগে চালাইতে ধেনু পাছু পানে ফিরে।
নিহারএ চারি দিগ না দেখি তোমারে ॥
গহন কাননে ভাই ভরসা তোমার।
মরিলে পরান দান কে করিবে আর ॥
বুঝিঞা আইলাম ভাই তোমার নিকটে।
যাদবেন্দ্র বলে পহুঁ জাত্যে হবে গোঠে ॥২৩॥৭৭॥

ধানসী।

শুনিঞা শিশুর বোল কহে যদুরায়।
কেমনে জাইব মায় না করে বিদায় ॥
না জানি গোঠের কথা কে কহিল তারে।
সেই হত্যে দুটি আখি অনুক্ষণ ঝরে ॥
ভাল হল্য তোরা সব আলি মোরে নিতে।
বসিঞা আছিএ ভাই প্র ইতে ॥
সবে মেলি চল জাই জননীর ঠাঞি।
ঘনশ্যাম কহে যুক্তি এই বটে ভাই ॥২৪॥৭৮।

কামোদ।

বলরাম করি সঙ্গে সব শিশুগণ রঙ্গে
কর জোড়ি যশোদারে কয়।
তোমার গোপাল বিনু রাখিতে নারিব ধে
এই কথা কহিল নিশ্চয় ॥
প্রভাত সময়ে জানি আস্যাছিল নীলমণি
বিদায় হইতে তোর ঠাঞি।
তোমার বিতথা দেখি ছল ছল দুটি আখি
সেই হত্যে মুখে বোল নাঞি ॥
জে বল সে বল তুমি কহিলার সরূপ বাণি
কানাই বিনে নাহি জাব গোঠে।
ক্ষুধাএ আনিঞা ভাত কেবা দিবে হাথে হাথ
প্রাণদান কে দিবে সঙ্কটে ॥
আমা সভার প্রাণ কাহ্ন চরাতে না দিব ধেনু
কান্ধে করি নিব শিশুগণে।
বস্যাঞা তরুর ছায় বসনে করিব বায়
চান্দ মুখ দেখিব নয়নে ॥
যদি ভায়্যার সঙ্গে জাই চরাত্যে না হবে গাই
বেণুরবে ফিরে সব গাই।
বসিঞা কৌতুক দেখি এই সুখে সঙ্গে থাকি
যাদবেন্দ্র বলিহারি জাই ॥২৫॥৭৯॥

কামোদ।

আগো মা, আজি আমি চরাব বাছুর।
পরাইঞা দেহ ধড়া মন্ত্র পড়ি বান্ধ চুড়া
চরণেতে পরাহ নূপুর ॥
অলকা তিলক ভালে বনমালা দেহ গলে
শিঙ্গা বেত্র নড়ি দেহ হাথে।
শ্রীদাম সুদাম দাম সুবলাদি বসুদাম
সভাই ডাড়াঞা রাজপথে ॥
গোপালের বাণী শুনি সজল নয়নে রাণী
অচেতনে অবনি লোটায়।
ঘোষ বিপ্রদাসে বলে এ বয়সে বনে গেলে
প্রাণ কি ধরিতে পারে মায় ॥২৬॥৮০।

—০—

কামোদ।

উছুর হইল বেলা পালে পালে হবে মেলা
সঙ্গী সব ডাড়াইঞা পথে।
ভয় না করিহ মনে দাদা বলরাম সনে
আজ্ঞা দেহ গোঠেরে জাইতে ॥

আমি নাহি গেলে গোঠে ধবলি না জায় মাঠে
শ্রীদাম সুদাম আদি ভায়্যা।
বিলম্ব দেখিঞা মোর আজ্ঞা না পাইঞা তোর
সভাই রহিল মুখ চাঞা॥
অলকা তিলক ভালে বনমালা দেহ গলে
শিঙ্গা বেত্র বেণু দেহ হাথে।
ঘাঘর ঘুংঘুর কটি পরাইঞা পীত ধটী
ক্ষুদ্র ঘণ্টিকা দেহ সাথে॥
ধড়ার অঞ্চলে বান্ধি ক্ষীর সর ছেনা দধি
দেহ আর জত লএ মনে।
ঘনশ্যাম দাসে কয় মোর মনে এই লয়
ভোজন করিঞা জাহ বনে ॥২৭॥৮১॥

শ্রীগোবিন্দলীলামৃতে—

দুর্গারণ্যভ্রমণনটনায়াসতঃ সায়মুচ্চৈ-
শ্চক্রাতে নাশনমপি তথা ভোজনেষদ্রুচা তৌ।
বৎসৌ জাতৌ তদিহ নিতরাং দুর্ব্বলৌ ক্ষীণমূর্ত্তী
দৃষ্টং হস্তোদরমপি তয়োঃ পৃষ্ঠলগ্নং প্রভাতে॥

তত্রৈব।—

অমৃতমধুরমাস্তাং সংস্কৃতং যত্তয়ান্নং
ভবতু সতু চিরায়ুর্যস্তদন্নস্য ভোক্তা।
ইতি কলিতবরাং দুর্ব্বাসসস্তাং বিদিত্বা
স্বসদনমনুরাধাং রন্ধনায়াহ্বয়ামি॥

কস্যচিৎ—

রাধাং স্বালয়মানীয় যশোদানন্দবিহ্বলা।
পাচয়িত্বান্নমুৎকৃষ্টং ভোজয়ন্তী সুতং সতী॥

গোবিন্দলীলামৃতে—

স্বাতুঙ্কারং কমলনয়নঃ সম্পৃহং তত্তদন্নং
হস্তস্পর্শাদমৃতমধুরং মন্দমন্দং প্রিয়ায়াঃ।
তদ্বক্ত্রাব্জপ্রহিতনয়নপ্রান্তভৃঙ্গো নিগূঢ়ং
প্রাশ্নন্নন্বামনসি নিবিড়ং সপ্রমোদং ব্যতানীৎ॥

ভক্ষ্যং ভোজ্যং বহুতরমিষ্টং
লেহ্যং পেয়ং মৃদুমধুরং তে।
ভুক্ত্বা পীত্বা সরভসতৃপ্তাঃ
সর্ব্বেঽভূবন্ বনগমনোৎকাঃ

সুহই।

তুরিতহি রাণী আনি নিজ মন্দিরে
আদরে রসবতী রাই।
যতনহি পাক করাওল ক্ষির সর
পুরি ঝুরি বিবিধ মিঠাই।
ভোজন করু যদুরায়।
রোহিণী মাই করত পরিবেষণ
রসবতি আনি যোগায়॥
ঈষদবলোকন হাস মনোরম
আনন্দের নাহি ওর।
দুহুঁ দরশনে দুহুঁ পুলক কলেবর
পিরিতিরভসরস ভোর॥
করল আচমন কপুর খপুর পুন
রঙ্গিণী আদরে দেল।
দীনবন্ধু ভণ ধনি করি ভোজন
নিজ মন্দির চলি গেল॥২৮॥৮২॥

শ্রীগোবিন্দলীলামৃতে—

শৃঙ্গং বামোদরপরিসরে তুন্দবন্ধান্তরস্থং
দক্ষে তদ্বন্নিহিতমুরলীং রত্নচিত্রাং দধানঃ।
বামেনাসৌ সরললগুড়ীং পাণিনা পীতবর্ণাং
লীলাম্ভোজং কমলনয়নঃ কম্পয়ন্ দক্ষিণেন॥

ধানসী।

জানিল গোঠেরে আজি জাবে নীলমণি।
মনের সাধে করে বেশ যশোদা রোহিণী॥
কপালে রচিঞা দিল চন্দনের রেখা।
চূড়াটি বান্ধিঞা দিল ময়ুরের পাখা॥

শ্যাম অঙ্গে বিরাজিত ধাতু প্রবাল।
ঝলমল করে মণি-মুকুতার মাল ॥
কষিঞা পরাএ পীত ধটি কটিমাঝে।
দুগাছি নূপুর দিল চরণ-পঙ্কজে ॥
না চলিতে চুএ ঘাম শ্রীমুখ-কমলে।
পুন পুন মোছে রাণী নেতের আচলে ॥
বলরাম দাস কহে রাম পানে চাঞা।
কানুরে সোঁপিঞা দিল মুখে চুম্ব দিঞা ॥২৯॥৮৩॥

ভূপালী।

চূড়া বান্ধে মন্ত্র পড়ে নব গুঞ্জা দিঞা।
চন্দন-তিলক দিছে রাণী চান্দ মুখ চাঞা ॥
পরম যতনে রাণী মঙ্গল রচিল।
দীপশিখ…মান তার মাঝে দিল ॥
পীয়ল পাটের ধড়া পরাএ আটিঞা।
নয়নে কাজর দিছে অনিমিখ হঞা ॥
ধড়াএ বান্ধিঞা দিল বিবিধ মিঠাই।
রামের হাথে কানুরে সোঁপিঞা দিছে মাই ॥
রাম পানে চায় রাণী শ্যাম পানে চায়।
কি বল্যা বিদায় দিব মুখে না বায়্যায় ॥
বসু রামানন্দ কহে শুন নন্দরাণী।
সভার জীবন-ধন তোমার নীলমণি ॥৩০॥৮৪॥

তুমি জাইবে বন প্রাণ করে উচাটন
মন মুরুছিঞা আমি থাকি।
এ পোড়া পরানে নাহি পরতীত
যদি এক তিল নাহি দেখি ॥
নিকটে থাকিয় বাছুরি চরায়্য
এ বড় মনের সুখ।
যমুনার জলে আসিতে জাইতে
জেন দেখি চান্দ-মুখ ॥
শ্রীদাম শুন শুন আমার বচন
বুঝিঞা করিহ কাজ;
দারুণ কংসের চর ফিরে নিরন্তর
মুড়ে পড়ে পাছে বাজ ॥
কান্দিঞা বিকল হাথে হাথে দিল
যশোদা পড়িল ভূমে।
নরসিংহ বলে শিলা আদি গলে
গোকুল ভরিল প্রেমে ॥৩১॥৮৫॥

প্রাচীনৈঃ—

শৃণু বল মম বাক্যং বালকানাং বলী ত্বং
গিরিজলবনদুর্গে রক্ষ কৃষ্ণং মদায়ম্।
ইতি বলকরপদ্মে কৃষ্ণপাণিং নিধায়
গলিতনয়নধারা নন্দজায়া পপাত

কামোদ রাগ।

ফিরি ফিরি নন্দরাণী বাদুয়ারে হাথে আনি
নয়নে গলয়ে জলধার।
কাহার বোলে তুমি বনেরে সাজিঞাছ রে
গোকুল করিঞা আন্ধার ॥
বনে জায়্য না জায়্য না জায়্য না।
কালিন্দীর হ্রদে বিষম কালিয়া আছে
ভুলিঞা তাহার জল খায়্য না ॥

সারঙ্গ।

বাছা রয়্য রয়্য রয়্য রে।
নেহারি বয়ান ভরিঞা নয়ান
তবে তুমি ছাড়্যা জায়্য রে ॥
খাঞা আগে জাঞা রাণী নেহারিঞা
দেখে চান্দ-মুখখানি রে।
কাতর অন্তরে আখি-জল ঝরে
মুখে না নিঃসরে বাণী রে ॥

নিশ্চএ জানিলাম বনে যাবি বাছা
শুন এক বোল কই রে।
মা বল্যা ডাক জুড়াকু মোর বুক
তবে ফিরা্যা ঘরে যাই রে॥
কল্যাণ কুশলে গোসাঞি রাখু তোরে
তোমায় আমায় এই দেখা রে।
যাদবেন্দ্র কয় তবে প্রাণ রয়
যদি ঘুচে ধেনু রাখা রে॥ ৩২ ॥ ৮৬ ॥

কামোদ।

দণ্ডবত করি মায় চলিলা যাদব-রায়
যায় গোঠে বেণু বাজাইঞা।
নাচিতে নাচিতে যায় মা পানে ফিরিঞা চায়
যায় গোপাল মাএ দুঃখ দিঞা॥
ক্ষীর সর ওদন তেয়াগিয়া এতক্ষণ
তনু হেলিঞা পড়ে বায়।
এখানে ঘামিল মুখ দেখিঞা কাপএ বুক
কেমনে যাইবে বনে তায়॥
আর এক কথা মোর মনেতে পড়িঞা গেল
চরণের বাধা নাহি তোর।
বাধা যদি নাহি দিতাম কেমনে পরাণে জিতাম
বাধা লঞা জাও প্রাণ মোর॥
গোপালে বিদায় দিঞা বিরস বদন হঞা
ঘরে আল্য যশোমতী রাণী।
বিদায় করিঞা মায় চলিলা যাদব রায়
ঘনশ্যাম চরণ নিছনি॥৩৩॥৮৭॥

শ্রীগোবিন্দলীলামৃতে,—

সমীক্ষ্য রাধাবদনারবিন্দে
শ্রীনেত্রনৃত্যান্মদখঞ্জরীটৌ।
সুমঙ্গলাং স্বাং মনুতে স্ম যাত্রাং
তদীয়সন্দর্শনসৎফলাং সঃ॥

মায়ূর রাগ।

ব্রজ-নিজগণ সঙ্গে কত ধাওত
আর কত কুলবতি নারি।
জয় জয়কার করত নব বধুগণ
কনয়-কুম্ভ ভরি বারি॥
আনন্দ কো কহু ওর।
রসবতি ঠাঢ়ে অট্টালি উপর
হেরইতে লুবধ চকোর॥
নয়নে নয়নে কতহিঁ রস উপজল
আনন্দে দুহুঁ তনু ভোরি।
প্রেম-রতন-ধন দুহুঁ মনে জাগল
দুহুঁ চিত দুহুঁ করি চোরি॥
চলইতে চরণ অথির যতুনন্দন
শিথিল নীল পীত বাস।
নিজ নিজ কাজে দুহুঁ তব চলি গেও
কহতহিঁ গোবিন্দদাস॥৩৪॥৮৮॥

তথা রাগ

সুরুজ আরাধন ছল করি সুন্দরি
নিধুবন করল পয়ান।
গোধন সঙ্গে রঙ্গে যমুনাতটে
বিহরই নাগর কান॥
বিদগধ রসময় নাহ।
তরু তরু চম্পক হেরি বেয়াকুল
বাঢ়ল বিরহক দাহ॥
ঝর ঝর লোর ভোর দিঠি—পঙ্কজ
সঘন মোছই পীত বাসে।
ছল করি সহচর সংগতি পরিহরি
চলল রাই অভিলাষে॥
চৌদিগে চকিত রাই পথ নিরিখত
দীগ বিদিগ নাহিঁ জান।

দীনবন্ধু ভণ হৃদয় উচাটন
বিদগধ নাগর কানু ॥৩৫॥৮৯॥

ধানশ্রী।

কাননে সকল কুসুম পরকাশ।
শারি শুক পিক সব সুমধুর ভাষ॥
গুঞ্জত ভ্রমরা ভ্রমরী উতরোল।
মধুলোভে মাতি না তেজই কোল॥
তবহিঁ গমন করু বিদগধরাজ।
ঝনন ঝনন পদ নূপুর বাজ॥
ভ্রমি ভ্রমি বৈঠল নিভৃত নিকুঞ্জে।
শেজ বিছাওল কিশলয়পুঞ্জে॥
পথ হেরি আকুল ব্যাকুল প্রাণ।
অবহুঁ না সুন্দরি করল পয়ান॥
অন্তরে মদন করল পরকাশ।
চৌদিগে হেরত গোবিন্দদাস ॥৩৬॥৯০॥

স্বয়ংদৌত্যং শ্রীকৃষ্ণস্য।

কামোদ।

রাইক দরশ পরশ রস লালসে
বিদগধ নাগররাজ।
পরিহরি মুরলি- খুরলি অতি আকুল
আওল নিধুবন মাঝ॥
হরি হরি কি কহব মনমথ কাজ।
সঙ্কেত বিহনে গহনে পহুঁ ভরমই
জনু মাতল গজরাজ॥
সহচরি সঙ্গে রঙ্গে বর-নাগরি
যাহা গাথই ফুলদাম।
সোই নিকুঞ্জে আসি অতি হরষিত
বদরি-কোরে রহু শ্যাম॥
দুরহিঁ নয়নে নয়নে দুহুঁ মীলল
উপজল প্রেম তরঙ্গ।

দীনবন্ধু তথি করতহিঁ সংগতি
কঠিন ঘটন নব-সঙ্গ ॥৩৭॥ ৯১ ॥

শ্রীশ্রীগোবিন্দলীলামৃতে,—

ইত্থং মিথো দর্শনতো বিশুদ্ধ-
প্রেমস্বভাবোদ্গতভাববৃন্দৈঃ।
বিক্ষুব্ধসোল্লাসমনস্তনূ তৌ
ক্ষণং ন কাঞ্চিদ্যযতুঃ প্রবৃত্তিম্॥

সুহই।

চন্দন-চান্দ লিখি চুম্বই কানু।
লাজে কমলমুখি তেরছ বয়ান॥
কিশলয়দলে করু দশনকি ঘাত।
কিশলয় হেরি ধনি হেঠ করু মাথ॥
ঘন নখরেখ দেই কনয়া কটোর।
উহুঁ উহুঁ করি ধনি মোড়ই কোর॥
চম্পকদাম আলিঙ্গই কানু।
হেরি গোরিমুখ আকুল প্রাণ॥
নীল পীত কিএ গলিত পিধান।
গোবিন্দদাস দুহুঁক গুণ গান ॥৩৮॥৯২॥

ধানশী।

অঙ্গভঙ্গি রস কৌতুক কেল।
ভাঙ্গল ধন্দ দুহুঁক মন মেল॥
ধনি আলিঙ্গন দেওব জান।
রসভরে ঢর ঢর নাগর কানু॥
সাহসে নাহ করল আগুসার।
সখিগণ দেওল জয় জয়কার॥
রসবতি মধুর মধুর করি হাস।
বিচলিত বসনে দেখাওল পাশ॥
রসময় নাগর শুভদিন জানি।
মুচকি হাসি কহু সুমধুর বাণী॥

হাম চাতক ধনি তুহুঁ নব মেহ।
দীনবন্ধু ভণ ঘনরস দেহ ॥৩৯॥৯৩॥

ধানসী।

কাননে কুসুম কাহে তোড়সি গোরি।
কুসুমহি সব তনু নিরমিত তোরি।
আনন হেম-কমল পরকাশ।
সৌরভে শ্যাম-ভ্রমর মিলু পাশ॥
নয়ন যুগল নীল উতপল জোর।
সহজে শোহায়ন শ্রবণক ওর॥
অধর বান্ধুলী মিলিত জেও হাস।
মুকুলিত কুন্দ কুমুদ পরকাশ॥
তব তনু ফুটল চম্পকদল গোর।
পাণিক তল থল-কমল উজোর॥
গোবিন্দদাস অতএ অনুমান।
পূজহ পশুপতি নিজ তনু দান ॥৪০॥৯৪॥

ধানশ্রী।

মদন কিরাত কুসুমশর দারুণ
বৃন্দাবন বন মাঝ।
তেঁই আকুল হরি তোহারি শরণ করি
পরিহরি পৌরুষ লাজ॥
এ ধনি তুয়া দিঠি অথির সন্ধান।
মনমথ মারত জোরি কুসুম-শর
হানল হামারি পরাণ॥
তুহুঁ শরে জর জর জীবন অন্তর
কিএ করব নাহিঁ জান।
নিজ জন চাহি রাই অব দেওবি
অধর-সুধারস-পান॥
মণিময় হার- তরঙ্গিণি তীরহিঁ
কুচকনকাচল-ছায়।
ঐছে তপন জন গোপত রাখহ
গোবিন্দদাস যশ গায় ॥৪১॥৯৫॥

ধানশ্রী।

তুহুঁ যদি মাধব করবি সুলেহ।
মদন সাখি করি খত লিখি দেহ॥
আন যুবতি কভু না করবি কোর।
রজনী দিবস গুণ গাওবি মোর॥
ছোড়বি কেলি-কদম্বকি পাশ।
ছোড়বি পরিজন গুরুজন আশ॥
শয়নে সপনে নাহি জানবি আন।
হামারি বচনে করবি জল পান॥
এত সব কবজ পাওব যব হাথ।
তবহিঁ তুয়া সনে মরমকি বাত॥
ভণএ বিদ্যাপতি শুন বর কাহ্নু।
সুজন পিরিতি জেন পাষাণে নিসান ॥৪২॥৯৬॥

তথা রাগ।

কত কত কোটি জনম করি জপ তপ
পাওলুঁ তুয়া নব লেহ।
যমুনাজল ফল তিল তুলসী-দল
দেই সমাপলুঁ দেহ॥
সুন্দরি ধনি ধনি সাধু বিবাদ।
তুহু যদি নিজ কিং- কর করি রাখবি
মাফ করবি অপরাধ॥
নিতি নিতি রজনি দিবস মঝু মানস
গুণগণ গাওব তোর।
তুয়া মুখ হেরি কোন বর পামর
আন যুবতি করু কোর॥
তুয়া পদ পল্লব- নখমণি কাগজ
দাস-কবজ তহিঁ লেখি।
জীবনে মরণে তোহে তনু সোপলুঁ
দীনবন্ধু রহু সাখি ॥ ৪৩ ॥ ৯৭ ॥

কস্যচিৎ,—

বিক্রীতাহং বচন-রচনামূল্যরত্নেন বন্ধো !
দত্ত্বা দেহং তব পদযুগে কিংকরীয়ং ভবামি।
যোষা দোষাস্পদমনুদিনং তেন বিজ্ঞাপয়ামি
যাবজ্জীবং ন তু করুণয়া সাপরাধাপি হেয়া॥

ধানসী।

বন্ধু ! তোমার কথায় বিকাইলাম আমি।
প্রেম দঢ়াইতে কবজ চাহিলাম
নফর হইলে তুমি॥
তুমি রসময় সরল হৃদয়
নিছনি লইঞা মরি।
ও চান্দ-মুখের বচন শুনিঞা
পরাণ ধরিতে নারি॥
আমি বলাহক তুমি সে চাতক
বুঝিঞা ভাঙ্গিল ধান্দা।
দুখ দূরে গেল এত দিনে হল্য
পরাণে পরাণে বান্ধা॥
আমরা সকল অবলা অখল
তোমারে সোঁপিলুঁ দেহ।
দীনবন্ধু ভণে জীবনে মরণে
তুমি না ছাড়িহ লেহ॥৪৪॥৯৮॥

শ্রীগোবিন্দলীলামৃতে,—

হ্রিয়া ভিয়া বামতয়া বহিত্থয়া
কৃতাবকর্ষা কুসুমগ্রহায় সা।
তিরশ্চলন্তী হরিণোৎকচেতসা
পুরো নিরুদ্ধা মুমুদে চুকোপ চ॥

বাষ্পব্যাকুলিতারুণাঞ্চলচলন্নেত্রং রসোল্লাসিতং
হেলোল্লাসচলাধরং কুটিলিতভ্রূযুগ্মমুদ্যৎস্মিতং।
কান্তায়াঃ কিলকিঞ্চিতাঞ্চিতমসৌ বীক্ষ্যাননং সঙ্গমা-
দানন্দং তমবাপ কোটিগুণিতং যোঽভূন্ন গীর্গোচরঃ।

ধানসী।

রাধা মাধব পহিলহিঁ মেলি।
দরশন দুলহ দূরে রহু কেলি॥
হাসি দরশি মুখ আরোগল গোরি।
দেওল রতন কয়ল পুন চোরি॥
অঞ্চল পরশিতে চঞ্চল কাহ্ন।
রাই করল পদ আধ পয়ান॥
অনুভব বুঝইতে অবনতবয়নী।
চকিত বিলোকিত নখে লিখে ধরণী॥
বিদগধ মাধব অনুভব জানি।
রাইক চরণে পসারল পাণি॥
করে কর বারইতে উপজল প্রেম।
দারিদ ঘট ভরি পাওল হেম॥
মাতল মনসিজ দূরে রহু লাজ;
অবিরত কিংকিণী কঙ্কণ বাজ॥
শুনই না পাবই লহু লহু ভায।
দুহুঁ মুখ হেরইতে উপজল হাস॥
ঘামবিন্দু মুখ সুন্দর জোতি।
কনয়-কমল মাঝে পড়ি গেল মোতি॥
কুচযুগ কনয়-ধরাধর জানি।
হৃদয়ে পড়ল বলি পহুঁ দিল পাণি॥
ঝাপল গিরিধর ঝাপল গোরি।
গোবিন্দদাস লখই পহুঁ ভোরি॥৪৫॥৯৯॥

শ্রীগোবিন্দলীলামৃতে,—

দ্বিত্রিভিঃ পঞ্চষড়্ভিশ্চ সপ্তাষ্টাভিঃ সহাচ্যুতঃ
ব্যতনোন্মণ্ডলীভূয় জলমণ্ডূকবাদ্যকম্॥

তথাহি শ্রীভাগবতে,—

সোঽম্ভস্যলং যুবতিভিঃ পরিষিচ্যমানঃ
প্রেম্ণেক্ষিতঃ প্রহসতীভিরিতস্ততোঽঙ্গং।
বৈমানিকৈঃ কুসুমবর্ষিভিরীড্যমানো
রেমে স্বয়ং স্বরতিরত্র গজেন্দ্রলীলঃ॥

নাগধুন।

সখীগণ মেলি করল পয়ান।
কৌতুকে কেলি-কুণ্ড অবগান॥
জলমে পৈঠল সখীগণ মেলি।
দুহুঁ জন সমর কয়ল জলকেলি॥
বিথরল কুন্তল জর জর অঙ্গ।
গহন সমরে দিল নাগর ভঙ্গ॥
সখীগণ বেঢ়ল নাগরচন্দ্র।
গোবিন্দদাস হেরি রহু ধন্দ॥৪৬॥১০০

কামোদ।

নাহি উঠল তীরে সব সখীগণ
রসবতি নাগর রায়।
বসন নিচোরি মোছএ সব তনু
নব নব বেশ বনায়॥
বিনোদিনী বেশ করত বর কানু।
চিকুর সঞ্জারি কবরি পুন বান্ধল
অলক তিলক নিরমান॥
সব বেশ বনাই উর পর লেখত
মৃগপদ পত্র নিশান।
রতি-জয়-রেখ চরণযুগ লেখই
যাবক তহিঁ নিরমান॥
কতহিঁ যতন করি নূপুর পরাওই
বসন পরাওই অঙ্গ।
গোবিন্দদাস তহিঁ হেরইতে দুহুঁ রূপ
মুরুছএ কতেক অনঙ্গ॥৪৭॥১০১॥

ততস্ত্রেষ্টব্যঞ্জনাদীনামন্যোন্যপরিবেষণে।
ভোজনাদৌ তয়োরাসীৎ ব্যত্তিদানকলিঃ ক্ষণম্

ধানসী।

রতন-থালি ভরি চিনি কদলী সর
আনল রসরতি রাই।
শীত বিপিন-থল গন্ধ সুপরিমল
তহিঁ বৈঠল দুহুঁ যাই॥
ভোজন করু যদুরায়।
সুশীতল নীর কর্পুর তাম্বুল
রসবতি দেই বাঢ়ায়॥
আগর চন্দন ঘন ঘন লেপন
বীজই কুঙ্কুম-বায়।
সখীগণ সঙ্গে রঙ্গে নেহারই
গোবিন্দদাস বলি যায়॥৪৮॥১০২॥

করুণা সুহই।

সখীগণ মেলি করল জয়কার।
শ্যামর অঙ্গে দেওল ফুলমাল॥
নিজ মন্দিরে ধনি কয়ল পয়ান।
বনথল রহল সুনাগর কানু॥
সখীগণ সঙ্গে রঙ্গে চলু গোরি।
মণিভূষণে সব অঙ্গ উজোরি॥
শঙ্খ-শবদ ঘন জয় জয়কার।
সুন্দরবদনী কবরি কুচভার॥
হেরইতে মদন পরাভব পাব।
গোবিন্দদাস দুহুঁক গুণ গাব॥৪৯॥১০৩

বালা ধানসী।

মন্দির মাহ বৈঠল রসবতি
গুরুজন নিরখী আনন্দ।
শিরিষ কুসুম জিনি তনু সুকোমল
ঢল ঢল আননচন্দ্র॥
নিতি নিতি ঐছন রীত।
রসবতি সিক মনোহর নাগর
অপরূপ দুহুঁক পিরিত॥
বিবিধ মিঠাই নবনী নব পায়স
ভোজন কয়লহিঁ গোরি।

কর্পূরাদি তাম্বুল বদন ভরি পূরল
কুঙ্কুম চন্দন ঘোরি ॥
গৃহ নিজ কাজ সমাপল সখীজন
গুরুজন সেবন কেল।
গোবিন্দদাস কহে দীপ সাজায়হ
দিবস অবসান ভেল ॥৫০॥১০৪॥

ইতি শ্রীরাধাকৃষ্ণ-সংকীর্ত্তনামৃতে পূর্ব্বখণ্ডে প্রাতঃ-শয্যোত্থান-বাৎসল্যাবধি শ্রীকৃষ্ণস্য গোষ্ঠ-বনবিহার-পূর্ব্বকস্বয়ংদৌত্যেন কুঞ্জে রাধা সহ বিলাস-জলকেলি ভোজনানন্তর-রাধায়া গৃহাগমন-পর্য্যন্ত-সংগ্রহো নাম তৃতীয়ঃ পরিচ্ছেদঃ ॥

অথ বনাৎ কৃষ্ণচন্দ্রস্য গৃহাগমনম্।

গৌরচন্দ্র।

শ্রীরাগ।

দেখ রে মাই দেখ শচীনন্দনা।
আজানুলম্বিত ভুজ বাহু সুবলনা ॥
মদমত্ত-হাথি-গতি-ভাতি চলনা।
কিএ রে মালতীমালা গোরা অঙ্গে দোলনা।
পদ দুই চারি চলত ডগমগিয়া।
প্রেমে পহুঁ চর চর ভূমে পড়ে ঢলিয়া ॥
শারদ কালের ইন্দু-নিন্দিত বয়না।
অবিরত প্রেমভরে ঝরে দুটি নয়না ॥
অমল-কমলদল রাতুল-চরণা।
কহএ মুকুন্দদাস মকরন্দশরণা ॥১॥১০৫॥

অথ সন্ধ্যাবধি লীলা।

শ্রীরূপগোস্বামিচরণৈঃ—

উপেত্য পথি সুন্দরীততিভিরাভিরভ্যর্চ্চিতং
সিতাঙ্কুরকরম্বিতৈর্নটদপাঙ্গভঙ্গীশতৈঃ।
স্তনস্তবকসঞ্চরন্নয়নচঞ্চরীকাঞ্চলং
ব্রজে বিজয়িনং ভজে বিপিনদেশতঃ কেশবম্ ॥

গৌরী।

গোখুর-ধূলি উছলি ভরু অম্বর
ঘন হাম্বারব হৈ হৈ রাব।
বেণু বিষাণ নিসান সমাকুল
সঙ্গে রঙ্গে কত সহচর ধাব ॥
বনতেঁ গিরিধর ঘর আওএ।
জলদ হেরি জনু তৃষিত চাতকী
ব্রজরমণীগণ মঙ্গল গাওএ ॥
কুটিল অলককুল গোরজ-মণ্ডিত
বর্হা মুকুট মনোহর ছান্দ।
বিপিন বিহার করি ঘর আওত
ঝামর নীল উতপল চান্দ ॥
সরস কপোলে দোলত মণিকুণ্ডল
গণ্ডযুগল উজিয়ার।
গোবিন্দদাস পহুঁ জগমনমোহন
হেরইতে জগ ভরি মদন বিথার ॥২॥১০৬॥

সুন্দর শ্যামর অঙ্গ।

রঙ্গ পটাম্বর হার মনোহর
গোধুলি-ধূসর অঙ্গ ॥
নব নব পল্লব- গুচ্ছ সুমণ্ডিত
চূড় শিখণ্ডক বেঢ়ল দাম।
মকরাকৃতি কুণ্ডল দোলত হেরইতে
মুরছি পড়ল কত কাম ॥
নব ফুল মাল বিরাজিত উরপর
কিঙ্কিণী রণরণি নূপুর পায়।
গোবিন্দদাস পহুঁ জগমন মোহন
ব্রজযুবতীমন হরএ চিত লাএ ॥৩॥১০৭॥

শ্রীগোবিন্দলীলামৃতে,—

শমিতবিরহতাপালোকনাদ্‌গোকুলেন্দো-
র্ব্বিহিততদনুযানা আব্রজান্তঃ প্রহৃষ্টাঃ।
তদবকলনবিচ্ছেদার্ত্তিসংবিগ্নচিত্তা
নিজনিজভবনং শ্রীরাধিকাদ্যাঃ সমীয়ুঃ॥
সুতস্যাপুত্রাণাং বহুকনকবৃষ্টৈরধনিনাং
মহাবৃষ্টের্দ্দাবানলবলিতবন্যাস্থিতিযুষাং।
যথাকস্মাল্লব্ধির্ভবতি পরমানন্দজননী
তথা ঘোষস্থানং পুনরপি হরেঃ সঙ্গতিরভূৎ

গৌরী রাগ।

সন্ধ্যা সময় গৃহে আওল যদুপতি
যশোমতি আনন্দচীত।
প্রদীপ জারি থারি পর ধরলহিঁ
আরতি করি কত গাওত গীত॥
ঝলকত ও মুখচন্দ্র।
ব্রজরমণীগণ চৌদিগে বেড়ল
হেরইতে রতিপতি পড়লহিঁ ধন্দ॥
ঘণ্টা তাল মৃদঙ্গ বাজাওত
সখিগণ ঘন ঘন জয়জয়কার।
বরিষত কুসুম দেবগণ হরষিত
আনন্দ জগজন নগর বাজার॥
শ্যামর অঙ্গে মনোহর সুরচিত
বনি বনমালা আজানু বিরাজ।
গোবিন্দদাস কহে ও রূপ হেরইতে
সংশয় যৌবনে পড়লহি বাজ॥৪॥১০৮॥

শ্রীগোবিন্দলীলামৃতে,—

গোধূলিধূম্রানলকান্ সবর্হকান্
বিতৃষ্ণয়ন্তৌ বসনাঞ্চলেন তৌ।
প্রক্ষালয়ন্তৌ স্তনদুকপয়ঃস্রবৈ-
রঙ্গানি সূনোঃ পিতরৌ ননন্দতুঃ॥

গৌরী।

বদন নিছাই মোছি মুখমণ্ডল
বোলত সুমধুর বাণী।
কতহিঁ যতন করি যশোমতি সুন্দরি
মন্দিরে বঠাওল আনি॥
সুবাসিত তৈল শীতল জল দেই
মাজত যতনহিঁ অঙ্গ।
কুন্তল মাজি সাজি পুন বান্ধল
চূড়হিঁ কুসুম সুরঙ্গ॥
মৃগমদ চন্দন অঙ্গ বিলেপন
যতনে পিন্ধাওল বাস।
সুবাসিত কুসুম- হার উরু লম্বিত
কি কহব গোবিন্দদাস॥৫॥১০৯॥

শ্রীগোবিন্দলীলামৃতে,—

ক্রমাম্মাতা দদৌ তেভ্যো নারিকেলান্যথাগ্রতঃ।
পানকানি রসালাদিফলানি বিবিধানি চ॥
পীযূষগ্রন্থিকর্পূরকেলিকামৃতকেলিকান্।
বটকাল্লড্ডুকান্যাজ্যসংস্কৃতান্নাদিকানি চ॥

ধানশী

যশোমতি রতন- থালি ভরি যতনহি
দেওল বহু উপহার।
বিবিধ মিঠাই নবনী দধি খির সর
পুরি ঝুরি পরম রসাল॥
ভোজন করু যদুরায়।
পুন পুন আনি রাণি কত খির সর
ঘন ঘন বদনে যোগায়॥
মাইক আদরে তনু মন পূরল
যাদব তিরপিত ভেল।
বাসিত বারি ঝারি ভরি দেওল
তবহিঁ আচমন কেল॥

তাম্বুল কপুর খপুর পুন দেওল
যতনহি বদন নেহারি।
দীনবন্ধু অব- শেষ উঠাওল
ভোজন কাঞ্চনথারি॥৬॥১১০॥

শ্রীগোবিন্দলীলামৃতে,—

হসন্তো হাসয়ন্তস্তে মধুমঙ্গলনর্ম্মভিঃ।
ভুক্ত্বা পীত্বা মুদাচম্য ক্ষণং তল্পে বিশশ্রমুঃ॥

সামশ্রী।

নিজ গৃহে ভোজন কয়ল যত্নরায়।
সভাজন নিজ নিজ গৃহে চলি যায়॥
নন্দাদিক সব ভোজন কেল।
নিজ নিজ মন্দিরে সভে নিন্দ গেল॥
নগরক লোক সব নিশবদ ভেল।
সচরাচর যো যাঁহা সব গেল॥
ময়ুর ময়ুরীগণ ঘন দেই নাদ।
গোবিন্দদাস পহুঁ শুনি উনমাদ॥৭॥১১১॥

ধানশ্রী।

কাননে সকল কুসুম পরকাশ।
শারি শুক পিক সব সুমধুর ভাষ॥
গুঞ্জত ভ্রমরী ভ্রমরা উতরোল।
মধুলোভে মাতি না তেজই কোল॥
তবহিঁ গমন করু বিদগধরাজ।
ঝনন ঝনন পদ নূপুর বাজ॥
ভ্রমি ভ্রমি বৈঠল নিভৃত নিকুঞ্জে।
শেজ বিজাওল কিসলয়পুঞ্জে॥
পথ হেরি আকুল ব্যাকুল প্রাণ।
অবহুঁ না সুন্দরি করল পয়ান॥
অন্তরে মদন করল পরকাশ।
চৌদিগে হেরত গোবিন্দদাস॥৮॥১১২॥

শ্রীগোবিন্দলীলামৃতে,—

মুরলীনাদাচুত্থিতমদনা
গদ্গদগদনা ব্রজবিধুবদনাঃ।
সুশিখররদনাঃ শ্লথিতচ্ছদনা
যযুরপকদনাঃ সদনাৎ সদনাৎ

সুহই।

কানন কুঞ্জ কুসুম-শর দারুণ
শুক পিক পঞ্চম গান।
রাধা-বিরহ- বেয়াকুল সো হরি
বাওত মুরলী সুতান॥
হরি হরি কি কহব ধনিক সোহাগ।
আকুল পুলকে পূরল তনু সুন্দরি
শুনইতে কত কত রাগ॥
হৃদয় উলাস বেশ করু সুন্দরি
শ্যামর মীলন সাধে।
কাঞ্চন জোরি রতনময় ভূষণ
বান্ধল রঙ্গিম জাদে॥
ভাউঁ কামান বাণ দিঠি চঞ্চল
মদন পরাভব মান।
কুঞ্চিত কেশ রচিত নব মালতী
জগমনমোহন ঠান॥
গদ গদ গমন চলন অতি মন্থর
কিরণহি বিপিন প্রকাশ।
ঐছন কুঞ্জে মীলল বর নাগর
ভণ ঘনশ্যামর দাস॥৯॥১১৩॥

ধানশ্রী।

মুরলী মিলিত অধর নব পল্লব
গাওত কত কত রাগ।
কুলবতী হোই মন্দির ছোড়ি আয়লুঁ
সহই না পারি বিরাগ॥

মাধব তোহে কি শিখাওব গান।
গৌরি আলাপি শ্যাম নট সঙ্করু
তব তোহে বিদগধ জান ॥
মুরলি ছোড়ি যব মধুর আলাপবি
তেসর জন নহি জান।
কণ্ঠহি কণ্ঠ মেলি অব সমুঝিএ
বহি খনে হোত সুঠান ॥
নিরজন জানি হৃদয়ে অবধারবি
ঐছন গুণবতি ভাব।
গুণিজন লাজ কবহি নাহি হোয়ত
বদতহি গোবিন্দদাস ॥১০॥১১৪॥

চাতুরি পরিহরি সরল হৃদয় করি
তুহুঁ বৈঠহ মঝু সঙ্গে।
রাগ বিরাগ সকল সমুঝাওব
মধুর আলাপন রঙ্গে ॥
সুন্দরি তুহুঁ গুণবতি পরিণাম।
কণ্ঠহি কণ্ঠ মেলি সব সঙ্কর
দোসর বিনু নহে গান ॥
তুহুঁ ধনি গোরি মুরতিময় রাগিণী
হাম শ্যাম নটরাজ।
তুহুঁক আলাপন তাপ সমাপন
কী ফল গুণিজন লাজ ॥
কুলমরিযাদ লাজভয় তেজলি
আওলি বন দুরদেশে।
দীনবন্ধু ভণ করহ আলাপন
কী ফল নিশি অবশেষে ॥১১॥১১৫॥

কুলাচলকৃতচ্ছিদ্রা রাধা নবরসা নদী।
কৃষ্ণালাপসুধাসিন্ধুসংমগ্না সুতরামভূৎ
—কস্যচিৎ।

কামোদ।

নাগরের সনে সরস বচনে
আলাপ্য আনন্দভরে।
নিকটে আসিঞা হাসিঞা হাসিঞা
ধরিল বন্ধুর করে ॥
অঙ্গের পরশে রসের আবেশে
মাতিল নাগররাজ।
রাইর আঁচল ধরি গিরিধর
সাধিল আপন কাজ ॥
অঙ্গ হেলাহেলি অতি কুতুহলি
কুসুম আসনে বসি।
প্রেমের পসার করল বিথার
অন্তরে অন্তরে পশি ॥
সোনার নূপুর ঘাঘর ঘুংঘুর
মধুর মধুর বাজে।
দীনবন্ধু বলে চরণ কমলে
শ্রীরাসমণ্ডল মাঝে ॥ ১২॥১১৬॥

অথ প্রকারান্তরং ॥ সর্ব্বং পূর্ব্ববৎ ॥ পরন্তু ॥

মুরলি মিলিত অধর নবপল্লব
গাওত কত কত রাগ।
কুলবতি হোই মন্দির ছোড়ি আওলুঁ
সহই না পারি বিরাগ ॥
মাধব তোহে কি শিখাওব গান।
গৌরি আলাপি শ্যাম নট সঙ্করু
তব তোহে বিদগধ জান ॥

মুরলি ছোড়ি যব মধুর আলাপবি
তেসর জন নহি জান।
কণ্ঠহিঁ কণ্ঠ মেলি অব সমুঝিএ
যতি খনে হোত সুঠান॥
নিরজন জানি হৃদয়ে অবধারবি
ঐছন গুণবতি ভাষ।
গুণিজন লাজ কবহিঁ নাহিঁ হোয়ত
বদতহিঁ গোবিন্দদাস॥১৩॥১১৭॥

ধানশী।

নিশি ঘন ঘোর তিমিরে পরিপূরল
ভুজগে ভরল সব পন্থ।
কুলবতি হোই মন্দির ছোড়ি কৈছনে
আওলি বিপিনকি অন্ত॥
সুন্দরি বচনকি ইহ চতুরাই।
রাগ বিরাগ কাহে তুহুঁ সমুঝলি
বুঝলি তাই অবগাই॥
যবহুঁ বিরাগ রাগ হাম গাওত
সো হাম জানত রীত।
তুহুঁ কুলবতি কুল- ধরম উপেখলি
মোহে বুঝাওসি নীত॥
গৌরি আলাপি শ্যাম নট সঙ্করু
তেসর জন নহি জান।
ঐছন বচন কতিহুঁ কাহাঁ পাওব
ঘনশ্যাম পরমান॥১৪॥১১৮॥

তথা রাগ।

মুখ দ্বিজরাজ অলককুল সাঞ্চিত
শ্রুতি অবগাহক দীঠে।
অবনত ভাউঁ দশনগণ নিরমল
শুকসম ভাখন মীঠে॥
মাধব তোহে মুনিগণ অবিশেষ।
নিকরুণ কাম জিতএ কৈছে কামিনী
মোহে কহবি উপদেশ॥
পহিলহিঁ স্বামি- বিমুখ হাম শৈশব
অব যৌবনভয় মানি।
মুরলিক সান বুঝই নাহি পারিএ
নয়ন বয়নে কহ বাণী॥
মন্দির ছোড়ি অতএ বনে আওলুঁ
তুহুঁ সহজই বনবাসী।
রতিপতি জিতি ঐছে তুয়া পিরিতি
গোবিন্দদাস পরকাশী॥১৫॥১১৯॥

তথারাগ।

নিরমল কনক কষিল মুখমণ্ডল
ভাউঁ কি কামকামান।
কুটিল কটাক্ষ কুসুম শর বরিষণে
মোহে কয়লি অগেয়ান॥
সুন্দরি আচরে মুখশশি গোই।
কি কহলি বচন বুঝই নাহি পারিএ
অতএ সে পুছিএ তোয়॥
যে ফল মনমথ জগজন বান্ধই
সোই পঢ়াওব তোয়।
তুহুঁ সে সিয়ানি হৃদয়ে অবধারবি
কাহুক বেকত না হোয়॥
ঝাপল বদন ছোড়ি পট অঞ্চল
সহজই বোলবি ভাষ।
তব তুয়া বচনে উত্তর দিতে ন পারিএ
পুছ ঘনশ্যামর দাস॥১৬॥১২০॥

তথারাগ।

পাপ চকোর চান্দ বলি ধাওল
মধুকর কমলিনী ভাণে।

আচরে ঝাঁপি বদন তেঁই পুছিএ
তোহে পরপুরুষকি ঠামে ॥
মাধব মঝু মনে এ বড়ি সন্দেহ।
কী ফল মনমথ বান্ধই জগজন
কাঁহা পুন তাকর গেহ ॥
বান্ধই যছু মন কি করই সো পুন
কৈছে কুসুমশরজালা।
কৈছে যুড়াওব একহিঁ না জানিএ
জানি কহ মুগধিনী বালা ॥
সহচরি মেলি হাসি মুখ মোড়ই
উত্তর না দেই কোই।
গোবিন্দ দাস মোহে উপদেশল
অতএ সে পুছিএ তোয় ॥১৭॥১২১॥

তথারাগ।

তুয়া মুখ চন্দ্র- কোটি জিনি শোভিত
লোভিত কান-চকোর।
ও মুখ কমলে চপল মন ডুবল
তাহে কি ভমরা আন ভোর ॥
সুন্দরি উপেখলি দারুণ লাজ।
মনমথ মন্ত্র পঢ়াওব নিরজনে
ইথে বিধি মিলাওব কাজ ॥
গিরিবর কুঞ্জে রঙ্গে তুহুঁ অতিসর
মদন-গেহ দরশাব।
যাঁহা রহত মহা- মনমথ পঞ্জর
তাঁহা মলয়গণ ধাব ॥
মদনক চীর থীর কর অম্বর
হৃদয় উঘারি পিন্ধান।
দুহুঁক হৃদয় এক করি জোড়ব
গোবিন্দ দাস পরমাণ ॥১৮॥১২২॥

শ্রীগোবিন্দলীলামৃতে,—

মাধবালিঙ্গিতা মাধবী ভ্রাজতে
মাধবশ্চানয়া ফুল্লয়া রাজতে।
বিশ্বমপ্যেতয়োঃ সঙ্গমানন্দত-
শ্চক্ষুষী নন্দয়ন্ মোদতে সর্ব্বতঃ ॥

তথারাগ।

দুহুঁ বচনামৃতে দুহুঁ ভেল আকুল
হৃদয়ে বাঢ়ল মহাসুখ।
সরস সম্ভাষে হাসি দুহুঁ পুলকিত
বিছুরল পন্থকি দুখ ॥
জয় জয় জয় বৃষ- ভানু কিশোরি
জয় জয় ব্রজকুলচন্দ্র।
করে কর জোড়ি চলত অতি মন্থর
গদগদ গমন সুমন্দ ॥
চলইতে পন্থে রাইমুখ হেরই
অধর-সুধারস আশে।
গিরিবর কুঞ্জে রঙ্গে দুহুঁ বৈঠল
রতিরস রঙ্গ বিলাসে ॥
কুঞ্জ-কুটীরে বৈঠল বর নাগর
রসবতি নাগরি কোর।
তড়িতলতা কিএ জলদে মিলাওল
হেরি মদন ভেল ভোর ॥
কমলিনি উরে কিএ বৈঠল মধুকর
পিবইতে রস মকরন্দ।
কহ ঘনশ্যাম দাস দুহুঁ আরতি
কো জানে কিএ অনুবন্ধ ॥১৯॥১২৩।

অথ নিবেদন।

সুন্দরি করহুঁ নিবেদন তোয়।
ও পদ-পঙ্কজে নিজ কিঙ্করকরি
অহনিশি রাখবি মোয় ॥

তুয়া অভিলাষে ভোরি তনু ঢর ঢর
আওলুঁ বিপিনকি অন্ত।
তরু তরু কুসুম হেরি মন-বারণ
জারল বিরহ দুরন্ত॥
তৈখনে মদন দিগুণ দুখ দেওল
আওলুঁ কুঞ্জকুটীর।
হেরইতে রূপ মনোভব মঙ্গল
মঝু মন বান্ধল থীর॥
তুয়া বিনে রজনী দিবস নাহিঁ জানিএ
তুহুঁ মোর জীবন রাই।
দীনবন্ধু কহে শুন শুন সুন্দরি
তুয়া বিনে আর কেহো নাই॥২০॥১২৪॥

কস্যচিৎ—
অবলা কিং বদিষ্যামি তথাপি জ্ঞাপয়ামি তে।
জীবনে মরণে বাপি ত্বং মে নাথো ভবেতিহি॥

সুই।
বন্ধু কি আর বলিব তোরে।
এ তিন ভুবনে আর কেহো নাহিঁ
দয়া না ছাড়িহ মোরে॥
জাতি কুল শীল ছাড়িঞা সকল
তোমার হইলাম আমি।
জনমে জনমে জীবনে মরণে
প্রাণনাথ হয়্য তুমি॥
আমার পরাণে তোমার চরণে
একুই করিঞা বাসি।
নিশ্চয়ে জানিহ জনমের মত
হইলাম তোমার দাসী॥
শয়নে স্বপনে তোমাধন বিনে
আর কিছু নাহিঁ জানি।
অকিঞ্চনে বিধি মিলাওল নিধি
দেখিলে এমতি মানি॥
মন-সুত দিঞা তোমা গুণনিধি
গলাএ গাথিঞা নিব।
দীনবন্ধু ভণে জীবনে মরণে
আর কি ছাড়িঞা দিব॥২১॥১২৫॥

ধানশী।
দোহন শিশু পা- লন পতি সেবন
করইতে মন্দির মাঝ।
তুয়া মুখ মধুর মুরলী শুনি আকুল
বিছুরলুঁ সব নিজ কাজ॥
মাধব তুহুঁ গুণসাগর জান।
কোন যুবতি সতি ধৈরজ বান্ধই
শুনি তুয়া সুমধুর গান॥
বিগলিত কেশ বেশ তনু পুলকিত
ভাঙ্গল কুলভয় লাজ।
বিচলিত অঞ্চল ফুরই পয়োধর
জাগল মনমথরাজ॥
তুয়া মুখচন্দ্র সুধারস পিবইতে
অন্তরে উপজল আশ।
যৈখনে আওলুঁ তৈখনে পূরল
দীনবন্ধু অভিলাষ॥২২॥১২৬॥

সুহই।
মাধব মুরলী শিখাওবি মোয়।
কোন রন্ধ্রের স্বরে মৃত তরু মুঞ্জরে
ফল ফুল বিকসিত হোয়॥

কোন রন্ধ্রের স্বরে   ধবলা শ্যামলী ফিরে
ময়ূর ময়ূরী আসি নাচে।
কোন রন্ধ্রের স্বরে   পুলকিত কলেবরে
হরিণ হরিণী আস্যে কাছে ॥
কোন রন্ধ্রের স্বরে   যমুনা উজান ধরে
রবি ডাড়াইএগা শুনে গান।
পবন গমন ছাড়ি   শ্রবণ অঞ্জলি ভরি
অধর অমৃত করে পান ॥
কি শুনি যুবতি সতি   ছাড়এ আপন পতি
তোমার পরশ-রস আশে।
দীনবন্ধু দাস বলে   পড়িএগা চরণতলে
শিখাইএগা পর অভিলাষে ॥২৩॥১২৭॥

সুন্দরি ভেজহ নাগরি সাজে ;

নাগর শ্যাম   বরণ বিনু মোহন
মধুর মুরলী নাহি বাজে ॥
মৃগমদ লেপি   সকল তনু ঝাপহ
শ্যামল তোয়ব দেহ।
তুহুঁ নিজ নাম   যতন করি ভাবহ
বিছুরহ ধন জন গেহ ॥
কবরি উতারি   চূড় শিখি চন্দ্রক
বান্ধহ আপন মাথে।
পীত বসন পরি   ত্রিভঙ্গ ভঙ্গিম করি
মুরলি ধরহ দুটি হাথে ॥
মুখ-রস দেই   অধর করি আরদ
প্রাণ-বায়ু দেহ রন্ধ্রে।
দীনবন্ধু ভণ   মুরলি আলাপন
হোয়ত বহু পরবন্ধে ॥২৪॥১২৮॥

কামোদ

অলকা তিলক দিএগা   পীত বাস পরাইএগা
চূড়াটি বান্ধিএগা দেহ মাথে।
কস্তুরি লেপিএগা মোর   বরণ করহ কাল
মোহন মুরলী দেহ হাথে ॥
শুনিএগা রাইর বাণী   বিদগধ-শিরোমণি
বসন ভূষণ পরাইএগা।
চান্দ-মুখ হেরি হেরি   অধর চুম্বন করি
রসভরে উলসিত হিয়া ॥
ভাবে পহুঁ গদ গদ   ছান্দাইএগা দুটি পদ
মোহন মুরলী দিল হাথে।
ত্রিভঙ্গ ভঙ্গিম করি   দুহুঁ অঙ্গ হেলাহেলি
মুরলী বাজাএ এক সাথে ॥
বদনে বদন লাগে   হিয়াএ মদন জাগে
পুলকে পূরল দুহুঁ তনু।
দীনবন্ধু দাস বলে   পরম আনন্দ ভরে
মুরলী বাজায় রাই কানু ॥২৫॥১২৯॥

সুন্দর শ্যাম   বামে বর-নাগরি
দোহে দুহুঁ ভুজ দুহুঁ অংসে।
কত কত জাতি   আলাপন মোহন
দুহুঁ মুখ মোহন বংশে ॥
খেনে পহুঁ রাই   উরজ পর হেলন
খেনে পহুঁ শ্যামর কোর।
দোঁহে দুহুঁ রসিকিনি   রসিক মিলাওল
জনু ঘন বিজুরি উজোর ॥
বিহরই নিধুবনে বিধুমুখি কানু।
দোঁহে দুহুঁ অধর-   সুধারস পিবইতে
রাতি দিবস নাহি জান ॥

ক্ষেণে নীলাঞ্চল ধরি ধনী মোছই
পহুঁ মুখ-শ্রমজলবিন্দু।
ক্ষেণে পীতাম্বর ধরি পহুঁ মোছই
ধনিমুখ পুনমিক ইন্দু ॥
রাধা-পদযুগ স্থলরুহ-রাজিত
পহুঁ পদদ্বন্দ্ব অরবিন্দে।
শ্যামদাস মন লুবধ মধুকর
মাতি রহল মকরন্দে ॥২৬॥১৩০॥

ধানশী।

বিগলিত চিকুর মিলিত মুখমণ্ডল
চান্দ বেঢ়ল ঘনমালা।
মণিময় কুণ্ডল শ্রবণে দুলিত ভেল
ঘামে তিলক দুর গেলা ॥
সুন্দরি তুয়া মুখমণ্ডল দাতা।
রতি বিপরীত সময় যদি রাখবি
কি করব হরি হর ধাতা ॥
কিঙ্কিণি কিনি কিনি কঙ্কণ কন কন
কলরব নূপুর বাজে।
রতিরণে মদন পরাভব মানই
জয় জয় ডিণ্ডিম সাজে ॥
রাধা মাধব রতনহিঁ মন্দিরে
শূতল শয়নকি সূখে।
রসে রসে দারুণ কন্দল উপজল
কাহ্ন চলল অতি রোখে ॥
নায়র অঞ্চল করে ধরি নায়রি
হাসি বিনতি করি রাধা।
নায়র-হৃদয়ে হানল পাচবাণহিঁ
কুচ দরশাওই আধা ॥
রোখ সমাপহি রসহিঁ পসারল
তাহে কি মদন পাচবাণে।
অবসান যামিনী মানবতী রাধা
বিদ্যাপতি রস ভাণে ॥২৭॥১৩১॥

বিভাস।

রজনী বিরাম জানি নব রঙ্গিণী
মন্দিরে করল পয়ান।
শূন্য কুঞ্জ পরি- হরি নিজ মন্দিরে
শূতল বিদগধ কাহ্ন ॥
মাধব অলসে অবশ সব দেহ।
উদিত দিবাকরে নীন্দ না ভাঙ্গই
যশোমতি পৈঠল গেহ ॥
নিজ করে শ্যাম অঙ্গ ঘন পরশই
ক্ষীর শ্রবই কুচভারে।
ও মুখ-চান্দ সঘন করু চুম্বন
উপজল পুলক শরীরে ॥
গদ গদ আধ আধ ঘন বোলত
উঠ উঠ যাদব রায়।
শ্যামর নিজ তনু ঘন ঘন মোড়ই
দীনবন্ধু গুণ গায় ॥২৮॥১৩২॥

ইতি শ্রীরাধাকৃষ্ণসংকীর্ত্তনামৃতে পূর্ব্বখণ্ডে বনাৎ ব্রজাগমনাবধি যশোদা-কৃতারাত্রিক-লালন-ভোজন-শয়নানন্তরকুঞ্জগমন-বংশীদ্বারা রাধানয়ন-বাকচাতুরী-গোবর্দ্ধনকুঞ্জে সঙ্গম-মুরলীশিক্ষণ-পুনঃ সম্ভোগ-মান-গৃহাগমন-সংগ্রহো নাম চতুর্থঃ পরিচ্ছেদঃ ॥

ইতোকরাত্রিলীলা।

অথ প্রাতঃ শয্যোত্থানাদিঃ।

তত্র গৌরচন্দ্রঃ।

রামকেলি রাগ।

উঠ উঠ গোরাচান্দ নিশি পোহাইল।
নগরের লোক সব উঠিঞা বসিল ॥

ময়ুর ময়ূরী-রব কোকিলের ধ্বনি।
কত সুখে নিদ্রা যাও গোরা দ্বিজমণি॥
অরুণ উদয় ভেল কমল প্রকাশ।
তেজল মধুকর কুমুদিনী পাশ॥
করযোড় করি বলে বাসুদেব ঘোষে।
কত নিদ্রা যাও গোরা নিন্দের আলিসে ॥১॥১৩৩॥

ততঃ প্রাতঃ শয্যোত্থানাদি-বাৎসল্য-ভোজন-গোষ্ঠ-
পর্য্যন্তলীলা তৃতীয়পরিচ্ছেদে দ্রষ্টব্যা।

তত্র কামোদ।

দণ্ডবত করি মায় চলিল যাদব রায়
যায় গোঠে বেণু বাজাইঞা।
নাচিতে নাচিতে যায় মা পানে ফিরিঞা চায়
যায় গোপাল মাএ চুম্ব দিঞা॥
ক্ষীর সর ওদন তেয়াগিঞা এতক্ষণ
তনু হেলিঞা পড়ে বায়।
এখানে ঘামিল মুখ দেখিঞা কাঁপএ বুক
কেমনে যাইবে বনে তায়॥
আর এক কথা মোর মনেতে পড়িঞা গেল
চরণের বাধা নাহি তোর।
বাধা যদি নাহি দিতাম কেমনে পরাণে জিতাম
বাধা লঞা যাও প্রাণ মোর॥
গোপালে বিদায় দিঞা বিরস বদন হঞা
ঘরে আলা যশোমতী রাণী।
বিদায় করিঞা মায় চলিলা যাদব রায়
ঘনশ্যাম পরাণ নিছনী॥২॥১৩৪॥

সিন্ধুড়া।

নীল কমল-দল শ্রীমুখমণ্ডল
ঈষত মধুর মৃদু হাস।
নব ঘন জিনি কালা গলাএ গুঞ্জার মালা
আভীর বালক চারি পাশ॥
মণিময় ঝুরি মাথে অঙ্গদ বলয়া হাথে
রতন-নূপুর রাঙ্গা পায়।
হাসিতে খেলিতে যায় গোধূলি ধূসর গায়
বর্হা উড়িছে মন্দ বায়॥
নবীন রাখাল সঙ্গে নটবর-বেশ ধরি
শিশু সঙ্গে গরুয়া চরায়।
ভূষণ বনের ফুল কি দিব তাহার তুল
মুকুন্দ আনন্দে গুণ গাএ॥৩॥১৩৫॥

শ্রীগোবিন্দলীলামৃতে,—

প্রবিষ্টোঽথ বনং পশ্চাৎ পশ্যন্ বলিতকন্ধরম্।
উজ্জৃম্ভে হরিবীক্ষ্য নিবৃত্তান্ বনবাসিনঃ॥

সিন্ধুড়া।

গরুয়া চরাওত বেণু বাজাওত
কানু কালিন্দী-তীরে।
ধবলি শ্যামলি বলি দাগ নেহারই
গরজই মন্দ গভীরে॥
শ্রুতি অবতংশ অংস পরিলম্বিত
মুরলী অধর সুরঙ্গে।
চরণে নাম্যাছে পীত ধড়ার অঞ্চল
গোধূলি ধূসর শ্যাম অঙ্গে॥
ব্রজ-শিশু সঙ্গে রঙ্গে বনে ধাবই
মত্ত সিংহ গতি গমনে।
ও চান্দ-মুখের ঘাম বাম করে মোছই
রহই লগুড় হেলনে॥
ঘামে তিতিল চারু শ্যাম কলেবর
তিতিল পীত নিচোল।
প্রতি তরু ছায় তায় ঘন বৈঠত
ঘামে তিতিল কপোল॥

উচ্চ শ্রবণ করি ধেনু সব ধাওত
চাহত ছল ছল দীঠে।
বংশীবদন কহে কানু মুখ হেরি হেরি
পুচ্ছ নাচাওত পীঠে ॥৪॥১৩৬॥

গাশ্চারয়তি চ সহচরসঙ্গী
তৈঃ সহ নৃত্যতি গায়তি রঙ্গী।
বংশীবাদনতরলতরঙ্গা
হরিরতিসুন্দরসুললিতভঙ্গী ॥
--ইতি কস্যচিৎ

মায়ূর।

গোধন সঙ্গে রঙ্গে যদুনন্দন
বিহরত যমুনা তীর।
দাম শ্রীদাম সুদাম মহাবল
গোপ গোয়াল সঙ্গে বলবীর ॥
ঘন ঘন বাজত বেণু।
হৈ হৈ রাব করত কত ঘনে ঘন
আনন্দে মগন চরত সব ধেনু ॥
সম সব বেশ কেশ পরিমণ্ডিত
চূড়া শিখণ্ড নানা কুসুম উজোর।
মণিময় হার গুঞ্জা নব মঞ্জুল
হেরইতে জগজন মন করু ভোর ॥
বলয় নিসান কনক-কটিকিঙ্কিনী
নূপুর ঝন ঝন বাজ।
গোবিন্দদাসপহুঁ নিতি নিতি ঐছন
বিহরত নবঘন বিদগধরাজ ॥৫॥১৩৭॥

কস্যচিৎ—

বনে বনে ত্বং ভ্রমণং ন কুর্য্যাঃ
অশেষভীতির্গহনে সদাহস্তি।
বিশেষতঃ কূর্পকুশাঙ্কুরাদ্যৈঃ
ব্যথা ভবেৎ কৃষ্ণপদারবিন্দে ॥

প্রবন্ধ।

সারঙ্গ রাগ।

গহন কাননে অশেষ ভয়
ধাওয়া ধাওই বড় উচিত নয়
অতি সুকোমল চরণ তায়
কুশাঙ্কুর পাছে বাজে রে।
লতাএ জড়িত পথের মাঝে
উচা নিচা কত পাষাণ বাজে
ঘামিল ও মুখ-পঙ্কজরাজে
ধাইতে বনের মাঝে রে ॥
বিষম সঙ্কট লাগএ মনে
বিপুল কণ্টক আছএ বনে
পথপানে চাএঙা না চল কেনে
মরি যে মনের তাপে রে।
একি হল্য মোরে দারুণ দায়
যদি বাজে তোর কমল গায়
দেখিলে তবে কি বলিবে মায়
অয়ি ভএ প্রাণ কাঁপে রে ॥
ও মুখ বিকচ কমল বলি
মধুলোভে পাছে দংশে অলি
চল চল সব রাখাল মেলি
কি ফল কাননে ধাইএঙা।
চল চল বন তেজিএঙা মাঠে
কালিন্দ-নন্দিনী নদীর তটে
বংশীবট তট নিকট ঘাটে
বসিএঙা রহিব যাইএঙা ॥

আর এক ভয় আছএ মনে
এত দুখ যদি জননী শুনে
তোরে কভো নাহি পাঠাবে বনে
আমা সভাকার সঙ্গে রে।
মধুর মধুর বাজাঞা বেণু
চল চল সভে লইঞা ধেনু
দীনবন্ধু মাগে চরণ-রেণু
পড়িঞা পদতলে রঙ্গে রে ॥৬॥১৩৮॥

অহো পুণ্যবতী ধন্যা যমুনা ভানুনন্দিনী।
যস্যা নীরে চ তীরে চ নিত্যং কৃষ্ণো বিরাজতে।
—ইতি কস্যচিৎ॥

সারঙ্গ।

রাম কানাই আসিঞা কালিন্দীতীরে রে।
বসন রাখিঞা ঝাপিঞা ঝাপিঞা
কালিন্দীর জলে গিরে রে॥
উঠি উঠি পুন পড়ই সঘন
কলরব করি হাসে রে।
হুলাহুলি দিঞা সাতার বাহিঞা
কালিন্দীর জলে ভাসে রে॥
পরশ পাইঞা উলসিত হঞা
যমুনা উজান ধরে রে।
অখিলের পতি পাঞা পুণ্যবতী
ভাসিল আনন্দজলে রে॥
তটে ধেনুগণ আনন্দে মগন
দেখিঞা খেলার বিধি রে।
দীনবন্ধু বলে কত পুণ্যফলে
যমুনা হইল নদী রে ॥৭॥১৩৯॥

শ্রীভাগবতে,—

ইত্থং সতাং ব্রহ্মসুখানুভূত্যা
দাস্যং গতানাং পরদৈবতেন।
মায়াশ্রিতানাং নরদারকেন
সার্দ্ধং বিজহ্রুঃ কৃতপুণ্যপুঞ্জাঃ॥

সারঙ্গ।

কানাই ফিরা রে ধেনু ফিরা রে।
এ কি ঠাকুরাল কে তোর রাখাল
সভাই গোয়ালছাল্যা রে॥
কত বারে বার ফিরাইব আর
ধবলি শ্যামলি চোরা রে।
খন্দ খাইলে মন্দ বলিলে
ডাড়াঞা দেখিব মোরা রে॥
ধেনু না ফিরালো আখি আড় হলো
পালে পালে হবে মেলা রে।
গোধন হারাবে চাহিঞা বেড়াবে
তখনি করাবে খেলা রে॥
হের দেখ ভাই তোর চোরা গাই
ধাইঞা চলিল কতি।
দীনবন্ধু বলে ধেনু না ফিরালো
হইবে তোমারি ক্ষতি ॥৮॥১৪০॥

প্রবন্ধ।

মধুর মধুর হাসি হাসি
বদনে পুরত মোহন বাঁশী
শুনি বেণু-রব আসি ধেনু সব
রহল বদন হেরিঞা।
জলদ শবদ ভরম ভোর
পিব পিব পিব চাতকি বোল
ময়ূর ময়ূরী উভ পুচ্ছ করি
চৌদিগে নাচত ঘেরিঞা॥

হরিণী তেজিঞা হরিণ-সঙ্গ
বিপুল পুলকে ভরল অঙ্গ
ছুটত খেলত হিলত দোলত
নিকটে নাচত আসিঞা।
শুনিঞা বাঁশীর মধুর গান
মৃততরু পাঞা জীবন দান
নয়ল নয়ল ফল-ফুল-দল
ধরল ইষত হাসিঞা॥
হেরি সহচর ভাইর রঙ্গ
আনন্দের ভরে না ধরে অঙ্গ
নানা ফলমূল সুশীতল জল
আনি দিল মুখে পূরিঞা।
সুবল গাথিঞা চম্পকমাল
ভাইএর গলাএ পরাএ ভাল
দেখিতে দেখিতে মনের কৌতুকে
দীনবন্ধু রহে ভূলিঞা॥৯॥১৪১

কেহো নাচে কেহো গাএ কানাই বলি ডাকে
অনিমিখ হঞা কেহো চান্দমুখ দেখে॥
ধবলী শ্যামলী রহে মুখ পানে চাঞা।
মন্দ মন্দ বাএ কানাইর উড়িছে বরিহা॥
কেহো জল কেহো ফল আনিঞা জোগায়।
বসু রামানন্দ দাস অনুগত চায়॥১০॥১৪২॥

যতো যতঃ পততি বিলোচনং হরেঃ
ততস্ততঃ স্ফুরতি তদঙ্গসংহতিঃ।
ন চাদ্ভুতং তদিহতু যদ্ধজাটবী
মুদে হরেরলভত রাধিকাত্মতাম্॥
—ইতি গোবিন্দলীলামৃতে।

অপরমপি।

ততঃ সখীনাহ হরিঃ সহার্য্যা
যূয়ং ক্ষণং চারয়তাগ্রতো গাঃ।
অহং সখিভ্যাং সহ মাধবীয়াং
বনশ্রিয়ং দ্রষ্টুমিহ ভ্রমামি॥

শ্রীগোবিন্দলীলামৃতে,—

নৃত্যন্তি গায়ন্তি হসন্তি গোপাঃ
কূর্দ্দন্তি নন্দন্তি পরিস্খলন্তি।
নর্ম্মাণি তন্বন্তি লসন্ত্যথৈতে
বন্ধাদ্বিমুক্তাঃ কলভোত্তমা বা॥

সুহই

ভাল শোভা ময়ূরের পাখে।
চূড়ায় বকুলমাল অলি লাখে লাখে॥
ফিরাইতে নারি আঁখি নিজ কর···।
শ্রীদাম করে পাদসেবা সুবল ধেনু রাখে॥
পত্রে ছত্র করি ধরে ভায়্যা বলরাম।
বসনে বীজন করে প্রিয় বসুদাম॥

বনে বনে করত বিহার।
আনন্দের নাহি পার॥
ফল ফুল বিকসিত কুঞ্জে।
ভ্রমরা ভ্রমরীগণ গুঞ্জে॥
কনকলতা অবলম্ব।
বিকসিত কুসুম-কদম্ব॥
হেরইতে নাগর কান্থ।
রাই রমণী ভেল ভাণ॥
যব দাড়িম ফল হেরি।
নিজ করে ধরে কত বেরি॥
চুম্বই বান্ধলি ফুল।
ঘন ঘন খসই দুকূল॥

রাধা সঙ্গম আশে।
ঘন লখই চারি পাশে॥
আকুল গোকুল ইন্দু।
সংগতি চলু দিনবন্ধু॥১১॥১৪৩॥

সুহই গুর্জ্জরী।

আনহি ছল করি সুবল-করে ধরি
গমন কয়ল বন মাই।
তরু তরু কুসুম হেরি তহিঁ তোড়ল
যতনহি হার বনাই॥
মাধব বৈঠল কুণ্ডক তীর।
সুন্দরি মনে করি ভাবই পথ হেরি
কাতরে মন নহে থীর॥
নব নব পল্লবে শেজ বিছাওল
নব কিশলয় তহিঁ রাখি।
কুঙ্কুম থোরি চীত ভেল আকুল
হেরইতে চির থির আঁখি॥
তৈখনে মদন দিগুণ দুখ দেওল
গর গর শ্যামর চন্দ্র।
গোবিন্দদাস পহুঁ সুবল কোরে করি
ঢর ঢর মদনতরঙ্গ॥১২॥১৪৪॥

যৎকুণ্ডদর্শনাদেব প্রেমপূর্ণো নরো ভবেৎ।
তদ্দর্শনাদ্‌যথা কৃষ্ণঃ কেন বর্ণ্যঃ ক্ষিতৌ তথা॥
—ইতি কস্যাচিৎ।

ধানশী।

রসিক নাগর বিরহে কাতর
পড়িল ধরণীতলে।
মরম জানিঞা বেথিত হইঞা
সুবল করিল কোলে॥
সুবল মধুর মধুর বলে।
আচম্বিতে আসি রাধাকুণ্ডে বসি
অচেতন কেনে হল্যে॥
বন-দাবানলে আর বিষ-জলে
প্রাণ দান দিলে তুমি।
সে ধার শোধিব যে বোল বলিবে
তাহাই করিব আমি॥
সজল নয়ন দেখি মোর মন
কে জানে কেমন করে।
দীনবন্ধু কহে তনু মন দহে
রাইর বিরহ-জ্বরে॥১৩॥১৪৫॥

ধানশী।

শুন হে সুবল ভাই নিবেদন করি।
কহিতে বাসিএ লাজ না কহিলে মরি॥
গাথিঞা চাপার মালা কেনে পরাইলি।
চাপার বরণ গোরি মনে পড়াইলি॥
জাবটে আছএ ধনি জটিলার ঘরে।
বিষম সঙ্কট বড় কি বলিব তোরে॥
যদি মিলাইতে পার আনি কোন ছলে।
হইব তোমার দাস জনমের তরে॥
তুয়া পথ চাহিঞা রহিলাম কুঞ্জবনে।
না আইলে রসবতী মরিব পরাণে॥
শুনিঞা সুবল কত করি আশোয়াস।
জাবটে চলিল কহে দীনবন্ধুদাস॥১৪॥১৪৬॥

কামোদ।

সুচতুর সুবল পবনগতি ধাওল
আওল জাবট মাঝ।
জটিলা নিকট আসি পহুঁ কহতহি
মলিন বদন দ্বিজরাজ॥

আগো মাই কি কহিব দুখ পরিশেষ
বাছুরি খোজি খোজি ইথে আওলুঁ
ভরমি ভরমি কত দেশ ॥
পানি পিয়াসে শাস নাহি আওত
জীবন করত কি জান।
শুনি জটিলা কহে রন্ধন মন্দিরে
শীতল জল কর পান ॥
নিরজন অন্দর রাইক মন্দির
সুবল চলল তহিঁ মাঝ।
দীনবন্ধু কহে সুবল হেরি গৃহে
রাই বুঝল সব কাজ॥১৫॥১৪৭॥

সুবলাগচ্ছ ভদ্রং তে বদ কৃষ্ণস্য মঙ্গলম্।
বনে বিপদমাশঙ্ক্য ধূমব্যাজেন রোদিমি ॥
ইতি কস্যচিৎ।

ধানশী

আস্য আস্য আস্য পরাণ সুবল
এ কি অপরূপ দেখা।
কহ দেখি বনে আছএ কেমনে
তোমার পরাণ-সখা ॥
যখনি হইতে সিঙ্গার সহিতে
বাজিল সাজন-বেণু।
বনের বিপদ পথের আপদ
ভাবিতে অবশ তনু ॥
ঘরের বাহির মোরে অতি দূর
যুবতি কুলের বালা।
বিরহ আনল জালিএগ কান্দিএ
করিএগ ধূমার ছলা ॥

কামনা করিএগ সাগরে মরিএগ
হব সহচর সখা।
দীনবন্ধু বলে সহচর হল্যে
সদাই হইবে দেখা ॥১৬॥১৪৮॥

গোবিন্দলীলামৃতে, -

ননন্দা বিদ্বেষ্ট্রী পতিরতিকটুঃ সাপি কুটিলা
ধবাম্বা মে পদ্মাপ্রভৃতিরিপুপক্ষশ্চ বলবান্।
বনং ব্যাপ্তং সর্ব্বং ব্রজধনজনৈরস্তি সখিভিঃ
বৃতঃ কৃষ্ণো লভ্যঃ কথমিহ ভবেদ্বিঘ্নবহুলে ॥

কস্যচিৎ—

হিত্বা দূরে পথি নিজসখীনাগতঃ কুণ্ডতীরং
ত্বামেবালোকয়িতুমধুনা চেতনাশূন্য আসীৎ।
মা রোদীস্ত্বং নিকটমহহো যাহি নাথস্য রাধে!
তৃষ্ণাত্মানং সুখয় সপদি প্রেমহাসাবলোকৈঃ ॥

হাসিএগ সুবল কহে শুন বিনোদিনি।
তোমারে লইএগ যাত্যে আসিএগছি আমি ॥
সহচর ছাড়ি হরি তোমার লাগিএগ।
অচেতনে রাধাকুণ্ডে আছএ পড়িএগ ॥
ধরিএগ আমার বেশ করহ পয়ান।
দরশন দিএগ শ্যামের দেহ প্রাণদান ॥
আপনার বসন ভূষণ দেহ মোরে।
ধরিএগ তোমার বেশ আমি রহি ঘরে ॥
দীনবন্ধুদাস বড় উলসিত হিয়া।
পুরিল মনের সাধ বচন শুনিএগ ॥১৭॥১৪৯॥

ধানশী।

পরিবার নীল শাটী দিল আজাড়িএগ।
কটিতে বান্ধিল ধটী যতন করিএগ ॥

কুচযুগ ঝাপিঞা উঢ়নী দিল গাএ।
মণিময় রতন নূপুর নিল পাএ॥
মুকুরে নিরখি মুখ সিন্দুব উজরি।
বান্ধিল বিনোদ চূড়া আলাঞা কবরি॥
করের কঙ্কণ দিল সুবলের হাথে।
নিজ করে কবরী বনাঞা দিল মাথে॥
সুবলে রাখিঞা ঘরে করল পয়ান।
দীনবন্ধুদাস তছু পদতলে গান ॥১৮॥১৫০॥

কানড়া।

নিজ মন্দির তেজি গতং ঝটকং।
চলকুণ্ডলমণ্ডিতগণ্ডতটং॥
মদমত্তমতঙ্গজমন্দগতা।
জটিলাপদপঙ্কজধলিনতা॥
নত কন্ধর হেরি গতং সুবলং।
জটিলা জয় দেই বনে কুশলং॥
মধুরাধরবাদ সুধা সম মীঠ।
গুরু গর্ব্বিত চর্দ্দিত দেওল পীঠ॥
সুবলাকৃতি রাই বনে গমনং।
পহুঁ দীনবন্ধুকলিতং ভণনং ॥১৯॥১৫১।

গোবিন্দলীলামৃতে-

স্মিতকমলমুখী সা যাবদায়াতি তাব-
জ্জলধিশতগভীরোহপ্যস্তধৈর্য্যঃ স মেনে।
ক্ষণমপি যুগলক্ষং হন্ত যত্তন্ন চিত্রং
প্রণয়িনি সহজেয়ং প্রেমভাজাং হি চেষ্টা॥

ধানশ্রী।

বিপিনে ভরল অতি মনোহর
রাইর অঙ্গের গন্ধ।
চকিত নয়নে দশ দিশ পানে
হেরই গোকুলচন্দ্র॥
নাগরের অধিক বাঢ়ল সাধা।
সুবলের সনে নিকুঞ্জ ভবনে
অবহি মীলব রাধা॥
ভাবিতে ভাবিতে জাবটের পথে
রাইরে দেখিল একা।
মনে অনুমানে রসবতী বিনে
আইল সুবল সখা॥
বরণ বয়স সুবলের বেশ
কিছুই নাহিক ভেদ।
সুবল ফিরিঞা আইল বলিঞা
দ্বিগুণ বাঢ়িল খেদ॥
নয়নের জল করে চল চল
বিনয় করিঞা বলে।
অভিমান করি না আল্য সুন্দরী
কি দোষে ছাড়িল মোরে॥
শ্যামের পিরিতি আদর আরতি
বুঝিতে কুলের বালা।
মনের কৌতুকে অবনত মুখে
রহিল করিঞা ছলা॥
রসিক নাগর না পাঞা উত্তর
পড়িল ধরণীতলে।
রসিক নাগরী দু বাহু পসারি
বন্ধুরে করিল কোরে॥
অঙ্গের পরশে রসের আবেশে
ভাঙ্গিল মনের ধন্দ।
অনেক দিনের ভুখিল চকোর
পাইল শারদ চন্দ্র॥
রাধার অধর সুধার সাগর
নাগর করএ পান।
আনন্দের ভরে আপনা না ধরে
দীনবন্ধুদাস গান ॥২০॥১৫২॥

বাঢ়ল রতি রস বৈঠল দুহুঁ জন
মোছএ আনন-চন্দ্র।
দুহুঁ জন বদনে তাম্বুল দুহুঁ দেওত
বসন ঢুলাওত মন্দ॥
দুহুঁ মুখ দুহুঁ রহু চাই।
আহা মরি মরি করি আনন চুম্বই
পুন পুন দুহুঁ নিরছাই॥
নীল পীত বসনে শোহত দুহুঁ তনু
মণিময় অভরণ সাজ।
যৈছন রসিক রসিক বর-নাগরি
তৈছন বিদগধরাজ॥
কতহিঁ যতন করি বিধি নিরমাওল
দুহুঁ তনু একুই পরাণ।
বিকসিত কুসুমে শোভিত নব পল্লব
গোবিন্দদাস গুণ গান॥২১॥১৫৩॥

ধানশ্রী।

সুন্দরি কহ কহ বচন বিশেষ।
কী ফল ধয়লি সুবল সম বেশ॥
একলি কুঞ্জে কয়লি অভিসার।
কতি রহু সুবল বুঝই নাহিঁ পার॥
মঝু মনে সংশয় তুয়া মুখ হেরি।
একলি সুবল আওল বুঝি ফেরি॥
তবহিঁ বিরহজর অন্তর কাঁপ।
তৈখনে পরশি মিটাওলি তাপ॥
দীনবন্ধু ভণ শুন বরনারি।
বুঝইতে সংশয় চরিত তোহারি॥২২॥১৫৪॥

ধানশ্রী।

গোধন লইঞা বেণু বাজাইঞা
গহনে আইলে তুমি।
তখনি হইতে কত উঠে চিতে
কান্দিঞা মরিএ আমি॥
বন্ধু কত না কহিব তোরে।
তবহিঁ সুবল তোমার কুশল
সকলি কহিল মোরে॥
মোরে পাঠাইঞা কুলবধূ হঞা
রহিল ঘরের কাজে।
তোমা দরশনে হরষিত মনে
আইলাম সুবল সাজে॥
আমি পরাধীন তেঁঞি সে এমন
বাহির হইতে ছলা।
দীনবন্ধু বলে এমতি নহিলে
কেমনে পাইবে কালা॥২৩॥১৫৫॥

রাইক বয়স বরণ বেশ সমতুল
সুবল বিনোদিনী সাজ।
রন্ধন পরিবে- শন গৃহ লেপন
অবধি কয়ল সব কাজ॥
সুবল রসময় চতুর সুজান।
যমুনা-জল-অব- গাহন ছল করি
কুঞ্জে করল পয়ান॥
গাগরি বারি ঢারি ভরি মোদক
পুরি ঝুরি বিবিধ মিঠাই।
তাম্বুল কর্পূর লেই চলু খরতর
গুরুজন নয়ন ছাপাই॥
চঞ্চল বাম নয়ন ঘন চাহনি
বাম চরণ গতি মন্দ।
ও পদ-পঙ্কজ- রজ-ধূসর অলি
কতদিনে হব দিনবন্ধু॥২৪॥১৫৬॥

তথারাগ।

বনে বনে আসি কুঞ্জ পরবেশল
সুবল বিনোদিনী সাজে।
লহু লহু হাসি আসি পহুঁ মীলল
ধনি অবনতমুখ লাজে ॥
রাইক হৃদয় জানি পহুঁ মাধব
বিদগধ রসিক সুজান।
সুবলেরে পুছই সকল শুভ মঙ্গল
দিঞা আলিঙ্গন দান ॥
গমনাবধি পুন কুঞ্জ সমাগম
সুবল কহল শুভবাণী।
মল্লিক মাল গাথি পহুঁ রসবতি
সুবলে পরাওল আনি ॥
মন্দির গমন শমন সম মানই
জর জর কাতর দেহ।
দীনবন্ধু কহে বিরহ বিপদ ভয়ে
বিছুরল পরিজন গেহ ॥২৫॥১৫৭॥

কস্যচিৎ—

বিলম্বং সা জন্যাঃ কুটিলজটিলাধায় হৃদয়ে
পথাটব্যাঃ কুঞ্জে হরিনিকটমার্য্যা গতবতী।
জনীতুল্যাকল্পং সুবলমহহ প্রেক্ষ্য জরতী
করে ধৃত্বা নীত্বা ব্রজসদসি লজ্জামনুগতা ॥

ধানশী।

বধূর গমন বিলম্বে তখন
জটিলা কুটিলমতি।
যমুনার তটে কুঞ্জ নিকটে
চলিল তুরিতগতি ॥
বনে বনে আসি রাধাকুণ্ডে পশি
দেখিল শ্যামের কাছে।
রাধা বিনোদিনী কুলকলঙ্কিনী
বধূ ডাড়াইঞা আছে ॥
অবুধ পাগলি নিজ বধূ বলি
ধরে সুবলের করে।
সুবলের বেশে রাধিকা তরাসে
পলাইল নিজ ঘরে ॥
লোহিত লোচন কঠিন বচন
সঘন তাজনী তাজে।
দীনবন্ধু বলে ধরি সুবলেরে
আনিল গোকুল মাঝে ॥২৬॥১৫৮॥

তথা রাগ।

যশোদা রোহিণী সকল গোপিনী
দেখিঞা পুছই কথা।
বধূর করেতে ধরি আচম্বিতে
কি লাগি আইলে হেথা ॥
জটিলা কুটিল কহিল সকল
ধরি সুবলের হাথে।
নন্দের কুমার বনের ভিতর
দেখিলাম বধূর সাথে ॥
তখনি সুবল হাসি খল খল
করল আপন সাজ।
যশোদার মন আনন্দে মগন
জটিলা পাইল লাজ ॥
পবন গমনে আইল ভবনে
হৃদয়ে রহল ধন্দ।
আস্য আস্য বলে চরণ পাখালে
বিনোদিনী দীনবন্ধু ॥২৭॥১৫৯॥

ইতি শ্রীরাধাকৃষ্ণসংকীর্ত্তনামৃতে পূর্ব্বখণ্ডে শ্রীকৃষ্ণস্য প্রাতর্বাৎসল্যাবধি-বনবিহার-সুবলসহিত-রাধাকুণ্ড-গমনানন্তরং রাধাবিরহব্যাকুলস্য সুবলদ্বারা রাধানয়ন-সম্ভোগ-নিবেদনপূর্ব্বক-জটিলাগমশঙ্কিত-বাধায়া নিজগৃহাগমনং নাম পঞ্চমঃ পরিচ্ছেদঃ।

অথ সন্ধ্যাবধি শ্রীকৃষ্ণস্য দর্শনাৎ রাধায়াঃ
অব্যক্ত-পূর্ব্বরাগঃ।
তত্র গৌরচন্দ্রঃ।

পাহিড়া রাগ।

হরি হরি গোরা কেনে কান্দে।
প্রিয় সহচরগণ পুছই কারণ
হেরি গোরামুখচান্দে॥
অরুণ লোচন প্রেমভরে পুন
ঝর ঝর ঝরে প্রেমবারি।
যৈছন শিথিল গাথি মোতিফল
খসএ উপরি উপরি॥
সোঙরি বৃন্দাবন নিশাসই পুন পুন
আপন অঙ্গ নিরখিঞা।
দু হাথ বুকে ধরি গোরি গোরি করি
ধরণী পড়এ মুরছিঞা॥
প্রিয় গদাধর ধরিঞা তোলএ
কি কহল শ্রবণে মুখ দিঞা।
গৌর অট্টহাসে জগজনমন তোষে
বাসু ঘোষ মরএ ঝুরিঞা॥১॥১৬০॥

ধানশ্রী।

যমুনা যাইঞা শ্যামেরে দেখিঞা
ঘরে আসি বিনোদিনী।
বিরলে বসিঞা কান্দিঞা কান্দিঞা
ধেয়াএ শ্যামরূপখানি॥
হেন বেলে তথা আইল ললিতা
রাই দেখিবার তরে।
সে দশা দেখিঞা বেথিত হইঞা
তুলিঞা লইল কোলে॥
আজনম সুখে হাসি বিধু মুখে
কভু না শুনিএ বাণী।
আজু কেন হেন কান্দিঞা বিমন
কি হেতু ইহার শুনি॥
বাম করমূল ধরিঞা কপোল
মহাযোগিনীর পারা।
ও দুটি নয়ন ঝরএ যেমন
শাঙন মাসের ধারা॥
এ চির চিকুর কিছু না সম্বর
ভাবে হল্যে অগেআন।
জ্ঞানদাস বলে মরমে বিন্ধিলে
কালার নয়ান-বাণ॥২॥১৬১॥

ধানশ্রী

অবুধ সুনারী হেরি বর নাগর
কহইতে বাসই লাজ।
বিরহ বেয়াধি সহই নাহি পারই
অতএ লুঠই মহিমাঝ॥
সজনী জানলোঁ ধনীমনকাম।
রাইক জীবন যদি পুন রাখবি
অবহিঁ মিলাওবি শ্যাম॥
তুহুঁ চতুরাই রসিকপণ জানসি
রঙ্গিনি সঙ্গিনি মাঝ।
বিদগধ নাহ বাহু ধরি আনবি
সাধবি ধনীমনকাজ॥
শুনি পহুঁ সহচরি কত আশোয়াসল
আওল মাধব পাশ।
দীনবন্ধু সখি নাগর-করে ধরি
কহতহিঁ গদ গদ ভাষ॥৩॥১৬২॥

কস্যচিৎ,—

গোবিন্দেতি কিমাশ্চর্য্যং দর্শনাত্তব বালিকা।
নবীনা মদনেনার্ত্তা পতিত্বা ভুবি রোদিতি॥

ধানশ্রী।

রঙ্গিনি সঙ্গে তুঙ্গ মণিমন্দিরে
দশ দিশ হেরইতে রামা।
কো জানে কি খেনে তোহে দিঠি লাগল
মুরছি পড়ল সোই ঠামা॥
মাধব কি তুয়া নয়ন সন্ধান।
কুল-গিরিরাজ লাজ-কুচ-কঞ্চুক
ভেদি মরম সঞে হান॥
তুয়া বিরহানলে জলত কলেবর
সঘন লুঠই মহি পঙ্কা।
তুহুঁ সুপুরুখমণি তোহে চতুর জানি
ধনিবধ বিপুল কলঙ্কা॥
সহচরি মেলি কতহি আশোয়াসলুঁ
বেদন কোই না জান।
গোবিন্দদাস ভণে তোহারি পরশ বিনে
কৈছনে রহত পরাণ॥৪॥১৬৩॥

বক্ষ্যতে—

রমণীদর্শনাদস্থ সদ্যো মন্মথকাতরঃ।
উদাসীনো বসামাহ গৃহং প্রাপয় দূতিকে॥

ধানশ্রী।

সহচরি সরস বচন শুনি মাধব
কহতহি গদ গদ বাণী।
হাম পুন যব ধরি ধনিমুখ হেরলুঁ
জীবন করত কি জানি॥
সজনী তব ধরি আকুল দেহা।
কোনে কহব দুখ কো আশোয়াসব
কঠিন ঘটন নব লেহা॥
গণি গণি এহ থেহ নাহিঁ পাওলুঁ
মদন-মদালসে ভোর।
তৈখনে আসি সুধা সম ভাখনে
জীবন রাখলি মোর॥
বিহি বড় রসিক অসিম গুণসায়র
বিঘটন করল সমাধা।
তুয়া কর-পল্লবে দেহ সমাপলুঁ
অবহি মিলাওবি রাধা॥
তব কিঙ্কর বলি খত লিখি দেওব
নব নব রঙ্গিনি ঠাম।
জীবনে মরণে তোহারি গুণ গাওব
দীনবন্ধু পরমাণ॥৫॥১৬৪॥

তথা রাগ।

সহচরি কর-প- ল্লব ধরি গিরিধর
তবহিঁ কয়ল অভিসার।
দূরে রহু মুরলি খুরলি চলু মাধব
রঙ্গিনি পদ অনুসার॥
মাধব মাতল পিরিতি সোহাগে।
আভরণ অলক তিলক শিখিচন্দ্রক
বিছুরল নব অনুরাগে॥
রাইক বরণ বসন কটিভূষণ
আদরে পুন পুন হেরি।
চলইতে চরণ অথির গতি মন্থর
চমকি পড়ই কত বেরি॥
দূতি উঠাই লেই চলু মাধব
নিরজন রসবতি গেহ।
দুহুঁ দরশনে দুহুঁ জীবন পাওল
* * * * ॥
রসভরে গর গর ধয়ল পয়োধর
বিদগধ নাগররাজ।
দীনবন্ধু কহে রসবতি নাগরি
তেজল ধৈরজ লাজ॥৬॥১৬৫॥

ধানশ্রী।

নব অনুরাগিণী নব অনুরাগ।
মীলল তনু তনু গলে গলে লাগ॥
তহিঁ এক সুন্দরি পরম রসাল।
দুহু গলে দেওল এক ফুলমাল॥
টুটব ভএ দুহু পড়লহি বন্ধ।
দৈব ঘটাওল প্রেমনিবন্ধ॥
দুহুঁমুখ হেরইতে উলসিত ভেল।
দোহেঁ মালতীমালা দুহুঁগলে দেল॥
বাহু পসারিঞা দোহেঁ দোহাঁ ধরু।
দুহুঁ অধরামৃত দুহুঁ মুখ ভরু॥
দূরে গেও বেণু শিখণ্ড পীতবাস।
দূরহিঁ দূরে রহুঁ গোবিন্দদাস॥৭॥১৬৬॥

ভূপালী।

রতি রস অলসে অবশ অতি ঘূর্ণিত
শূতল নিভৃত নিকুঞ্জে।
মধুলোভে ভ্রমরা ভ্রমরী মৃদু ঝঙ্করু
বিকসিত ফল ফুল পুঞ্জে॥
বিনোদিনী রাধা মাধবকোর।
তরুণ তমালে যৈছে কনক লতাবলি
দুহুঁ রূপ অতিহুঁ উজোর॥
ভুজে ভুজে ছন্দ বন্ধ করি সুন্দরি
শ্যামর কোরে ঘুমায়।
রতিরসে অবশ দুহুঁক তনু জর জর
প্রিয়সখী চামর ঢুলায়॥
সুবাসিত নীর ঝারি ভরি সহচরি
রাখল দুহুঁ জন পাশে।
মন্দির নিকট শূতল প্রিয়সখি
সহচরি গোবিন্দদাসে॥৮॥১৬৭॥

কস্যচিৎ,—

জলদে চপলা কিংবা তমালে কানকী লতা
যাদৃশী শোভতে রাধা তাদৃশী নন্দনন্দনে॥

ভূপালী।

শ্যামর কোরে ঘুমাওল রাই।
মাধব জাগি রহল মুখ চাই॥
রস-ভরে গর গর নাগর কানু।
পুন পুন অধরসুধা করু পান॥
জাগল রঙ্গিনী ভাগল ধন্দ।
সচকিত নয়নে হেরি মুখচন্দ্র॥
করে কর জোরি ধরল মুখ চাপি।
শ্যামর বদনে বদন রহু ঝাঁপি॥
তহিঁ উপজল কত রতিরসকেলি।
নন্দকিশোর লখই দিঠি মেলি॥৯॥১৬৮॥

প্রেমবৈচিত্ত্য।

রসে ঢর ঢর বিনোদ নাগর
বসিঞা রাইএর কোরে।
মুখ নিরখিঞা উলসিত হঞা
ভাসিল নয়ন জলে॥
হরি হরি একি অপরূপ ধন্দ।
রাই রাই করি কান্দিঞা আকুল
হইল গোকুলচন্দ্র॥
রাইর আচর ধরি গিরিধর
কান্দিতে কান্দিতে বলে।
রসবতি সনে আর কত দিনে
বিধি মিলাওব মোরে॥
পুলকিত তনু মলিন বদন
অঝরে নয়ন ঝরে।
পরাণপুতলী অধিক মুরলী
পড়িঞা রহিল দূরে॥

পিরিতি পাগল রসিক নাগর
দেখিঞা আপন কোরে।
দীনবন্ধু ভণে রসবতি প্রেমে
ধৈরজ ধরিতে নারে ॥১০॥১৬৯॥

কস্যচিৎ—

মদবন্মাদকঃ প্রেমা কারয়েদাত্মবিস্মৃতিম্।
অহো চিন্তামণিং প্রাপ্য কো বা রোদিতি চান্যথ

কেদার।

আর কিএ কনক- কষিল তনু সুন্দর
দরশ পরশ হব মোয়।
উরুতলে পাণি হানি ক্ষিতি লুঠই
মুকুল কণ্ঠ করি রোয় ॥
হরি হরি কি কহব প্রেমতরঙ্গ।
রাইক কোরে বৈঠি হরি কহতহিঁ
কবে হব তাকর সঙ্গ ॥
আর কিএ শ্রবণে শুনব গুণ তাকর
ও প্রিয় মধুরিম ভাষ।
নয়নহিঁ চান্দ- বদন কিএ হেরব
কুমুদিনী হাস বিকাস ॥
রাইক কোরে কান্দু যব রোয়ত
ব্রজবনিতাগণ হাস।
না বুঝলুঁ ধাতু ছন্দ মুঝে লাগল
কহতহিঁ গোবিন্দদাস ॥১১॥১৭০॥

আহা মরি মরি নিছনি লইঞা
এমন পিরিতি কার।
আমরা অবলা কুলবতী বালা
কি দিঞা শোধিব ধার ॥
এমতি জানিঞা শ্যামেরে আনিঞা
হিয়ার উপরে ধরি।
ও চান্দ-বদন করিতে চুম্বন
চেতন পাইল হরি ॥
অধনের ধন হারাইঞা যেন
পাইল পুণ্যের ফলে।
দীনবন্ধু ভণ মদনমোহন
রাইএরে করিল কোরে ॥১২॥১৭১॥

পঠমঞ্জরী।

কুসুমে ভরল নব পল্লব দোল।
মধু পিবি মধুকর মধুকরী ভোর ॥
তাহে কুহু কোকিল পঞ্চম গায়।
দোহাঁর আরতি মৃদু চন্দন বায় ॥
পুনমিক রাতি মোহন ঋতুরাজ।
বৈদগধি বিদগধ মীলল সুসাজ ॥
নাহ নীলমণি বরণ সুঠান।
রাই কাঞ্চন মুকুর দশবাণ ॥
দোঁহে দোঁহা হেরইতে ভৈগেল ভোর।
রাই ভেল শ্যাম শ্যাম ভেল গোর ॥
আলিঙ্গন করইতে উপজল হাস।
ও রস বলিহারি গোবিন্দদাস ॥১৩॥১৭২ ॥

ধানশ্রী।

শ্যামের আরতি দেখি রসবতী
মনে অনুমান করে।
বন্ধু তিলে তিলে আমা না দেখিলে
পরাণ ধরিতে নারে ॥

তুমি মোর নিধি রাধে তুমি মোর নিধি।
কত সুধা দিঞা তোমা নিরমিল বিধি ॥
ছি ছি শরদ চান্দ ভিতরে কালিমা।
কি দিঞা কি দিব তোমার মুখের তুলনা

কোটি কলপ যদি অনিমিখ আখি।
রজনী দিবস বসি তুয়া মুখ দেখি ॥
তভু তিরপিত নহে এ দুটি নয়ান।
জাগিতে তোমারে দেখি সপন সমান ॥
.. ..।
... ... ॥১৪॥১৭৩ ॥

সুহই।

বন্ধু কি আর বলিব তোরে।
এ তিন ভুবনে আর কেহো নাহি
দয়া না ছাড়িহ মোরে ॥
জাতি কুল শীল ছাড়িএগা সকল
তোমার হইলাম আমি।
জনমে জনমে জীবনে মরণে
প্রাণনাথ হয়্য তুমি ॥
আমার পরাণে তোমার চরণে
একুই করিএগা বাসি।
নিশ্চএ জানিহ জনমের মত
হইলাম তোমার দাসী ॥
শয়ন সপনে তোমা ধন বিনে
আর কিছু নাহি জানি।
অকিঞ্চনে বিধি মিলাওল নিধি
দেখিলে এমতি মানি ॥
মন সুত করি তোমা গুণনিধি
গলাএ গাথিএগা নিব।
দীনবন্ধু ভণে জীবনে মরণে
আর কি ছাড়িএগা দিব ॥১৫॥১৭৪ ॥

ভূপালী।

সময় জানি সখী মীলল যাই।
আনন্দে পুলকিত দুহুঁ মুখ চাই ॥
দুহুঁ জন সেবন সখীগণ কেল।
চহুঁ দিশি চান্দ হেরি রহি গেল ॥
নিলগিরি বেঢ়ি কিএ কনকের মাল।
গোরিমুখ সুন্দর ঝলকে রসাল ॥
বানরি ঘন করু কখ্‌খটি নাদ।
গোবিন্দদাস পহুঁ শুনি পরমাদ ॥১৬॥১৭৫ ॥

চৌদিগে তরুণ কিরণ পরকাশ।
ছোড়ল মধুকর কুমুদিনী পাশ ॥
ময়ূর ময়ূরী রব কোকিলনাদ।
বানরী শবদ পরম পরমাদ ॥
দুহুঁ জন জানি রজনি অবশেষ।
তুরিতহিঁ দুহুঁক বনাওল বেশ ॥
অনুমতি মাগি চলল বর কান্হ।
নিজ মন্দিরে পহুঁ কয়ল শয়ান ॥
দীনবন্ধু ভণ বিদগধরাজ।
সময় উচিত বুঝি সাধল কাজ ॥১৭॥১৭৬ ॥

ইতি শ্রীরাধাকৃষ্ণকীর্ত্তনামৃতে পূর্ব্বখণ্ডে সন্ধ্যায়াং শ্রীরাধায়াঃ
শ্রীকৃষ্ণ-দর্শনজন্য-ভাবজ্ঞা সহচরী দূতীদ্বারা শ্রীকৃষ্ণাগমন-
মিলনসম্ভোগানন্দ-জাগরণানন্তরং শ্রীকৃষ্ণস্য
প্রেমবৈচিত্ত্য-সম্ভোগনিবেদনপূর্ব্বক-
নিশাবসানগৃহাগমনং ষষ্ঠঃ
পরিচ্ছেদঃ ॥

অথ প্রথমতো গোকুলে শ্রীকৃষ্ণস্য শয্যোত্থানম্ ॥
ততো বাৎসল্যম্। ততো গোষ্ঠঃ ॥

কামোদ।

দণ্ডবত করি মায় চলিল যাদব রায়
যায় গোঠে বেণু বাজাইএগা।
নাচিতে নাচিতে যায় মা পানে ফিরিএগা চায়
যায় গোপাল মাএ চুম্ব দিএগা ॥
ক্ষীর সর ওদন তেয়াগিয়া এতক্ষণ
তনু হেলিএগা পড়ে বায়।

এখানে মলিন মুখ দেখিঞা কাঁপএ বুক
কেমনে যাইবে বনে তায় ॥
আর এক কথা মোর মনেতে পড়িঞা গেল
চরণের বাধা নাহি তোর।
বাধা যদি নাহি দিতাম কেমনে পরাণে জিতাম
বাধা লঞা যাও প্রাণ মোর ॥
গোপালে বিদায় দিঞা বিরস বদন হঞা
ঘরে আল্য যশোমতী রাণী।
বিদায় করিঞা মায় চলিলা যাদব রায়
ঘনশ্যাম চরণ নিছনি ॥১॥১৭৭॥

স্বস্বগেহং পরিত্যজ্য বেণুনাদনিকর্ষিতাঃ।
আগতা ভাবগম্ভীরা কৃষ্ণালোকায় গোপিকাঃ॥
—ইতি কস্যচিৎ।

শুনি পহুঁ বিজয়- বেণুরব-মাধুরী
ঝর ঝর ঝরই নয়ান।
ছল করি সুন্দরি মন্দির পরিহরি
হেরইতে করল পয়ান ॥
সুন্দরী ধাওল দরশন আশে।
গুরুজন-গঞ্জন- কণ্টক-শঙ্কিত
অবধি রহল পথ পাশে ॥
নব নব গোপ সঙ্গে যদুনন্দন
চলতহিঁ গোঠ-বিহারে।
প্রিয় বসুদাম- কন্ধ অবলম্বন
মন্থর গতি অনিবারে ॥
দুর সঞে ও মুখ- মণ্ডল হেরইতে
সুন্দরি পুলকিত অঙ্গ।
অনিমিখ নয়নে বয়ন ধনি হেরত
দীনবন্ধু সখি সঙ্গ ॥২॥১৭৮॥

ধানশী।

গোধন সঙ্গে রঙ্গে যদুনন্দন
হেরইতে গোঠবিলাস।
সহচরি কর অবলম্বই সুন্দরী
কহতহিঁ গদ গদ ভাষ ॥
দেখ সখী ও নবনাগর কানু।
বিম্বাধর পর মুরলি বিরাজিত
গাওত পঞ্চম তান ॥
শ্রুতিমূলে কুণ্ডল ঘন ঘন দোলত
সঘন ঢুলাওত মাথ।
শ্রীদামের কন্ধে হাথ অবলম্বন
চলতহিঁ জীবননাথ ॥
মরমকি বচন কহই নাহিঁ পারিএ
কাহে নয়নে ঝরু লোর।
দীনবন্ধু কহে শুন শুন সুন্দরি
তুয়া দরশনে ভেল ভোর ॥৩॥১৭৯॥

চন্দন-চান্দ লিখি চুম্বই কানু।
লাজে কমলমুখি তেরছ বয়ান ॥
ঘন নখরেখ দেই কনয়-কটোর।
উহুঁ উহুঁ করি ধনি মোড়ই কোর ॥
কিশলয়দলে করু দশনকি ঘাত।
কিশলয় হেরি ধনি হেঠ করু মাথ ॥
চম্পকদাম আলিঙ্গই কানু।
হেরি গোরিমুখ আকুল প্রাণ ॥
নিল পীত অম্বর গলিত পিধান।
গোবিন্দদাস দুহুঁক গুণ গান ॥৪॥১৮০॥

সুহই।

চলইতে চরণ অথির গতি মন্থর
চর চর নাগর কান্থ।
সুন্দরি মুখ হেরি আকুল অন্তর
ঝর ঝর ঝরই নয়ান॥
কুঞ্চিত কেশ বেশ ভেল বিগলিত
ঘন ঘন গলিত পিধান।
উলটি নেহারি করই কর সঙ্কেত
নিধুবন কুঞ্জ পয়ান॥
সঙ্কেত-বাণি জানি নব-রঙ্গিনি
থীর নয়নে পথ চায়।
কাঠকি পুতলি যৈছে নাহি লম্বই
তৈছে রহল ধনি ঠায়॥
দারুণ বিপিন জলদ যব ঝাপল
শ্যাম সুনাগর চন্দ্র।
রাইক নয়ন- চকোর নিরাশল
দীনবন্ধু পহুঁ ধন্দ ॥৫॥১৮১॥

গোবিন্দলীলামৃতে—

হরেশ্চিল্লীচিল্লীগলিতমতিমীলৎশফরিকা
মুখাম্ভোজাম্লানাৎ চলিতচলদৃষ্টিভ্রমরিকাঃ।
বিয়োগোষ্ণৎপঙ্কাবলিপতিতহংসা ন বিবভু-
স্তদাভীরীনদ্যো বনশুচিকৃতে জীবনধনে॥

পাহিড়া।

প্রিয় সহচরীর অঙ্গে অঙ্গ হেলাইঞা।
হা নাথ বলিঞা কান্দে করুণা করিঞা॥
অনেক পুণ্যের ফলে মিলাওল বিধি।
কে মোর হরিঞা নিলে শ্যাম গুণনিধি॥
যশোমতী নন্দ ঘোষ কি বলিব তারে।
কেমনে বিদায় দিল বনের ভিতরে॥
কি করিব কোথা যাব কহ না উপায়।
পিয়া বিনু হিয়া মোর ধরণে না জায়॥

দূরে রহুঁ কুলবতি ধৈরজ লাজ।
দীনবন্ধুদাস কহে পড়িল অকাজ॥৬॥১৮২॥

ধানশী।

সহচরি-কর-প- ল্লব ধরি সুন্দরি
কহতহিঁ গদ গদ ভাষ।
নাগর দরশ- পরশ-রস লালসে
জীবন পড়ল নিরাশ॥
সজনী বহুত মিনতি করি তোয়।
ছল করি গুরুজন মন্দির পরিহরি
নাহ মিলাওবি মোয়॥
নব নব গোপ সঙ্গে যদুনন্দন
করতহিঁ গোঠ-বিহার।
বিরহ-বেয়াধি সহই নাহিঁ পারিএ
তাহিঁ করহ অভিসার॥
আধ পলক যদি করহ বিলম্বন
তবহিঁ মরব তুয়া আগে।
সহচরি দীন- বন্ধু শুনি সাজল
রাই সঙ্গে অনুরাগে॥৭॥১৮৩॥

ধানশী।

তুহুঁ যদি সুন্দরি ভেঠবি কান্থ।
মঝু উপদেশ করহ অবধান॥
কুসুম চয়ন ছল করি চলু কুঞ্জ।
তাহিঁ মিলাওব গোকুলচন্দ্র॥
শুনইতে সুন্দরী উলসিত ভেল
মোতিমদাম দূতিগলে দেল॥
দূতিক পাণি ধয়ল নিজ হাথ।
সাজল সুন্দরি সহচরি সাথ॥
গজগামিনি মুনিমোহন বেশ।
রস পরিহাসে কুঞ্জ পরবেশ॥

তরু তরু কিশলয় কুসুম উতারি
শেজ বিছাওল সহচরি মেলি ॥
হরি-পরিরম্ভণ সাধহিঁ ভোর ।
পুন পুন সায়ঁরি সখি করু কোর ॥
তৈখনে মদন দ্বিগুণ পরকাশ ।
দীনবন্ধু চলু নাগর পাশ ॥৮॥১৮৪॥

ধানশী ।

সহচরী আসি গোঠ পরবেশল
যাহা বিদগধ নটরাজ ।
মোতিম দাম হাথ করি কহতহিঁ
সহচর সংগতি মাঝ ॥
মাধব তুহুঁ নব জলধরদেহ ।
ভিতি বকপাতি ভাতি মণি মোতিম
মাই পাঠাওল নেহ ॥
মুকুট পিঞ্জ জনু ইন্দ্র-শরাসন
ঘন রব মুরলি নিনাদ ।
ছাড়দিব পীত বসন কটি-শোভিত
হেরইতে লাগএ সাধ ॥
রাতুল ধাতু অতুল গিরি-সম্পদ
যদি ভূষণ কর অঙ্গে ।
বিঘটন সুঘটন অরুণ উদয় যেন
তুয়া মুখ শশিকর সঙ্গে ॥
শুনি সখি-বাণি জানি পহুঁ মাধব
গিরিগামিনি ধনি রাধা ।
উলসিত দেহ বঙ্ক দিঠি কৈতবে
পূরল সহচরি সাধা ॥
দুতি মোতি হার- কণ্ঠে পিন্ধাওল
চললহিঁ গোকুল পন্থ ।
দীনবন্ধু জগ- জন করি গোপন
আওল বিপিনকি অন্ত ॥৯॥১৮৫॥

গৃহ্ণামি রাতুলং ধাতুং তূলমুৎসৃজ্য কৌতুকী
ইতি চিত্তে সমাধায় গতস্ত্যক্ত্বা সখীনপি ॥
—ইতি কস্যচিৎ ।

ধানশ্রী ।

রাইক কুঞ্জ- গমন শুনি মাধব
অন্তর উলসিত ভেল ।
সহচর কেলি ধেনুগণ চারণ
দুরহিঁ দূরে সব গেল ॥
হরি হরি বিদগধ নাগররাজ ।
ছল করি সুবল- করে ধরি সাজল
গিরি গোবর্দ্ধন মাঝ ॥
তরু তরু চম্পক হেরি পুলক তনু
রাই বরণ অভিলাষে ।
গদ গদ বচন এক পদ চলইতে
মুরছি পড়ই পথ পাশে ॥
সুবল উঠাই লেই চলু মাধব
গোবর্দ্ধন পরবেশ ।
দীনবন্ধু ভণে দোঁহে দোঁহা দরশনে
আনন্দের নাহি শেষ ॥১০॥১৮৬॥

শ্রী ।

আন ছলে আন পথে গমন কয়ল তুহুঁ
সখীগণ বৈঠল কুঞ্জে ।
সরস রসাল নূতন নব মঞ্জরি
বিকসিত ফল ফুল পুঞ্জে ॥
দুহুজন মীলন ভেল ।
রসময় রসিক- রমণ-রসে নাগরি
বহুবিধ কৌতুক কেল ॥
মদন-মহোদধি- নিমগন দুহু জন
ভুজ ভুজ বন্ধন ছন্দ ।

তরুণ তমালে কনক-লতাবলি
নব জলধরে কিএ ঝাপল চন্দ্র ॥
দৃঢ় পরিরম্ভণ- মগন রহু দুহুঁ জন
ঘামবিন্দু মুখ সুন্দর জোতি।
গোবিন্দদাস পহুঁ রতিজয়-পণ্ডিত
যৈছন জলদে বিথারল মোতি ॥১১॥১৮৭

নাগধ্বনি।

সখীগণ মেলি কয়ল পয়ান।
কৌতুকে কেলিকুণ্ড অবগান ॥
জলমে পৈঠল সখীগণ মেলি।
দুহুঁজন সমর কয়ল জলকেলি॥
বিথরল কুন্তল জর জর অঙ্গ।
গহন সমরে দিল নাগর ভঙ্গ ॥
সখীগণ বেঢ়ল নাগরচন্দ্র।
গোবিন্দদাস হেরি রহু ধন্দ ॥১২॥১৮৮॥

ইত্যাদি গৃহাগমনপর্য্যান্তং তৃতীয়পরিচ্ছেদেঽনুসন্ধেয়ম্

ইতি শ্রীরাধাকৃষ্ণসংকীর্ত্তনামৃতে পূর্ব্বখণ্ডে গোষ্ঠযাত্রাকালে শ্রীকৃষ্ণদর্শন পূর্ব্বকং শ্রীরাধায়া দতীসহিত-পুষ্পচয়ন-ব্যাজেন কুঞ্জগমন-শয্যারচন-দূতীদ্বারা কৃষ্ণানয়ন-সম্ভোগাদি-গৃহাগমন-পর্য্যন্তসংগ্রহঃ সপ্তমঃ পরিচ্ছেদঃ।

অতঃ সন্ধ্যাবধিলীলা।

ধানশ্রী।

যমুনা যাইঞা শ্যামেরে দেখিঞা
ঘরে আসি বিনোদিনী।
বিরলে বসিঞা কান্দিঞা কান্দিঞা
ধেয়াএ শ্যামরূপখানি ॥
হেন বেলে তথা আইল ললিতা
রাই দেখিবার তরে।
সে দশা দেখিঞা বেথিত হইঞা
তুলিঞা লইল কোলে ॥

আজনম সুখে হাসি বিনে মুখে
কভু না শুনিএ বাণী।
আজু কেন হেন কান্দিয়া বিমন
কি হেতু ইহার শুনি ॥
বাম করমূল ধরিঞা কপোল
মহাযোগিনীর পারা।
ও দুটি নয়ন ঝরএ যেমন
সাযঁন মেঘের ধারা ॥
এ চির চিকুর কিছু না সম্বর
ভাবে হলো অগেআন।
জ্ঞানদাস বলে মরমে বিন্ধিলে
কালার নয়ান-বাণ ॥১॥১৮৯॥

ধানশী রাগ।

নিশাসি নেহারসি কুটিল কদম্ব।
করতলে বদন সঘন অবলম্ব ॥
ক্ষণে তনু মোড়সি করি কত ভঙ্গ।
অবিরল পুলক মুকুলে ভরু অঙ্গ ॥
এ সখি মোহে না কর আন ছন্দ।
জানলোঁ ভেঠবি শ্যামরচন্দ্র ॥
ভাব কি গোপসি গোপত না রহই।
মরমক বেদন বদন সব কহই ॥
যতনে নেবারসি নয়নক লোর।
গদ গদ শবদে কহসি আধ বোল ॥
আন ছলে অঙ্গন আন ছলে পন্থ।
সঘন গতাগতি করসি একন্ত ॥
দূরে রহু গুরুজন গৌরব লাজ।
গোবিন্দদাস কহে পড়ল অকাজ ॥২॥১৯০।

ধানশী।

যব ধরি পেখলুঁ কালিন্দীতীর।
নয়নে ঝরএ কত বারি অথীর॥
কাহে কহব সখি মরমক খেদ।
চীতহিঁ না ভাএ কুসুমিত শেজ॥
নব জলধর জিতি বরণ উজোর।
হেরইতে হৃদি মাহা পৈঠল মোর॥
তব ধরি মনসিজ হানএ বাণ।
নয়নে কান্থ বিনু না হেরিএ আন॥
দিব্যসিংহ কহে শুন ব্রজরামা।
রাই কান্থ একতনু দুহুঁ একুঠামা॥৩॥১৯১॥

শ্রীগোবিন্দলীলামৃতে,—

নবাম্বুদলসদ্দ্যুতির্নবতড়িন্মনোজ্ঞাম্বর-
স্ত্রিভঙ্গমধুরাকৃতির্নিবনমালয়া শোভিতঃ।
সুধাংশুমধুরাননঃ কমলকান্তিজিল্লোচনঃ
স মে মদনমোহনঃ সখি তনোতি নেত্রস্পৃহাম্॥

কামোদ।

রূপ দেখি আঁখি তিল আধ পালটিতে নারি
মন অনুগত নিজ লাভে।
অপরশে দেই পরশ-সুখ-সম্পদ
শ্যামর সহজ সভাবে॥
সজনী পিরিতিমুরতিবরদাতা।
প্রতি অঙ্গে অখিল অনঙ্গ-সুখ-সায়র
নায়র নিরমিল ধাতা॥
লীলা-লাবণি অবনি অলঙ্কুরু
কি মধুর মন্থর গমনে।
লহুঁ অবলোকনে কত কুল-কামিনী
শূতল মনসিজ-শয়নে॥
অলখিতে হৃদয় অন্তর অপহর
বিছুরল না হএ সপনে।
জ্ঞানদাস কহে তব কৈছন হএ
যব হএ তনু তনু মিলনে॥৪॥১৯২॥

গান্ধার।

ঢল ঢল সজল জলদ তনু শোহন
মোহন অভরণ সাজ।
অরুণ নয়ন-গতি বিজুরি চমক জিতি
দগধল কুলমরিযাদ॥
সজনী যাইতে পেখলোঁ কান্থ।
তব ধরি জগ ভরি ভরল কুসুমশর
নয়নে না হেরিএ আন॥
মঝু মুখ দরশি নিশসি তনু মোড়ই
বিগলিত মোহন বংশ।
না জানিএ কোন মনোরথে আকুল
কিশলয়-দলে করু দংশ॥
অতয়ে সে মঝু মন জলতহিঁ অনুখন
দোলত চপল পরাণ।
গোবিন্দদাস মিছই আশোয়াসল
অবহুঁ না মীলল কান্থ॥৫॥১৯৩॥

শ্রীগোবিন্দলীলামৃতে,-

সৌন্দর্য্যামৃতসিন্ধুভঙ্গললনাচিত্তাদ্রিসংপ্লাবকঃ
কর্ণানন্দিসনর্ম্মরম্যবচনঃ কোটীন্দুশীতাঙ্গকঃ।
সৌরভ্যামৃতসংপ্লবাবৃতজগৎপীযূষরম্যাধরঃ
শ্রীগোপেন্দ্রসুতঃ স কর্ষতি বলাৎ
পঞ্চেন্দ্রিয়াণ্যালি মে॥

সুহই।

উজোর জলধর শ্যামর অঙ্গ।
হেলি কলপতরু ললিত ত্রিভঙ্গ
মুরত মদনধনু ভাউঁ বিভঙ্গ।
বিষম কুসুমশর নয়নতরঙ্গ॥

জয় জয় যদুকুল-জলনিধিচন্দ্র।
ব্রজকুল-গোকুল আনন্দ কন্দ ॥
সুধই সুধাময় মধুরিম হাস।
জগমনমোহন মুরলী-বিলাস ॥
চূড়হিঁ উড়এ রুচির শিখণ্ড।
ঢলমল কুণ্ডল ঢল ঢল গণ্ড ॥
অবনি-বিলম্বিত বনি বনমাল।
মধুকর ঝঙ্করু তাহিঁ রসাল ॥
তরুণ অরুণ-রুচি পদ অরবিন্দ।
নখমণি নাছনি দাস গোবিন্দ ॥৬॥১৯৪॥

গান্ধার।

চিকণ চিকণ রে চিকণ কালা দে।
এক অঙ্গের লাবণ্য কহিতে পারে কে ॥
নিরবধি তনু মোর আবেশ না ছাড়ে।
যতই দেখিএ তত আরতি বাড়ে ॥
কি কহিব রে শ্যামরূপের মাধুরী।
রূপের নিছনি লইএ্যা মরি মরি মরি ॥
চরণ-কমল-শোভা কি কহিব জ্ঞানদাস।
ভকত জনের মন পূরাইতে আশ ॥৭॥১৯৫॥

সিন্ধুড়া।

কুন্দে কুন্দাইল দেহ বিদগধি বিধি।
বাছিএ্যা থুইল নাম শ্যাম গুণনিধি ॥
চূড়াএ চন্দ্রক দিএ্যা কুন্দ মল্লিকা।
চান্দের অধিক মুখ ও চান্দচন্দ্রিকা॥
সজনী কি আর কথার অনুবাদে।
মো পুনি পড়িএ্যা গেলোঁ ও নয়নফান্দে ॥
আবেশে অবশ অঙ্গ চলে বা না চলে।
পাষাণ মিলাএ্যা যায় ও মধুর বোলে ॥
নীলমণি হেন গা মুকুতা খিছনী।
আই আই মরিএ্যা যাই রূপের নিছনী ॥

মণিমালা শোভা গলে কটিতে প্রবাল।
তমাল শ্যাম সুতে নব গুঞ্জাহার ॥
নাসাছলে লোলে কত লাখের মুকুতা।
জ্ঞান কহে ভালে ঝুরে বৃষভানুসুতা ॥৮॥১৯৬॥

কামোদ।

শ্যামর ভাউঁ ভুজঙ্গমে দংশল
গরলে ভরল পহুঁ দেহ।
অধর সুধারস বিনি পুন কৈছনে
রসবতি বান্ধব থেহ ॥
সুন্দরি সাজহ কুসুমশয়ান।
গিরিধর নাথ বাহু ধরি আনব
তব সহচরী মঝু নাম ॥
তাম্বুল কর্পূর খপুর করু সঞ্চয়
জারহ দীপ উজোর।
আজুক রজনী পরম সুখে বঞ্চবি
তুলহ নাহ করি কোর ॥
সঙ্গিনি মেলি রঙ্গে তুহুঁ সাজহ
মঙ্গল কেলি সুঠান।
সহচরি দীন- বন্ধু চলু খরতর
যাহাঁ নব নাগর কান্থ ॥৯॥১৯৭॥

প্রাচীনেঃ—

কর্ণাকর্ণি সখীজনেন বিজনে দূতীস্তুতিপ্রক্রিয়া
পত্যুর্ব্বঞ্চনচাতুরীগণনিকা কুঞ্জপ্রয়াণে নিশি।
বাধির্য্যং গুরুবাচি বেণুবিরুতাবুৎকর্ণতেতিব্রতান্
কৈশোরেণ তবাদ্য কৃষ্ণগুরুণা গৌরীগণঃ পাঠ্যতে ॥

ধানশী।

সুচতুর দূতি রাই পরবোধল
আওল মাধব পাশ।
গদ গদ আধ আধ পদ ভাষই
লহুঁ লহুঁ হাসি বিকাস ॥

মাধব কিএ মোহিনি তুহুঁ জান।
তুয়া মুখ হেরি ভোরি বরনাগরি
বিছুরল কুল ভয় মান ॥
না জানিএ কিএ সঙ্কেত করি আওলি
তব ধরি ধনি অনুরাগী।
তুয়া পথ হেরত করত গতাগতি
মন্দিরে যামিনী জাগি ॥
অবিরত সুরত সাধে মতি পাগল
জাগল মনমথরাজ।
দীনবন্ধু কহে চল তুহুঁ মাধব
রাইক মন্দির মাঝ ॥১০॥১৯৮ ॥

কণ্টক গাড়ি কমল সম পদতল
নূপুর চীরহিঁ ঝাঁপি।
গাগরি বারি ঢারি করি পীছল
চলতহিঁ অঙ্গুলি চাপি ॥
শুন মাধব নব অভিসারকি লাগি।
দূরতর পন্থ গমন ধনি সাধই
মন্দিরে যামিনি জাগি ॥
করতলে নয়ন মুদি চলু কামিনী
তিমির পয়ানকি আশে।
মণি কঙ্কণ পান ফণিমণি বন্ধন
শিখই ভুজগ গুরু পাশে ॥
গুরুজন বচনে বধির সম মানই
আন শুনত কহ আন।
পরিজন হাসে মুগধ জন হাসই
গোবিন্দদাস পরমাণ ॥১১॥১৯৯ ॥

ধানশ্রী।

সহচরি কর-প- ল্লব ধরি গিরিধর
তবহিঁ কয়ল অভিসার।
দূরে রহু মুরলি খুরলি চলু মাধব
সুন্দরি পদ অনুসার ॥
মাধব মাতল পিরিতি সোহাগে।
আভরণ অলক তিলক শিখিচন্দ্রক
বিছুরল নব অনুরাগে ॥
রাইক বরণ বসন কটিভূষণ
আদরে পুন পুন হেরি।
চলইতে চরণ অথির গতি মন্থর
চমকি পড়ই কত বেরি ॥
দূতি উঠাই লেই চলু মাধব
নিরজন রাইক গেহ।
দুহুঁ দরশনে দুহুঁ চেতন পাওল
বাঁচল যেন মৃত দেহ ॥
রসভরে গরগর ধরল পয়োধর
বিদগধ নাগররাজ।
দীনবন্ধু কহে রসবতি নাগরি
তেজল ধৈরয লাজ ॥১২॥২০০ ॥

শ্রীরাগ।

পহিল সমাগম রাধা কানু।
অতিরসে মগন ভেল পাঁচবাণ ॥ধ্রু॥
দুহুঁ মুখ দরশনে দুহুঁ কর লোচন
আনন্দ-নীর নিঝাপই রে।
আরতি পরশতি কুচকনকাচল
গিরিবরধরকর কাঁপই রে ॥
দুহুঁ পরিরম্ভণে দুহুঁ পুলকিততনু
অঙ্গহিঁ অঙ্গ হেলওই রে।
গদ গদ বোলে আলাপই দুহুঁ দুহুঁ
চুম্বনে বদন ঢুলাওই রে ॥

দুহুঁ রসে ভাসি দুহুঁ অবলম্বই
রঙ্গতরঙ্গিত অঙ্গ দুহুঁ।
নব নাগরি সঙ্গে নাগর শেখর
ভুলল গোবিন্দদাস পহুঁ ॥১৩॥২০১॥

শ্রীগোবিন্দলীলামৃতে,—

পুলকমুকুলজালাবাষ্পধারামরন্দা-
বিকৃতমলয়বাতোৎকম্পিতা সালিপালিঃ।
স্মিতকুসুমসিতাঙ্গী গদ্গদালিস্বনাসী-
দুদয়তি দয়িতেঽস্মিন্ মাধবে মাধবীব ॥

সম্ভোগ।

রতিরণরঙ্গ- ভূমি বৃন্দাবন
রণবাজন পিকনাদ।
দুহুঁ চড়ল মদ- মনমথ কুঞ্জর
পরিমলে অলিকুল ধাব ॥
দেখ সখী রাধা-মাধব মেলি।
দুহুঁক চপল চরিত নাহি সমুঝিএ
কিএ কলহ কিএ কেলি ॥
দুহুঁ ভুজপাশে দুহুঁ ঘন বান্ধই
অধরসুধা করু পান।
ঘন নূপুর-ধনী ঘন মণি কিঙ্কিণী
কঙ্কণ বলয় নিশান ॥
জর জর চন্দন কবজ কুচকঞ্চুক
বিপুল পুলক ফুলবাণ।
আকুল রসন বসন মণি অভরণ
গোবিন্দদাস রস গান ॥১৪॥২০৩।

ধানশী।

জলধর জলদ বিজুরি দিঠিতাপক
মরকত কনয় কঠোর।
এ দুহুঁ তনু মন নয়ন-রসায়ন
নিরুপম নয়ল কিশোর ॥
দেখ সখি রাধা মাধব ভাতি।
কো বিহি নিরমিল কোনে ঘটাওল
শ্যামর গোরি সাঙ্গাতি ॥
যব ও বয়ন হেরি নয়ন অঞ্জলি ভরি
দুহুঁ পিবইতে দুহুঁ চাহ।
তনু তনু পৈঠত সঘন আলিঙ্গই
কৈছে হোত নিরবাহ ॥
আরতিএ অধর- সুধারস পিবইতে
দুহুঁক পিরিতি উনমাদ।
গোবিন্দদাস কহে অধিক রসাবেশে
কতএ হোএ পরমাদ ॥১৫॥২০৪ ॥

কৃষ্ণস্য জানুপরিযন্ত্রিতসংনিতম্বা
বক্ষঃস্থলে ধৃতকুচা বদনেঽর্পিতাস্যা।
কণ্ঠে নিবেশিতভুজাস্যভুজোপধানা
কান্তা ন ত্যজতি মনাগপি লব্ধবোধা।

কিশলয় শেজ বিছাওল কানু।
রাই সঙ্গে তথি করল শয়ান ॥
ভুজ ভুজ বন্ধন তনু তনু লাগি।
আলসে অবশ ঘুমাওল জাগি ॥
ক্ষেণে তনু মোড়ি ধরত পহুঁ চাপি।
ক্ষেণে তনু পুলকিত থরহরি কাঁপি ॥
ক্ষণে পহুঁ নিরখই চান্দ বয়ান।
অতিরসে অধরসুধা করু পান ॥
গদ গদ আধ আধ লহুঁ ভাষ।
বুঝই না পারই বল্লভদাস ॥১৬॥২০৫ ॥

গোবিন্দলীলামৃতে.—

স্ফুরন্মকরকুণ্ডলং মধুরমন্দহাসোদয়ং
মদালসবিলোচনং কমলগন্ধি লোলালকম্।
মুখং স্বদশনক্ষতাঞ্জনমলীমসৌষ্ঠং হরেঃ
সমীক্ষ্য কমলেক্ষণা পুনরভূদ্বিলাসোন্মনাঃ ॥

ভূপালী।

মদন মদালসে শ্যামর ভোর।
শশিমুখি হাসি হাসি করু কোর ॥
রহি রহি চুম্বই নাহ বয়ান।
চান্দ চকোর মিলল একু ঠাম ॥
অধর নিরখি রস পিবি অগেয়ান।
অমিয়া মহোদধি ডুবল কান ॥
ধনি ধনি রাধা রস নিরবাহ।
বশ ভেল অখিল কলাগুরু নাহ ॥
নয়ন ঢুলাঢুলি লহুঁ লহুঁ হাস।
অঙ্গ হেলাহেলি গদ গদ ভাষ ॥
রসভরে ভুরে রহু শিখণ্ড পীতবাস।
দুহুঁ রূপ নীছনি মথুরেশ দাস ॥১৭॥২০:

ভূপালী

রতিরস অলসে অবশ অতি ঘূর্ণিত
শূতল নিভৃত নিকুঞ্জে।
মধুমদে ভ্রমরা ভ্রমরী মৃদু ঝঙ্করু
বিকসিত ফল ফুল পুঞ্জে ॥
বিনোদিনী রাধা মাধব কোর।
তরুণ তমালে যৈছে কনক লতাবলি
দুহুঁ রূপ অতিহুঁ উজোর ॥
ভুজ ভুজ ছন্দ বন্ধ করি সুন্দরি
শ্যামর কোরে ঘুমায়।
রতিরসে অবশ দুহুঁক তনু জর জর
প্রিয়সখী চামর ঢুলায় ॥

সুবাসিত নীর ঝারি ভরি সহচরি
রাখল দুহুঁ জন পাশে।
মন্দির নিকট শূতল প্রিয়-সখী
সহচরি গোবিন্দদাসে ॥১৮॥২০৭॥

ভূপালী।

নিশি অবশেষে কোকিল ঘন কুহরই
জাগল রসবতী রাই।
বানরী নাদে চমকি উঠি বৈঠল
তুরিতহিঁ শ্যাম জাগাই ॥
শুন নব নাগর কান।
সত্বরে বেশ বনাহ গমন করি
যামিনী ভেল অবসান ॥
শারি শুক কপোত কার ঘন কুহরত
ময়ূর ময়ূরী করু নাদ।
নগরক লোক জাগি যব বৈঠব
তবহিঁ পড়ব পরমাদ ॥
গুরু জন পুরজন ননদী দুরজন
তুহুঁ কিনা জানসি রাত।
গোবিন্দদাস কহে উঠি চলু সুন্দরি
বিঘটব কানুক প্রীত ॥১৯॥২০৮॥

ইত্যাদি গৃহাগমনপর্য্যন্তং তৃতীয়পরিচ্ছেদেঽনুসন্ধেয়ম্।

ইতি শ্রীরাধাকৃষ্ণসঙ্কীর্ত্তনামৃতে পূর্ব্বখণ্ডে শ্রীরাধায়াঃ শ্রীকৃষ্ণরূপ-
দর্শনাদ্যনুপ্রলাপাদিনির্দ্ধারঃ কৃষ্ণানয়ন সম্ভোগ-শয়নালিঙ্গন-
চুম্বন-পূর্ব্বকশ্রীকৃষ্ণজাগরণ পুনঃ সম্ভোগবসানসজাগরণ-
গৃহাগমনপর্য্যন্তলীলাসংগ্রহোনামষ্টমঃ পরিচ্ছেদঃ ॥

অথ পুনঃ প্রাতঃকালাবধি সন্ধ্যাপর্য্যন্তলীলা।
তত্রাদৌ শয্যায়া উত্থানং। ততো বাৎসল্যং।
ততো গোষ্ঠঃ ॥

ভজ।

দণ্ডবত করি মায় চলিল যাদব রায়
যায় গোঠে বেণু বাজাইঞা।

নাচিতে নাচিতে যায় মা পানে ফিরিঞা চায়
যায় গোপাল মাএ চুম্ব দিঞা ॥
ক্ষীর সর ওদন তেয়াগিঞা এতক্ষণ
তনু হেলিঞা পড়ে বায় ।
এখানে ঘামিল মুখ দেখিঞা কাপএ বুক
কেমনে যাইবে বনে তায় ॥
আর এক কথা মোর মনেতে পড়িঞা গেল
চরণের বাধা নাহি তোর ।
বাধা যদি নাহি দিতাম কেমনে পরাণে জিতাম
বাধা লঞা যাও প্রাণ মোর ॥
গোপালে বিদায় দিঞা বিরস বদন হঞা
ঘরে আল্য যশোমতি রাণী ।
বিদায় করিঞা মায় চলিলা যাদব রায়
ঘনশ্যাম চরণ নিছনি ॥১॥২০৯॥

শ্রীগোবিন্দলীলামৃতে,—

সহ ধনজনবৃন্দৈর্নির্গতে প্রাণনাথে
জনগতিরবহান্যাস্পন্দনালাপহীনা ।
পশুখুরজরজোভির্ধূসরাসৌ জড়াঙ্গী
ব্রজবসতিরথাসীৎ প্রোষিতপ্রেয়সীব ॥

ধানশী ।

বাজল বেণু নিসান ।
করি কোন ছন্দ পদ্মমুখি নিকসই
হেরইতে বিপিন পয়ান ॥
সুন্দরি দেখই না পাওল রঙ্গ ।
সো সুন্দর সুবদন দ্রুত চলি গেও বন
কো জানে কোন তরঙ্গ ॥
মেঘনাদ শুনি যৈছে চাতকিনী
ধাওল পানি পিয়াসে ।
দক্ষিণ পবন দারুণ দুখ দেওল
ভৈ গেল বড়ই নিরাশে ॥

তনয় পাঠাঞা বনে যাহাঁ বৈঠে রোদনে
আভিররাজকি নারী ।
তিতি তিতি নয়ন- সলিল বহি যাওত
আওল গোপকিশোরী ॥
রাধা চন্দ্র- বদন হেরি সুন্দর
সব দুখ বিছুরল রাণী ।
দুহুঁক অঞ্চলে দুহুঁ মুখ মোছই
পূছত গদ গদ বাণী ॥
ছোড়ি নিশাস রাই পুন পূছত
কোন বিপিনে আজু গেলা ।
যদুনাথ দাস কহে ঘর বড় দারুণ
তাহাঁ কাহা যাওবি বালা ॥২॥২১০।

যশোমতি তনয়- বিরহ-জ্বর-কাতর
হেরইতে সুন্দরি রাধা ।
ছল ছল অমল কমল দুটি লোচন
বাঢ়ল বিরহক বাধা ॥
হরি হরি সুন্দরি আকুল দেহা ।
অনুমতি মাগি চলল নিজ মন্দির
কাতরে মন নহে থেহা ॥
জর জর অন্তর গতি অতি মন্থর
দীগ বিদিগ নাহিঁ জান ।
হা হরি করি কত পুন পুন রোয়ত
তেজল কুল ভয় মান ॥
বিগলিত কেশ- পাশ নাহি বান্ধই
ধৈরজ দূরহিঁ গেল ।
দীনবন্ধু ভণ দরশন বিঘটন
দারুণ বিধি দুখ দেল ॥৩॥২১১॥

সহচরি-কর-প- ল্লব ধরি সুন্দরি
কহতহিঁ গদ গদ ভাষ ।
নাগর দরশ পরশ রস লালসে
জীবন পড়ল নিরাশ ॥

সজনী বহুত মিনতি করি তোয়।
ছল করি গুরুজন- মন্দির পরিহরি
নাহ মিলাওবি মোয় ॥
নব নব গোপ সঙ্গে যদুনন্দন
করতহিঁ গোঠ বিহার।
বিরহ বেয়াধি সহই নাহি পারিএ
তাহিঁ করহ অভিসার ॥
আধ পলক যদি করহ বিলম্বন
তবহিঁ মরব তুয়া আগে।
সহচরি দীন- বন্ধু শুনি সাজল
রাই সঙ্গে অনুরাগে ॥৪॥২১২॥

গোবিন্দলীলামৃতে,—
নির্ম্মাণোৎকাং স্বপথি জটিলাং গোপকুৎপিণ্ডকানাং
বদ্ধা বত্মর্ন্যথ ধৃতদৃশাং ব্যাকুলাং কুন্দবল্লী।
দৃষ্ট্বাবাদীজ্জড়িমকলিতাং রাধিকাং চেতয়ন্তী
কৃষ্ণাভার্ণং নয় নিপুণধীস্তূর্ণমেনাং নিনীষুঃ॥

সবহুঁ বধূজন চলু বৃন্দাবন
গৌরি আরাধন লাগি।
ঐছন বচন ধরণ ধরি সুন্দরি
গুরুজন অনুমতি মাগি ॥
হরি হরি কাহাঁ শীখল পরকার।
জগজন বাঁচি মীছ বচনামৃতে
দিনহিঁ কয়ল অভিসার ॥
বেশ বনাওত নোনদী শুনাওত
চতুর সখী সঞে বাত।
আজি গৌরি আরাধি মনোরথ
পূরব পশুপতি নন্দন হাথ ॥
বাসিত কুসুম কর্পূরিত তাম্বুল
ভরি লেহ চন্দন কঠোর।
গোবিন্দদাস পন্থ দরশাওব
জাহা নাহি কণ্টক আচোর ॥৫॥২১৩॥

শ্রীগোবিন্দলীলামৃতে,—
ত্বং পুত্রি সাধ্বী প্রথিতাসি গোষ্ঠে
ত্বয্যর্পিতেয়ং সরলা বধূস্তৎ।
সলোলদৃষ্টিঃ কিল নন্দসূনু-
র্নৈনাং যথা পশ্যতি তদ্বিধেয়ম্ ॥
মাধুর্য্যন্তুন্মদয়তি জগদ্যৌবতং তস্য তস্মাদ-
ভীতির্নীতিস্তব নববধূপালনঞ্চাপি যুক্তম্।
মা শঙ্কিষ্ঠাস্তদয়তি যথা দৃক্‌পথং নাস্য সাধ্ব্যাঃ
ছায়াপ্যস্যাঃ স্বয়মহমিমাং দ্রাক্ তথা তেঽর্পয়ামি ॥

ধানশী।

বিবিধ মিঠাই নবনী নব ক্ষির সর
নেয়ল গুরুজনে মাগি।
সহচরি সঙ্গে রঙ্গে চলু কানন
গৌরি আরাধন লাগি ॥
সুন্দরি বনে বনে করল পয়ান।
জয় জয় শঙ্খ- শবদ ঘন কলরব
শুক পিক নিন্দিত গান ॥
মঙ্গল ঘোর শবদ শুনি মাধব
রাই দরশ রস আশে।
ছল করি সহচর সঙ্গতি পরিহরি
মীলল রসবতি পাশে ॥
দুহুঁ মুখ হেরি দুহুঁক অতি কৌতুক
যৌতুক লহুঁ লহুঁ হাস।
দীনবন্ধু ভণ নয়নে নয়নে পুন
কত আদর পরকাশ ॥৬॥২১৪॥

ততো বনান্তরং গত্বা রমণঞ্চক্রতুঃ প্রিয়ৌ।
সখীসঙ্গসমানীতৌ পশ্চাদ্বিবিশতুর্জ্জলম্ ॥
—ইতি কস্যচিৎ।

আন ছলে আন পথে গমন কয়ল দুহুঁ
সখীগণ বৈঠল কুঞ্জে।
সরস রসাল নূতন নব মঞ্জরি
বিকশিত ফল ফুল পুঞ্জে ॥
বহু জন মীলন ভেল।
রসময় রসিক রমণরসে নাগরি
বহুবিধ কৌতুক কেল ॥
মদন-মহোদধি নিমগন দুহুঁ জন
ভুজ ভুজ বন্ধন-ছন্দ।
তরুণ তমালে কনক লতাবলি
নব জলধরে কিএ ঝাপল চন্দ্র ॥
দৃঢ় পরিরম্ভণ মগন রহু দুহুঁ জন
ঘামবিন্দু মুখ সুন্দর জোতি।
গোবিন্দদাস পহুঁ রতিজয়-পণ্ডিত
যৈছে জলদে বিথারল মোতি ॥৭॥২১৫॥

নাগধুন।

সখীগণ মেলি করল পয়ান।
কৌতুকে কেলিকুণ্ড অবগান।
জলমে পৈঠল সখীগণ মেলি।
দুহুঁ জন সমর কয়ল জলকেলি ॥
বিথরল কুন্তল জর জর অঙ্গ।
গহন সমরে দিল নাগর ভঙ্গ ॥
সখীগণ বেঢ়ল নাগরচন্দ্র।
গোবিন্দদাস হেরি রহু ধন্দ ॥৮॥২১৬॥

কামোদ।

নাহি উঠল তীরে সব সখীগণ
রসবতী নাগর রায়।
বসন নিচোরি মোছই সব তনু
নব নব বেশ বনায় ॥
বিনোদিনী বেশ করত বরকান্ত।
চিকুর সঞ্চারি কবরি পুন বান্ধল
অলক তিলক নিরমাণ ॥
সব বেশ বনাই উর পর লেখত
মৃগমদ চিত্র নিশান।
রতিজয়-রেখ চরণযুগে লেখই
জাবক তহিঁ নিরমাণ ॥
কতহিঁ যতন করি নূপুর পরাওই
বসন পরাওই অঙ্গ।
গোবিন্দদাস তহিঁ হেরইতে দুহুঁ রূপ
মুরছএ কতেক অনঙ্গ ॥৯॥২১৭॥

ধানশী।

রতন-থালি ভরি চিনি কদলী সর
আনল রসবতী রাই।
শীতল বিপিনথল গন্ধ সুপরিমল
তহিঁ বৈঠল দুহুঁ যাই ॥
ভোজন করু যদুরায়।
সুশীতল নীর কর্পূর তাম্বুল
রসবতি দেত বাঢ়ায় ॥
আগর চন্দন ঘন ঘন লেপন
সীচই কুঙ্কুম বাএ।
সখিগণ সঙ্গে রঙ্গে নেহারই
গোবিন্দদাস বলি যাএ ॥১০॥২১৮॥

শ্রীগোবিন্দলীলামৃতে,—

ততঃ শারী কীরপালী দ্যূতকেলীচ্ছয়েরিতৌ।
যযতুস্তৌ হরিৎকুঞ্জং সুদেবী সুখদাভিধম্ ॥

ধানশী।

তুহুঁ জন বৈঠল সখীগণ মেল।
বহু পরিহাস রভস রস কেল॥
সহচরি জানি সময় রস রীত।
পাসক আনি কয়ল উপনীত॥
আদরে শারি বসায়ল কানু।
পণ করি রাই ঢুলাওত দান॥
অব যদি নাহ পরাভব তোর।
রতন পদক গলে দেওবি মোর॥
দৈবে পরাজয় যবহুঁ আমার।
তুয়া গলে দেওব মোতিম হার॥
দীনবন্ধু কহে শুন ব্রজনারি।
তোহারি নিকটে অছু নিতি নিতি হারি॥১১॥২১৯॥

শ্রীগোবিন্দলীলামৃতে,—

নান্দীবৃন্দে চ মধ্যস্থে কুন্দালী সভিকা ভবেৎ।
জগৃহেষ্টাপদান্ শ্যামানীশা পীতাংস্তু কেশবঃ॥

কামোদ।

রসিক নাগরি কাল কাল সারি
বাছিল যতন করি।
বিনোদিনী সম সোনার বরণ
গুটিকা লইলা হরি॥
ধনী শ্যামের সহিত খেলে।
রাইর আঁচল ধরিঞা নাগর
হাসিতে হাসিতে বলে॥
শুন বিনোদিনি হারি যদি আমি
মুরলী তোমারে দিব।
তুমি যদি হার নাসার বেশর
যতনে কাড়িঞা নিব॥
মাণিক জড়িত বেশর সহিত
তুলনা তরল বাঁশে।
দীনবন্ধু বলে কি বোল বলিলে
শুনিঞা সভাই হাসে॥১২॥২২০।

গোবিন্দলীলামৃতে,-

দ্বিতীয়ে ত্বজয়ৎ কান্তা মুরলীপাবিকাগ্রহে।
আচ্ছিদ্য জগৃহে বংশীং ললিতা কৃষ্ণনিহ্নুতাম্॥

ধানশী

বসিঞা বিনোদ ঢালি পাতিঞা যতনে।
রাই কানু পাশা খেলে উলসিত মনে॥
ললিতা বিশাখা আদি যত সখীগণ।
মদন করিঞা সাখী দঢ়াইল পণ॥
নব নব বলি দান পেলে বনমালী।
তুতুয়া বলিঞা ডাকে লবঙ্গমঞ্জরী॥
পাশাএ হারিল হরি সহচরি মেলি।
কাড়িঞা লইল শ্যামের মোহন মুরলী॥
দশ দশ বলি ধনী পেলাইল পাটি।
না পড়িল দশ ছলে উঠাইল গুটি॥
বলে ছলে কাচলি কাড়িঞা নিল হরি।
সময় বুঝিঞা দূরে গেল সহচরী॥
দীনবন্ধু দাস কহে রতিরসরাজ।
বিদগধ বিরলে সাধিল নিজ কাজ॥১৩॥২২১॥

করুণা সুই।

সখীগণ মেলি কয়ল জয়কার।
শ্যামর অঙ্গে দেওল ফুলমাল॥
নিজ মন্দিরে ধনি করল পয়ান।
বন ঘন রহল সুনাগর কানু॥
সখীজন সঙ্গে রঙ্গে চলু গোরি।
মণিভূষণে সব অঙ্গ উজোরি॥
শঙ্খ শবদ ঘন জয় জয়কার।
সুন্দরবদনী কবরী কুচভার॥

হেরইতে মদন পরাভব পাব।
গোবিন্দদাস দোহঁার গুণ গাব।।১৪।।২২২।।
ইত্যাদি গৃহাগমনং তৃতীয় পরিচ্ছেদে দ্রষ্টব্যম্।

ইতি শ্রীরাধাকৃষ্ণসংকীর্ত্তনামৃতে পূর্ব্বখণ্ডে শ্রীমত্যা গোষ্ঠে শ্রীকৃষ্ণাদর্শন-
জন্যোৎকণ্ঠয়া গৌরীপূজাছলে মিলন-সম্ভোগ-জলকেলি-
বেশরচনপূর্ব্বকপাশকক্রীড়া-গৃহাগমনপর্য্যন্ত-
সংগ্রহো নবমঃ পরিচ্ছেদঃ॥

ইত্যেকদিবসীয়া লীলা॥

অথ শ্রীরাধায়াঃ পূর্ব্বরাগঃ।

তত্র গৌরচন্দ্রঃ।

দেখ রে মাই সুন্দর শচীনন্দনা।
আজানু লম্বিত ভুজ বাহু সুবলনা।।
মদমত্ত-হাথি-গতিভাতি চলনা।
কিএ রে মালতীমালা গোরা অঙ্গে দোলনা॥
পদ দুই চারি চলত ডগমগিয়া।
প্রেমে পহুঁ ঢর ঢর ভূমে পড়ে ঢলিঞা॥
শরদ কালের ইন্দু-নিন্দিত বয়না।
অবিরত প্রেমভরে ঝরে দুটি নয়না॥
অমল কমলদল-রাতুল চরণা।
কহএ মুকুন্দদাস মকরন্দ শরণা॥১॥২২৩॥

কল্যাণ।

আজু বিপিনে আওত কানু
মুরতি মুরত কুসুম-বাণ
জম্বু জলধর-রুচির অঙ্গ
ভঙ্গি নটবর শোহনী।
হসিত মন্দ বয়নচন্দ্র
তরুণী নয়ন বয়ন ফন্দ
বিম্ব অধরে মুরলী খুরলি
ত্রিভুবনমনমোহনী॥
কুসুম-মিলিত চিকুরপুঞ্জ
চৌদিগে ভ্রমর-ভ্রমরী গুঞ্জ
পিঞ্ছনিচয়-রচিত মুকুট
মকর কুণ্ডল দোলনী।
চঞ্চল নয়ন খঞ্জন জোর
সঘন ধাওত শ্রবণ ওর
গীম শোহত রতনরাজ
মোতিমহার লোলনী॥
কটি পীতধটি কিঙ্কিণী রাজ
মদময় গতি কুঞ্জররাজ
জানুলম্বিত কদম্বমাল
মত্ত মধুকর জোরনী।
অরুণ-বরণ চরণ কঞ্জ
তরুণ-তরণি কিরণ গঞ্জ
গোবিন্দদাস হৃদয় রঞ্জ
মঞ্জু মঞ্জির বোলনী॥২॥২২৪॥

শ্রীগোবিন্দলীলামৃতে,

হরিন্মণিকপাটিকাপ্রততহারিবক্ষঃস্থলঃ
স্মরার্ত্ততরুণীমনঃকলুষহারিদোরর্গলঃ।
সুধাংশুহরিচন্দনোৎপলসিতাভ্রশীতাঙ্গকঃ
স মে মদনমোহনঃ সখি তনোতি বক্ষঃস্পৃহাম্

কামোদ।

আজু যমুনা গিছিলাম সজনি
শ্যামেরে দেখিঞাছি।
সভে দুটি আখি দিঞাছে বিধাতা
রূপ নিরখিব কি॥
পহিলে মোর মনে নব জলধর
নামিঞাছে তরুমূলে।

দেখিতে দেখিতে হে দে আচম্বিতে
দু আঁখি ভরিল জলে ॥
ইন্দ্রধনু জিনি চূড়ার টালনি
উড়িছে ভ্রমরাজাল।
আখি পালটিঞা না পাল্যাম দেখিতে
ঘোজ্যটা হইল কাল ॥
অঙ্গের সৌরভে নাসিকা মাতল
আভরণ কেবা চিনে।
ঝলমল বই অন্য নাহি সই
সদাই পড়িছে মনে ॥
নাহি পরিচয় বংশী সব কয়
এত বড় পরমাদ।
ও রাঙ্গা চরণের নূপুর শুনিতে
লোচনদাসের সাধ ॥৩॥২২৫ ॥

সিন্ধুড়া।

তরুমূলে মেঘবরণিয়া কে।
ও রূপ দেখিঞা কোন কলাবতী
ধরিব আপন দে ॥
যমুনার তটে নীপ নিকটে
নিশি দিশি তার থানা।
গোকুল নগরে কুলের কামিনী
আসিতে যাইতে মানা ॥
ক্ষেণে বাজায় বাঁশী ক্ষেণে মধুর হাসি
ক্ষেণে ত্রিভঙ্গিম হয়।
নয়নের কোণে মরম সন্ধানে
চাহিঞা পরাণ লয় ॥
নবীন কিশোর নব জলধর
রূপে গুণে নাহি ওর।
নাম নাহি জানি মনে অনুমানি
নরহরি-চিতচোর ॥৪॥২২৬॥

শ্রীরাগ।

কপালে চন্দন-চান্দ কামিনীমোহন ফান্দ
আন্ধারে করিঞা থাকে আলা।
মেঘের উপরে যেন সদাই উদয় করে
নিশি দিশি শশী ষোল কলা ॥
কি হেরিলাম কদম্বতলাতে।
বিনা পরিচয়ে মোর পরাণ যেমন করে
জিতে কি পারিএ পাসরিতে ॥
কিশোর বয়স বেশ আর তাহে রসাবেশ
আর তাহে ভাতিয়া চাহনী।
হাসির হিলোলে মোর পরাণ-পুতলী দোলে
দিতে চাই যৌবন নিছনি ॥
যে দেখ্যাছে একবার সে কি পাসরিবে আর
সুধই সুধার তনুখানি ॥
যদুনাথ দাস বলে তারে দেখি কে না ভুলে
জগতে আছএ হেন প্রাণী ॥৫॥২২৭॥

ইমন কল্যাণ।

শ্যাম নাগর বড় রসিয়া।
শুনিঞা মধুর বেণু অবশ হইল তনু
অঙ্গের বসন পড়ে খসিঞা ॥
নয়ন সন্ধান শরে মরমে বিন্ধিলে মোরে
জাতি কুল নিলে মোর হাসিঞা।
শুনিঞা মধুর বেণু অবশ হইল তনু
জলেতে কলসী গেল ভাসিয়া ॥
চাতকী চাতকে পিব পিব বলি ডাকে
শুনিঞা জলদরব বাঁশিয়া।
কেলিকদম্বের তলে মেঘ নামিঞাছে বল্যা
ময়ুর ময়ুরী নাচে আসিঞা ॥
নিতি জলে আসি যাই এমন আর দেখি নাই
মরমে রহিল রূপ পশিঞা।

দীনবন্ধু দাস বলে হেন মোর মন করে
অহনিশি দেখি রূপ বসিঞা ॥৬॥২২৮॥

কালিন্দীর কূলে নাগররাজ
দেখিয়া কুল শীলে পড়িল বাজ
নয়ন সন্ধানে ভাঙ্গিল লাজ
হৃদয়ে রহল ধন্দ রে।
মদনমোহন চূড়ার ছান্দ
কুলবতিচিত বান্ধিতে ফান্দ
তাহার উপরে ময়ুরচান্দ
পবনে উড়িছে মন্দ রে॥
কপালে চন্দন শরদ-শশী
সুরঙ্গ অধরে মধুর হাসি
রাধা রাধা বলি বাজায় বাঁশী
উগারে অমিয়াপুঞ্জ রে।
নবীন পল্লব শিরীষ ফুলে
শেজ বিছাইঞা কদম্বমূলে
চৌদিগে ঘেরিঞা মাধবী দলে
তাহি করল কুঞ্জ রে॥
দেখি মোর মুখ আনন্দভরে
পড়িল মুরলী ধরণীতলে
বিকচ কমল চুম্বন করে
পুলকে পুরিত অঙ্গ রে।
দেখিঞা যে ধনী ধৈরজ ধরে
কুলবতী সতী বলিএ তারে
আমার পরাণ না রহে ঘরে
মাগএ শ্যামের সঙ্গ রে॥
অবহুঁ যে ধনী বিলম্ব করে
গোবিন্দের পদ দোহাই তারে
ত্বরিতে লইঞা চলহ মোরে
রসিক নাগর পাশে রে।
নিরখি বদন শরদ চান্দ
নয়ন পাওব জনম আঁধ
পূরব সকল মনের সাধ
কহে দীনবন্ধু দাসে ॥রে ॥৭॥২২৯

কামোদ।

শুনিঞা ললিতা অতি হরষিতা
মধুর মধুর বলে।
এমন মূরতি দেখি কুলবতী
কেমনে ধৈরজ ধরে॥
ধনী ভেটিবে শ্যামের সনে।
তিলেক ডাড়াঞা দিএ সাইঞাজ
অমনি যাইবে কেনে॥
সহচরি মেলি দিঞা হুলাহুলি
যাইব তোমার সাথে।
কালিন্দীর কূলে কদম্বের মূলে
ভেটিব পরাণনাথে॥
বসন ভূষণ মণি অভরণ
বিপিন করিবে আলা।
দীনবন্ধু বলে রাইরে দেখিলে
অমনি ভুলিবে কালা ॥৮॥২৩০॥

কস্তচিৎ—

চিকুররচিতবেণী শোভতে পৃষ্ঠদেশে
কনকরুচিকপালে সুষ্ঠু সিন্দূরবিন্দুঃ।
মৃগমদকৃতচিত্রং গণ্ডদেশে বিচিত্রং
নয়নযুগলমধ্যে কজ্জলং রাধিকায়াঃ॥

কানড়া।

ধনী সাজত শ্যামমনোহর বেশ।
কবি কানড় ছান্দে বান্ধাওল কেশ

শিথি সিন্দুরচন্দনবিন্দুছটা।
রবিমণ্ডল বেঢ়ল চান্দ ঘটা॥
মৃগনাভিবিচিত্রিত গণ্ড ছুকূল।
বর-বেশর লম্বিত নাসিকমূল॥
ঘন কুঙ্কুম ঘোরি লেপি কুচভার।
তঁহি দেওল সুন্দর মোতিম মাল॥
করকঙ্কণ হেরি অনঙ্গ বিভোর।
কটি কিঙ্কিণিমণ্ডিত নীল নিচোল॥
পদপঙ্কজ রঞ্জিত যাবক রঙ্গ।
দিনবন্ধু নেহারি প্রফুল্লিত অঙ্গ॥৯॥২৩১॥

কামোদ।

সহচরি কবরি বান্ধি পুন দেওল
সিন্দুরবিন্দু কপালে।
অরুণ কোরে করি চান্দ বিরাজিত
শোভিত নবঘনজালে॥
সুন্দরি সাজল হরি অভিসার।
কুঙ্কুম ঘোরি লেপি কুচমণ্ডল
কণ্ঠে চঢ়াওল হার॥
নীল বসন মণি- কঙ্কণ কিঙ্কিণী
মঞ্জির পহিরল রাধা।
সহচরি সঙ্গে রঙ্গে চলু কাননে
পুরইতে শ্যামর সাধা॥
রসভরে দীগ বিদীগ নাহিঁ জানই
মনমথ করই নিদেশ।
গজগামিনি ধনি মুনিমনমোহিনী
কুঞ্জে কয়ল পরবেশ॥
নূপুর-কলরব শুনি পহুঁ মাধব
আনন্দের নাহি ওর।
আগুসরি কান্হ রাই অবলোকই
দীনবন্ধুপহুঁ ভোর॥১০॥২৩২॥

শ্রীগোবিন্দলীলামৃতে—

কান্তং বীক্ষ্যান্তিকায়াতং সাপসর্ত্তুং কৃতোদ্যমা
অলব্ধনির্গমা দ্বার্য্যাং তল্পং নীতামুনা বলাৎ॥
অহো ভাগ্যমিহাগচ্ছ কিমদ্য বিধিনাবলে।
দীয়তে নিধিরিত্যুক্ত্বা রাধামাধাদহো হরিঃ॥

—ইতি ক

সুহই রঙ্গ।

আদরে আগুসরি রাই হৃদয়ে ধরি
জানু উপরে পুন রাখি।
নিজ পীত নিচোলে চরণযুগ মোছই
হেরইতে চিরগির আখি॥
সজনী পিরিতি মুরতি অধিদেবা।
যাকর দরশনে সব দুখ নিরসল
সোই আপনি করু সেবা॥
হিম সম শীতল নীরহিঁ তীতল
নিজ করে মোছই মুখ।
আঙ্গুলে চিবুক ধরি বদনে তাম্বুল পুরি
পূছই পন্থকি দুখ॥
নবিন নলিনীদলে মৃদু মৃদু বীজই
সরস সম্ভাষই কান্হ।
গোবিন্দদাস ভণে নাগর রসিক পণে
রাইক অমিয়াসিনান॥১১॥২৩৩॥

অথ স্পষ্টপ্রেমবৈচিত্র্য।

কশুচিৎ—

প্রিয়বিধুমবলোক্য প্রেমসম্পন্নচিত্তা
কিল তৃষিতচকোরী তৎসুধাপানমত্তা।
অহহ পুনরদৃষ্ট্বা সাললাপাশ্রুবৃষ্ট্যা
পিহিতনয়নতারা রাধিকা শোকভারা॥

পিরিতি আদরে নাগরের কোরে
বসিঞা মনের সাধে।
ভুখিল চকোর নয়ন যুগল
পড়িল বদন-চান্দে॥
ধনী আলাল্য আনন্দ ভরে।
ভাবে গদ গদ আধ আধ পদ
বচন কহিতে নারে॥
নয়নের জল করে ছল ছল
ঢাকিল আখির তারা।
অধনের ধন ও চান্দ-বদন
পাইঞা হইল হারা॥
মুরুছা খাইঞা ধরণী পড়িঞা
কান্দিঞা কান্দিঞা বলে।
অনেক সাধের পরাণ পুতলী
কে মোর হরিঞা নিলে॥
মনের আগুন উঠিল দ্বিগুণ
কহিব কাহার কাছে।
দীনবন্ধু বিনে এ তিন ভুবনে
কে মোর বেথিত আছে॥১২॥২৩৪॥

সুহই।

নাগর-কোরে ভোরি বর-নাগরি
অনিমিখ হরিমুখ চাই।
দারুণ বিধি বব নিমিখ ঘটাওল
বিরহ-বেয়াকুলি রাই॥
হরি হরি কি কহব প্রেমতরঙ্গ।
নাগর-কোরে বৈঠি ধনি কহতহিঁ
কবে হব শ্যামর সঙ্গ॥
সো মুখচান্দ- ছান্দ কিএ হেরব
মধুরিম হাস বিকাস।
পুন কিএ কুঞ্জ- শেজ পর বৈঠব
বিদগধ নাগর পাশ॥
সদয় হৃদয় বিধি দেওল রসনিধি
কোনে চোরাওল মোর।
দীনবন্ধু কহে ধনি অতি পাগলি
ধরণি পড়ল পহুঁ ভোর॥১৩॥২৩৫॥

ধানশী।

রাইর পিরিতি আদর আরতি
দেখিঞা লাগিল ধন্দ।
মানের ভরমে ধরিঞা চরণে
আকুল গোকুলচন্দ॥
নাগর কান্দিতে কান্দিতে বলে।
আচম্বিতে আসি মোর কোলে বসি
অচেতন কেনে হল্যে॥
জনমে জনমে জীবনে মরণে
তোমার নফর আমি।
বিরহ আনলে তেজিব পরাণ
পিরিতি ভাঙ্গিলে তুমি॥
উঠ উঠ ধনি চরণ দুখানি
ধরহ আমার মাথে।
দীনবন্ধু বলে রাই পদতলে
যুড়িঞা যুগল হাথে॥১৪॥২৩৬॥

সুহই।

সহচরি কহে শুন রসবতি সুন্দরি
কী ফল রোদন তোর।
হেরইতে তোহারি মলিন মুখপঙ্কজ
অন্তর দর দর মোর॥
সুন্দরি তুহুঁ বড় অবুধিনী বালা।
তুয়া লাগি বিরহ- বেয়াকুল অন্তর
ধরণি লোটাওত কালা॥

চির দিন পুণ্য- পুঞ্জ-ফলে সুন্দরি
পাওলি রসময় নাহ।
কোরে পসারি চান্দ-মুখ চুম্বহ
কাহক জনি মুখ চাহ॥
সহচরি-বচনে মদন পহুঁ জাগল
ভাঙ্গল বিরহ বিবাদ।
দীনবন্ধু পহুঁ কাহ্ন কোরে করি
পূরল মনসিজ সাধ ॥১৫॥২৩৭॥

কেদার।

দরশনে নয়নে নয়নে শর হানই
ভুজ ভুজ বন্ধন ঝাপি।
অভরণ হীন তনু তনু পরশই
বিপুল পুলকভরে কাপি॥
দেখ রাধা মাধব রঙ্গ।
রতি-রণ লাগি জাগি দুহুঁ যামিনী
না হেরিএ জয় ভঙ্গ॥
ঘন ঘন চুম্বনে দুহুঁ ভেল অচেতন
অধর-সুধারসে মাতি।
প্রেম তরঙ্গে তনু মন পূরল
বূরল মনমথ হাথী॥
গদ গদ আধ আধ পদ বদনহিঁ
মনমথ মুরুছল বাণী।
দুহুঁ দুহুঁ মরমে মরমে ভাল সমুঝই
গোবিন্দদাস কিএ জানি ॥১৬॥২৩৮॥

শ্রীগোবিন্দলীলামৃতে,—

স্মরদাবপ্রতপ্তোঽসৌ রাধাস্মরতরঙ্গিণীম্।
রহোলব্ধাং যথাবাঞ্ছং রেমে মত্তমতঙ্গজঃ॥

পেখলোঁ রে সখি যুগল কিশোর
কালিন্দীকূল নিকুঞ্জক ওর॥
সম বয় রূপ নিরূপম লাবণি
মরকত কাঞ্চন কাতি।
নারি পুরুষ দুহুঁ লখই না পারিএ
অছু পরিরম্ভণ ভাতি॥
ঘন ঘন চুম্বনে লুবধ বদন দুহুঁ
বিগলিত স্বেদ উদবিন্দু।
হেরইতে মরমে ভরম পরিপূরল
কো বিধুমণি কোরে ইন্দু॥
সিন্দুর অরুণ চন্দন বিধুমণ্ডল
সঘন উদিত অগ সঙ্গ।
গোবিন্দদাস কহই সব অপরূপ
রাধা মাধব রঙ্গ ॥১৭॥২৩৯॥

শ্রীগোবিন্দলীলামৃতে,—

আবির্ভূতমিথোঽতিপৌরুষবলসদ্‌গাঢ়প্রয়োগোৎসবাঃ
শীৎকারাঞ্চিতকণ্ঠকূজিতশরৎপীযূষধারোৎকরাঃ।
অন্যোন্যাগ্রহনর্ম্মপূর্ব্বককৃতাকল্পাদিশোভা দ্বয়ো
রাধামাধবয়োর্জয়ন্তি মধুরাঃ কুঞ্জে রহঃ কেলয়ঃ॥

কেদার।

বাঢ়ল রতি রস বৈঠল দুহুঁ জন
মোছই আনন চন্দ্র।
দুহুঁ জন বদনে তাম্বুল দুহুঁ দেওত
বসন ঢুলাওত মন্দ॥
দুহুঁ মুখ দুহুঁ রহু চাই।
আহা মরি মরি বলি আনন চুম্বই
পুন পুন দুহুঁ নিরছাই॥

নীল পীত বসনে শোহত দুহুঁ তনু
মণিময় অভরণ সাজ।
যৈছন রসিক রসিক বর নাগরি
তৈছন বিদগধরাজ॥
কতহিঁ যতন করি বিধি নিরমাওল
দুহুঁ তনু একুই পরাণ।
বিকসিত কুসুমে শোভিত নব পল্লব
গোবিন্দদাস গুণগান॥১৮॥২৪০॥

শ্রীগোবিন্দলীলামৃতে,—

হেমাজাঙ্গ্যাঃ প্রবলসুরতায়াসজাতালসায়াঃ
কান্তস্যাঙ্গে নিহিতবপুষঃ স্নিগ্ধতাপিঞ্জকান্তি।
শম্পা কম্পা নবজলধরে স্থাস্নুতাং চেদধাস্যৎ
শ্রীরাধায়াঃ স্ফুটমিহ তদা সাম্যকক্ষামবাপ্স্যৎ॥

রসালসঃ।

ধানশ্রী।

নব নব পল্লব তোড়ল কানু।
কুঞ্জে কয়ল পহুঁ শেজ বিছান॥
আদরে ধরি পহুঁ রঙ্গিণী হাথ।
শূতল কুসুম-শয়নে একু সাথ॥
শ্যামর বামে কলাবতি গোরি।
আলসে অবশ সঘন তনু মোড়ি॥
শ্যামর তনু জনু জলদ উজোর।
চঞ্চল বিজুরি গোরি তছু কোর॥
ধনিমুখ চুম্বই নাগর কানু।
রসবতি অধরসুধা করু পান॥
অবিরল মীলল চান্দ চকোর।
দুহুঁ গুণ গাওত নন্দকিশোর॥১৯॥২৪১॥

ইতি সম্ভোগঃ।

শ্রীরূপগোস্বামিচরণৈঃ—

রাত্র্যন্তে ত্রস্তবৃন্দেরিতবহুবিরবৈর্বোধিতৌ কীরশারী
পদ্যৈঃ হৃদ্যৈরহৃদ্যৈরপি সুখশয়নাদুত্থিতৌ তৌ সখীভিঃ।
দৃষ্টৌ হৃষ্টৌ তদাত্বোদিতরতিললিতৌ কক্খটীগীঃসশঙ্কৌ
রাধাকৃষ্ণৌ সতৃষ্ণাবপি নিজনিজধাম্ন্যাপ্ততল্পৌ স্মরামি॥

ভূপালী।

নিশি অবশেষে কোকিল ঘন কুহরই
জাগল রসবতী রাই।
বানরী নাদে চমকি উঠি বৈঠল
তুরিতহিঁ শ্যাম জাগাই॥
শুন নব নাগর কানু।
সত্বরে বেশ বনাহ যতন করি
যামিনি ভেল অবসান॥
শারি শুক কপোত কীর ঘন কুহরই
ময়ূর ময়ূরী করু নাদ।
নগরক লোক জাগি যব বৈঠব
তবহিঁ পড়ব পরমাদ॥
গুরুজন পুরজন নোনদী দুরজন
তুহুঁ কিনা জান উহ রীত।
গোবিন্দদাস কহে উঠি চলু সুন্দরি
বিঘটব কানুক প্রীত॥২০॥২৪২॥

গীতাবল্যাং।

মল্লারঃ।

পত্রাবলিমিহ মম হৃদি গৌরে।
মৃগমদবিন্দুভিরর্পয় শৌরে॥
শ্যামল সুন্দর বিবিধবিশেষং।
বিরচয় বপুষি মনোজ্জ্বলবেশং।

পিঞ্ছমুকুটমপি পিঞ্ছনিকাশং।
বরমবতংশয় কুন্তলপাশং ॥
অত্র সনাতনশিল্পলবঙ্গং।
শ্রুতিযুগলে মম লম্বয় সঙ্গং ॥২১॥২৪৩॥

ললিত রাগ।

আনন্দ নীর যতনে হরি বারই
অলক তিলক নিরমাই।
কুঞ্চিত লোচনে হরিমুখ হেরইতে
থরহরি কাপই রাই ॥
দেখ দেখ রাধামাধব লেহ।
নাগরি বেশ বনাওত নাগর
ভাবে অবশ দুহুঁ দেহ ॥
কোরহিঁ যাতি পুন হরি সাজত
পীন পয়োধর জোর।
যামল কর-প- ঙ্কজ জলে ধোয়ত
মৃগমদচিত্র উজোর ॥
মরমক বোল কহত দুহুঁ আকুল
রোধল গদ গদ ভাষ।
অধর বিলোকনে ইঙ্গিতে কি কহল
না বুঝল গোবিন্দদাস ॥২২॥২৪৪॥

বিভাস।

রজনী বিরাম জানি নব রঙ্গিণী
মন্দিরে করল পয়ান।
শূন্য কুঞ্জ পরি- হরি নিজ মন্দিরে
শূতল বিদগধ কান্‌ ॥
মাধব অলসে অবশ সব দেহ।
উদিত দিবাকরে নিন্দ না ভাঙ্গই
যশোমতী পৈঠল গেহ

নিজ করে শ্যাম- অঙ্গ ঘন পরশই
ক্ষীর শ্রবই কুচভারে।
ও মুখ চান্দ সঘন করি চুম্বন
উপজল পুলক শরীরে ॥
গদ গদ আধ আধ ঘন বোলত
উঠ উঠ যাদব রায়।
শ্যামর নিজ তনু ঘন ঘন মোড়ই
দীনবন্ধু গুণ গায় ॥২৩॥২৪৫॥

ইতি শ্রীরাধাকৃষ্ণসঙ্কীর্ত্তনামৃতে পূর্ব্বখণ্ডে শ্রীরাধায়াঃ পূর্ব্বরাগবর্ণন-পূর্ব্বকমহোৎকণ্ঠয়া সখীগণসহিত-শ্রীকৃষ্ণমীলন-প্রেমবৈচিত্র্য-সম্ভোগ-রসালস-বেশরচনাপূর্ব্বকনিজনিজগৃহাগমন পর্য্যন্তসংগ্রহো দশমঃ পরিচ্ছেদঃ ॥

ইত্যেকরাত্রলীলা

ততঃ প্রাতরবধিলীলা।
প্রথমতঃ শয্যোত্থানং। ততো বাৎসল্যন্ততো গোষ্ঠঃ।
তৃতীয়পরিচ্ছেদেঽনুসন্ধেয়ঃ।

ধানশী।

বাজল বেণুনিসান।
করি কোন ছদ্ম পদ্মমুখি নিকসই
হেরইতে বিপিনপয়ান ॥
সুন্দরি দেখই না পাওল রঙ্গ।
সো সুন্দর সুবদন দ্রুত চলি গেও বন
কো জানে কোন তরঙ্গ ॥
মেঘনাদ শুনি যৈছে চাতকিনি
ধাওল পানি পিয়াসে।
দক্ষিণ পবন দারুণ দেখ দেওল
গেল বড়ই নিরাশে

তনয় পাঠাঞা বনে যাহা বৈঠে রোদনে
আভিররাজকী নারী।
তিতি তিতি নয়ন- সলিল বহি যাওত
আওল গোপকিশোরী॥
রাধা-চন্দ্র- বদন হেরি সুন্দর
সব দুখ বিছুরল রাণী।
তুহুঁক অঞ্চলে তুহুঁ মুখ মোছই
পূছত গদ গদ বাণী॥
ছোড়ি নিশ্বাস রাই পুন পূছত
কোন বিপিনে আজু গেলা।
যদুনাথ দাস কহে ঘর বড় দারুণ
তাহাঁ কাহাঁ যাওবি বালা॥১॥২৪৬॥

যশোমতি তনয়- বিরহ-জ্বর-কাতর
হেরইতে সুন্দরি রাধা।
ছল ছল অমল কমল দুটি লোচন
বাঢ়ল বিরহক বাধা॥
হরি হরি সুন্দরি আকুল দেহা।
অনুমতি মাগি চলল নিজ মন্দির
কাতরে মন নহে থেহা॥
জর জর অন্তর গতি অতি মন্থর
দীগ বিদিগ নাহি জান।
হা হরি করি কত পুন পুন রোয়ত
তেজল কুল ভয় মান॥
বিগলিত কেশ- পাশ নাহি বান্ধই
ধৈরয দূরহিঁ গেল।
দীনবন্ধু ভণ দরশন বিঘটন
দারুণ বিধি দুখ দেল॥২॥২৪৭॥

ধানশী।

সকালে গোধন লঞা গোঠে গেল বিনোদিয়া
দিঞা শিঙ্গা বেণুর নিসান।
গুরু জনা আঙ্গিনাতে না পাল্যাম বাহির হত্যে
না হেরিলাম সো চান্দ বয়ান॥
সজনি কোন পথে গেল শ্যামরায়।
যেমন করিছে মন প্রাণ করে উচাটন
চান্দমুখ দেখিলে জুড়ায়॥
যশোমতি নন্দ ঘোষ তাহারে কি দিব দোষ
গোকুলে গোধন হল্য কাল।
আমা সভার জীবন গোকুলের প্রাণধন
গোঠে গেল মদনগোপাল॥
চল যাই সেই পথে পসরা লইঞা মাথে
যেখানে আছএ শ্যামরায়।
আহা মরি লুনি জিনি সুকোমল তনুখানি
গোবিন্দদাস বলি যাই॥৩॥২৪৮॥

দঢ় অনুমানি চতুর সব সহচরী
জটিলা মন্দির গেল।
গোরস লেই রাই চলু মধুপুর
শুনি পহুঁ অনুমতি দেল॥
সুন্দরি সাজল সহচরি সঙ্গে।
নীল বসন মণি- কঙ্কণ কিঙ্কিণী
যতনে চঢ়াওল অঙ্গে॥
ক্ষীর সর ছেনা ঘোল ঘৃত মাখন
দধি শিখরিণী কত আর।
ভিন ভিন সকল কনকময় ভাজনে
সাজল বিবিধ পসার॥

রঙ্গিয়া বড়াই আগে আগুসারল
পাছে চলল ব্রজরামা।
জয় জয় দেই সঙ্গে পহুঁ সাজল
দীনবন্ধু সখিনামা ॥৪॥২৪৯॥

চলল রঙ্গিণী বিকের ছলে।
নাগর ভেটিতে কদম্বতলে ॥
অঙ্গ ঢল ঢল মন্দ-গমনী।
সঙ্গে কত শত বরজ-রমণী ॥
হেরি বিদগধ নাগর কান্থ।
যমুনার তটে সাধই দান ॥
রহ রহ ধনি ফিরিঞা চাও।
দানীরে ভাণ্ডাইঞা কেমনে যাও ॥
বেকত করি রাজযোগান দধি।
ছাপাঞা লঞা যাছ অশেষ নিধি ॥
এ নয়া কলসে কি ধন ভরি।
আচরে ঝাপিলে যতন করি ॥
মহাদানী আমি এ রাজপথে।
সাধিএ নিজ দান আপন হাথে ॥
শুনি দীনবন্ধু সভয় হিয়া।
ডাড়াল্য কংসের দোহাই দিয়া ॥৫॥২৫০॥

কস্যচিৎ

ক্ব যাসি দানীত্যপি নৈব পশ্যসি
দৃগঞ্চলেনাপি গজেন্দ্রগামিনি।
কিমঞ্চলেনাপিহিতং কিশোরি মে
তদাকলয্যাশু করঃ প্রদীয়তাম্ ॥

বড়ারি।

আহির-রমণী যত চালাঞা বাহির পথ
আপনি আস্যাছ আন ছলে।
বাহু নাড়া দিঞা যাও দানী পানে নাহি চাও
এত না গরব কর কারে ॥
গলে গজমোতি হার এক লক্ষ দাম তার
দুই লক্ষ সিথার সিন্দূর।
তিন লক্ষ কেশপাশ দান মাগে পীতবাস
চারি লক্ষ পাএর নূপুর ॥
হে দে লো কিশোরি গোরি নিতি যাও মধুপুরি
দান দেহ যে হয় উচিত।
শুন বৃষভানু-ঝি আঁচলে ঝাপিলে কি
দেখাইঞা কর পরতীত ॥
কে জানে কিসের দান কি বোল বলিলে কান্থ
অন্য হলে আমি ভাল জানি।
যদি বল আন বোল মাথাএ ঢালিব ঘোল
হাসিলা অনন্তপহুঁ শুনি ॥৬॥২৫১॥

শ্রীরাগ।

শুন শুন শুন সুজন কানাই
তুমি সে নূতন দানী।
বিকি কিনির দান গোরসে জানিএ
বেশের দান নাহি শুনি ॥
সাঁখের সিন্দূর নয়নে কাজর
রঙ্গন আলতা পায়।
এ কি বিকির ধন নারীর বেশন
তাহে কার কিবা দায় ॥
মণি অভরণ সুরঙ্গ শাড়ী
কোন জন নাহি পরে।

যদি দানের হেন গতি   তুমি ত গোকুলপতি
দান সাধহ ঘরে ঘরে ॥
আমরা চলিতে   না জানি চাহিতে
সে কেনে তোমারে বাজে।
গোবিন্দদাসে কহে   কেমনে জানিবে
পরের মনের কাজে ॥৭॥২৫২॥

কি আর সাধসি মান।
গোকুল নগরে   পুছ ঘরে ঘরে
হএ নহে মোর দান ॥
চরণ দুখানি   বরণ দেখিঞা
মদন মুরুছা খায়।
এ হেন বয়সে   পসরা মাথাএ
দেখি দুখ লাগে গায় ॥
কুটিল কবরি   ক্ষীণ মাঝাখানি
হেলিছে অলপ বায়।
সুমেরু উপরে   হার সুরেশ্বরী
ভরে ভাঙ্গি পাছে যায় ॥
তোমার পুরুখ   জনম-মুরুখ
একলি পাঠাএ বিকে।
কবিশেখর কহে   রাজার যোগানী
ছুইতে পারে কোন লোকে ॥৮॥২৫৩॥

শ্রীগোবিন্দলীলামৃতে,—

দয়িতমপি মনাক্ তং বীক্ষ্য সাবজ্ঞদৃষ্ট্যা
দ্রুতগতিচলিতাগ্রে মুগ্ধবিব্বোকদিগ্ধা।
ক্ব চলসি নমু ধূর্ত্তে মামনাদৃত্য ভঙ্গ্যা
হরিরিতি স বদংস্তামংশুকান্তে দধার ॥

ভাটিয়ালি।

নিয়ড় না হয়্য কানাই আমরা পরের নারী।
পরপুরুষের পবন পরশিলে সচেল সিনান করি ॥
অধঃশির ঊর্দ্ধচরণে তপোবনে সেবহ শঙ্কর দেবে।
সতত অরণ্যে শরণ শৈলজা পূজা কর একভাবে ॥
জাহ্নবী-জলধি-সঙ্গম নিকটে শঙ্কটে কামনা কর।
তভো বৃষভানু-নন্দিনীনিচোল অঞ্চল ছুইতে নার ॥
কালি পয়োধর পান করিঞাছ অধরে সৌরভ পাই।
কোথা বা শিখিলে এত নাগরালি কহ না
কাহার ঠাঞি ॥
আমার অঙ্গের ছায়া ছুইতে মনে না করিহ সাধ।
গোয়াঁর গোয়ালা দেখিলে তোমা লঞা পাছে
পড়ে পরমাদ ॥
আলপে আলপে সঘনে সঘনে বচন রচহ মীঠ।
সব অভরণ থাকিতে হিয়ার হারে বাঢ়াঞাছ দীঠ ॥
মদনে আকুল আপন দুকুল কলঙ্ক কি লাগি কর।
যদুনাথ বলে ইঙ্গিত নহিলে কি লাগি
বাহু পসার ॥৯॥২৫৪॥

শ্রীগোবিন্দলীলামৃতে,—

আকৃষ্য তৎকরধৃতং বসনাঞ্চলং সা
তির্য্যগ্ দৃগঞ্চলকলা স্মরবাণবৃষ্ট্যা।
বিদ্ধং মুহুর্ব্বিদধতী প্রিয়মুন্মদাঙ্কা
প্রত্যাহ তং স্মিতসুধা সুভগাননাজম্ ॥

সারঙ্গ।

কি বোল বলিলে দানী।
খল বল করি   কথার চাতুরি
আমরা অনেক জানি ॥

মোরে পরশিতে যদি কর চিতে
মনের ভরমে আশ।
নৈমিষ কাননে বদরিকাশ্রমে
যাইঞা করহ বাস ॥
কোটি কলপ করিঞা অলপ
গৌরী আরাধনা কর।
সাগর যাইঞা কামনা করিঞা
মোর পতিরূপ ধর ॥
আমা হেন সতী কুলের যুবতী
হইঞা তাহার নাথ।
দীনবন্ধু বলে রাধার আঁচলে
তবে দিতে পার হাথ ॥১০॥২৫৫॥

তোহারি হৃদয়ে বন বদরিকাশ্রম
উন্নত কুচগিরি কোর।
সুন্দর বদন-ছবি কনক ধূম পিবি
তাহিঁ তপত মন মোর ॥
সুন্দরি তোহারি নিয়ড় অব ছোড়ি।
গৌরি আরাধনে কাহাঁ চলি যাওব
সবহুঁ তিরিথময় গোরি ॥
মৃগমদবিন্দু সিন্দুরবিন্দু পরশন
এই গুরুজগ্রহ জান।
তুয়া পদনখ- দ্বিজরাজে সোপলোঁ
সুন্দরি সহস্র পরাণ ॥
কাম-সাগরে হাম সহজই নিমগন
কাম পূরবি তুহুঁ রাই।
শ্যামর বোলি চরণে নাহিঁ ঠেলবি
গোবিন্দদাস মুখ চাই ॥১১॥২৫৬॥

যমুনা মুনি ঋষি দেবের ধাম।
জপ তপ সব তোমার নাম ॥
তুমি সে বিনোদিনী গৌরী রমণী।
পুণ্য পরিণামে পাঞাছি অমনি ॥
আমার কামনার সাগর তুমি।
পরশ-রসমাঝে ডুবিব আমি ॥
সদয় হইঞা পুরহ সাধ।
কি ফল বিফল বিষম বাদ ॥
যতনে পাঞাছি কংসের পান।
সাধিব গোরস যৌবন দান ॥
করে কর দেহ না কর দ্বন্দ্ব।
শুনিঞা আকুল এ দীনবন্ধু ॥১২॥২৫৭॥

শ্রীগোবিন্দলীলামৃতে,—

ইতি তদুদিতনর্ম্মাশ্রুত্য কর্ণামৃতং সা-
হভ্যুদিততনুবিকারান্ শশ্বদাবৃত্য যত্নাৎ।
লপনমিদমসহ্যং কামিনঃ কান্ত কর্ণে
বিদধতি তদিতো যামীতি নোচ্চৈর্ব্বদন্তী

বড়ারি।

বড়াই ভাল রঙ্গ দেখ ডাড়াইঞা।
কালিন্দী গম্ভীর নীর নিকটে যমুনাতীর
ঝাঁপ দিব এ তাপ এড়াঞা ॥
হেন ব্যবহার যার উচিত না কহ তার
নিকটে মথুরা রাজধানী।
কর কান্ধে বেঢ়াইঞা অঙ্গে অঙ্গ হেলাইঞা
পসরা নামাএ কোন দানী ॥
বলিঞা কহিঞা মোরে ঘরের বাহির কল্যে
ধরাইলে ধরমের ছাতা।
ছার কুলে কিবা মান যৌবনের চাহে দান
ইহাতে না কহ এক কথা ॥

নিজ পতি হেন মতি কথাএ চাও বিঅতি
গরবে গলিল নহে কংসে।
যার সনে যার ভাব তার সনে তার লাভ
কে কহিবে আমা সভার অংশে ॥
এমনি জানিলে মনে এ সঙ্গে আসিব কেনে
বিকে আস্থে লাভ হল্য যত।
কবিশেখরে কয় দেখিলে এমতি হয়
বিকি কিনি হয় মনের মত ॥১৩॥২৫৮॥

সারঙ্গ

আনিঞা কত কত বরজরমণী।
কুলের বাহির করাছ অমনী ॥
আমরা পতি সতী কুলের নারী।
এত কি কুবচন সহিতে পারি ॥
হাসিঞা হাসিঞা বচন কয়।
চাহিঞা পরান হরিঞা লয় ॥
না জানি কি ধন মাগএ দানী।
পরান কাঁপিছে বচন শুনি ॥
শঠের সনে হঠে বিষম দায়।
আচলের বসন ধরিতে চায় ॥
কহে দীনবন্ধু বুঝিঞা কাজ।
কুল শীলে আজু পড়িল বাজ ॥১৪॥২৫৯॥

কস্যচিৎ —

পথানেন গন্তা নিত্যং রত্নহস্তাপি মাধব।
ত্বং কেতি কোপি নোবাচ শ্রুতমন্ত্র কিমদ্ভুতম্

———

গুর্জ্জরী রাগ।

এই ত বৃন্দাবন পথে।
নিতি নিতি করি গতায়াতে ॥
যদি হাথে করি লঞা যাই সোনা।
তুমি কে না বোলে কোনো জনা ॥
তুমি দেখি পুছহ বড়াই।
কিসের দান চাহেন কানাই ॥
সঙ্গে সবে দধির পসার;
তাহে কেনে এতেক জঞ্জাল ॥
তাহে আছে ঘৃত দুধ দধি।
ইহাতে পাইলে কোন নিধি।
তুমি ত ব্রজযুবরাজ।
তুমি কেনে করিলে অকাজ ॥
দূর কর হাস পরিহাস।
দেখ ভুক্ত গোবিন্দদাস ॥১৫॥২৬০॥

প্রাচীনৈঃ শ্রীকৃষ্ণরাধয়োরুক্তিপ্রত্যুক্তী।—

রাধে চৌর্য্যগুণাসি কেশব কৃতং কিন্তে ধনং কস্য ভো
হংসীয়া ন মৃগেক্ষণে বিধুসুধাকস্তীন্দ্রকুম্ভদ্বয়ং।
মচ্চিত্তং হরিমধ্যগং বিধিকৃতং নো তে নবন্যাদিবৎ
ইত্থং কৌতুকবিহ্বলোঽহবতু সদা ত্বাং দেবদেবো হরিঃ॥

বড়ারী রাগ।

গজগামিনি ধনি তো বড়ি সিয়ান।
বোলে ছলে বাঁচবি গিরিধরদান ॥
চিকুরে চোরায়সি চামরকাতি।
দশনে চোরাওসি মোতিমপাতি ॥
অধরে চোরায়সি সুরঙ্গ পয়াঁল।
বচনে চোরাওসি অমিয়া রসাল ॥

কনয়া গাগরি দুটি রস ভরি তায়।
যতনে চোরাওসি আচরে ঝাপাই॥
তেইঁ অতি মন্থর গমন সঞ্চার।
কোন তেজব এত বিনহিঁ বিচার॥
সুবল নেউ তুয়া গোরস দান।
রাই করহ অব কুঞ্জ পয়ান॥
জাহাঁ বৈঠত মনমথ মহারাজ।
গোবিন্দদাস কহে পড়ল অকাজ॥১৬

আনিঞা যমুনাজল ধোয়াইঞা পদতল
ধড়ার আচলে মোছাইল।
চূড়া ভাঙ্গি ফুল নিল রাইর চরণে দিল
বেদমন্ত্র পড়ি পূজা কৈল॥
নাগর আরতি করি রসবতি-করে ধরি
বসাইল আপনার পাশে।
মোহন বিজই বনে মীলল দুহুঁ জনে
যদুনাথ মনে মনে হাসে॥১৭॥২৬২॥

গোবিন্দলীলামৃতে,—

ত্রিয়া ত্রির্য্যগ্ গ্রীবা চরণকটিভঙ্গী সুমধুরা
চলাচ্চিল্লীবল্লীদলিতরতিনাথোর্জ্জিতধনুঃ।
প্রিয়প্রেমোল্লাসোল্ললিতললিতালালিততনুঃ
প্রিয়প্রীত্যৈ সাসীদুদিতললিতালঙ্কৃতিযুতা॥

মোহন বিজই বনে দূরে গেও সখীগণে
একলা রহল ধনী রাই।
দুটি আখি ছল ছল রাইর চরণতল
কানু আসি পড়িল লোটাই॥
বিনোদিনী জনম সফল হল্য মোর।
তোমা হেন গুণনিধি পথে মিলাওল বিধি
আনন্দের কি কহব ওর॥
পারিলুঁ বসনখানি আস্য আস্য বিনোদিনী
মুখে করি বসনের বায়।
কত রবি উদিঞাছে বসনে মিলাঞা গেছে
কনকমঞ্জরি দুটি পায়॥

আস্য আস্য বিনোদিনী বস্য সিংহাসনে।
তুয়া বিনে তিমির দেখিএ বৃন্দাবনে॥
তুয়া নাম জপি আমি সুনিয়ম করি।
তুয়া পুণ্যফলে আমি জগতের হরি॥
তোমার লাগিঞা আমি বৃন্দাবন করিলাম
গাইতে তোমার গুণ মুরলী শিখিলাম॥
চান্দ বিনে অমিয়া পরান বিনে তনু।
চিত্রের পুতলী রাই আমি তোমা বিনু॥
মনেতে রাখিহ রাই রাখিহ মোরে মনে।
ভুগাছি নূপুর হব ও রাঙ্গা চরণে॥
সিংহাসনে বসি দোহে দোহা মুখ চায়।
গোবিন্দদাস হেরি চামর ঢুলায়॥১৮॥২৬৩॥

শ্রীগোবিন্দলীলামৃতে,—

মুখপরিমললুব্ধস্যালিবৃন্দস্য কর্ণা-
ন্তিকমনুপততঃ সা ঝঙ্কৃতিত্রস্তচেতাঃ।
তদনু চকিতচঞ্চদ্দৃষ্টিভঙ্গীর্দ্দধানা
স্বয়মপগতধৈর্য্যা সস্বজে প্রাণনাথম্॥

রাধা মাধব তনু তনু মীলল
উপজল আন আন ছন্দ।
কনক লতাএ তমাল বেঢ়ল যেন
রাহু ধয়ল কিএ চন্দ॥
কমলে ভ্রমর রহু মাতি।
জলদ কোরে কিএ তড়িত লতাবলি
রতিপতি বিদরএ ছাতি॥
নীল রতন- জড়িত কিএ কাঞ্চন
ঝামর ভেল মুখজোতি।
শ্রমভরে স্বেদ বিন্দু বিন্দু চুয়ত
যৈছন জলদে বিথারল মোতি॥
নারি পুরুষ দুহুঁ লখই না পারিএ
অপরূপ দুহুঁ জন রঙ্গ।
গোবিন্দদাস কহে আনন্দে উপজএ
কত কত রস পরসঙ্গ॥১৯॥২৬৪॥

বাঢ়ল রতিরস বৈঠল দুহুঁ জন
মোছএ আনন্দচন্দ্র।
দুহুঁ জন বদনে তাম্বুল দুহুঁ দেওত
বসন ঢুলাওত মন্দ॥
দুহুঁ মুখ দুহুঁ রহু চাই।
আহা মরি মরি করি আনন চুম্বই
পুন পুন দুহুঁ নিরুছাই॥
নিল পীত বসনে শোহত দুহুঁ তনু
মণিময় অভরণ সাজ।
যৈছন রসিক রসিক বর নাগরী
তৈছন বিদগধরাজ॥
কতহিঁ যতন করি বিহি নিরমাওল
দুহুঁ তনু একুই পরান।
বিকশিত কুসুমে শোভিত নব পল্লব
গোবিন্দদাস গুণগান॥২০॥২৬৫॥

শ্রীভাগবতে,-

তাভির্যুতঃ শ্রমমপোহিতুমঙ্গসঙ্গ-
ঘৃষ্টস্রজঃ স্বকুচকুঙ্কুমরঞ্জিতায়াঃ।
গন্ধর্ব্বপালিভিরনুদ্রুত আবিশদ্বা
শ্রান্তো গজীভিরিভরাড়িব ভিন্নসেতুঃ

নাগধ্বন।

সখীগণ মেলি কয়ল পয়ান।
কৌতুকে কেলিকুণ্ড অবগান॥
জলমে পৈঠল সখীগণ মেলি।
দুহুঁ জন সমর কয়ল জলকেলি॥
বিথরল কুন্তল জর জর অঙ্গ।
গহন সমরে দিল নাগর ভঙ্গ॥
সখীগণ বেঢ়ল নাগরচন্দ্র।
গোবিন্দদাস হেরি রহু ধন্দ॥২১॥২৬৬॥

কামোদ।

নাহি উঠল তীরে সব সখীগণ
রসবতী নাগররায়।
বসন নিচোরি মোছএ সব তনু
নব নব বেশ বনায়॥

বিনোদিনীবেশ করত বরকান্থ।

চিকুর সঞ্চারি কবরি পুন বান্ধল

অলক তিলক নিরমান॥

সব বেশ বনাই উর পর লেখত

মৃগমদ-পত্র নিশান।

রতিজয়-রেখ চরণ-যুগে লেখই

যাবক তঁহি নিরমান॥

কতহি যতন করি নূপুর পরাওই

বসন পরওই রঙ্গ।

গোবিন্দদাস কহে হেরইতে দুহুঁ রূপ

মুরছএ কতেক অনঙ্গ॥২২॥২৬৭॥

ধানশ্রী।

রতন-থালি ভরি চিনি কদলী সর

আনল রসবতী রাই।

শীতল বিপিন-থল গন্ধ সুপরিমল

তাহিঁ বৈঠল দুহুঁ যাই॥

ভোজন করু যদুরায়।

সুশীতল নীর কর্পূর তাম্বুল

রসবতী দেত বাঢ়াই॥

আগর চন্দন ঘন ঘন লেপন

বীজই কুঙ্কুমবায়।

সখীগণ সঙ্গে রঙ্গে নেহারই

গোবিন্দদাস বলি যায়॥২৩॥২৬৮॥

— —

শ্রীগোবিন্দলীলামৃতে,—

শ্রীরাধিকাথ সগণা মুদিতোপবিষ্টা

কান্তাধরামৃততয়া পরিবাঞ্ছিতানি।

শ্রীরূপমঞ্জরিকয়া চ বনেশয়া চ

ভক্ষ্যানি তানি বুভুজে পরিবেশিতানি॥

ততো নৌকাখণ্ডঃ।

ধানশ্রী।

শ্যামর দানি জানি নব রঙ্গিণী

দেওল যৌবন দান।

অনুমতি মাগি লেই পঞ্চ গোরস

মধুপুর করল পয়ান॥

সুন্দরি প্রিয়-সহচরিগণ মেল।

নিজ নিজ কাজ সাধি পুন খরতর

মধুপুর বাহির ভেল॥

রসভরে চর চর গমন মনোহর

আওল যামুন ধার।

পেখল বারি তিমিঙ্গিল-পূরিত

যমুনা দুকুল পাথার॥

আকুল অন্তর দু কুল নেহারত

চৌদিগে চকিত নয়ান।

সহচরি দীন- বন্ধু দরশাওল

নাবিক নাগর কান্থ॥২৪॥২৬৯॥

কস্যচিৎ,—

সখ্যঃ পশ্যত মধ্যাহ্নে জানুজঘ্নজলা নদী।

বর্ষং বিনাঽপরাহ্নে বা পূর্ণেতি পরমাদ্ভুতম্।

এখনি আমরা গিছিলাম মথুরা

না ছিল যমুনা বান।

হেদে আচম্বিতে ফিরিএগ আসিতে

জল বহে কানে কান॥

বড়াই পরাণ না রহে ধড়ে।

কুমারের চাক জিনি ঘন পাক

ঘুরণী ঘুরিছে জলে॥

তিমিঙ্গিলগণ উঠে ঘনে ঘন
দেখিঞা কাপএ হিয়া।
হেন মনে লয় পরাণ সংশয়
মথুরার বিকে যাঞা ॥
ইবে কেহো যদি পার করে নদী
বিকাইব তার পায়।
দীনবন্ধু ভণে সহচরী সনে
চাপহ শ্যামের নায় ॥২৫॥২৭০ ॥

কস্যচিৎ,—

বয়ং গোপ্যো নদীতীরে কতি কালং বসামহে।
লঘু পারং কুরু প্রেয়ো নাবমানয় নাবিক ॥

ভাটিয়ালী রাগ।

হে দে হে নায়ার কালা।
পার কর‍্যা দাও যাইব গোকুল
উছুর হইল বেলা ॥
তরণী লইঞা আছ ডাড়াইঞা
অগাধ যমুনাজলে।
তীরে লোক ডাকে কেনে মিছা থাকে
না আস্য ঘাটের কূলে ॥
আমরা যুবতি কুলবতি সতী
কহিতে সরম লাগে।
পার কর‍্যা দাও বেতন যা চাও
করিব তোমার আগে ॥
পার‍্যাইব নদী তোমার অবধি
ডাড়াইঞা আছি ঘাটে।
দীনবন্ধু কয় করিঞা বিনয়
ত্বরিতে আস্যহ তটে ॥২৬॥২৭১॥

কস্যচিৎ,

ন দৃশ্যতে ভূরিজলা নদী রমে
কথং নু নেষ্যামি তটং তরীং লঘু।
বিরম্যতামত্র বিধায় যৌবনং
পণং তদারুহ্য তরীং তরিষ্যতে ॥

ভাটিয়ালী।

ধনী তিলেক ডাড়াঞা রয়্যা।
আমি একা প্রাণ যমুনা তুফান
বুঝিঞা বচন কয়্যা ॥
তোর কুচগিরি মোর ভাঙ্গা তরী
কেমনে সহিবে ভার।
তেজিঞা বসন মণি অভরণ
চাপ দেখি একবার ॥
নিতি নিতি যাও কিছুই না দাও
আজু না ছাড়িব আর।
আগে কর পণ ও নব যৌবন
তবে সে করিব পার ॥
হৃদয়ে করিঞা তোমারে ধরিঞা
তরণী বাহিব জলে।
দীনবন্ধু কয় হেন মনে লয়
বজর পড়িল কুলে ॥২৭॥২৭২॥

প্রাচীনৈঃ,—

লাঘবহেতোর্ম্মুরহর তরণীং তবাবলম্বে।
অপণং পণমিহ কুরুষে নাবিকপুরুষে ন বিশ্বাসঃ

স্তবমালায়াং,—

ন মুধা মাধব রচয় বিবাদং।
বিদধে তব মুহুরহমভিবাদং ॥
গোকুলবসতৌ স্মরমিব মূর্ত্তং।
ন কিমু ভবন্তং জানে ধূর্ত্তং ॥

ভাটিয়ালী।

শুন হে নূতন নায়্যা।
নাহি জান তুমি রাজার যোগানি
আমরা গোপের মায়্যা॥
অঙ্গ মোড়াইঞা আখি ঢুলাইঞা
হাসিঞা কহিছ কথা।
হেন শঠপনা করে কোন জনা
শুনিঞা লাগএ বেথা॥
ইহা শুনে যদি মধুপুর-পতি
পাইবে উচিত ফল।
পার কর‍্যা দিঞা ভরম লইঞা
যাও আপনার ঘর॥
পণের লাঘব করি অনুভব
আইলাম তোমার পাশে।
এ কি বিপরীত তোমার চরিত
শুনি দীনবন্ধু হাসে॥২৮॥২৭৩॥

ভাটিয়ালী।

হে দে বড়াই কি বলে নায়্যার কালা
হেন উঠে তাপ দহে দিঞা ঝাপ
এড়াইব সব জালা॥
নয়ন নাচাঞা হাসিঞা হাসিঞা
কহে কত ছলে কথা।
যেন নিজ পতি দেখি হেন মতি
মরমে লাগএ বেথা॥
আমরা যুবতি কুলবতি সতি
কহিতে বাসিএ লাজ।
মুখ ঝাপি রহ উচিত না কহ
কেমন তোমার কাজ॥

রাজকন্যা আমি কংসের যোগানি
মথুরা নগর কাছে।
দীনবন্ধু ভণে এ তিন ভুবনে
কারে মোর ভয় আছে॥২৯॥২৭৪॥

কস্যচিৎ,—

রাদ্ধঃ কথা মা বদ সুন্দরি দ্রুতং
ভয়েন শুষ্কা যমুনা ভবিষ্যতি।
কিং কর্ণধারেণ চ দারুনৌকয়া
সুখেন গন্তাসি পদেন গোকুলম্।

ভাটিয়ালী।

ধনী তুমি রাজার যোগানি যদি।
যমুনার ধারে বল বারে বারে
ভয়ে শুখাইবে নদী॥
কংসের বড়াই মোর কাছে নাই
তাথে কিবা মোর হয়।
আমি শিশুমতি তোমরা যুবতি
দেখিঞা লাগিছে ভয়॥
তোমা হেন নিধি মিলাইল বিধি
কি ধন মাগিব আর।
সরল হইঞা নাএ চাপসিঞা
অমনি করিব পার॥
তোমার লাগিঞা তটে তরী লঞা
বেলা গেল মিছা পাকে।
দীনবন্ধু কয় বিলম্ব না সয়
ও পারে মানুষ ডাকে॥৩০॥২৭৫॥

কস্যচিৎ,—

সুখমারোহণহেতোর্ম্মুরহর তটমানয় তরণীং।
অস্মদায়নবনবনবনীতং বদনেঽর্পয় কুরু পারম্ ॥

———

তথা রাগ।

হে দে হে নায়্যর কালা।
কি আর অবধি পার কর নদী
উছুর হইল বেলা ॥
সোনার নাখানি মরকত মণি
হিরার গাথনি তায়।
সাধ আছে মনে সহচরী সনে
চাপিব তোমার নায় ॥
নৌকা ধারে আন সুখে চাপি জেন
হে দে রে চান্দের কোণা।
মনের কৌতুকে দিব চান্দ-মুখে
এ ক্ষীর নবনী ছেনা ॥
যত ধন লাগে সব দিব আগে
যমুনা করহ পার।
দীনবন্ধু বলে এ কথা কহিলে
অবধি কি আছে আর ॥৩১॥২৭৬॥

———

স্তবমালায়াং,—

অনুদিনমনুরক্তঃ পদ্মিনী চক্রবালে
নবপরিমলমাদ্যৎচঞ্চরীকানুকর্ষী।
কলিতমধুরপদ্মঃ কোপি গম্ভীরবেদী
জয়তি মিহিরকন্যাকূলবন্যাকরীন্দ্রঃ ॥

তথা রাগ।

রাইর বচনে উলসিত মনে
নাখানি আনিল তটে।
সহচরি মেলি দিঞা হুলাহুলি
আসিঞা নামিল ঘাটে ॥
ধনী রঙ্গিয়া বড়াই সাথে।
নাএর উপরে চাপিল সকলে
ধরিঞা শ্যামের হাথে ॥
অঙ্গের পরশে রসের আবেশে
অবশ দোঁহার গা।
রসের পাথারে যাইঞা সাতারে
টলবল করে না ॥
ভয়ে সখীগণ মুদিল নয়ন
ঝাপিল যুগল করে।
কাপিতে কাপিতে ধনী আচম্বিতে
ধরিল শ্যামের গলে ॥
রসিক নাগর করিঞা আদর
ধরিল হিয়ার মাঝে।
ঘাঘর ঘুংঘুর রতন নূপুর
মধুর মধুর বাজে ॥
ভাসিঞা ভাসিঞা তরণী আসিঞা
নাগিল নদীর তটে।
সহচরি মেলি নাগর নাগরি
নাহিঞা উঠিল ঘাটে ॥
দধি ক্ষীর সর আনিঞা সকল
ভোজন করিল সুখে।
দীনবন্ধু দাস লঞা অবশেষ
তাম্বুল যোগায় মুখে ॥৩২॥২৭৭॥

অতঃ শ্রীমত্যা গৃহাগমনপর্য্যন্তং দ্বিতীয়-পরিচ্ছেদে দ্রষ্টব্যম্।

ইতি শ্রীরাধাকৃষ্ণসঙ্কীর্ত্তনামৃতে পূর্ব্বখণ্ডে শ্রীমত্যা গোষ্ঠে শ্রীকৃষ্ণদর্শন ভাবজন্যোৎকণ্ঠয়া সখিভিঃ সহিত পরামর্শপূর্ব্বক দানছলেন মিলন-জলকেলি-ভোজনানন্তরানুমত্যা মথুরায়াং গব্য-বিক্রয় পূর্ব্বকপ্রত্যাগমন-নৌকাখণ্ড-জল-কেলি-ভোজন-গৃহাগমনপর্য্যন্তসংগ্রহঃ একাদশঃ পরিচ্ছেদঃ।

ইত্যেকদিবসীয়া লীলা।

পুনঃ সন্ধ্যাকালে শ্রীকৃষ্ণস্য গৃহাগমনাদিপূর্ব্ব-কোৎকণ্ঠায়াং বনগমন-বাসক-সজ্জাকরণ-পর্য্যন্তং চতুর্থপরিচ্ছেদে দ্রষ্টব্যম্। ততঃ শ্রীভাগবতমতে মিলনং ॥

কানড়রাগ।

শরদ চন্দ্র পবন মন্দ
বিপিনে ভরল কুসুমগন্ধ
ফুল্ল মল্লিক মালতী যূথী
মত্ত মধুকরবোলনী।
হেরত রাতি ঐছন ভাতি
শ্যাম মোহন মদন মাতি
মুরলী গান পঞ্চম তান
কুলবতীচিতচোরণী ॥

তথা শ্রীভাগবতে,—

দৃষ্ট্বা কুমুদ্বন্তমখণ্ডমণ্ডলং
রমাননাভং নবকুঙ্কুমারুণম্।
বনঞ্চ তৎকোমলগোভিরঞ্জিতং
জগৌ কলং বামদৃশাং মনোহরং ॥
নিশম্য গীতং তদনঙ্গবর্দ্ধনং
ব্রজস্ত্রিয়ঃ কৃষ্ণগৃহীতমানসাঃ।
আজগ্মুরন্যোন্যমলক্ষিতোদ্যমাঃ
স যত্র কান্তো যবলোলকুণ্ডলাঃ ॥

শুনত গোপি প্রেম রোপি
মনহিঁ মনহিঁ আপন সোঁপি
তাহিঁ চলত যাহিঁ বলত
মুরলী কল কল বোলনী।
বিছুরি গেহ আপন দেহ
এক নয়নে কাজররেহ
এক নুপুর এক কঙ্কণ
এক কুণ্ডল দোলনী ॥
শিথিল ছন্দ নীবিবন্ধ
বেগে ধাওত যুবতিবৃন্দ
খসত বসন রসন চোলি
গলিত বেণি লোলনী।
এতহিঁ বেলি সখিনি মেলি
কোই কাহক পথ না হেরি
ঐছে মীলল গোকুলচন্দ্র
গোবিন্দদাস গায়নী ॥১॥২৭৮॥

শ্রীভাগবতে,—

তা দৃষ্ট্বান্তিকমায়াতা ভগবান্ ব্রজযোষিতঃ।
অবদদ্ বদতাং শ্রেষ্ঠো বাচঃপেশৈর্ব্বিমোহয়ন্

মল্লার।

বিপিনে মিলিত গোপনারি
হেরি হসত মুরলিধারি
নিরখি বয়ন পুছত বাত
মলয় সিন্ধু গাহনী।
পুছত সবক গমনক্ষেম
কহত কীএ করব প্রেম
ব্রজকে সবহুঁ কুশল বাত
কাহে কুটিল চাহনী ॥
হেরত ঐছন রজনি ঘোর
তেজি তরুণী পতিক কোর
কাহে পাওলি কানন ওর
নহত থোর কাহিনী।
গলিত ললিত কবরিবন্ধ
কাহে ধাওত যুবতিবৃন্দ
মন্দিরে কিএ পড়ল দ্বন্দ্ব
বেঢ়ল বিপদ বাহিনী ॥

কিএ শরদ চান্দনি রাতি
নিকুঞ্জে ভরল ভমরপাঁতি
হেরত শ্যাম ভ্রমর ভাঁতি
বুঝিএ আওলি শোহনী
এতহুঁ কহত না কহ কোই
কাহে রাখত মনহিঁ গোই
ইহ আন কেহো নাহিঁ হোই
গোবিন্দদাস গাহনী ॥২॥২৭৯॥

শ্রীভাগবতে,—
রজন্যেষা ঘোররূপা ঘোরসত্ত্বনিষেবিতা।
প্রতিযাত গৃহং নেহ স্থেয়ং স্ত্রীভিঃ সুমধ্যমাঃ

ধানশ্রী।
নব নব যুবতি ছোড়ি সব নিজ পতি
নিশি কানন পরবেশ।
অব অনুমানিএ গুরু জন ঢূড়ত
ঘর বাহির দুরদেশ॥
সুন্দরি চলু সব নিজপতি পাশ।
কুলবতি নারি ঘোরতর যামিনী
অনুচিত কানন বাস॥
কিএ কুসুমিত বন হেরইতে আওলি
কিএ মঝু দরশন আশে।
পূরল সকল মনোরথ জানিএ
অব চলু নিজ নিজ বাসে॥
কুলরমণীগণ নিজপতি সেবন
সফল বেদ পরমাণ।
পরম ভাগবত শুকমুখ-ভাষিত
দীনবন্ধু করু গান ॥৩॥২৮০॥

শ্রীভাগবতে,—
চিত্তং সুখেন ভবতাপহৃতং গৃহেষু
যন্নির্ব্বিশত্যুত করাবপি গৃহ্যকৃত্যে।
পাদৌ পদং ন চলতস্তব পাদমূলাৎ
যামঃ কথং ব্রজমথো করবাম কিংবা

ধানসী।
কাহুক কপট বচন শুনি ঐছন
বিরহবেয়াকুল রমণী।
কাজর লোরে ঘোরি কুচকুঙ্কুম
পদনখে লেখই ধরণী॥
গোপিনী বোলত কাতর বদনে।
তুয়া পদ ছোড়ি পাদ নাহি প‥ই
কৈছনে যাওব সদনে॥
বেণু শুনাই চীত হরি মাধব
আনি রমণিগণ গহনে।
কৈতব অব যদি রভস উপেখবি
বিরহিণী পৈঠব দহনে॥
কুলভয় লাজ তেজি সব আওলুঁ
শরণ লইতে তুয়া চরণে।
দীনবন্ধু ভণ দেহ আলিঙ্গন
জীবন রাখহ মরণে ॥৪॥২৮১॥

শ্রীভাগবতে,—
ইতি বিক্লবিতং তাসাং শ্রুত্বা যোগেশ্বরেশ্বরঃ
প্রহস্য সদয়ং গোপীরাত্মারামোপ্যরীরমৎ॥

ধানশী।
গোপিনী বিনয় বচন শুনি মাধব
অন্তর উলসিত ভেল।
বহু জন সঙ্গে রঙ্গে বরনাগর
বহুবিধ কৌতুক কেল॥

কো কহু আনন্দ ওর।
হাস বিলাস রাস-রস-সাগরে
নাগর নাগরি ভোর ॥
গাওত কোই কোই তহি নাচত
হেরত চান্দ বয়ান।
যমুনা পুলিন কুঞ্জ কুসুমিত বন
হরি সঞে করল পয়ান ॥
রসময় নাহ রভসরসগাহক
হাসি বাঢ়াওল কাম।
রসবতি পিরিতি পসার বিথারল
দীনবন্ধু রস গান ॥৫॥২৮২॥

শ্রীভাগবতে,—

তাসাং তৎ সৌভগমদং বীক্ষ্য মানঞ্চ কেশবঃ।
প্রশমায় প্রসাদায় তত্রৈবান্তরধীয়ত ॥

নাহ সোহাগ মানমদে মাতল
কামিনি গোপগোয়াঁরি।
রাই হৃদয়ে ধরি তবহিঁ লুকাওল
বিদগধ কুঞ্জবিহারি ॥
গোপিনী ঢূড়ত কানন মাঝ।
তরু তরু হেরি নাহ পথ পূছত
পরিহরি ধৈরজ লাজ ॥
বনে বনে ভরমি ছরমি তহিঁ পায়ল
গোরি শ্যামপদ ভিন্ন।
পুন অনুরাগে আগে পহুঁ পেখল
অধিক মগন পদচিহ্ন ॥
মনে অনুমানি জানি সব গোপিনি
রাই বহন পরিবন্ধ।
রঙ্গিনি-পুণ্য- পুঞ্জ সব ঘোষই
দীনবন্ধু সখিবৃন্দ ॥৬॥২৮৩॥

শ্রীভাগবতে,—

অনয়ারাধিতো নূনং ভগবান্ হরিরীশ্বরঃ।
যন্নো বিহায় গোবিন্দঃ প্রীতো যামনয়দ্রহঃ ॥

ধানশী।

রাইক পুণ্য- পুঞ্জ করু ঘোষণ
গোপরমণী বনমাঝ।
রসবতি সঙ্গে রঙ্গে পহুঁ বিহরই
বিদগধ নাগররাজ ॥
হরি হরি কি কহব ধনিক সোহাগ।
কত শত গোপ- রমণীগণ পরিহরি
রাই সঙ্গে অনুরাগ ॥
ঘন ঘন চুম্বন তনু তনু হেলন
আদর রস পরকাশ।
রসবতি জানি মানি নিজ গৌরব
কহতহিঁ গদ গদ ভাষ ॥
মাধব এক নিবেদন রাখহ
চলিতে না পারিএ আর।
অব তুহুঁ কোন গহন পরবেশবি
তাহি করব অভিসার ॥
নাগর কহে মঝু কন্ধ আরোহণ
কর তুহুঁ রঙ্গিনী রাধা।
দীনবন্ধু ভণ ধনি অবলম্বন
করইতে পড়ি গেল বাধা ॥৭॥২৮৪॥

শ্রীভাগবতে,—

অন্বেষ্যন্তো ভগবতো মার্গং গোপ্যো বিদূরতঃ।
দদৃশুঃ প্রিয়বিশ্লেষান্মোহিতাং দুঃখিতাং সখীং ॥
হা নাথ রমণশ্রেষ্ঠ ক্বাসি ক্বাসি মহাভুজ।
দাস্যাস্তে কৃপণায়া মে সখে দর্শয় সন্নিধিং ॥

ধানশ্রী।

চৌদিকে চকিত- নয়নে ধনি হেরই
নাহ দরশরস আশে।
না জানিএ কোন গহন পরবেশল
মানিনী পড়ল নিরাশে॥
সুন্দরি কাতরে করত বিষাদ।
বিরহিণী গোপ- রমণীগণ মীলল
রাই কহল রসবাদ॥
লাগল ধন্দ দ্বন্দ্ব পহুঁ বাঢ়ল
ছটফট ধরণি শয়ান।
কোমল চরণে কোন বন ভরমই
ইথে লাগি আকুল প্রাণ॥
গোপকুমারি বারি ঝরু লোচন
রোয়ত করত বিলাপ।
সহচরি দীন- বন্ধু পহুঁ কাতর
অন্তরে দারুণ তাপ॥৮॥২৮৫॥

শ্রীভাগবতে,—

তাসামাবিরভূৎ শৌরিঃ স্ময়মানমুখাম্বুজঃ।
পীতাম্বরধরঃ স্রগ্বী সাক্ষান্মন্মথমন্মথঃ॥

ধানসী।

তাপিত গোপ- রমণীগণ রোয়ত
শ্যাম দরশ-রস আশে।
মদন মনোহর পীতাম্বরধর
মীলল বিরহিণী পাশে॥
আনন্দ কহই না পারি।
জনু মৃত তনু পুন জীবন পাওল
হরখি উঠল সব নারি॥
কোই সুনাগরি নাহ-বাহু ধরি
সাধল মানস কাজ।
কোই কানু-কর কুচপর ধরইতে
তেজল কঞ্চুলি লাজ॥
যুবতি-সমূহ মেলি বর নাগর
পুলিনে করল পয়ান।
তহিঁ চিরকাল রাসরস কৌতুক
দীনবন্ধু করু গান॥৯॥২৮৬॥

শ্রীভাগবতে,—

তত্রাতিশুশুভে তাভির্ভগবান্ দেবকীসুতঃ।
মধ্যে মণীনাং হৈমানাং মহামারকতো যথা॥

বিল্বমঙ্গলে,—

অঙ্গনামঙ্গনামন্তরে মাধবো
মাধবং মাধবং চান্তরেণাঙ্গনা।
ইত্থমাকল্পিতে মণ্ডলে মধ্যগঃ
সংজগৌ বেণুনা দেবকীনন্দনঃ॥

কামোদ।

কাঞ্চন মণিগণে জনু নিরমাওল
রমণী-মণ্ডলি সাজ।
মাঝহিঁ মাঝ মহামরকত সম
শ্যামর নটবররাজ॥
বৃন্দাবনে অপরূপ রাসবিহার।
থীর বিজুরি সনে চঞ্চল জলধর
বরিখয়ে রস অনিবার॥
কত কত চান্দ তিমির পর বিলসই
তিমিরহুঁ কত কত চান্দে।
কনকলতা জনু তিমিরহিঁ কত কত
দুহুঁ দুহুঁ তনু তনু বাঁধে॥
কমলিনী কত কত পঞ্চম উগরএ
মধুকর করু শ্রুতিভাষ।
মধুকর মিলি কত পদুমিনি গাওত
দোসর গোবিন্দদাস॥১০॥২৮৭॥

শ্রীভাগবতে,—

কর্ণোৎপলালকবিটঙ্ককপোলঘর্ম্ম-
বক্ত্রশ্রিয়ো বলয়নূপুরঘোষবাদ্যৈঃ।
গোপ্যঃ সমং ভগবতা ননৃতুঃ স্বকেশ-
শ্রস্তস্রজো ভ্রমরগায়করাসগোষ্ঠ্যাং॥

বেলোয়ার।

বাজত ডম্ফ রবাব পাখাউজ
করতাল করি একু মেলি।
চলত চিত্রগতি সকল কলাবতি
করে করে নয়নে নয়নে একু মেলি॥
নাচত শ্যাম সঙ্গে ব্রজনারি।
জলদপুঞ্জ তনু তড়িত-লতা জনু
অঙ্গ ভঙ্গ কত রঙ্গ বিথারি॥
নয়ন হিলোল লোল মণিকুণ্ডল
শ্রমজল ঢল ঢল সুবদনচন্দ্র।
মদভরে গলিত ললিত কুচকঞ্চুক
খসত কবরী নিবিবন্ধ॥
দুহুঁ দুহুঁ সরস পরশ রস লালসে
আলসে রহই সুনাই।
গোবিন্দদাস পহুঁ মুরতি মনোভব
কত যুবতী রতি আরতি বাঢ়াই॥১১॥২৮৮॥

বিদগ্ধমাধবে,—

বৃন্দাবনং দিব্যলতাপরীতং
লতাশ্চ পুষ্পস্ফুরিতাগ্রভাজঃ।
পুষ্পানি সম্মীলমধুব্রতানি
মধুব্রতাশ্চ শ্রুতিহারিগীতাঃ॥

বেলোয়ার।

কালিন্দী-তীর সুধীর সমীরণ
কুন্দ কুমুদ অরবিন্দ বিকাশ।
নাচত মৌর ভোর মত্ত মধুকর
শুক শারিক পিক পঞ্চম ভাষ॥
মধুবনে নিধুবন-মুগধ মুরারি।
মুগধ গোপবধূ অধিক লাখ সঙ্গে
রঙ্গে বিহরে বৃষভানুকুমারি॥
নাচত নটিনী গায়ত নটশেখর
গাওত নটিনী নাচে নটরাজ।
শ্যাম সঞে গোরি গোরি সঞে শ্যামর
নব জলধরে যেন বিজুরি বিরাজ॥
হেরি হেরি রাস- বিলাস মনোহর
মনমথে লাগল মনমথধন্দ।
ভূলল গগনে সগণ রজনী-কর
চৌদিগে ভ্রমই দীপ ধরি চন্দ্র॥
তারাগণ সঙ্গে তারাপতি হেরি
লাজে লুকাওল দিনমণিকাঁতি।
গোবিন্দদাস পহুঁ জগমনমোহন
বিহরত ভেল কলপ সম রাতি॥১২॥২৮৯॥

শ্রীভাগবতে,—

তাভির্যুতঃ শ্রমমপোহিতুমঙ্গসঙ্গ-
ঘৃষ্টস্রজঃ স্বকুচকুঙ্কুমরঞ্জিতায়াঃ।
গন্ধর্ব্বপালিভিরনুদ্রুত আবিশদ্বাঃ
শ্রান্তো গজীভিরিভরাড়িব ভিন্নসেতুঃ

নাগধুন।

সখীগণ মেলি কয়ল পয়ান।
কৌতুকে কেলিকুণ্ড অবগান॥
জলমে পৈঠল সখীজন মেলি।
দুহুঁ জন সমর কয়ল জলকেলি

বিথরল কুন্তল জর জর অঙ্গ।
গহন সমরে দিল নাগর ভঙ্গ ॥
সখিগণ বেঢ়ল নাগরচন্দ্র।
গোবিন্দদাস হেরি রহু ধন্দ ॥১৩॥২৯০।

কামোদ।

নাহি উঠল তীরে সব সখীগণ
রসবতি নাগর রায়।
বসন নিচোরি মোছই সব তনু
নব নব বেশ বনায় ॥
বিনোদিনী বেশ করত বরকানু।
চিকুর সঞ্চারি কবরি পুন বান্ধই
অলক তিলক নিরমাণ ॥
সব বেশ বনাই উরপর লেখই
মৃগমদপত্র নিসান।
রতি যুগ রেখ চরণযুগে লেখই
যাবক তহি নিরমাণ ॥
কতহিঁ যতন করি নুপুর পরাওই
বসন পরাওই অঙ্গ।
গোবিন্দদাস তহি হেরইতে ও রূপ
মুরছএ কতেক অনঙ্গ ॥ ১৪॥২৯১॥

ললিতগড়া।

মণি-মঞ্জির ধনি চরণে পরাওল
উরপর দেওল হার।
তাম্বুল সাজি বদন পুরি দেওল
নিউছএ তনু আপনার ॥
এত রূপে সাজি বদন নেহারই
পদে পড়ি বারহিঁ বার।
ঢর ঢর লোর ঢরকি বহে লোচনে
নিজ তনু নহে আপনার ॥
বিনোদিনী কোরে আগোরল কানু।
দেহ বিদায় মন্দিরে হাম যাওব
যামিনী ভেল অবসান ॥
কানুক চীত থীর করি সুন্দরি
কুঞ্জহিঁ গমন কএল।
বসনহিঁ ঝাপি বারি মণি-মঞ্জির
নিজ মন্দির চলি গেল ॥
রতন শেজপর বৈঠল রসবতি
ফুকরই সখীগণ চাই।
রজনী পোহাওল গুরুজন জাগল
গোবিন্দদাস বলি জাই ॥ ১৫॥২৯২॥

ইতি শ্রীরাধাকৃষ্ণসংকীর্ত্তনামৃতে পূর্ব্বখণ্ডে শ্রীকৃষ্ণস্য বাসকসজ্জাপূর্ব্বকং শ্রীমত্যাঃ শ্রীভাগবতানুসারাভিসার-মীলনসম্ভোগ রাস-জলক্রীড়া-বেশভূষণ-করণান্তর-গৃহাগমনং দ্বাদশপরিচ্ছেদঃ ॥

শ্রীভাগবতমতে ইত্যেকরাত্রলীলা।

অথ প্রাতঃ শ্রীমত্যা রসোদ্গারাবধি দিবালীলা।

তত্রাদৌ গৌরচন্দ্রঃ।

রাধাকৃষ্ণপ্রণয়বিকৃতিহ্লাদিনীশক্তিরস্মা-
দেকাত্মানাবপি ভুবি পুরা দেহভেদং গতৌ তৌ
চৈতন্যাখ্যং প্রকটমধুনা তদ্দ্বয়ং চৈক্যমাপ্তং
রাধাভাবদ্যুতিসুবলিতং নৌমি কৃষ্ণস্বরূপম্ ॥

বিভাষ।

করিব কি সখি করিব কি।
গুপত গৌরাঙ্গের প্রেমে ঠেকিঞাছি
না জানি গুণ তার না জানি নাম।
নাহি পরশি তার পিরিতি কাম ॥

দীঘল কুন্তল রসাল আখি।
রূপে গুণে মুখে মাখিঞা দেখি ॥
নায়্যর কুলে আমি মা বাপের জীউ।
শ্বশুরকুলে আমি কুলের বউ ॥
পতিব্রতা আমি পতির কোলে।
সকল ভাসাইলাম গোরা-প্রেমজলে ॥
কহেন নয়নানন্দ যার লাগিল হিএ।
কোন পরকারে তার পাসরিল নহে ॥১॥২৯৩॥

কস্তচিৎ,—

অলসবিঘূর্ণিতলোচনতারে
হরিনখরেখবিদিতকুচভারে।
বদসি মদনজয়মঙ্গবিকারে
কিং গোপায়সি পুনস্থবিচারে

ধানসী।

চৌদিকে চকিত নয়নে ঘন হেরসি
ঝাপসি ঝাপল অঙ্গ।
বচনক ভাতি বুঝই নাহি পারিএ
কাহা শীখলি ইহ রঙ্গ ॥
সুন্দরি কী ফল পরিজন বাঁচি।
শ্যাম সুনাগর গুপত প্রেম-ধন
জানলো তুয়া পঞে সাঁচি ॥
এ তুয়া হাস পরম পরকাশই
রঙ্গতরঙ্গিম আখি।
গাঠক রতন বদন মাহা ঝলকই
প্রতি অঙ্গভঙ্গিম সাখি ॥
গহন মনোরথে পন্থু না হেরসি
জিতলি কি মনমথরাজ।
গোবিন্দদাস কহই ধনি বিরমহ
মৌনহিঁ সমুঝল কাজ ॥২॥২৯৪॥

কস্তচিৎ,-

কিমালি জিজ্ঞাসসি রাত্রিকৌতুকং
বক্ষ্যামি চৈকেন মুখেন বা কথম্।
বিদগ্ধরাজস্থ বিদগ্ধতা হরে-
র্যতোঽনুভাবেন মনোবিমোহিনী ॥

গান্ধার।

কি কহসি এ সখি কানুক সুলেহ।
একই জিউ বিহি গঢ়ল ভিন দেহ ॥
কহিল কাহিনী পুছই কত বেরি।
কত সুখ পাওল মঝু মুখ হেরি ॥
বিনি মঝু পরশে দরশে নাহি জীব।
মো বিনু পিয়া সেহ পানি না পিব ॥
উর বিনু সেজ পরশ নাহি পাই।
চিবুক চিবুক বিনু তাম্বুল নাহি খাই ॥
রভস আলাপে যদি পালটি দেও পাশ।
মান ভয়ে মাধব উঠএ তরাস ॥
আন সম্ভাষণে হরএ গেয়ান।
আন সনে কাহিনী না সহে পরাণ ॥
কহে কবিরঞ্জন শুন বরনারি।
তোহারি পরশরসলুবধ মুরারি ॥৩॥২৯৫॥

কস্তচিৎ,—

বক্ষঃস্থলেঽস্বপৎ কৃষ্ণঃ প্রেমা জাগ্রদহর্নিশং।
মম চিত্তহরো ভাতি তেনাহমাত্মবিস্মৃতা ॥

ধানসী।

হৃদয়-মন্দির মাঝে কানু ঘুমাওল
প্রেমপহরি রহু জাগি।
কুলবতি গৌরব চৌর সদৃশ ভেল
দুরহিঁ দুরে রহু ভাগি ॥

সজনী এত দিনে ভাঙ্গল ধন্দ।
কাহ্নু অনুরাগ ভুজগে গরাসল
কুলদাদুরী মতি মন্দ॥
আপনক রীত আপনি নাহি সমুঝিএ
আন কহিতে হএ আন।
ভাবে ভরল তনু পরিজন বাঁচিতে
গৃহপতি সপতিক ঠাম॥
নয়ন উনীন্দ আন নাহিঁ হেরিএ
না জানিএ কিএ ভেল আখি।
যত পরমাদ কহই না পারিএ
গোবিন্দদাস এক সাখি॥৪।২৯৬॥

কস্তচিৎ,—

অঙ্কে স রঙ্ক ইব মামতিকৌতুকেন
সঙ্কারয়ন্নিধিসমামহহ প্রিয়ো মে।
নিষ্পক্ষনেত্রযুগলেন নিরীক্ষ্য সদ্য
আলিঙ্গ্য গদ্গদগিরা পুলকাঞ্চবিভ্রৎ॥

ধানশ্রী।

সৈ কিবা সে কাহ্নুর প্রেম।
আখি পালটিতে নাহি পরতীত
জেন দারিদ্রের হেম॥
তিলে কত বেরি মুখ নেহারই
আচরে মোছই ঘাম।
কোরে থাকিতে দুব হেন বাসে
সদা লএ মোর নাম॥
হিয়ায় হিয়ায় লাগিব বলিঞা
চন্দন না পরে অঙ্গে।
গাএর ছায়া বাএর দোসর
সদাই থাকএ সঙ্গে॥
জাগিতে ঘুমিতে আন নাহি চিতে
রসের পসার কাছে।
জ্ঞানদাস কহে এমন পিরিতি
আর কি জগতে আছে॥৫॥২৯৭॥

কস্তচিৎ,—

কিমালি জিজ্ঞাসসি রাত্রিকৌতুকং
বক্ষ্যামি চৈকেন মুখেন বা কথম্।
বিদগ্ধরাজস্য বিদগ্ধতা হরে-
র্যতোঽনুভাবেন মনোবিমোহিনী॥

সজনি বড়ই বিদগধ কাহ্ন।
কহিল নহে প্রেম আরতি কষিল হেম
উজল জেন দশবান॥
সমুখে রাখি মুখ আচরে মোছই
অলক তিলক বনায়।
মদন-রস-ভরে বদন হেরি হেরি
অধরে অধর লাগায়॥
কোরে আগোরি রাখই হিয়াপর
পালঙ্কে পাশ না পাই।
ও সুখ-সাগরে মদন-রসভরে
জাগিঞা রজনী পোহাই॥
কেবল রসময় মধুর মুরতি
পিরিতময় প্রতি অঙ্গ।
নরোত্তম কহে জাহার অনুভব
সে জানে ও রস-রঙ্গ॥৬॥২৯৮॥

কস্তচিৎ,—

কস্যা এতাদৃশো বন্ধুর্বিদ্যতেঽবনিমণ্ডলে।
হৃদি যো রমণীং কৃত্বা শয্যাস্পর্শং ন কারয়েৎ॥

ধানশ্রী।

কুঙ্কুম আনিঞা মুখানি মাজিঞা
কাজরে নয়ন সাজায়।
দীপ করে ধরি চুম্বন করি করি
অনিমিখ মঝু মুখ চায়॥
সজনি বড় বিদগধ শ্যামরায়।
দেখি মোর মুখ মনে জত সুখ
এক মুখে কহনে না যায়॥
আদর করে হরি হৃদয় উপরে ধরি
কুসুম-শয়নে না শোয়ায়।
মনের মানসে বান্ধি ভুজ-পাশে
জাগিঞা রজনী পোহায়॥
পয়োধর ধরি কাপে থরহরি
চন্দন যতনে পরায়।
দীনবন্ধু বলে রস-কুতূহলে
রসিক সময় গোঁয়ায়॥৭॥২৯৯॥

কস্যচিৎ,—

ভালে সিন্দূরবিন্দুং মে নয়নে দলিতাঞ্জনং।
দত্ত্বা মুখমবালোক্য চুচুম্বোষ্ঠাধরং হরিঃ॥

কস্যচিৎ,—

মামালিঙ্গ্য সখীমধ্যে ধৈর্য্যলজ্জাবিবর্জ্জিতঃ।
স গদ্গদবচা নাথো ন জানে কিমযাচত॥

ধানসী।

আজুক রজনী শুন ল সজনী
অনেক পুণ্যের ফলে।
রসিক নাগর গুণের সাগর
বিধি মিলাওল মোরে॥
সখী সে বড় রসিকরাজ।
তাহার পিরিতি আদর আরতি
কহিতে বাসিএ লাজ॥
রমণী হইঞা কোরেতে বসিঞা
ধরিঞা আমার করে
তেজিঞা সরম পুরুষ ধরম
মোরে আচরিতে বলে॥
অবশ হইঞা চরণে ধরিঞা
না জানি কি ধন মাগে।
দীনবন্ধু কহে পাসরিল নহে
সদাই হিয়াএ জাগে॥৮॥৩০০॥

শ্রীরাগ।

দরশনে লোরে নয়ন রহু ঝাপি।
করইতে কোরে দুহুঁক কর কাপি॥
চেতন না রহই চুম্বন বেরি বেরি।
কো জানে কৈছে রভস রস কেলি॥
এ সখি দূর করু ও পরসঙ্গ।
নামহিঁ যাক পুলকে ভরু অঙ্গ॥
সো ধনি মানি সুরত অধিদেবি।
তাকর চরণকমল পঞে সেবি॥
কাহুক পরশে যতহুঁ অনুভাব।
অনুভবি আপে পরহুঁ সমুঝাব॥
তবহুঁ জগত ভরি ঘোষই এহ।
রাধামাধব অবিচল নেহ॥
এ কিএ সুদৃঢ় কিএ পরিবাদ।
গোবিন্দদাস না ভাঙ্গে বিবাদ॥৯॥৩০১॥

শ্রীগোবিন্দলীলামৃতে,—

অনূরুরপ্যস্তময়ন্ ক্ষণার্দ্ধা-
দ্ভো বিলজ্জ্যোদয়মেতি সোঽয়ম্।
চেৎ সোরুমেনং স বিধির্ব্যধাস্যৎ
বার্ত্তাপি রাত্রের্ন্ন তদা ভবিষ্যৎ॥

ধানশ্রী।

কুলবতী করি কো বিহি নিরমাওল
ঘর বাহিরে পরবাস।
করতলে জীবন করি পহুঁ মীললুঁ
বিদগধ নাগর পাশ॥
সজনী বিধি পুন সাধল বাদ।
যামিনি কোটি কলপ নাহি সিরজিল
না পূরল মনসাধ॥
পাপ দিবাকর সপদি উদয় ভেল
শঙ্কাতঙ্কিত দেহ।
গাঠিক রতন জলধিজলে ডারলুঁ
তেজলুঁ তছু নব লেহ॥
পুন যদি মাধব- দরশন পাওব
পূরব মনসিজ সাধ।
হৃদয় উপরে ধরি ভুজ-বন্ধন করি
না ছোড়ব তিল আধ॥
তব করে জীবন যৌবন সোপলোঁ
আনি মিলাওবি নাহ।
দীনবন্ধু বলে দেওব করতলে
গগনচান্দ যদি চাহ॥১০॥৩০২॥

কশ্চিৎ,—

তদাহং সফলানাম্না রাধে সহচরী ব্রজে।
যদানীয় তব ক্রোড়ে যোজয়িষ্যামি কেশবম্॥

ধানশ্রী।

তুলহ নাহ যব কোরে মিলাওব
তব সহচরি মঝু নাম।
রসবতি দূতি শপথ করি ধাওল
আওল নাগর ঠাম॥
সহচরি কহতহিঁ গদ গদ বাণী।
কামুক পিরিতি আজু তুহুঁ বিছুরলি
চিরদিনে কি করবি জানি॥
নব নব লেহ ছোড়ি তুহুঁ আওলি
কো কহ বিদগধ কাহ্নু।
তুয়া বিরহানলে তনু মন জারল
রসবতি হরল গেয়ান॥
সোঁয়রি রভসরস অবশ কলেবর
বিগলিত লোচনলোর।
আধ পলক কত যুগ বহি যায়ত
দরশ পরশ বিনু তোর॥
রসময় নাহ কাহে তুহুঁ ভোরলি
পিরিতি পরম রসসার।
দীনবন্ধু বলে রাইক মন্দিরে
তুরিতে করহ অভিসার॥ ১১ ॥ ৩০৩॥

শ্রুত্বা দূতীমুখাম্ভোজাদ্রাধাবিরহবেদনাং।
অচিরাদেব গোবিন্দো রাধাসদনমাগতঃ॥

ধানশ্রী।

সহচরি-করপ- ল্লব ধরি গিরিধর
তবহিঁ কয়ল অভিসার।
দুরে রহু মুরলী- খুরলী চলু মাধব
রাইক পদ অনুসার॥
মাধব মাতল পিরিতি সোহাগে।
অভরণ অলক তিলক শিখিচন্দ্রক
বিছুরল নব অনুরাগে॥
রাইক বরণ বসন কটিভূষণ
আদরে পুন পুন হেরি।
চলইতে চরণ অথির গতি মন্থর
চমকি পড়ই কত বেরি॥
দূতি উঠাই লেই চলু মাধব
নিরজন রসবতিগেহ।
তুহুঁ দরশনে তুহুঁ চেতন পাওল
বাচল জনু মৃতদেহ॥

রসভরে গর গর ধরল পয়োধর
বিদগধ নাগররাজ।
দীনবন্ধু কহে রসবতি নাগরি
তেজল ধৈরজ লাজ ॥ ১২ ॥ ৩০৪

প্রকারান্তরং রসোদ্‌গারমিলনম্।

তত্র গৌরচন্দ্রঃ।

সখী মরম কহিএ তোরে।
শচীর কোঁয়র বিনোদ নাগর
সপনে দেখিলাম তারে ॥
আসি হাসি হাসি মোর পাশে বসি
করল যে সব কাজ।
তাহার চরিত অতি বিপরীত
শুনিলে পাইবে লাজ ॥
আপন গলার গজমতিহার
যতনে পরাঞা মোরে।
বিচিত্র বসন রতন ভূষণ
পরাইল থরে থরে ॥
কাজরে সাজল নয়ন যুগল
মাজল বয়ন-ইন্দু।
করিতে চুম্বন পাইলাম চেতন
হৃদয়ে লাগল ধন্দ ॥
ঘুমের আলিসে ঠেসিঞা বালিসে
মুখে না নিঃসরে রায়।
বসন সম্বরি কাপি থরহরি
পুছই শেখর রায় ॥ ১ ॥ ৩০৫ ॥

কস্তচিৎ-

কন্দর্পোঽনল ইন্ধনং মম কুলং বংশীরবঃ ফূৎকৃতিঃ
স্পর্শো যোজক এভিরেব করণৈঃ সংস্বর্ণকারো হরিঃ
মচ্চিত্তামলকাঞ্চনেন স নিজপ্রেমস্বরূপং মণিং
সংযোজ্যামিতমূল্যহারমুরসে কুর্ব্বন্ দদাবালি মে ॥

— ——

ধানশ্রী রাগ।

বেণুক ফুক বুক মদনানল
কুল ইন্ধন মাহা জারি।
দরশ পাএন তুহুঁ পরশ সোহাগল
শ্রমজল যৌবন বারি ॥
সজনী কানু সে ছৈল সোনার।
মঝু মন কাঞ্চন আপন প্রেমমণি
জোরি পিন্ধাওল হার ॥
নব অনুরাগ- রঞ্জনে পুন রঞ্জই
মূল না জানই কোই।
গুরুজন চৌর নয়নপরি ঝাপিএ
প্রাণ লাখ সম গোই ॥
ও রস আগরি বিদগধ নাগরি
হেরইতে তাকর সাধ।
গোবিন্দদাস কহই ভালে হেরলি
জানি হোএ পরমাদ ॥২॥৩০৬॥

ধানশ্রী।

কুলবতি করি কো বিহি নিরমাওল
ঘর বাহিরে পরবাস।
করতলে জীবন করি পহুঁ মীললুঁ
বিদগধ নাগর পাশ ॥
সজনী বিহি পুন সাধল বাদ।
যামিনী কোটি কলপ নাহি সিরজিল
না পূরল মনসাধ ॥
পাপ দিবাকর সপদি উদয় ভেল
শঙ্কাতঙ্কিত দেহ।

গাঠক রতন জলধিজলে ডারলুঁ
তেজলুঁ অছু নব লেহ ॥
পুন যদি মাধব- দরশন পাওব
পূরব মনসিজ সাধ।
হৃদয় উপরে ধরি ভুজ-বন্ধন করি
না ছোড়ব তিল আধ ॥
তব করে জীবন যৌবন সোপলুঁ
আনি মিলাওবি নাহ।
দীনবন্ধু বলে দেওব করতলে
গগনচান্দ যদি চাহ ॥৩॥৩০৭॥

ধানশ্রী।

তুহুঁ যদি সুন্দরি ভেঠবি কাহ্নু।
মঝু উপদেশ করহ অবধান ॥
ছল করি গজগামিনি চলু কুঞ্জ।
তাহিঁ মিলাওব গোকুলচন্দ্র ॥
সো অতি বিদগধ রসময় নাহ।
অবহি মিলাওব ধরি তছু বাহ ॥
শুনইতে সুন্দরি উলসিত ভেল।
মোতিমদাম দূতিগলে দেল ॥
টুটল দারুণ বিরহ বিষাদ।
দীনবন্ধু পহু পূরল সাধ ॥৪॥৩০৮॥

ধানশ্রী।

সহচরি-করে ধরি বিদগধ নাগরি
জটিলামন্দির গেল।
গৌরি আরাধন ছল করি সুন্দরি
ঘর সঞে বাহির ভেল ॥
হরি হরি কো কহু চাতুরি তার।
মীছ বচন বলি জগজন বাঁচল
দিনহিঁ কয়ল অভিসার ॥

বনে বনে আসি কুঞ্জ পরবেশল
গাথল চম্পকমাল।
নব কিশলয়দলে শেজ বিছাওল
রতিরস করিতে বিথার ॥
চৌদিগে চকিত- নয়নে পথ হেরই
নাগর মনে করি রাধা।
দীনবন্ধু চলু কাহ্নু সম্বাদিতে
পুরইতে ধনিমনসাধা ॥৫॥৩০৯॥

কানড়।

চলল দূতি কুঞ্জর জিতি
মন্থর-গতিগামিনী।
খঞ্জন দিঠি অঞ্জন মিঠি
চঞ্চল মতি চাহনী ॥
জঙ্গল তট পন্থ নিকট
আসি দেখিল গোপিনী।
গোপ সঙ্গে শ্যাম রঙ্গে
গোঠে কয়ল সাজনী ॥
না পাঞা বিরল আখি ছল ছল
ভাবিঞা আকুল গোপিকা।
নাহ রমণ- দরশন বিনু
কৈছে জীয়ব রাধিকা ॥
যামুন কুল চম্পক-মুল
তাঁহিঁ বসিল নাগরী।
দীনবন্ধু পড়ল ধন্দ
হইল বিপদ পাগলী ॥৬॥৩১০॥

ধানসী।

পুন পুন গোপি গোঠ-পথ হেরই
তরুতলে ঝাপই দেহ।
তৈখনে ক্ষণত- ভুর মধুমঙ্গল
রোখি চলত নিজ গেহ ॥

সহচরি মনে মনে করি অনুমান।
কবরি উতারি বিবিধ ফুল-মণ্ডিত
চূড়া করল বনান॥
কটিতটে ছান্দি বান্ধি নিজ অম্বর
করি মধুমঙ্গল সাজ।
বনে বনে বাহুড়ি গোকুল-পথ ধরি
মীলল গোঠসমাজ॥
মধুমঙ্গল ফিরি আওল বলি বলি
ঘেরল গোপ গোঁয়ার।
ছল চাতুরি করি মীলল সহচরি
কোই লখই নাহি পার॥
হঠ চাতুরি করি মুরহর করে ধরি
পদ দুই করল পয়ান।
শ্রুতিমূলে বদন দেই সমুঝাওল
রাইক মনসিজ কাম॥
কপট বেশ ধরি আওল সহচরি
জানল রসময় নাহ।
দীনবন্ধু মুখ হেরি পরম সুখ-
সাগরে করল বিগাহ॥৭॥৩১১॥

রাধিকা বনমাগত্য কৃতশয্যাবতিষ্ঠতি।
শ্রুত্বেতি দূতিকাবাক্যং তামালোকিতুমাগতঃ॥
—ইতি কস্যচিৎ।

ধানশ্রী।

মধুমঙ্গল বলি সহচরি-করে ধরি
সুচতুর নাগর কাহ্নু।
যমুনা জল অব- গাহন ছল করি
কাননে করল পয়ান॥
হরি হরি কি কহব রাই সোহাগ।
যাকর কুঞ্জ- গমন শুনি তেজল
সহচরগণ অনুরাগ॥

বনে বনে গমন করল বর নাগর
দূতিক পথ অনুসার।
চলইতে চরণ অথির গতি মন্থর
চরকি পড়ই কতবার॥
রাধাকুণ্ড- কুঞ্জ পরবেশল
মীলল রাইক পাশ।
সহচরি সহজ সাজ করি পূরল
দীনবন্ধু অভিলাষ॥৮॥৩১২॥

প্রাচীনৈঃ,—
বাচা সূচিতশর্ব্বরী রতিকলাপ্রাগল্ভ্যয়া রাধিকাং
ব্রীড়াকুঞ্চিতলোচনাং বিরচয়ন্নগ্রে সখীনামসৌ।
তদ্বক্ষোরুহচিত্রকেলিমকরীপাণ্ডিত্যপারং গতঃ
কৈশোরং সফলীকরোতি কলয়ন্ কুঞ্জে বিহারং হরিঃ

আন ছলে আন পথে গমন করল দুহুঁ
সখিগণ বৈঠল কুঞ্জে।
সরস রসাল নূতন নব পল্লব
বিকশিত ফলফুল-পুঞ্জে॥
বহু জন মীলন ভেল।
রসময় রসিক রমণ-রসে নাগরি
বহুবিধ কৌতুক কেল॥
মদনমহোদধি- নিমগন দুহুঁ জন
ভুজে ভুজে বন্ধন ছান্দ।
তরুণ তমাল কনক লতাবলি
নব জলধরে কিএ ঝাপল চান্দ॥
দৃঢ় পরিরম্ভণ- মগন রহু দুহুঁ জন
ঘাম-বিন্দু মুখ সুন্দর জোতি।

গোবিন্দদাস-পহুঁ রতিজয়-পণ্ডিত
যৈছে জলদে বিথারল মোতি ॥৯॥৩১৩॥

ধানসী।

পহুঁ নিজ কাজে চলল নব রঙ্গিনী
সঙ্গিনি সখিগণ মেল।
বিদগধ নাহ গোঠ পরবেশল
সহচর জয় জয় দেল ॥
কানাই তুহুঁ পাগল অনুমানী।
ঘোর গহন ইথি একলি নিতি নিতি
কী ফল পৈঠহ জানী ॥
শ্যামর সকল অঙ্গ ভেল ঝামর
লাগল কণ্টক আচোর।
চিরদিন পুণ্য- পুঞ্জ ফলে অব জনি
জীবন বাচল তোর ॥
তুয়া বিনে কাতর অবশ কলেবর
নয়ন আন্ধাওল মোর।
সহচর মেলি কহত হরি হাসত
দীনবন্ধু-পহুঁ ভোর ॥১০॥৩১৪॥

ভাল শোভা ময়ূরের পাখে।
চূড়াএ বকুলমাল অলি লাখে লাখে ॥
নিবারিতে নারে কেহো নিজ করশাখে।
শ্রীদাম করে পাদসেবা সুবল ধেনু রাখে ॥
পত্রে ছত্র করি ধরে ভাইয়া বলরাম।
বসনে বীজন করে প্রিয় বসুদাম ॥
কেহো নাচে কেহো গায় কানাই বলি ডাকে
অনিমিখ হঞা কেহ চান্দমুখ দেখে ॥
ধবলী শামলী রহে মুখ পানে চাঞা।
মন্দ মন্দ বাএ কানাইর উড়িছে বরিহা ॥
কেহো জল কেহো ফল আনিঞা যোগায়।
বসু রামানন্দদাস অনুগত চায় ॥১১॥৩১৫॥

শ্রীগোবিন্দলীলামৃতে,—

তান্ বীক্ষ্য কৃষ্ণঃ কৃপয়ার্দ্রচিত্তঃ
তৈস্তৈর্বিহারৈশ্চ মিথো নিযুদ্ধৈঃ
শ্রান্তান্ ক্ষুধার্তানথ ভোক্তুমিচ্ছু-
ন্নিয়েষ সংভোজয়িতুং বয়স্যান্ ॥

ধানশ্রী।

গিরিবর নিকট হেরি যমুনাতট
অম্বুজনেত্র বিশাল।
নূতন তৃণ হেরি হেরি সব সুন্দর
চঞ্চলচীত গোপাল ॥
গোপাল ডাকে আয় রে আয় ধবলি।
গো সুত হার গলে বলমালা
কান্ধে রে কয়লী ॥
অভিনব গোসুত বাম কোরে করি
গোবিন্দ আগে চলি যায়।
পাছে পাছে তছু মাতা উনমত
হাম্বা রব করি ধায় ॥
শ্রীদাম সুদাম সুবল মহাবল
আনন্দে শিশু সব ধায়।
আয় আয় বলি ডাকে বাহু তুলি
শ্যামদাস গুণ গায় ॥১২॥৩১৬॥

শ্রীগোবিন্দলীলামৃতে,—

উপপুলিনমথাসৌ তাংস্তদন্নং বয়স্যান্
দধিমথিতরসালাসন্ধিতাম্রাদিযুক্তম্।
স্বয়মপি চ সমশ্নন্ স্বাদয়ন্ হাসয়ংশ্চ
স্মিতভিত উপবিষ্টান্ ভোজয়ামাস কৃষ্ণঃ

ধানশ্রী।

অভিনব মদন সুহৃদ সব বালক
বেঢ়ি বৈঠল চারু পাশ।
ভোজন-রঙ্গী সঙ্গি সব বালক
কি কহব হাস পরিহাস॥
চরণে লম্বিত পীত ধড়ার অঞ্চল
জঠর-পটে বেণু সাজে।
শিঙ্গা বেত্র কক্ষতলে শোভিত
দধি ওদন করমাঝে॥
ভোজন রস কর পঞ্চম অঙ্গুলি
গলএ নবনীক ধার।
অখিলক নাথ সাথ ব্রজবালক
যমুনাপুলিনে বিহার॥
কেহো নবনীত অধরে তুলি দেওত
খাওত অতিশয় রঙ্গে।
কহে মথুরেশ দাস মন ডুবল
শ্যামরূপ-জলধি-তরঙ্গে ॥১৩॥৩১৭।

শ্রী ভাগবতে,—

সর্ব্বে মিথো দর্শয়ন্তঃ স্বস্বভোজ্যরুচিং পৃথক্
হসন্তো হাসয়ন্তশ্চাভ্যবজহ্রুঃ সহেশ্বরাঃ॥

অপরূপ ভোজন রঙ্গ।
ক্ষির সর ছেন নবনি ঘৃত মোদক
খাওত সহচর সঙ্গ॥
দাম শ্রীদাম সুবল মধুমঙ্গল
গোভট অর্জ্জুন নাম্।
কিংকিনি ভদ্র- সেন বল উজ্জ্বল
তোককৃষ্ণ বসুদাম॥
কবলিত আধ আধ পুন রাখত
অতিশয় সুমধুর জানি।
ধর ধর লেহ লেহ বলি বালক
বদনে যোগাওত আনি॥
শ্যামর অধরে দেই পুন সহচর
অধরামৃত করু পান।
শ্যামর সঙ্গ রঙ্গরস কৌতুক
দীনবন্ধু করু গান ॥১৪॥৩১৮॥

শ্রীগোবিন্দলীলামৃতে,—

পায়য়িত্বা জলং গাস্তাঃ শীতং স্বাদু সুনির্ম্মলং।
স্বয়ং গোপাঃ পপুঃ সস্নুঃ বিজহ্রুঃ সলিলে চিরম্॥

ভোজন করি অ- ঞ্জলি ভরি বালক
যমুনাজল করী পান।
গোধন সঙ্গে রঙ্গরস কৌতুকে
কাননে করল পয়ান॥
যাদব খেলত অপরূপ ছান্দে।
হারি হারি হরি কান্ধে চঢ়াওত
জিতি জিতি চাপই কান্ধে॥
ক্ষেণে করতালি দেই করি জয় জয়
নাচত গোকুলচন্দ্র।

ক্ষেণে পশু পাখি হেরি পহুঁ ধাওত
ধরইতে করি অনুবন্ধ ॥
কুঞ্জ-কুটীরে কবহুঁ তনু ঝাপই
কপট-কলহ করি কাহু।
সহচর বিপদ হেরি পহুঁ মীলই
দীনবন্ধু রস গান ॥১৫॥৩১৯॥

শ্রীভাগবতে,—
যদি দূরং গতঃ কৃষ্ণো বনশোভেক্ষণায় তং।
অহং পূর্ব্বমহং পূর্ব্বমিতি সংস্পৃশ্য রেমিরে ॥

শ্রীগোবিন্দলীলামৃতে,—
ইত্থং ক্রীড়ন্ সখিভিরখিলৈশ্চারয়ন্ গাঃ সমস্তাৎ
শ্রীগোবিন্দঃ প্রতিতরুতলং সঙ্করঞ্চাপরাহ্ণে।
বৃন্দারণ্যস্থিরচরগণান্নন্দয়িত্বা ব্রজস্থান্
স্বালোকেচ্ছূন্ সুখয়িতুমসৌ সংসরন্নুৎক আসীৎ

পাহিড়া।

শ্রীদাম সুদাম সুবল অরে ভাই।
বেলা অবসান হল্য চল ঘরে যাই ॥
পাল জড় করিঞা আনহ বসুদাম।
অবিলম্বে নিজ ঘরে করহ পয়ান ॥
বিলম্ব হইলে ভাই এই দূর বনে।
যশোমতী নন্দ ঘোষ মরিবে পরানে ॥
বিহানে জননী মোরে বন পাঠাইঞা।
সেই হত্যে আছে রাণী পথ পানে চাঞা ॥
ঘন ঘন শিঙ্গারব কর বলরাম।
শুনিঞা মায়ের যেন জুড়াএ পরান ॥
শ্রীনন্দকিশোর কহে বিনতি করিঞা।
দিবানিশি কান্দে প্রাণ মায়ের লাগিঞা ॥১৬॥৩২০॥

কশ্চিৎ,—
বনে যানীহ দুঃখানি বক্তব্যানি ন মাতরি।
যতঃ শ্রুত্বা ন সাহরণ্যে পুনস্তামর্পয়িষ্যতি ॥

ধানশ্রী।

গোধূলি-ধূসর শ্যাম কলেবর
আতপে ঘাম্যাছে মুখ।
বনে হারাইঞা কান্দিঞা কান্দিঞা
পাঞাছ অনেক দুখ ॥
কানাই না কয়া মায়ের কাছে।
শুনি যশোমতী তোরে নিতি নিতি
বনে না পাঠাএ পাছে ॥
ধবলীর সনে ধাইতে গহনে
চরণে লাগিল বেথা।
মরিবে জননী বল যদি তুমি
এ সব দুখের কথা ॥
ঘরে গেলে রাণী বনের কাহিনী
সুধাইবে বারে বারে।
দীনবন্ধু ভণে মনের ভরমে
দুঃখ না কহিয় তারে ॥১৭॥৩২১॥

কিঞ্চিন্ন দুঃখং গহনে যুষ্মাকং সঙ্গরঙ্গতঃ।
সুখমেকমুখেনাহং কিং বদিষ্যামি বান্ধবাঃ

বনে যত দুখ সেহো মোর সুখ
তোমা সভাকার সনে।
তোমার পিরিতি আদর আরতি
তেইঁ সে আসিএ বনে॥
ভাই প্রেমের অধীন আমি।
নিতি নিতি যাঞা মায়েরে কহিঞা
গোঠেরে আনিহ তুমি॥
আমি মনে মনে শয়নে সপনে
এ বড় বিপদ মানি।
আমারে ছাড়িঞা পাছে ধেনু লঞা
গোঠেরে আস্যহ জানি॥
তোমা সভা লঞা বনে বেড়াইঞা
যত সুখ মোর হয়।
দীনবন্ধু বলে শত মুখ হলো
তবহুঁ কহিল নয়॥১৮॥৩২২॥

শ্রীগোবিন্দলীলামৃতে,—

ধেনুবৃন্দমনু মন্দময়ন্তং
বেণুগীতমমৃতং বিসৃজন্তম্।
রেণুরূষিতচলালকবন্তং
কে নু বীক্ষ্য সময়ুর্ন মুদং তম্

কামোদ।

গোধন সঙ্গে রঙ্গে ব্রজবালক
গোকুল করল পয়ান।
জয় জয় মুরলি শিঙ্গারব ঘন ঘন
বাজত বেণু নিশান॥
গোঠে আওত ব্রজরাজ।
গগন উপেখি চান্দ চলি যাওত
যেন গোকুল পুরমাঝ॥
ধূলি-ধূসর তনু মণিময় অভরণ
মালতি-মণ্ডিত কেশ।
ঝলমল অলক তিলক শিখিচন্দ্রক
মদন-মনোহর বেশ॥
হরিমুখ হেরি হরখি সব সহচর
রসভরে দেওই কোর।
গহন উপেখি চলল বর নাগর
গাওত নন্দকিশোর॥১৯॥৩২৩॥

শ্রীগোবিন্দলীলামৃতে,—

বংশীনাদামৃতমুচি গবাং ধূলিজালাভ্রমালে
হাম্বারাবস্তনিতবলিতে শ্রীহরেরাগমাখ্যে।
প্রাবৃট্কালেঽভ্যুদয়তি মুদা সর্ব্বতশ্চোন্মুখীয়ং
প্রোদ্যত্তৃষ্ণা ব্রজজনততিশ্চাতকাল্যভ্যুপেতা॥

গৌরী।

গোখুর-ধূলি উছলি ভরু অম্বর
ঘন হাম্বারব হৈ হৈ রাব।
বেণু বিষাণ নিশান সমাকুল
সঙ্গে রঙ্গে কত সহচর ধাব॥
বনতে গিরিধর ঘর আওএ।
জলদ হেরি জনু তৃষিত চাতকী
ব্রজরমণীগণ মঙ্গল গাওএ॥
কুটিল অলককুল গোরজ-মণ্ডিত
বর্হামুকুট মনোহর ছান্দ।
বিপিনবেহার করি ঘর আওত
ঝামরু নিল উতপল চান্দ॥
সরস কপোলে দোলত মণিকুণ্ডল
গণ্ডযুগল উজিয়ার।

গোবিন্দদাস-পহুঁ জগমনমোহন
হেরইতে জগ ভরি মদন বিথার ॥২০॥৩২৪॥

— —— —

শ্রীগোবিন্দলীলামৃতে,—

কুন্দবল্যথ তাং রাধাং স্বয়ং ব্যগ্রাপ্যচেতনাং।
আদায়ায়াৎ ব্রজং যত্নাদ্বিচিত্তৈস্তৎসখীজনৈঃ ॥

——— —

ইতি শ্রীরাধাকৃষ্ণসংকীর্ত্তনামৃতে পূর্ব্বখণ্ডে শ্রীমত্যা শ্রীরসোদ্গারপূর্ব্বকোৎকণ্ঠা-কুন্দদূতীদ্বারা গৃহে কৃষ্ণসম্মীলন এবং দূতীকুন্দমধুমঙ্গলবেশা গোষ্ঠে কৃষ্ণসম্ভাষপূর্ব্বকানয়নবাসকসজ্জাকৃত-রাধা সহ কৃষ্ণমিলনং কুন্দবতী তেন সম্ভোগানন্তরং শ্রীকৃষ্ণস্য পুনর্ব্বনগমন-সহচর-সম্বাদ-পুলিন ভোজন-গৃহাগমনোৎকবচনরচন-গৃহাগমনং নাম ত্রয়োদশঃ পরিচ্ছেদঃ ॥

ইত্যেকদিবসীয়া লীলা ॥

————

অথ সন্ধ্যাবধিরাত্রিলীলা।
তত্র শ্রীরাধয়া শ্রীকৃষ্ণস্য রূপং বর্ণিতং।
তত্রাদৌ গৌরচন্দ্রঃ।

কস্যচিৎ,—

শচীসুতস্যাঙ্গমনঙ্গনিন্দিতং
পতিব্রতানাং ব্রতভঙ্গপণ্ডিতং।
অহো বিধাত্রা সুষমাতিমণ্ডিতং
স্বশিল্পিনৈপুণ্যমিদং প্রকাশিতম্ ॥

ধানশী।

তপত কাঞ্চন- কান্তি কলেবর
উন্নত ভাউঁর ভঙ্গী।
করিবরকর জিনি বাহুর সুবলনী
বিহি গঢ়ল বহু রঙ্গী ॥
গোরারূপ জগ-মনোহারি।
আপন বৈদগধি বিধাতা প্রকাশিত
বধিতে কুলবতী নারী ॥
আপাদ মস্তক পুলকে পূর্ণিত
প্রেমে ছল ছল আঁখি।
আপন গুণ শুনি আপনি রোয়ত
হেরি কান্দএ পশু পাখি ॥
চান্দ চন্দ্রিকা কুমুদ মল্লিকা
জিনিঞা মৃদু মৃদু হাস।
মধুর বচনে অমিয়া সিচনে
নিছনি গোবিন্দদাস ॥১॥৩২৫॥

————

কস্যচিৎ,—

কৃষ্ণাননবিধুং দৃষ্ট্বা চকোরী বৃষভানুজা।
কষ্টাৎ স্বগৃহমাগত্য বিললাপ সুধীয়তী ॥
সখি কৃষ্ণাননং সুষ্ঠু চলন্মকরকুণ্ডলং।
দৃগঞ্চলনিপাতেন কামিনীনাং মনো হৃতম্ ॥

ইতি কস্যচিৎ।

কামোদ।

ও মুখ-মণ্ডল জিতি শরদ সুধাকর
তনুরুচি তরুণ তমাল।
চূড়া চারু শিখণ্ডক মণ্ডিত
মালতী মধুকর মাল ॥
ধনি ধনি নব নাগরবর কানু।
রহই ত্রিভঙ্গ ভুবন-মনমোহন
মধুর মুরলী করু গান ॥
ঢল ঢল অলক তিলক ঝলমলকই
ভাউঁকি ধনুয়া ধুনান।

কুলবতি বরত- বিমোচন লোচন
বিষম কুসুম-শরবাণ ॥
বান্ধুলী বন্ধু অধর মধু মাখল
মধুর মধুর মৃদু হাস।
যছু আমোদে মদন মদ মন্থর
গাওত গোবিন্দদাস ॥২॥৩২৬॥

শ্রীগোবিন্দলীলামৃতে,—
নদজ্জলদঘনধ্বনিশ্রবণকর্ষিসৎসিঞ্জিতঃ
সনর্ম্মরসসূচকাক্ষরপদার্থভঙ্গ্যুক্তিকঃ।
রমাদিকবরাঙ্গনাহৃদয়হারিবংশীকলঃ
স মে মদনমোহনঃ সখি তনোতি কর্ণস্পৃহাম্।

ইমন কল্যাণ।

সজনী কি মধুর মুরলীর গান।
শুনিয়া আনন্দভরে মৃত তরু মঞ্জরে
যমুনা বহই উজান ॥
হরিণ হরিণী শুনি মধুর মুরলী ধ্বনি
পুলকে পুরএ সব অঙ্গ।
ময়ুর ময়ূরী নাচে আসিঞা শ্যামের কাছে
পবন ডাড়াঞা দেখে রঙ্গ ॥
শারী শুক পিক যত তারা সব পুলকিত
দরবে কঠিন দারু শিলা।
হেন মুরলীর স্বরে কেমনে ধৈরয ধরে
কুলবতী যুবতী অবলা ॥
শুন শুন আগো সই তোমারে মরম কই
পরান সোপিব শ্যামচান্দে।
দীনবন্ধু দাস বলে যখনি দেখ্যাছি তারে
সেই হত্যে প্রাণ মোর কান্দে ॥ ৩ ॥৩২৭॥

বিদগ্ধমাধবে,—
রুন্ধন্নম্বুভৃতশ্চমৎকৃতিপরং কুর্ব্বন্ মুহুস্তুম্বুরুং
ধ্যানাদন্তরয়ন্ সনন্দনমুখান্ বিস্মারয়ন্ বেধসম্।
ঔৎসুক্যাবলিভির্ব্বলিং চটুলয়ন্ ভোগীন্দ্রমাঘূর্ণয়ন্
ভিন্দন্নণ্ডকটাহভিত্তিমভিতো বভ্রাম বংশীধ্বনিঃ ॥

ইমন কল্যাণ রাগ।

বংশী আর বাব বাজিছে বনে।
শুনি মোর মন করে উচাটন
ভেটিব শ্যামের সনে ॥
অবুধ মুরলী রাধা রাধা বলি
বিপিনে সদাই বাজে।
গুরু গরবিত করিলে বেকত
শুনিঞা মরিএ লাজে ॥
খলের বদনে থাকিঞা যতনে
মধুর মধুর গায়।
হাসিতে হাসিতে কুলের সহিতে
পরান লইতে চায় ॥
আমি চিরদিন পরের অধীন
জানিঞা না জানে বাঁশী।
দীনবন্ধু ভণে চল সখী বনে
নিষেধ করিঞা আসি ॥ ৪ ॥ ৩২৮

শ্রীগোবিন্দলীলামৃতে,—
মুরলীনাদাদুত্থিতমদনা
গদ্গদগদনা ব্রজবিধুবদনাঃ।
সুশিখররদনাঃ শ্লথিতচ্ছদনা
যযুরপকদনাঃ সদনাৎ সদনাৎ ॥

শুনিঞা মধুর মুরলীতান
সহিল নহিল রসের প্রাণ
অন্তরে ভেদল মদন-বাণ
চলল নিকুঞ্জ মাঝে রে।
অঙ্গে পহিরল জলদবাস
বিধির অবধি লাস বিলাস
মধুর মধুর কোমল হাস
কঙ্কন কিঙ্কিনী বাজে রে ॥
চাচর চিকুরে কবরী রাজ
রতন-জড়িত খোপার সাজ
কুন্দ কনয় মাঝহিঁ মাঝ
মল্লিকা মালতী ঘেরিঞা।
জিনি সরোরুহ চরণদ্বন্দ্ব
নখমণি তাহে বিধুকে নিন্দ
রসের আবেশে গমন মন্দ
মদন কান্দএ হেরিঞা ॥
রচিঞা মঙ্গলকেলি সুসাজ
চৌদিগে বেড়িঞা নাগরিরাজ
প্রবেশ করল নিকুঞ্জ মাঝ
মিলল তহিঁ শ্যামরায় রে।
নয়নে নয়নে মীলল কান্দ
উপজল কত রসের বান
ও রসসায়রে গোবিন্দ ডুবল
কি দিব উপমা তায় রে ॥৫॥৩২৯॥

শ্রীগোবিন্দলীলামৃতে,—

মধ্যে নভঃসংমিলনেপ্যলূনৈ-
র্জবাৎ প্রবিষ্টৈর্হৃদয়ে মিথস্তৌ।
কটাক্ষবাণৈরপি মোদমাপ্তৌ
প্রেম্নো বিচিত্রা হি গতির্দ্দুরূহা ॥

তুড়ি।

দুহুঁ মুখ দরশনে দুহুঁ ভেল ভোর।
দুহুঁক নয়নে বহে আনন্দলোর ॥
দুহুঁ তনু পুলকিত গদ গদ ভাষ।
ঈষদবলোকনে লহু লহু হাস ॥
ললিতা বিশাখা আদি যত সখীগণ।
আনন্দে মগন ভেল দেখি দুই জন ॥
নিকুঞ্জ মন্দির মাঝে কেলিবিলাস।
দুরহিঁ দুরে রহু নরোত্তম দাস ॥৬॥৩৩০॥

বিদগ্ধমাধবে,—

যা নির্ম্মাতি নিকেতকর্ম্মরচনারম্ভে করস্তম্ভনং
রাত্রৌ হন্ত করোতি কর্ণবিধিং যা পত্যুরঙ্কাদপি।
গৌরীণাং কুরুতে গুরোরপি পুরো যা নীবিবিধ্বংসনং
ধূর্ত্তা গোকুলমঙ্গলস্য মুরলী সেয়ং মমাভূদ্বশা ॥

শ্যাম সুই।

শ্রমজলে ভীজল দুহুক শরীর।
তনু তনু লাগল পাতল চীর ॥
পুরল মনোরথ বৈঠল তাই।
বসন ঢুলাওত বিনোদিনী রাই ॥
করসে মুরলী যতনে চোরাই।
রসবতি রাখল আচরে ছাপাই ॥
পল এক জাগি বৈঠল পীতবাস।
জল সেবন করু গোবিন্দ দাস ॥৭॥৩৩১॥

সখি মুরলি বিশালচ্ছিদ্রজালেন পূর্ণা
লঘুরতিকঠিনা ত্বং নীরসা গ্রন্থিলাসি।
তদপি ভজসি শশ্বচ্চুম্বনানন্দসান্দ্রং
হরিকরপরিরম্ভং কেন পুণ্যোদয়েন॥

পঠমঞ্জরী।

সখীজনে পুছত বারহিঁ বার।
কোন চোরাওল মুরলী হামার॥
মধুর মধুর কহে বিনোদিনী রাই।
কাহাঁ তুহুঁ ছোড়ি কওল পঞে ঠাই॥
অব তুহুঁ কৈছন করব উপায়।
সরবস ধন তুয়া কওন চোরায়॥
কাতর নয়নে নেহারএ কানু।
সখীগণ মোহে মুরলি দিল আন॥
কবহিঁ মুরলী কুঞ্জগৃহমাঝ।
গোবিন্দদাসপহুঁ যুবতি সমাঝ॥৮॥৩৩২॥

শ্রীগোবিন্দলীলামৃতে,—

আবৃত্য বক্ত্রং বসনাঞ্চলেন তৎ
মাধ্বীকমাঘ্রায় সকৃৎ সুধামুখী।
নিজাধরস্পর্শসুবাসিতীকৃতং
সমর্পয়ামাস করে প্রিয়স্য সা॥
প্রিয়াটবীবৃক্ষলতোদ্ভবং প্রিয়ং
প্রিয়াধরস্পর্শসুসৌরভং মধু।
নিজপ্রিয়ালীপরিহাসবাসিতং
প্রিয়ার্পিতং সস্পৃহমাপপৌ প্রিয়ঃ॥

———

ধানসী।

কুল ভয় লাজ নিবারণ করইতে
সঙ্গিনি রঙ্গিনি মেল।

মধু মদিরা করি রতন-ঝারি ভরি
রাই বদনে ধরি দেল॥
সুন্দরি পান করল মধু জানি।
আদরে নাহ- বদনে পুন দেওল
সুধই সুধাসম মানি॥
পুন পুন পান করত পুন দেওত
সহচরিগণ মুখচান্দে।
সহজই মদন- মদাকুল মধুমদ
পান করত কত ছান্দে॥
পিবি পিবি সহচরি নাগর নাগরি
মাতল মদ উনমাদে।
দীনবন্ধু কিছু বুঝই না পারই
কি কহই গদগদ বাদে॥৯॥৩৩৩॥

লীলামৃতে,—

স্খলিতবসনভূষাদাঙ্গসংভালনং যৎ
স্ফুটহসিতমকাণ্ডেহপ্রশ্নপূর্বোত্তরঞ্চ।
প্রলপিতমনিদানং চোত্থিতং বল্লবীনাং
প্রথয়তি মদমত্তর্ব্বারুণীপানজং তৎ॥

তথা রাগ

মধুমদিরামদ রঙ্গিনি ভোর।
মাতল গরবে নাহ করি কোর॥
বিগলিত কুন্তল অঞ্চল বাস।
গদগদ ভাষিত খল খল হাস॥
কুচ পর ধরি মধুসূদন-হাথ।
নহি নহি বোলি ঢুলাওই মাথ॥
অঙ্গ হেলাহেলি চলই না পার।
ঢলি ঢলি অবনি পড়ই কত বার

সহচরি হেরি দেই করতালি।
বাওত কোই কহত ভালি ভালি॥
নাচত নটিনী সঙ্গে নটরাজ।
গাওত দীনবন্ধু সখি মাঝ॥১০॥৩৩৪॥

শ্রীগোবিন্দলীলামৃতে,—

নিধুবনমনুপূর্ব্বং যৎ প্রিয়েণ প্রিয়াণাং
স্খলনময়নবাসঃকেশবাচাং বিধেয়ম্।
মধুমদ ইহ কুর্ব্বংস্তদ্‌বধূনাম‌্‌ষা-
মকুরুত মুরশত্রোঃ প্রীতসাহায্যমস্য॥

সিন্ধুড়া।

সহজই মদন- মদাকুল তহিঁ পুন
মধুমদিরা উনমাদে।
বিগলিত চোলি খোলি কুচকঞ্চুক
বিহরই রতিরস সাধে॥
কো কহু অপরূপ রঙ্গ।
নাগরি সঙ্গে রঙ্গে বর নাগর
কত কত রস পরসঙ্গ॥
মাধব মত্ত মতঙ্গজ মাধবি
মদ-করিণীগণ মেলি।
করে কর জোড়ি ভোরি তনু মোড়ই
করই কলহ সম কেলি॥
রতি-রস আলসে অবশ কলেবর
ঘূর্ণিত লোচন জোর।
নিজ নিজ বসন শেজ করি শূতল
গাওল নন্দকিশোর॥১১॥৩৩৫॥

ভূপালী।

নিশি অবশেষ কোকিল ঘন কুহরই
জাগল রসবতী রাই।
বানরী-নাদে চমকি উঠি বৈঠল
তুরিতহিঁ শ্যাম জাগাই॥
শুন নব নাগর কাহ্ন।
সত্বরে বেশ বনাহ যতন করি
যামিনী ভেল অবসান॥
শারী শুক কপোত কীর ঘন কুহরই
ময়ূর ময়ূরী করু নাদ।
নগরক লোক জাগি যব বৈঠব
তবহি পড়ব পরমাদ॥
গুরুজন পুরজন নোনদী দুরজন
তুহু কি না জান উ রীত।
গোবিন্দদাস কহে উঠি চলু সুন্দরি
বিঘটব কাহ্নক প্রীত॥১২॥৩৩৬॥

ললিত গড়া।

হরি নিজ আঁচরে রাই-মুখ মোছই
কুঙ্কুমে তনু পুন মাজি।
অলক তিলক দেই শীথ বনাওল
চিকুরে কবরী পুন সাজি॥
সিন্দুর দেওল শীথে।
কতহিঁ যতন করি উর পর লেখই
মৃগমদ চিত্রক পাতে॥
নয়নহি অঞ্জন কয়ল সুরঞ্জন
চিবুকহিঁ মৃগমদবিন্দু।
চরণ-কমলপর যাবক লেপন
কি কহব দাস গোবিন্দ॥১৩॥৩৩৭॥

তথা রাগ।

মণিমঞ্জির ধনী- চরণে পরাওল
উরপর দেওল হার।
তাম্বুল সাজি বদনে পুরি দেওল
নিউছএ তনু আপনার॥
এত রূপে সাজি বদন নেহারই
পদে পড়ি বারহি বার।
ঢর ঢর লোর ঢরকি বহে লোচনে
নিজ তনু নহে আপনার॥
বিনোদিনী কোরে আগোরল কানু।
দেহ বিদায় যাই নিজ মন্দিরে
দিনকর করব পয়ান॥
কানুক চীত থীর করি সুন্দরি
কুঞ্জহিঁ গমন কএল।
বসনহিঁ ঝাপি বারি মণি-মঞ্জির
নিজ মন্দির চলি গেল॥
রতন-শেজ পর বৈঠল রসবতী
ফুকরই সখীগণ চাই।
রজনী পোহায়ল গুরুজন জাগল
গোবিন্দদাস বলি জাই॥১৪॥৩৩৮॥

ইতি শ্রীরাধাকৃষ্ণসঙ্কীর্ত্তনামৃতে পূর্ব্বখণ্ডে শ্রীমত্যাঃ শ্রীকৃষ্ণমুরলী-শ্রবণ-জন্মোৎকণ্ঠরাভিসার-দর্শন-সম্ভোগ মুরলীহরণানন্তর-মুরলী-দান-মধুভক্ষণ-গান-নর্ত্তন-শয়ন-জাগরণ-নিজগৃহ-গমনপর্য্যন্ত-সংগ্রহঃ চতুর্দ্দশঃ পরিচ্ছেদঃ।

ইত্যেকরাত্রলীলা।

অথ প্রাতঃকালে শ্রীমত্যা রসোদ্গারস্ত্রয়োদশ-পরিচ্ছেদে দ্রষ্টব্যঃ॥

ততঃ প্রকারান্তরং লিখ্যতে॥

শ্রীগোবিন্দলীলামৃতে,—

ফুল্লাক্ষিপদ্মাতিজবা সুসংভ্রমা
প্রীত্যম্বুবৃষ্ট্যোধিতসর্ব্বতোমুখা।
বৃন্দাদিবালাস্তজনাবলীসরিৎ
ব্রজাচলাৎ কৃষ্ণসমুদ্রমাযযৌ॥

ধানসী।

রসকথা কহে ধনি পুলকিত তনু।
হেন বেলায় গোঠেরে সাজিল রাম কানু॥
শিঙ্গা বেণুরব ধনীর প্রবেশিল কানে।
চকিত হরিণী যৈছে চাহে চারি পানে॥
ছল করি বাহির হইঞা সখী সঙ্গে।
অনিমিখে চান্দমুখ নেহারই রঙ্গে॥
রসের আবেশে কুলভয় তেয়াগিয়া।
দেখাইছে বিনোদিনী অঙ্গুলি বাড়াঞা॥
প্রিয় সুবলের অঙ্গে অঙ্গ হেলাইঞা।
অই যায় প্রাণনাথ নাচিঞা নাচিঞা॥
হাসিতে হাসিতে চাহে নয়নের কোণে।
দীনবন্ধু দাস কহে লাগিল মরমে॥১॥৩৩৯॥

শ্রীগোবিন্দলীলামৃতে,—

সৌরভ্যলুব্ধা তৃষিতোচ্ছলন্তী
স্ত্রীবাত্যয়া বংভ্রমিতাভিতোপি।
নেত্রালিপঙ্ক্তির্ব্রজসুন্দরীণাং
হরেঃ পপাতৈব মুখারবিন্দে॥

ধানসী।

গোধন সঙ্গে রঙ্গে ব্রজবালক
গোঠবিজই নটরাজ।
জয় জয় নাদ করত সব কুলবতি
পরিহরি কুলভয় লাজ॥

সজনী মঝু মনে লাগই সাধ।
করে ধরি কাহ্নু আনি নিজ মন্দিরে
গোঠ-গমন করি বাদ॥
ব্রজপতি-দম্পতি বড়ই কঠিন-মতি
গোকুল গোপ গোয়াঁর।
কাননে চলইতে অনুমতি দেওল
কে জানে কেমন মন তার॥
কোমল পদতল কুচপর ধরইতে
পদবেদন-ভয় মানি।
সো পুন কাননে কৈছনে ধাওব
দীনবন্ধু কহ জানি॥২॥৩৪০॥

কস্যচিৎ,—

নবানুরাগং পরিহৃত্য মাধবঃ
প্রিয়ো বিদগ্ধোপি বনং প্রয়াতি নঃ।
ইদং মহাশ্চর্য্যমতীব হে সখি
তমদ্য বা কোপি নিবেদয়িষ্যতি॥

তনু তনু লাগি জাগি নিশি বঞ্চই
তহিঁ পুন বিঘটন মানি।
দীপ জারি মঝু বদন নেহারই
সো পুন বিছুরল জানি॥
সজনী মঝু মনে লাগএ ধন্দ।
নব নব লেহ কৈছে অব তেজল
বিদগধ গোকুলচন্দ্র॥
মঝু মুখ হেরি ফেরি পুন ধাওল
নবিন পিরিতি করি বাদ।
না জানিএ কোন গহন পরবেশল
অবহিঁ পড়ল পরমাদ॥
মাইক অচল প্রেম পহুঁ বারল
সাজল বন দুরদেশ।
কো পুন সাধি কাহ্নু বাহুড়াওব
গণি গণি পাজর শেষ॥
বিরহ বেয়াধি সহই নাহি পারিএ
অব জীবন জরি যায়।
সহচরি দীন- বন্ধু কহ কৈছনে
মীলব শ্যামর রায়॥৩॥৩৪১॥

সুহই।

অরুণ উদয়-কালে ব্রজশিশু আসি মিলে
বিপিন পয়ান প্রাণনাথ।
এক দিঠে গুরুজনে আর দিঠে পথ পানে
চাহিতে পরান করি হাথ॥
সজনী না জানি কি হব প্রেম লাগি।
কঠিন পিরিতি পর- বোধ না মানই
কত চিতে নিবারিব আগি॥
একে কুল-কামিনী আর নব যৌবনী
আর তাহে কাহ্নুর সোহাগ।
এত রস আদর বাদ করল বিধি
কুলবতি কেমন অভাগ॥
ঘরে গুরু-গঞ্জন হৃদয়-বিদারণ
উড়ুপুড়ু সদা করে চীত।
জ্ঞানদাস কহ অন্তর দহ দহ
বিষাধিক বিষম পিরিত॥৪॥৩৪২॥

শ্রী।

সহচরি-করপ- ল্লব ধরি সুন্দরি
কহতহিঁ গদ গদ ভাষ।
নাগর দরশ পরশ-রস লালসে
জীবন পড়ল নিরাশ॥

সজনী বহুত মিনতি করি তোয়।
ছল করি গুরুজন- মন্দির পরিহরি
নাহ মিলাওবি মোয়॥
নব নব গোপ সঙ্গে যতুনন্দন
করতহিঁ গোঠ-বিহার।
বিরহ-বেয়াধি সহই নাহি পারিএ
তাহি করহ অভিসার॥
আধ পলক যদি করহ বিলম্বন
তবহিঁ মরব তুয়া আগে।
সহচরি দীন- বন্ধু শুনি সাজল
রাই সঙ্গে অনুরাগে॥৫॥৩৪৩॥

———

দঢ় অনুমানি চতুর সব সহচরি
জটিলা-মন্দির গেল।
গোরস লেই রাই চলু মধুপুর
শুনইতে অনুমতি দেল॥
ইত্যাদি দানলৌকাখণ্ড-গৃহাগমনপর্য্যন্ত সমস্ত দিবসীয়-
লীলা একাদশপরিচ্ছেদে দ্রষ্টব্যা॥

অথবা প্রকারান্তরং।

সহচরি মেলি কয়ল অনুমান।
ফাগুন ফাগু দিবস অব জান॥
ঐছন ছল করি করি অব সাজ।
মীলব কুঞ্জে রসিক নটরাজ॥
এত অনুমানি কয়ল পহুঁ বেশ।
কানড় ছান্দে বান্ধাওল কেশ॥
জয় জয়কার করই সখি মেলি।
সাজল হোরি রভস রস-কেলি॥
সহচরি ফাগু লাগাওল অঙ্গ।
সাজল সখিগণ রসবতি সঙ্গ॥

নন্দকিশোর-চরণ করি আশ।
সঙ্গে চলল পহুঁ দীনবন্ধু দাস॥ ৬॥ ৩৪৪॥

আবির চন্দন আতর কুঙ্কুম
প্রিয় সহচরিগণ সাথে।
জয় জয় দেই চলল নব রঙ্গিনী
বীজই ফুলধনু হাথে॥
সুন্দরি হোরি খেলত বহু রঙ্গে।
বৃন্দাবনে পুন কিএ শুভ দরশন
একলি শ্যামর সঙ্গে॥
দুহুঁ মুখ হেরি দুহুঁক অতি কৌতুক
ফাগুয়া খেলন রঙ্গ।
সহচরি মেলি ফাগু ঘন বরষই
জর জর শ্যামর অঙ্গ॥
বহু জন ফাগু- সমরে অতি কাতর
বিদগধ নাগররাজ।
সহচরি দীন- বন্ধু করু বারণ
কুলবতি যুবতি সমাজ॥ ৭॥ ৩৪৫

দেখ সখি কাতর নন্দদুলাল।
মুরছিত জনে পুন কী ফল ঘাতন
মাফ করহ একবার॥
শ্যাম বরণ অবহুঁ ভেল ঝামর
ফাগু-অরুণ দুটি আঁখি।
বিগলিত লোর ঘোর দিঠি পঙ্কজ
সমর পরাভব সাখি॥
মুরলি চোরাই যাই নিজ মন্দিরে
কী ফল কানন মাঝ।
যাকর গানে মান তুব ভাগল
তেজলুঁ কুল ভয় লাজ॥

সোই মুরলি অব বলে ছলে পাইলে
সফল হইব সব কাজ।
দীনবন্ধু ভণ মুরলি সহিত পুন
ল টই বিদগধরাজ ॥ ৮ ॥ ৩৪৬ ॥

তিহোত্তা।

বনকে কুসুম তোড়ি সব সখীগণ
সরস সমর করু তাই।
মারত বদন নেহারি কুসুম পুন
সোহত সব কর মাই ॥
কোকিল সমরক কেলি।
নয়ল কিশোরি কিশোর নয়ল বর
ললিতা সখী জন মেলি ॥
মণিময় ভূষণ তনু অতি শোভন
ঝন ঝন মঞ্জির বাজ।
গোবিন্দ দাস কহে রমণি-শিরোমণি
জীতল মনমথরাজ ॥ ৯ ॥ ৩৪৭।

শ্রীগোবিন্দলীলামৃতে,—

ক্রীড়ন্নিত্থমসাবমুষ্ভিরগমদ্দোলাজ্জবেদ্যন্তিকং
বৃন্দাকুন্দলতে দৃগিঙ্গিতনয়ৈঃ কৃত্ব সহায়ে ততঃ।
কান্তায়াঃ করপঙ্কজাৎ কৃতপয়োযন্ত্রাপহারো হরি-
র্হিন্দোলাম্বুজমারুরোহ স হঠাদাচ্ছিন্নবেণুস্তয়া ॥

মালব শ্রীরাগ।

বন ঘন কানন শোভন পুঞ্জ।
বিকশিত কুসুমে সুশোভিত কুঞ্জ ॥
নূতন পল্লব-শোভিত ডাল।
শারি শুক পিক তহি বোলত রসাল ॥
অনুপবনী তহিঁ রতন-হিন্দোল।
তাপর বৈঠল কিশোরি কিশোর ॥
ব্রজরমণী মেলি দেত ঝকোর।
গৌরত জনি ধনি করতহিঁ কোর ॥
কত কত উপজত রস-পরসঙ্গ।
গোবিন্দদাস দেখত তহিঁ রঙ্গ ॥ ১০ ॥৩৪৮॥

গোবিন্দলীলামৃতে,—

হিন্দোলকায়াং সহ সালিবৃন্দৈঃ
আন্দোলিতায়াং বলবচ্চলন্ত্যাং।
উদ্বেলিতাঙ্গী কিল চঞ্চলাক্ষী
সালিঙ্গ্য কান্তং ললনাললম্বে ॥

নাগরি সঙ্গে রঙ্গে বর নাগর
দোলত নিধুবন মাঝ।
সহচরি মেলি কেলিরস কৌতুকে
বিছুরল কুল ভয় লাজ ॥
নাচত কোই কোই পহুঁ গাওত
মদন রভস পরকার।
বিগলিত চোলি খোলি কুচ কঞ্চুক
চৌদিগে করত বিহার ॥
কোই কলাবতি ফাগু বিথারত
মারত শ্যামরচন্দ্রে।
রাইক নীল নিচোল জলদে তনু
ঝাপই রস-পরিবন্ধে ॥
দোলা করে ধরি কোই সুনাগরি
অধিক ঝুলাওত রঙ্গে।
দীনবন্ধু কহে চমকিত রঙ্গিনী
চাপি ধরত হরি অঙ্গে ॥১১॥৩৪৯॥

শ্রীরাগ।

আন ছলে আন পথে গমন কয়ল দুহুঁ
সখিগণ বৈঠল কুঞ্জে।
সরস রসাল নূতন নব মঞ্জরি
বিকশিত ফল-ফুলপুঞ্জে॥
বহু জন মীলন ভেল।
রসময়-রসিক- রমণ-রসে নাগরি
বহুবিধ কৌতুক কেল॥
মদন-মহোদধি- নিমগন দুহুঁ জন
ভুজ ভুজ বন্ধন ছন্দ।
তরুণ তমালে কনক-লতাবলি
নব জলধরে কিএ বেঢ়ল চন্দ্র॥
দৃঢ় পরিরম্ভণ- মগন রহু দুহুঁ জন
ঘামবিন্দু মুখ সুন্দর জোতি।
গোবিন্দদাসপহুঁ রতিজয়-পণ্ডিত
যৈছে জলদে বিথারল মোতি॥১২॥৩৫০।

ইতি সম্পন্নসম্ভোগঃ॥

নাগধুন।

সখীগণ মেলি কয়ল পয়ান।
কৌতুকে কেলিকুণ্ড অবগান॥
জলমে পৈঠল সখীগণ মেলি।
দুহুঁ জন সমর কয়ল জলকেলি॥
বিথরল কুন্তল জর জর অঙ্গ।
গহন সমরে দিল নাগর ভঙ্গ॥
সখীগণ বেঢ়ল নাগরচন্দ্র।
গোবিন্দদাস হেরি রহু ধন্দ॥১৩॥৩৫১॥

ইত্যাদি গৃহাগমনপর্য্যন্তং তৃতীয়পরিচ্ছেদে-
হনুসন্ধেয়ম্॥*॥

ইতি শ্রীরাধাকৃষ্ণ-সঙ্কীর্ত্তনামৃতে পূর্ব্বখণ্ডে শ্রীমত্যা রসোদ্‌গার-
পূর্ব্বকং ফাগুখেলাছলেন বনগমনানন্তর শ্রীকৃষ্ণসন্দর্শনদোলা-
রোহণ-সম্ভোগ-জলকেলি-ভোজন-গৃহাগমনং
পঞ্চদশপরিচ্ছেদঃ॥

সমাপ্তশ্চায়ং পূর্ব্বখণ্ডঃ॥

পূর্ব্বখণ্ড গ্রন্থের শুনহ নির্ঘণ্টন।
যাহা হৈতে হয় সব লীলার স্মরণ॥
প্রথম পরিচ্ছেদে গন্ধ আর নন্দোৎসব।
বৃষভানূৎসব বয়োবৃদ্ধি আদি সব॥
দ্বিতীয় পরিচ্ছেদে শ্রীকৃষ্ণের পূর্ব্বরাগ।
তৃতীয়ে শ্রীকৃষ্ণের স্বয়ংদৌত্য অনুরাগ॥
চতুর্থে শ্রীরাধা স্বয়ংদৌত্য অনুবাদ।
পঞ্চমে প্রধান পক্ষ সুবলসংবাদ॥
ষষ্ঠে শ্রীরাধিকার অব্যক্ত পূর্ব্বরাগ।
সখা অনুমানে কৃষ্ণ আনিঞা সম্ভোগ॥
সপ্তমে রাধিকা পুষ্প চয়নের ছলে।
দূতী দ্বারা কৃষ্ণ আনি গোবর্দ্ধনে মেলে॥
অষ্টমে কৃষ্ণের সঙ্গে সঙ্গ রসালস।
নবমে পাশকক্রীড়া কৃষ্ণ যাতে বশ॥
দশমে শ্রীরাধিকার প্রেমবৈচিত্র্য।
একাদশে দানকেলি নৌকাখণ্ড চিত্র॥
নিত্য নিত্য জানিহ বাৎসল্য আর গোষ্ঠ।
তৃতীয়তে আছে তার বর্ণন যথেষ্ট॥
দ্বাদশে ভাগবত-মতে লীলা রাস।
অদর্শন পুনশ্চ দর্শন পরিহাস॥
ত্রয়োদশে রসোদ্‌গার ধনি বনে প্রবেশিল।
মধুমঙ্গল সাজ্যা দূতী কৃষ্ণ মিলাইল॥
চতুর্দ্দশে মুরলি শুনিয়া কৃষ্ণ সঙ্গ।
মধুপান আদি করি কত লীলা রঙ্গ॥
পঞ্চদশে রসোদ্‌গার ফাগু আর দোলা।
পূর্ব্বখণ্ডে কহিলাম এই সব লীলা॥
এক পরিচ্ছেদের লীলা অনন্ত অপার।
স্মরণ লাগিয়া সূত্র লিখিলাম তার॥
শ্রীনন্দকিশোর-পাদপদ্ম করি আশ।
সংকীর্ত্তনামৃত কহে দীনবন্ধুদাস॥*॥

শ্রীকৃষ্ণচৈতন্য নিত্যানন্দ জয় জয়।
জয়াদ্বৈতচন্দ্র গৌরভক্ত দয়াময় ॥
সভার চরণধূলি ভরসার বলে।
সংকীর্ত্তনামৃত লিখি পরম কৌশলে ॥
পূর্ব্বখণ্ডে পরিচ্ছেদে হৈল পঞ্চদশ।
সংগ্রহ করিল রাধাকৃষ্ণ-লীলারস ॥
ইবে শুন উত্তর খণ্ডের বিবরণ।
অমিলা রসের যাতে বাহুল্য বর্ণন ॥
অভিসার বাসকসজ্জা আর উৎকণ্ঠিতা।
বিপ্রলব্ধা খণ্ডিতা আর কলহান্তরিতা ॥
প্রোষিতভর্ত্তৃকা আর স্বাধীনভর্ত্তৃকা।
রসতন্ত্রে জানি এই অষ্ট নায়িকা ॥

তথাহি গুণমালায়াং :—

অথাভিসারিকা বাসকসজ্জাপ্যুৎকণ্ঠিতা তথা।
বিপ্রলব্ধা খণ্ডিতা চ কলহান্তরিতা পরা ॥
প্রোষিতপ্রেয়সী প্রোক্তা তথা স্বাধীনভর্ত্তৃকা
ইত্যষ্টৌ নায়িকাভেদা রসতন্ত্রে প্রকীর্ত্তিতাঃ ॥ ইতি

প্রোষিতভর্ত্তৃকা রসে বাহুল্য অমিলা।
ভবন্ মাথুরে কভো নাহি শুনি মিলা ॥
এই ত কহিল অষ্ট নায়িকানুবন্ধ।
রসে রসে অষ্ট ভেদে চৌষট্টি প্রবন্ধ ॥
রসমঞ্জরীতে আছে বিস্তার বর্ণন।
গ্রন্থবাহুল্যের ভয়ে না করি লিখন ॥
শ্রীনন্দকিশোর-পদ হৃদয়ে ধরিঞা।
দীনবন্ধু দাস কহে শুন মন দিঞা ॥*॥

সন্ধ্যাকালে বনে হৈতে কৃষ্ণের আগমন।
সেই কালে দৈবে রাধা পায় দরশন ॥
পরম আনন্দ হয় কৃষ্ণরূপ দেখি।
প্রেমে গদ গদ তনু ঝরে দুটি আখি ॥
বহু কষ্টে নিজ ঘরে করএ গমন।
সখী আগে করে কৃষ্ণরূপের বর্ণন ॥
তার পরে উৎকণ্ঠাতে সঙ্কেতে গমন।
দীনবন্ধু দাস কহে অভিসারক্রম ॥*॥

কস্যচিৎ-

অহো পুণ্যবতী ধন্যা শ্রীনবদ্বীপনাগরী
গমনাগমনে গঙ্গা-গৌরাঙ্গপদদর্শনা ॥

পঠমঞ্জরী।

গোরা রূপ লাগিল মরমে।
কিবা নিশি কিবা দিশি শয়নে স্বপনে ॥
যে দিগে পড়এ আখি সেই দিগে দেখি।
পিছলিতে করি সাধ না পিছলে আখি ॥
কি খেনে দেখিলাম গোরা কি না মোর হল্য।
নিরবধি গোরারূপ মরমে রহিল ॥
চিত নিবারিতে চাহি নহে নিবারণ।
বাসুদেব কহে গোরা রমণীমোহন ॥১॥৩৫২॥

সুহই।

মরকত-দরপণ-বরণ উজোর।
হেরইতে প্রতি অঙ্গে অনঙ্গ আগোর ॥
না বুঝলোঁ কি কহল অরুণনয়ান।
অতএ হানল রে কুসুম-শরবাণ ॥
কাহে ভেঠলোঁ সখি ব্রজমোহনা।
মন্দির গহন দহন ভেল চন্দনা ॥
তৈখনে দক্ষিণ পবন ভেল বাম।
সহই না পারিএ হিমকর নাম ॥
সাজল শেজ কমলদল পাতি।
কুলবতি যুবতি লেউ নিজ শাতি ॥

তাহি রহল দুহুঁ লোচন লাগি।
ধৈরজ লাজ দুরহি গেল ভাগি॥
কী ফল একল বিফল পরান।
গোবিন্দদাস কহ মীলব কাহ্নু ॥২॥৩৫৩॥

গুরুজন সকল ঘুমাওল সুন্দরি
পুরজন নিশবদ ভেল।
অবসর রভস- সময় অব যামিনি
সাজহ সহচরি মেল॥
ধনি ধনি তুহুঁ যদি ভেটবি কাহ্নু।
সঙ্কেত-কেলি- কদম্ব-কুসুম-বন
তুরিতহি করহ পয়ান॥
চন্দন কপুর খপুর কর সঞ্চয়
মৃগমদ কুঙ্কুম লেহ।
সাজহ তাম্বুল গাথি বিবিধ ফুল
সহচরি-করে ভরি দেহ॥
শীতল বারি ঝারি ভরি আনহ
কনক-দীপ উজিয়ার।
সহচরি সঙ্গে রঙ্গে চলু কানন
দীনবন্ধু আগুসার॥৩॥৩৫৪॥

ধনী সাজল শ্যাম-মনোহর বেশ।
কসি কানড় ছান্দে বান্ধাওল কেশ
সিথি সিন্দুর-চন্দনবিন্দুছটা।
রবিমণ্ডল বেড়ল চান্দ-ঘটা॥
মৃগনাভি-বিচিত্রিত গণ্ড দুকুল।
বর-বেশর লম্বিত নাসিকমূল॥
ঘন কুঙ্কুম ঘোরি লেপি কুচভার।
তহিঁ শোভিত সুন্দর মোতিমহার॥
করকঙ্কণ হেরি অনঙ্গ বিভোর।
কটি কিঙ্কিণি-মণ্ডিত নীল নিচোল॥
পদপঙ্কজ রঞ্জিত যাবক রঙ্গ।
দিনবন্ধু নেহারি প্রফুল্লিত অঙ্গ॥৪॥৩৫৫॥

অথাভিসারিকা।

স্তবমালায়াং—

যা পর্য্যুৎসুকচিত্তাতিমদনেন মদেন চ।
আত্মনাভিসরেৎ কান্তং সা ভবেদভিসারিকা।

এই অভিসার হয় অষ্ট প্রকার।
জোৎস্নী তামসী বর্ষা দিবাভিসার॥
কুজ্ঝটিকা তীর্থযাত্রা উন্মত্তা সঞ্চরা।
জোৎস্নী শুক্লবস্ত্রা শুক্লবেশা মনোহরা॥
নীলবস্ত্রা তামসী বর্ষা সর্প জলধারা।
দিবা অভিসার পুষ্পচয়নাদিছলা॥
কুজ্ঝটিকা প্রত্যুষাদি দিবসে গমনে।
তীর্থযাত্রা গ্রহণাদি ছলে কালক্রমে॥
উৎকণ্ঠাতে উন্মত্তা করএ অভিসার।
লাজ-কুল-লোকভয় না করে বিচার॥
সঞ্চরা অবশ তনু চলিতে না পারে।
চরকি চরকি পড়ে কৃষ্ণপ্রেমভরে॥
এই অষ্ট প্রকার কহিল বিবরণ।
রসমঞ্জরীতে আছে বিস্তার বর্ণন॥
বাসকসজ্জা আদি করি আর সপ্ত রসে।
একেক নায়িকাভেদ অষ্ট অষ্ট অংশে॥
এইরূপে চৌষষ্টি নায়িকাবস্থাভেদ।
রসমঞ্জরীতে আছে সকল প্রভেদ॥
ইথে না লিখিব গ্রন্থ বাহুল্যের ভয়ে।
সংক্ষেপে ই অষ্টাবস্থা বর্ণন করিএ॥

শ্রীনন্দকিশোরপদযুগ করি আশ।
সংকীর্ত্তনামৃত কহে দীনবন্ধু দাস

যথা রাগ।

শরদ-সুধাকর- মণ্ডল-মণ্ডন-
খণ্ডন মদন বিকাশ।
অধরে মিলাওত শ্যাম মনোহর
চীত-চোরাওন হাস ॥
আজু বনি নব শ্যাম বিনোদিনী রাই।
তনু তনু অতনু- যূথ-শত-সেবিত
লাবণি বরণী না যাই ॥
কবরি বকুল-ফুলে আকুল অলিকুল
মধু পিবি পিবি উতরোল।
সকল অলঙ্কৃতি কঙ্কণ ঝঙ্কৃতি
কিঙ্কিণি রণরণি বোল ॥
পদপঙ্কজ-পরি মণিময় নূপুর
পূরিত-খঞ্জন-ভাষ।
মদন অঙ্কুর জনু নখমণি দরপণ
নিছনি গোবিন্দ দাস ॥ ৫ ॥ ৩৫৬

বেলোয়ার।

কঞ্জ চরণযুগ যাবক রঞ্জন
খঞ্জন-গঞ্জন মঞ্জির বাজ।
নীল বসন মণি- কিংকিণি-রণরণি
কুঞ্জর-দমন গমন খিন মাঝ ॥
সাজলি শ্যাম-বিনোদিনী রাধে।
সঙ্গহি রঙ্গ তরঙ্গিণী রঙ্গিণী
মদনমোহন মনমোহিনী ছান্দে ॥

কনক-কটোর- জোর কুচকোরক-
জোরে উজোরল মোতিমদাম।
ভুজযুগ থীর- বিজুরিপরি মণিময়
কঙ্কণ ঝলকিত চমকিত কাম ॥
মধুরিম হাস সুধারস পরিমল
দশনজোতি জিনি মোতিমকাঁতি।
সুভগ কপোল লোল মণিকুণ্ডল
দশ দিশ ভরল নয়নশরপাতি ॥
ঝাপল কবরি ভালে তিলকাবলি
ভাউঁ ধনুয়া জনু মনমথসেবি।
গোবিন্দদাস হৃদয়ে অবধারল
মূরত শিঙ্গারদেব অধিদেবি ॥৬॥৩৫৭॥

— —

বৃষভানুনন্দিনী রমণীর শিরোমণি
নব নব সহচরি সঙ্গ।
চলিলা শ্রীবৃন্দাবনে শ্যামচান্দ দরশনে
রসভরে ডগমগ অঙ্গ ॥
কত চান্দ জিনি শশী মুখে মন্দ মধুর হাসি
পিঠে দোলে চাচর কেশের বেণী।
তার উপর সোনার ঝাপা মাঝেমাঝে কনকচাঁপা
গোবিন্দের হৃদয়মোহিনী ॥
নীলমণি চূড়ি হাথে রতন-কিঙ্কিণী তাথে
নাল বসন সোনার গায়।
সোনার নূপুর পাতামল রাঙ্গা পাএ ঝলমল
হংস-গমনে চলি যায় ॥
ললিতা দক্ষিণ হাথে বাম কর দিঞা তাথে
বৃন্দাবনে প্রবেশ করিলা।
রাইঅঙ্গের কান্তিমালা দশ দিগ কর্য্যাছে আলা
প্রেমদাস আনন্দে ভাসিলা ॥৭॥৩৫৮॥

অথ বাসকসজ্জা।

স্তবমালায়াং তল্লক্ষণং,—

ভবেদ্বাসকসজ্জাসৌ সজ্জিতাঙ্গরতালয়া
নিশ্চিত্যাগমনং ভর্ত্তুঃ দ্বারেক্ষণপরায়ণা।

তত্র গৌরচন্দ্রঃ।

ভাটিয়ালী রাগ।

অরুণ নয়নে ধারা রহে।
অবনত মাথে গোরা রহে॥
কি ভাব পড়িঞাছে মনে।
ভূমে গড়ি যায় ক্ষণে ক্ষণে॥
কোমল পল্লব বিছাইঞা।
রহে গোরা ধেয়ান ধরিঞা॥
বাসকসজ্জার ভাব করে।
বিরলে বসিঞা একেশ্বরে॥
বাসুদেব ঘোষ তা দেখিঞা।
বলে কিছু চরণে ধরিঞা॥৮॥৩৫৯॥

স্তবমালায়াং,—

কল্যাণ রাগঃ।

কুসুমাবলিভিরুপস্কুরু তল্পং।
মাল্যঞ্চামলমনিসরকল্পং॥
প্রিয়সখিকেলিপরিচ্ছদপুঞ্জং।
উপকল্পয় সত্বরমধি কুঞ্জং॥
মণিসম্পুটমুপনয় তাম্বূলং।
শয়নাঞ্চলমপি পীতদুকূলং॥
বিদ্ধি সমাগতমপ্রতিবন্ধং।
মাধবমাশু সনাতনসন্ধং॥৯॥৩৬০॥

কামোদ।

সাজল কুসুম- শেজ পুন সাজই
জারই জারল বাতি।
বাসিত কুসুম চন্দনে পুন বাসই
ভৈগেল মদন ভরাতি॥
আজু রাই সাজই বাসকশেজ।
মনমথ লাখ মনোরথে ধাওল
অঙ্গে অঙ্গ নাহি তেজ॥
ঘন ঘন অভরণ অঙ্গে চঢ়াওই
খেনে খেনে তেজই তাই।
সচকিত নয়নে চমকি খেনে উঠই
হেরই নিজ তনুছাই॥
কাতর বচনে সম্ভাষই সহচরি
কাহে বিলম্বাওত কানু।
গোবিন্দ দাস কহই অব শুনিএ
সংকেত-মুরলী নিসান॥১০॥৩৬১॥

অথোৎকণ্ঠিতা।

স্তবমালায়াং তল্লক্ষণং,—

সা স্যাদুৎকণ্ঠিতা যস্যা বাসং নৈতি দ্রুতং প্রিয়ঃ।
তস্যানাগমনে হেতুং চিন্তয়ন্ত্যাঃ শুচা ভৃশম্॥

তত্র গৌরচন্দ্রঃ

সুহই মল্লার।

এহেন সুন্দর বেশ কেনে বনাইলুঁ।
নিরুপম-রূপ-গোরা দেখিতে না পালুঁ॥
অকাজে রজনী যায় কিনা মোর হল্য।
নিশ্চয়ে জানিলাম বিধি মোরে বিড়ম্বিল॥

সুবাসিত গন্ধ আদি অগৌর চন্দন।
গোরা বিনে কার অঙ্গে করিব লেপন॥
কর্পূর তাম্বূল গুয়া দিব কার মুখে।
বাসু কহে রজনী পোহাব বড় দুখে॥১১॥৩৬২॥

ভুজগে ভরল পথ কুলিশপাত শত
কত কত বিঘিনি বিথার।
বাম চরণে ঠেলি কুলবতি-গৌরব
কুঞ্জে কয়লুঁ অভিসার॥
হরি হরি কী ফল পাপ পরান।
যামিনী আধ- অধিক বহি যায়ত
অবহু না মীলল কান্থ॥
যতহি মনোরথ তত ভেল অনরথ
কান্থ-পরশ-রস আশে।
না জানিএ কোন কলাবতি বান্ধল
ভাউ-ভুজঙ্গম-পাশে॥
দারুণ ফুলশর কুঞ্জে বিথারল
মন্দিরে গুরুজন গারি।
গোবিন্দ দাস কহই হয় সংশয়
নিরসল রসিক মুরারি॥১২॥৩৬৩॥

শ্রীগান্ধার।

কাহ্নক সন্দেশ বেশ বনাওলোঁ
শঙ্কিত কেলি-নিকুঞ্জ।
মাধবি পরিমলে ভরি তনু জারএ
ফুকরএ মধুকরপুঞ্জ॥

সজনী আজু না মীলল দারুণ কান্থ।
নীলজ চীত পিরিতি অনুরোধএ
তেঁ নাহিঁ যত পরান॥
কান্থক বচন- অমিয়া-রস-সেচনে
বেচলোঁ তনু মন জাতি।
নিজ কুল-দূষণ ভূষণ করি মানলোঁ
তেঁই ভেল ঐছন শাঁতি॥
হিমকর-কিরণে গমন অবরোধল
মন্দির চলত সন্দেহ।
গোবিন্দ দাস যাই সখি জানহ
কান্থ কী কেজল লেহ॥১৩॥৩৬৪॥

শ্যামর ভাউ- ভুজঙ্গমে দংশল
গরলে ভরল সব দেহ।
অধর-সুধারস বিনি পুন কৈছনে
রসবতি বান্ধই থেহ॥
সুন্দরি সাজহ কুসুমশয়ান।
গিরিধর নাহ বাহ ধরি আনব
তব সহচরি মঝু নাম॥
তাম্বুল কপুর খপুর করু সঞ্চয়
জারহ দীপ উজোর।
আজুক রজনী পরম সুখে বঞ্চবি
ভুলহ নাহ করি কোর॥
সঙ্গিনি লেই রঙ্গে তুহুঁ সাজহ
মঙ্গল কেলি সুঠান।
সহচরি দীন- বন্ধু চলু গোকুল
যাহাঁ নব নাগর কান্থ॥১৪॥৩৬৫॥

ধানসী।

সুচতুর দূতি রাই পরবোধল
আওল মাধব পাশ।
গদ গদ আধ আধ পদ ভাখই
লহুঁ লহুঁ হাস বিকাশ॥
মাধব কিএ মোহিনী তুহুঁ জান।
তুয়া মুখ হেরি ভোরি বর-নাগরি
বিছুরল কুল ভয় মান॥
না জানিএ কিএ সঙ্কেত করি আওলি
তব ধনি ধনি অনুরাগী।
তুয়া পথ হেরত করত গতাগত
মন্দিরে যামিনী জাগি॥
অবিরত সুরত- সাধে মতি পাগল
জাগল মনমথরাজ।
দীনবন্ধু কহে চল তুহুঁ মাধব
রাইক মন্দির মাঝ॥১৫॥৩৬৬॥

তথা।

রাইক আদর- বাদরে দর দর
সাজল সহচরি সঙ্গ।
চন্দ্রাবলি-ছল- জলনিধি পয়ঁরিতে
রাই-রভস-রস-ভঙ্গ॥
হরি হরি দৈব পরম বলবান।
হঠ করি গঢ়ল মনোরথ ভাঙ্গল
নিরসল নাগর কান্থ॥
গমন বিলম্ব হেরি বর-নাগরি
ছটফট ধরণী শয়ান।
অন্তর দর দর এ ঘর বাহির
পুন পুন করই পয়ান॥
সাধি সাধি কত দূতি পাঠাওত
কোই না করই সম্বাদ।
সহচরি দীন- বন্ধু কহে সংশয়
নাগর-সঙ্গম-সাধ॥১৭॥৩৬৮॥

তথা।

শুন মাধব কি কহব তুয়া অনুরাগ।
তুয়া অভিসার রভসে বর-নাগরী
জীবন রহু পুন ভাগ॥
ও পদতল থল- কমল সুকোমল
ধরণি পরশে উপচঙ্ক।
অব কণ্টকময় সঙ্কট বাটহিঁ
আয়তি যাতি নিশঙ্ক॥
মন্দির মাঝ সাঁঝে নাহিঁ তেজই
দেহলি মানই দূর।
অব কুহু যামিনী বিপিনে একাকিনী
গোবিন্দদাস কহ ফুর॥১৬॥৩৬৭॥

উৎকণ্ঠাতে দূতী সঙ্গে কৃষ্ণ আইলে মিলা।
সম্ভোগ রাসরসালস আদি লীলা॥
বিঘটনে না আইলে অমিলা লক্ষণ।
বিপ্রলব্ধা হইতে সেই রসের উদ্‌গম॥
পূর্ব্বখণ্ডে মিলা রস করিহ সন্ধান।
অমিলা শুনহ এবে হঞা সাবধান॥
অজ্ঞের বচনে না করিহ উপহাস।
বিনতি করিঞা কহে দীনবন্ধু দাস॥

সুহই।

ঋতুপতি রাতি উজোরল হিমকর
মলয় সমীরণ মন্দ।

কাহ্নু আশোয়াসহি চপল মনোভব
মনহি বিথারল দ্বন্দ্ব ॥
সজনী পুন জনি সম্বাদহ কাহ্নু।
কালিন্দী-কূলে অবহুঁ বিরহানলে
তেজব দগধ পরান ॥
কিশলয়-দহন- শেজ অব সাজহ
আহুতি চন্দন-পঙ্কা।
দ্বিজকুল-নাদ- মন্ত্রে তনু জারহ
দুর যাউ প্রেম-কলঙ্কা ॥
চীত-রতন মঝু কাহ্নু পাশে রহু
অবহুঁ না মীলল সোই।
গোবিন্দদাস কহই ধনী বিরমহ
কাহ্নু মিলাওব কোই ॥১৮॥৩৬৯॥

তথা।

কপট-কন্দ সোই যদুনন্দন
হামারি গুপত-রতিকন্ত।
অবইতে যামিনী কো গজগামিনী
আগে আগোরল পন্থ ॥
সজনী কাহে বনাওলুঁ বেশ।
কুসুমক শেজ সাজি নিশি জাগরি
অরুণ উদয় অবশেষ ॥
কত কত মরমক আধি সমাধব
ধরণি-শয়ন করি সেবা।
চঢ়ল মনোরথ ঐছে নাহিঁ ছোড়ত
নিকরুণ মনমথ-দেবা ॥
ফুলশরে জীবন রহত না যাওত
পড়ি রহু প্রেমক পঙ্কা।
গোবিন্দদাস কহ কাহ্নু পিরিতি নহ
কেবল যুবতি-কলঙ্কা ॥১৯॥৩৭০॥

অথ বিপ্রলব্ধা।

তল্লক্ষণং স্তবমালায়াং,—

যস্যা দূতী স্বয়ং প্রেষ্য সময়ে নাগতঃ প্রিয়ঃ।
শোচন্তী তং বিনা দুঃস্থা বিপ্রলব্ধা তু সা স্মৃতা

তত্র গৌরচন্দ্রঃ।

শ্রীরাগ।

গোরাগুণে প্রাণ কান্দে কি বুদ্ধি করিব।
এমন গুণের নিধি কোথা গেলে পাব ॥
কে আর করিবে দয়া অধম দেখিঞা।
ব্রহ্মার দুর্ল্লভ নাম কে দেবে যাচিঞা ॥
অকিঞ্চন জন দেখি কে উঠিবে কান্দিঞা।
গোরা বিনু শূন্য ভেল নগর নদিয়া ॥
বাসুদেব ঘোষ কান্দে গুণ সোঙরিঞা।
কেমনে রয়্যাছে প্রাণ গোরা না দেখিঞা ॥২০॥৩৭১॥

স্তবমালায়াং,—

গৌড়ী।

কোমলকুসুমাবলিকৃতচয়নং।
অপসারয় রতিলীলাশয়নং ॥
শ্রীহরিণাদ্য ন লেভে সময়ে।
হন্ত জনং সখি শরণং কময়ে ॥
বিধুতিমনোহরগন্ধবিলাসং।
ক্ষিপ যামুনতটভুবি পটবাসং ॥
লব্ধমবেহি নিশান্তিমযামং।
মুঞ্চ সনাতনসংগতিকামং ॥২১॥৩৭২॥

ধানশ্রী

উয়ল অরুণ হেরি পহুঁ কাতর
ঘন ঘন দীঘ নিশাস।
শ্যামর সঙ্গ- সাধ বিধি বাধল
সুন্দরি পড়ল নিরাশ॥
হরি হরি অব কি করব পরবন্ধ।
গড়ল মনোরথ দূরহিঁ ভাগল
জীবন রহু পুন ধন্দ॥
সহচরি-অঙ্গে দেই অবলম্বন
পৈঠল পহুঁ নিজ গেহ।
কুল-মরিজাদ লাজ সঞে ভাঙ্গল
মদন-দহন-দহ দেহ॥
ক্ষিতিতলে নখর- রেখ কত দেওত
অবনত মলিন বয়ান।
অবনি বিদারি তাহিঁ অব পৈঠব
দীনবন্ধু অনুমান॥১১॥৩৭৩॥

কস্যচিৎ —

নিশি রভসনিমিত্তং সুষ্ঠু সঙ্কেতকারী
রমণগমনহীনো দৈবগত্যা মুকুন্দঃ।
উষসি পরমভীতো রাধিকারাধনায়
মৃদু মৃদু ময়ি দৃষ্টিং কুত্র কালে স কর্ত্তা

তথা।

সহজই দূর পন্থ অতি দারুণ
তহিঁ কত বিঘিনি বিথার।
চন্দ্রাবলি-ছল অতল জলধি জল
কোন উতারই পার॥
হরি হরি কো কহু হরি-অনুরাগ।
চির দিন পথ পর- ভাতহিঁ আওল
এক রজনি পহুঁ জাগি॥
একলি পিরিতি- রীত পহুঁ জানই
কেবল গোকুলচন্দ্র।
জীবন মরণ মান অপমানহিঁ
কবহুঁ না মানই দ্বন্দ্ব॥
নিজ অপরাধ গাঢ় করি মানই
রাইক দুখ অনুমানি।
দীনবন্ধু ভণ নাহ আগমন
রাইক মন্দিরে জানি॥২৩॥৩৭৪॥

অথ মীলনং।

ধানশ্রী।

শ্যামর তনু কিএ তিমির বিরাজ।
সিন্দূরচিহ্ন কিএ আরকত সাঁজ॥
তরল তার কিএ টূটল হার।
নখ পদ কিএ নব শশিক সঞ্চার॥
ঐছে দোষাকর হেরইতে কান্থ।
প্রাতরে পহিল রজনী ভেল ভাণ॥
পুন অনুমানিতে পহুঁ ভেল ভোর।
টীক কানাই কয়ল পহু কোর॥
তবহিঁ যতন করি করইতে মান।
হাস-কুমুদে সবহুঁ ভেল আন॥
মানিনি-মান-গরব ভেল চূর।
নাগর আপন মনোরথ পূর॥
তবহিঁ কি জানব সো দিন রাতি।
গোবিন্দদাস কহ সমুচিত সাঁথি॥২৪॥৩৭৫॥

ইতি সঙ্কীর্ণসম্ভোগঃ।

ইতি শ্রীরাধাকৃষ্ণসংকীর্ত্তনামৃতে বিপ্রলম্ভবর্ণনম্।

অথ খণ্ডিতা

তল্লক্ষণং সুধমালায়াং,—

অন্যয়া সহ কান্তস্য দৃষ্টে সম্ভোগলক্ষণে।
ঈর্ষাকষায়িতা যা২সৌ খণ্ডিতা খলু কথ্যতে

তত্র গৌরচন্দ্রঃ

রামকেলি রাগ।

আজু কেনে গোরাচান্দের বিরস বয়ানে।
সে মুখ সুখাঞাছে কিসের কারণে॥
আলসে অবশ গা ধরণে না যায়।
ঢলিঞা ঢলিঞা পড়ে বাঢ়াইতে পায়॥
বাসুদেব কহে গোরা কোথা না আছিল।
কিবা রস পাঞা গোরা রজনী পোহাইল॥২৫॥৩৭৬॥

উমত ঝুমত ভরত চলত ধরান ধরএ ঘোর।
মদনমুরতি পুজল যুবতি শয়ন নখর জোর॥
সখী শ্যাম নাগর দেখ।
রজনী জাগরি লোর লোচন হৃদয়ে নখররেখ॥
নীল বসন কটির ভূষণ আনহিঁ আনহিঁ বেশ।
বকুলমাল ভ্রমরিজাল সরূপে ভুলল দেশ॥
কিংকিণীজাল অতি রসাল বিরমি বিরমি বাজে।
নরহরিপহুঁ গিরত গিরত রাইঅঙ্গন মাঝে॥২৬॥৩৭৭॥

মানিনী নায়িকা হয় ত্রিবিধ প্রকার।
মুগ্ধা মধ্যা প্রগল্ভা বলিঞা নাম তার॥
মুগ্ধা নাহি জানে কিছু মানের বিভেদ।
মধ্যা ব্যঙ্গবাক্য কহে করে কত খেদ॥
প্রগল্ভা অধীরা লজ্জা ভয় নাহি করে।
তাড়ন ভৎসন বহু করএ কান্তেরে॥
মুগ্ধা হয় ধীরা মধ্যা হয় ধীরাধীরা।
প্রগল্ভা মুখরাবৎ সর্ব্বথা অধীরা॥
চৈতন্যচরিতামৃতে আছএ বর্ণন।
দীনবন্ধু দাস কহে সেই বিবরণ॥

প্রাচীনৈঃ,—

চূড়াচন্দ্রকমণ্ডিতালিকতটে সিন্দূরমুদ্রা শিখা
তদ্বচ্চন্দনচন্দ্রমধ্যবিলসৎকস্তূরিকালোচনং।
তেন ত্র্যম্বকতৈব লোকদহনা দগ্ধঃ স মে মন্মথ-
স্তদ্দূরাৎ প্রণমাম্যুমাধবমহো ত্বামপ্যদিগ্বাসসম্

বিভাষ।

আকুল চিকুর চারু শিখচন্দ্রক
ভালে সে সিন্দুরদহনা।
চন্দন-চান্দ মাঝে লাগল মৃগমদ
তেঁই বেকত তিন নয়না॥
মাধব অব তুহুঁ শঙ্করদেবা।
জাগর পুণ্যফলে প্রাতরে ভেঠলুঁ
দুরহিঁ দুরে রহু সেবা॥
চন্দন-রেণু ধূসর ভেল সব তনু
সোই ভসম সম ভেল।
তোহাঁরি দরশনে মঝু মন-মনসিজ
মনমথ সঞে জরি গেল॥
অবহুঁ বসন ধর কাহে দিগম্বর
শঙ্কর নিয়ম উপেখি।
গোবিন্দদাস কহই পর অম্বর
গণইতে লেখি না লেখি॥২৭॥৩৭৮॥

প্রাচীনৈঃ—

গৌরী কেশরিমধ্যমা ত্রিনয়না রোষাকুলালোকনৈঃ
কাঠিন্যাদ্বিদিতাদ্রিরাজতনয়া কালী ভ্রুবোর্ভঙ্গতঃ।
ত্বং চণ্ডীতি বিলোক্য মানিনি কথং ন স্যামহং শঙ্করঃ
তস্মাৎ কামিনি শঙ্করে পশুপতাবর্দ্ধাঙ্গমঙ্গীকুরু॥

সুহই।

সহজই গোরি রোখে তিন লোচন
কেশরি জিনি মাঝা খীন।
হৃদয় পাষাণ বচনে অনুমানিএ
শৈলসুতাকর চীহ্ন॥
সুন্দরি অব তুহুঁ চণ্ডিবিভঙ্গ।
যব হাম শঙ্কর তুয়া নিজ কিঙ্কর
দেওবি মোহে আধ অঙ্গ॥
কালী কালিয় ভাউ ভুজঙ্গম
সম্বরু তাকর দম্ভ।
পশুপতি দোখে রোখ এত না বুঝিএ
ইহঁা নাহি শুম্ভ নিশুম্ভ॥
দহন মনোভবে তুহুঁ সে জিয়াওবি
ঈষত হাসবরদানে।
তুয়া পরসাদে বাদ সব খণ্ডব
গোবিন্দদাস পরমাণে॥২৮॥৩৭৯॥

প্রাচীনৈঃ—

ত্বৎপীনোরসি পাণিজক্ষতমিতো জাজ্বলাতে মে মনঃ
ত্বদ্বিম্বাধরচুম্বিকজ্জলমিতঃ শ্যামায়িতং মে মুখং।
যামিন্যাং মম জাগরাত্তব দৃশৌ শোণায়মানে ততো
দেহার্দ্ধং কিমু যাচসে হি ভগবন্নেকৈব যন্নৌ তনুঃ॥

সুহই।

নখপদ হৃদয়ে তোহারি।
অন্তর জলত হামারি॥
অধরহি কাজর তোর।
বদন মলিন ভেল মোর॥
কাহে মিনতি করু কান্হ।
হাম তুহুঁ একুই পরান॥
হাম উজাগর রাতি।
তুয়া দিঠে অরুণিম কাতি।
হামারি রোদন অভিলাষ।
তুহুঁ ভেলি গদ গদ ভাষ॥
যো নহি তনু তনু সঙ্গ।
হাম গোরি তুহুঁ শ্যামঅঙ্গ॥
অতএ চলহ নিজ বাস।
কহতহি গোবিন্দদাস॥২৯॥৩৮০

প্রাচীনৈঃ—

নখাঙ্কা ন শ্যামে ঘনঘুসৃণরেখাততিরিয়ং
ন লাক্ষাস্তুঃক্রূরে পরিচিনু গিরেগৈরিকামিদং।
ধিয়ং ধৎসে চিত্রং বত মৃগমদেপ্যঞ্জনতয়া
তরুণ্যাস্তে দৃষ্টিঃ কিমিব বিপরীতা স্থিতিরভূৎ॥

ললিত রাগ।

কাহা নখচিহ্ন চিহ্নলি তুহুঁ সুন্দরি
এ নব কুঙ্কুমরেহ।
কাজর ভরমে মরমে কিএ গঞ্জসি
মৃগমদপদ পুন এহ॥
মানিনি মঝু মনে লাগল ধন্দ।
অপরূপ রোখ দোখ বিনু মানসি
দিনহিঁ তরুণিদিঠি মন্দ॥

গৈরিক হেরি বৈরি করি মানসি
উরপর যাবক ভাগে।
ফাগুক বিন্দু ইন্দুমুখি নিন্দসি
সিন্দূর করি অনুমানে॥
তোহাঁরি সম্বাদে জাগি সব যামিনী
অরুণিম ভেল নয়ান।
তুহুঁ পুন পালটী মোহে পরিবাদসি
গোবিন্দদাস পরমাণ॥৩০॥৩৮১॥

সুহই

যামিনি জাগি অলস দিঠিপঙ্কজ
কামিনী-অধরক রাগ।
বান্ধুলী অরুণ অধর ভেল কাজর
ভালে অলতকদাগ॥
মাধব দূর কর কপট সিনেহ।
হাথক কঙ্কণ কিএ দরপণে হেরিএ
চল তুহুঁ তাকর গেহ॥
সো স্মরসমর- সুধীর কলাবতি
রতিরণে বিমুখ না ভেল।
নখর-কৃপাণে হানি উরু অন্তর
প্রেমরতন হরি লেল॥
প্রেমধন-হীন পুরুষে অব কো ধনি
জানি করব বিশোয়াস।
গুণ বিনু হার সাখি অব তুয়া হিএ
দোসর গোবিন্দদাস॥৩১॥৩৮২॥

শ্রীজয়দেবে,—

ভৈরবীরাগযতিতালৌ।

রজনিজনিতগুরুজাগররাগকষায়িতমলসনিমেষং।
বহতি নয়নমনুরাগমিব স্ফুটমুদিতরসাভিনিবেশং॥
হরি হরি যাহি মাধব যাহি কেশব মা বদ কৈতববাদং।
তামনুসর সরসীরুহলোচন যা তব হরতি বিষাদং॥
কজ্জল মলিনবিলোচন-চুম্বন-বিরচিতনীলিমরূপং।
দশনবসনমরুণন্তব কৃষ্ণ তনোতি তনোরনুরূপং॥
বপুরনুহরতি তব স্মরসংগরখরনখরক্ষতরেখং।
মরকতসকলকলিতকলধৌতলিপেরিব রতিজয়লেখং॥
চরণকমলগলদলক্তকসিক্তমিদং তব হৃদয়মুদারং।
দর্শয়তীব বহির্মদনদ্রুমনবকিশলয়পরিবারং॥
দশনপদং ভবদধরগতং মম জনয়তি চেতসি খেদং।
কথয়তি কথমধুনাপি ময়া সহ তব বপুরেতদভেদং॥
বহিরিব মলিনতরং তব কৃষ্ণ মনোপি ভবিষ্যতি নূনং।
কথমথ বঞ্চয়সে জনমনুগতমসমশরজ্বরদূনং॥
ভ্রমতি ভবান্ বলাকবলায়বনেষু কিমত্র বিচিত্রং।
প্রথয়তি পূতনিকৈব বধূবধনির্দ্দয়বালচরিত্রং॥
শ্রীজয়দেবভণিত-রতিবঞ্চিত-খণ্ডিত-যুবতিবিলাপং।
শৃণুত সুধামধুরং বিবুধা বিবুধালয়তোঽপি দুরাপং॥৩২॥৩৮৩

বদসি যদি কিঞ্চিদপি কৃষ্ণের বচন।
প্রদোষে শ্রীজয়দেব গোস্বামীর বর্ণন॥
তথাপি খণ্ডিতা নায়িকার পদ মানে।
প্রত্যূষে করিব গান সম্ভব কারণে॥
রাধিকার মানে এই কৃষ্ণের উত্তর।
অতএব প্রাতঃকালে নহে প্রীতিকর॥

শ্রীজয়দেবে,—

অত্রান্তরে মসৃণরোষবশামসীম-
নিশ্বাসনিঃসহমুখীং সুমুখীমুপেত্য
সব্রীড়মীক্ষিতসখীবদনাং প্রদোষে
সানন্দগদ্‌গদপদং হরিরিত্যুবাচ॥

দেশবড়ারীরাগেণাষ্টতালী তালেন চ গীয়তে।

বদসি যদি কিঞ্চিদপি দন্তরুচি-কৌমুদী
হরতি দরতিমিরমতিঘোরং।
স্ফুরদধর-সীধবে তব বদন-চন্দ্রমা
রোচয়তি লোচনচকোরং ॥
প্রিয়ে চারুশীলে মুঞ্চ ময়ি মানমনিদানং।
সপদি মদনানলো দহতি মম মানসং
দেহি মুখকমলমধুপানং ॥ধ্রু॥
সত্যমেবাসি যদি সুদতি ময়ি কোপিনী
দেহি খরনখরশরঘাতং।
ঘটয় ভুজবন্ধনং জনয় রদখণ্ডনং
যেন বা ভবতি সুখজাতং ॥
ত্বমসি মম জীবনং ত্বমসি মম ভূষণং
ত্বমসি মম ভবজলধিরত্নং।
ভবতু ভবতীহ ময়ি সততমনুরোধিনী
তত্র মম হৃদয়মতিযত্নং ॥
নীলনলিনাভমপি তন্বি তব লোচনং
ধারয়তি কোকনদরূপং।
কুসুমশরবাণভাবেন যদি রঞ্জয়সি
কৃষ্ণমিদমেতদনুরূপং ॥
স্ফুরতু কুচকুম্ভয়োরুপরি মণিমঞ্জরী
রঞ্জয়তু তব হৃদয়দেশং।
রসতু রসনাপি তব ঘনজঘনমণ্ডলে
ঘোষয়তু মন্মথনিদেশং ॥
স্থলকমলগঞ্জনং মম হৃদয়রঞ্জনং
জনিতরতিরঙ্গপরাগং।
ভণ মসৃণবাণি করবাণি চরণদ্বয়ং
সরসলসদলক্তকরাগং ॥
স্মরগরলখণ্ডনং মম শিরসি মণ্ডনং
দেহি পদপল্লবমুদারং।
জ্বলতি ময়ি দারুণো মদনকদনারুণো
হরতু তদুপাহিতবিকারং ॥
ইতি চটুলচাটুপটুচারুমুরবৈরিণো
রাধিকামধি বচনজাতং।
জয়তি পদ্মাবতীরমণজয়দেবকবি-
ভারতী ভণিতমতিসাতং ॥৩৩॥৩৮৪॥

কস্যচিৎ,—

গদিতবিরহপদো পক্ষিভিঃ কুঞ্জমধ্যে
হরিরতিকঠিনোক্ত্যা রাধয়া ভর্ৎসিতোঽপি
বিনয়বচনবাদী কোপলোপায় তস্যাঃ
মৃদু মৃদু ময়ি দৃষ্টিং কুত্র কালে স কর্ত্তা ॥

ধানশ্রী।

ধনি কোপিনি পহুঁ গিরিধর জানি।
রাইক চরণে পসারল পাণি ॥
চরণযুগল ধরি কাতর কানু।
তবহুঁ বিনোদিনী সাধই মান ॥
হরি হরি বুঝইতে লাগল ধন্দ।
চান্দ চকোরে কাহে এত দ্বন্দ্ব ॥
চাতক গোরি শ্যাম নব মেহ।
কাহে উপেখই দুলহ সুলেহ ॥
নিজ পদে ঠেলই গিরিধরহাথ।
করতলে বদন ঢুলাওই মাথ ॥
নাগরবিনতি উপেখল গোরি।
সহচরি দীনবন্ধু রহু ভোরি ॥ ৩৪॥৩৮৫॥

কস্যচিৎ,—

লুঠণপি নখরাণাং রঞ্জনীব প্রিয়ায়া-
শ্চরণনিকটভূমৌ মানভঙ্গায় কৃষ্ণঃ।
ক্ষময়িতুমথ মন্যু-কাতরঃ সাস্রুনেত্রো
মৃদু মৃদু ময়ি দৃষ্টিং কুত্র কালে স কর্ত্তা

তথা রাগ।

রাইক হৃদয়- ভাব বুঝি মাধব
পদতলে ধরণী লোটায়।
দুই করে দুই পদ ধরি রহু মাধব
তবহুঁ বিমুখ ভেল রাই॥
পুনহি বিনতি করু কান্থ।
হাম তুয়া অনুগত তুহুঁ ভালে জানত
কাহে দগধ মঝু প্রাণ॥
তুহুঁ যদি সুন্দরি মুখ নাহি হেরবি
হাম রহব কোন ঠাম।
তুয়া বিনে জীবন কোন কাজে রাখব
তেজব এ পাপ পরান॥
রাই-চরণে ধরি এতেক বিনতি করি
তভু নাহি হেরত বয়ান।
গিরিধরদাস মিছই আশোয়াসল
রোই রোই চলু কান্থ॥৩৫॥৩৮৬॥

ধানশ্রী।

রাই অনাদর হেরি রসিকবর
অভিমানে করল পয়ান।
নয়নের লোরে পথ লখই না পারই
পীতবাসে মোছই বয়ান॥
হরি হরি নিজ অপমান নাহি জান।
সো হেন প্রেম গহি কথি লাগি নিরসল
কাহে কয়ল মুঝে মান॥
মোহে উপেখি রাই কৈছে জীয়ব
এই দুখ করি অনুমান।
রসবতি হৃদয় বিরহজরে জারব
ইথে লাগি বিদরে পরান॥
রাই সম্বাদ সুধারস-সিঞ্চিত
তনু তিরপিত করু মোর।
নাগর করুণা শুনি হিয়া কাতর
গোবিন্দদাস মন ভোর॥ ৩৬॥৩৮৭॥

কস্যাচিৎ,-

চন্দ্রাবলীছলসমুদ্রমহো বিলঙ্ঘ্য
সঙ্কেতকুঞ্জভবনাগমনে বিলম্বঃ।
তদ্দোষলেশমধিকৃত্য চুকোপ রাধা
সারাধনেঽপি নহি মামুররীকরোতি॥

ধানশ্রী।

ভগবতি দেবি সেবি নিজ কাননে
বৃন্দা করত বিহার।
শ্যামর হেরি কহই করি আদর
করপল্লব ধরি তার॥
বৃন্দে কি কহব দৈব বিড়ম্ব।
চন্দ্রাবলি-ছল- জলনিধি পয়ঁরিতে
রঙ্গিণী-মিলন-বিলম্ব॥
মঝু মুখ নিরখি হরখি পুন রোখল
দোখল আদর ছোড়ি।
মানিনি জানি চরণ ধরি সাধলুঁ
তবহুঁ রহল মুখ মোড়ি॥
সহচরি মেলি কতহিঁ সমুঝাওল
শ্রবণে না শুনল রাই।
দীনবন্ধু ভণ অব তনু ধারণ
কেবল তুয়া মুখ চাই॥ ৩৭॥৩৮৮॥

কশ্চিৎ,—

কিং কিং কিং কিং কিমিদমধুনা কৃষ্ণ চিত্রং মদীয়ে
পুষ্পারণ্যে পরমসুখদে দুঃখজাতং তবাপি।
তৎ ত্বামত্র প্রিয়ঘটনয়া নন্দয়িষ্যামি সদ্যো
বৃন্দানাম প্রথিতসফলং বেদয়িষ্যামি তুভ্যং॥

ধানশ্রী।

সুখময় মঝু বৃ- ন্দাবন তহিঁ পুন
তুয়া দুখ শুনইতে ধন্দ।
বৃন্দা নাম সফল তব জানবি
অবহিঁ মিটাওব দ্বন্দ্ব॥
মাধব শুনইতে উলসিত ভেল।
বৃন্দা সঙ্গে চঞ্চল বর-নাগর
বিরহ বিপদ দূর গেল॥
কুঞ্জ নিকুঞ্জ গুপত পথ ধাওল
জনু মাতল গজরাজ।
আধ পলক পুন মীলল নিরঞ্জন
রাইক মন্দির মাঝ॥
হরিমুখ হেরি ফেরি ধনি রোখল
দোখল আদর ছোড়ি।
সহচরি দীন- বন্ধু পহুঁ সাধই
কাতরে করযুগ জোড়ি॥৩৮॥৩৮৯॥

বিদগ্ধনাগরে নিত্যং মুধা মানং বিধায় কিং।
ত্বয়া রসবতীনাম ভুবনে লোপয়িষ্যতে॥

ধানশ্রী।

বিনি অপরাধে উপেখলি পুন পুন
রসময় নাগর কাহ্নু।
রসবতি নাম ভুবন ভরি ঘোষই
খোয়বি সো অভিমান॥
সুন্দরি আপহিঁ করহ বিচার।
শরণাগত জন যো পুন তেজই
কী ফল জীবন তার॥
মদন ধনুয়ার- বাণভয় আকুল
চরণ শরণ পহুঁ তোর।
কেবল অভয় দান দেই রাখহ
কাতর নন্দকিশোর॥
শ্যেন-ভয়াতুর কপোত রাখি পুন
ধরমধারি শিবি রাজা।
নিজ তনু কাটি তৌল করি দেওল
জগ ভরি পাওল পূজা॥
তুহুঁ যদি মান- ভরমে অব রোখবি
ছোড়বি বিদগধ কাহ্নু।
সহচরি দীন- বন্ধু ভণ কো পুন
দেওব জীবনদান॥৩৯॥৩৯০॥

যথা রাগ।

সই কত না সহিব ইহা।
আমার বন্ধুয়া আন বাড়ী যায়
আমার আঙ্গিনা দিয়া॥
যে দিনে দেখিব আপন নয়নে
কহে কারো সনে কথা।
কেশ ছিড়িব বেশ দূরে থোব
ভাঙ্গিব আপন মাথা॥
যাহার লাগিঞা সব তেয়াগিলাম
লোকে অপযশ গায়।
এ ধন পরান লঞা আন জন
তা নাকি আমারে সয়॥

কহে নরহরি শুন ল সুন্দরি
কারে না করিহ রোষ।
কাহ্নু গুণনিধি বিধি মিলাওল
আপন করম-দোষ ॥৪০॥৩৯১॥

———

সুন্দরি সঙ্গহিঁ রাখবি কাহ্নে।
হাম অনুগত জন তুয়া পদ সেবিব
সমিপে রহব নিশি দীনে ॥
মৃগমদ চন্দন অঙ্গহি লেপব
শীথেঁ দেওব সিন্দূরে।
রতন মঞ্জির চরণে পরাওব
কুঞ্চিত সকুঞ্চিত চীরে ॥
* * *
তুয়া পদ পরশে ভাব যব হোয়ব
যতনে নিবারব চীতে।
গোবিন্দদাস কহ কপট সুনাগর
ছোড়হ ঝঠকি বাতে ॥৪১॥৩৯২॥

কস্তচিৎ,--

নিজাঙ্কে যা কার্য্যা অপি যুবতিবর্য্যাঃ কিল শপে
লিখেতি ত্বং সাক্ষী করিব নিজপক্ষী সহচরী।
করিষ্যেঽহথো গাঢ়ং প্রণয়মথ বাঢ়ং বদ সখে
বিপর্য্যাসে পাশে পড়সিগণ হাসে কি করিব ॥

ধানশ্রী।

বিনি গুণ পরখি পিরিতি করি সাধ
পহিলহিঁ ঐছে পড়ল পরমাদ ॥
পুন যদি নাহ করবি তুহুঁ লেহ।
অবিচল প্রেম কবজ লিখি দেহ ॥
মঝু গুণ নহি বিছুরবি তিল আধ।
তেজবি আন যুবতি-রতিসাধ ॥
নিতি নিতি সহবি লাখ অপমান।
দোখে রোখি নহি করবি পয়ান ॥
ঐছন খত যব দেওবি মোয়।
তব আপন করি জানব তোয় ॥
সহচরি দীনবন্ধু পরমাণ।
দঢ় করি করিব পিরিতি পরিণাম ॥৪২॥৩৯৩॥

কস্তচিৎ,—

দাসদাসস্ত দাসোঽহং লিখামি পদপল্লবে।
ইত্যুক্ত্বা রাধিকাপাদাবগ্রহীন্মধুসূদনঃ ॥

ধানশ্রী।

কত কত কোটি জনম করি জপ তপ
পাওলুঁ তুয়া নব লেহ।
যমুনাজল ফল তিল তুলসী-দল
দেই সমাপলুঁ দেহ ॥
ধনি ধনি সাধু বিবাদ।
তুহুঁ যদি নিজ কিং- কর করি রাখবি
মাফ করবি অপরাধ ॥
নিশি দিশি শয়নে সপনে মঝু মানস
গুণগণ গাওব তোর।
তুয়া মুখ হেরি কোন বর-পামর
আন যুবতি করু কোর ॥
তুয়া পদপঙ্কজ- নখমণি কাগজ
দাসকবজ তহিঁ লেখি।
জীবনে মরণে তোহে তনু সোপলুঁ
দীনবন্ধু রহু সাখি ॥৪৩॥৩৯৪॥

তথা রাগ।

লোচন লোরে ঘোরি ঘন মৃগমদ
কলম করল নখচন্দ্র।
পদনখে দাস- কবজ পহুঁ লিখইতে
হরখি ধরল পদদ্বন্দ্ব॥
সুন্দরি অন্তরে উলসিত ভেল।
আদর সুধই সুধারস বাদরে
বিরহতাপ দুর গেল॥
করে কর বারইতে অন্তর দর দর
রসবতি পুলকিত অঙ্গ।
উপজল প্রেম- বিহগপতি তছু ভয়ে
ভাগল মান-ভুজঙ্গ॥
নাহবাহ ধরি অথির কলেবর
মদন-জলধিজলভঙ্গে।
ভাঙ্গল মান- জনিত ভয় মাধব
কোরে পসারল রঙ্গে॥
ভুজ ভুজ বন্ধন নিবিড় আলিঙ্গন
বদন বদন একু মেলি।
নন্দকিশোর হেরি অনুমানই
দুহুঁক কলহ কিএ কেলি॥৪৪॥৩৯৫॥
ইতি সংকীর্ণসংভোগঃ॥

তথা রাগ।

নগরক লোক সবহুঁ যব জাগল
ভৈ গেল রজনি বিহান।
দুহুঁ মুখ হেরি কয়ল পহুঁ কৌতুকে
দুহুঁ জন বেশ বনান॥
মাধব রাইক অনুমতি মাগি।
তুরিতহিঁ আসি শয়ন নিজ মন্দিরে
শুতল যামিনি জাগি॥
গৃহ নিজ কাজে নিয়োজি দাসীগণ
যশোমতি উলসিতদেহ।
পরমানন্দ- মগন পহুঁ পৈঠল
রোহিণী সহ সুতগেহ॥
হরিমুখ চুম্বই গদ গদ ভাখই
উঠ উঠ যাদব রায়।
দিবসক আধ যাম বহি যাওত
দীনবন্ধু গুণ গায়॥৪৫॥৩৯৬॥

অথ প্রকারান্তরং।

তথা রাগ।

রাই অনাদর হেরি রসিকবর
অভিমানে করল পয়ান।
নয়নের লোরে পথ লখই না পারই
পীতবাসে মোছই বয়ান॥ ৪৬॥৩৯৭॥
ইদং পদং পূর্ব্ববৎ।

তথা রাগ।

মানিনি-মান- দহন দহ অন্তর
তাপ-তপন তনু দাহ।
চলইতে খলই চরণযুগ ঘন ঘন
বৈঠত তরুতলছাহ॥
হরি হরি আকুল বিদগধ নাহ।
রাধা-কুণ্ড- সলিল ঘন পৈঠত
ঘন যমুনা অবগাহ॥
ঢর ঢর লোর ভোর দিঠি-পঙ্কজ
সঘন মোছই পিতবাসে।
ঘন ঘন চকিত- নয়নে পথ হেরই
দূতিমিলন অভিলাষে॥

ঘন ঘন ধরণী· শয়ন তরু হেলন
ঘন ঘন দীঘনিশাস।
দীনবন্ধু ভণ দারুণ দুরদিন
জীবন পড়ল নিরাশ ॥৪৭॥৩৯৮॥

অত্রৈব কেবলদূতীং বিনা যোগিবেশে মিলনং অথবা দূতী।

যথা রাগ।

মদন-কুঞ্জপর বৈঠল নাগর
বৃন্দা সখিমুখ চাই।
করযুগ জোড়ি বিনতি করি কহতহি
তুরিতে মিলাওবি রাই ॥
হাম পর রোখি বিমুখ ভই সুন্দরি
কাহে চলল নিজ গেহা।
মদন-হুতাশনে দহ দহ মঝু মন
জীবন না বান্ধই থেহা ॥
তুহুঁ অতি চতুর নারি বরনাগরি
তোহে কি শিখাওব বাণী।
তুহুঁ বিনে হামারি বেদন নাহি জানত
কোনে মিলাওব আনি ॥
চন্দন চান্দ পবন ভেল রিপু সম
বৃন্দাবন বন ভেল।
কোকিল ময়ূর ঝঙ্কার দেওত
মঝু মনে লাগয়ে শেল ॥
ছল ছল নয়ন বয়ন ভরি রোয়ই
চরণপঙ্ক পর তায়।
হা হা কবে ধনি হাম নিজ হোয়ব
ভূপতি করহ উপায় ॥৪৮॥৩৯৯॥

মাধব নিপট কঠিন মন তোর।
হাথকি হাথে হাম তোহে শিখাওলুঁ
বাত না মানলি মোর ॥
সো বর-নাগরি সহজই সুন্দরি
কোমল অন্তর বামা।
বহুত যতন করি তাহে মিলাওলুঁ
কাহে উপেখলি রামা ॥
তুহুঁ অতি লম্পট কপট প্রেম তব
পিরিতিক রিত নাহি জানি।
হাথকি লছিমী চরণপর ডারলি
কৈছে মিলাওব আনি ॥
বাসর জাগি আগি সম উপজল
রজনি গোয়াঁয়ল জাগি।
তোহারি বিনতি মানি এক বেরি যাওব
মীলই যদি তুয়া ভাগি ॥
মোহন মান সমাধি চলল দুতি
মীলল রাইক পাশ।
ভূপতিনাথ দেখি অতি কৌতুক
অন্তরে উপজল হাস ॥৪৯॥৪০০॥

মদন কুঞ্জ তেজি চলল দূতি
বকুলকুঞ্জ চলি গেল।
ক্ষিতি নখ লেখি দেখি মুখ ঝাপল
রাই উত্তর নাহি দেল ॥
চতুর দূতি তব মনহিঁ বিচারল
কহে ললিতাএ দুই বাত।
কাহে বিমন ভই বৈঠল সুন্দরি
কিএ ভেল আজুক রাত ॥
কহে ললিতা হরি রাই উপেখল
করম বাম হাম ভেল।
নাগর কেশর কুঞ্জে নিশি বঞ্চল
চন্দ্রাবলি চিত দেল ॥

হাসি হাসি রাই পাশে দুতি বৈঠল
বোলত মধুরিম বাণী।
এ লঘু দোখে রোখ যদি মানসি
কো কছু তোহে সিয়ানি ॥
উঠ উঠ সুন্দরি মান দুরে করি
কাহ্নু পকড়ি করু কোর।
ফটকি হাথ বাত নাহি বোলত
কোপে ভরল তনু জোর ॥
রাইক নিঠুর দেখি সব সহচরি
কোপে ভরল সব গাত।
ভূপতিনাথ কোপি তব বোলত
ফটকি কি কারণ হাথ ॥৫০॥৪০১॥

অখিল-লোচন-তম তাপ-বিমোচন
উদয়তি আনন্দকন্দে।
এক নলিনী মুখ মলিনি করই যদি
ইথে লাগি নিন্দহ চন্দ্রে ॥
রাধে বুঝলুঁ তুয়া প্রতিভাতি।
গুণগণ তেজি এক দোষ ভাখসি
সহজে আভিরিনি জাতি ॥
সকল জীব জন- জীবন কারণ
মন্দ সুগন্ধ সুশীতে।
দীপক জোতি পরশে যদি নাশই
ইথে লাগি নিন্দ মরুতে ॥
স্থাবর জঙ্গম কীট পতঙ্গম
সুখ দেই সকল শরীরে।
কাগজ পত্র পরশে যদি নাশই
ইথে লাগি নিন্দহ নীরে ॥
ক্ষণে ক্ষণে সকল কুসুম মন তোষই
নিশি রহু কমলিনী সঙ্গে।
চম্পক এক ভ্রমর নাহি চুম্বই
ইথে লাগি নিন্দহ ভৃঙ্গে ॥
পাচ পাচ গুণ দশ গুণ চৌগুণ
আঠ দ্বিগুণ সখি মাঝে।
চম্পতিনাথ তুয়া গুণে আওল
অকুশল না কহল লাজে ॥৫১॥৪০২॥

প্রত্যুত্তরম্।

কি করব জপ তপ দান ব্রত নৈষ্ঠিক
যদি করুণা নহি দীনে।
সুন্দর কুল শিল ধীর যুবকবর
কিএ তার লোচনহীনে ॥
এ সখি সমুঝি কহবি কটুভাষা।
ঐছন বহু গুণ এক দোষে নাশই
এক গুণ বহুদোষনাশা ॥
পরভৃত অহিত যতন নহি নিজ সুতে
কাক উচ্ছিষ্ট রস পানি।
সো সব অপগুণ ঢাকএ এক পিক
বোলত সুমধুর বাণী ॥
গরল সহোদর গুরু-পত্নীহর
রাহু বরণ তনু কারা।
বিরহ-হুতাশন বারিজ-নাশন
শিলগুণে শশী উজিয়ারা ॥
কাহ্নুক মহত বুঝলুঁ সব রে সখী
সব রূপ গুণ উতরোলে।
বংশী পরশি শত শপতি কয়ল কত
তবহিঁ প্রতিত নহে বোলে ॥
পুন ধরি বসন চুম্বন পরিরম্ভণ
সঙ্কেত করি আশোয়াসে।

আন রমণী সনে সো নিশি বঞ্চল
হামে করল নিরাশে ॥
গরলহিঁ অধিক রোখে তনু দগধল
রতিচিহ্ন দেখি প্রতি অঙ্গে।
চম্পতি পেচক পুর যব মীলব
তবে সে মীলব হরি সঙ্গে ॥৫২॥৪০৩॥

শ্যামল বরণ নয়নে নাহি হেরই
বয়নে না বোলই কালা।
তমাল পাণ্ডুর করি চন্দ্রাতপ ধরি
ঝাপল নবঘনমালা ॥
বৃন্দা দুরজয় মানিনি হেরি।
কাতর অন্তর নাহ নিকট পুন
আওল খরতর ফেরি ॥
দূতিক বিরস বদন হেরি মাধব
বাঢ়ল বিরহ বিষাদ।
মানিনি জানি মোহে অব তেজল
পড়ল বড়ই পরমাদ ॥
সুন্দরি মোহে উপেখল অব যদি
তেজব পাপ পরান।
দীনবন্ধু ভণ কী ফল জীবন
দারুণ বিধি ভেল বাম ॥৫৩॥৪০৪॥

দূতি কহল সব নিরসল মাধব
যামিনী ভেল অবসান।
কানন পরিহরি নিজ মন্দিরে হরি
তুরিতহিঁ কয়ল শয়ান ॥
হরি হরি নাগর আকুল দেহ।
মনসিজ ধূমে ঘূম নাহি লোচনে
জীবন না বান্ধই থেহ ॥

মাই যশোমতি যাই জাগাওত
নিজ বালক যদুরাজ।
গো-দোহন করি সহচরগণ মেলি
গোঠে চলল বনমাঝ ॥
রাই বিরহজর- কাতর অন্তর
ছোড়ি সখাগণ সঙ্গ।
দীনবন্ধু ভণ কানু চলল পুন
করইতে মানক ভঙ্গ ॥৫৪॥৪০৫॥

রাইক মান জানি হরি সাজঃ
অদভুত যোগিক রঙ্গ।
চূড়ক খোলি বান্ধি জটাজুট
ভসম লাগাওল অঙ্গ ॥
শোভা বনি অনুপাম।
কাঞ্চন পগরি উতারি পহীরল
শঙ্খ কুণ্ডল ভছু ঠাম ॥
গজমোতি হার আড় করি কণ্ঠহিঁ
মণ্ডিত ফাটিক মালা।
পিন্ধি অরুণাম্বর শিঙ্গা করে করি
বাঢ়ল বিরহক জালা ॥
জয় জয় গোরখ- নাথ বলি নাগর
জটিলাদ্বারহিঁ পাই।
যোগি ভোগি বলি করু অন্বেষণ
চন্দ্রশেখর বলি যাই ॥৫৫॥৪০৬॥

গোরখ জাগাই শিঙ্গারব করতহিঁ
জটিলা ভীখ আনি দেল।
মৌনী যোগেশ্বর মাথ ঢুলাওত
বুঝল ভীখ নাহিঁ লেল ॥
জটিলা কহত কিএ তুহুঁ মাঙ্গত
যোগী কহত বুঝাই।

তে বধু হাথ ভীখ হাম লেয়ঙ্গি
তুরিতহিঁ দেহ পাঠাই ॥
পতিবরতা বিনু ভীখ যদি লেয়ঙ্গি
যোগিবরত ভএ নাশ।
তাকর বচন শ্রবণে তনু পুলকিত
ধাই কহল বধু পাশ ॥
দ্বারে যোগিবর শরির মনোহর
জ্ঞানী বুঝলুঁ অনুমানে।
প্রেম ভকতি করি রতন থারি ভরি
ভীখ দেহ তছু ঠামে ॥
গোধূম চূর্ণ পূর্ণ করি থারহিঁ
রতন কটোরহিঁ ঘিউ।
করে কর জোড়ি লেহ করি ফুকরই
তাহে হেরি থর থর জিউ ॥
যোগী কহত হাম ভীখ নাহিঁ লেয়ঙ্গি
ও মুখবচন এক চাই।
নন্দ-নন্দন পর যো অভিমানহ
মাফ করহ ঘর যাই ॥
হাসি হাসি মুখ ঝাপল জানল
ভেখধারি নটরাজ।
গোবিন্দদাস কহ রসিক শিরোমণি
সাধল মানস কাজ ॥৫৬॥৪০৭॥

কস্যচিৎ,—

যোগী মাধব এষ যাচক ইতি জ্ঞাত্বা তদা মানিনী
দত্ত্বা মানমসৌ সমাদরবশাৎ তস্মৈ জহাস স্বয়ং।
মানিন্যাঃ কিল মানদানমচিরং প্রাপ্য প্রিয়ো মাধবঃ
রাধা-সঙ্গ-সুখায় তত্র জটিলাং প্রস্থাপিতো দূরতঃ ॥
দেবানাং করুণাবলেন জটিলে ত্রৈকালিকজ্ঞানবা-
নস্ম্যেয়ং বিধবা ভবিষ্যতি বধূস্তেন ব্রবীমি প্রিয়ম্।
পুত্রায়ৌষধমেতদাশু বিতর শ্রীমান্ চিরায়ুর্ভবেৎ
শ্রুত্বা দূরপথং গতা সুতপদং কৃষ্ণস্ততোঽরীরমৎ ॥

শ্যামর আরতি হেরি মানবতি
মাফ করল সব মান।
রাইক সদয় হৃদয় বুঝি মাধব
পাওল জীবন দান ॥
নাগর রসময় চতুর সুজান।
নিকট বোলাই কুটিল জটিলা পহুঁ
কহই হীত পরিণাম ॥
ভূত ভবিষ্যত সব হাম জানত
গোরখনাথ-করুণায়।
অবহিঁ তুয়া বধূ বিধবা হোয়ব
তুরিতহিঁ রচহ উপায় ॥
ধীর সমীর দূরতর কাননে
অব জনি রহত গোয়ার।
ঔখদ এহ দেহ নিজ বালকে
জনু বাচই চিরকাল ॥
শুনইতে পাগলি যোগীর চরণ ধরি
পুন পুন করি পরণাম।
জটিলা কুটিল দূর বনে ধাওল
মন্দিরে পৈঠল কানু ॥
রাইক সঙ্গে রঙ্গ রস কৌতুক
নিরজন মন্দির মাঝ।
দীনবন্ধু ভণ রসময় নাগর
সাধল পহুঁ নিজ কাজ ॥৫৭॥৪০৮॥

ততঃ শ্রীকৃষ্ণস্মরণে সহচরীমিলন-গৃহগমন-পর্য্যন্তং
ত্রয়োদশপরিচ্ছেদে জ্ঞেয়ম্ ॥

ইতি শ্রীরাধাকৃষ্ণ-সংকীর্ত্তনামৃতে উত্তরখণ্ডে রূপাভিসার..খণ্ডিতামিলন-
পর্য্যন্তসমুদায়রাত্রিপ্রভাতকালব্যাপ্তলীলা নাম প্রথমঃ পরিচ্ছেদঃ ॥
ইত্যেকরাত্রলীলা ॥

অথ কলহান্তরিতা।

তল্লক্ষণং স্তবমালায়াং,—

নিরস্তো মন্যুনা কান্তো নমন্নপি যয়া পুরঃ।
সানুতাপযুতা দীনা কলহান্তরিতা ভবেৎ॥

তত্র গৌরচন্দ্রঃ।

পঠমঞ্জরী।

মঝু মনে লাগল শেল।
গৌর বিমুখ ভই গেল॥
দারুণ বিধি দুখ দেল।
জনম বিফল মোর ভেল॥
কাহে কহব ইহ দুখ।
কহইতে বিদরয়ে বুক॥
হাম যব না পেখব মুখ।
তব জীবনে কিবা সুখ॥
বাসুদেব ঘোষ নিদান।
গোরা বিনে না রহে পরান॥১॥৪০৯॥

খণ্ডিতা মিলন হয় প্রত্যূষের লীলা।
তারপর কৃষ্ণচন্দ্র নিজ ঘরে গেলা॥
নিজ ঘরে শয়ন উত্থান গো-দোহন।
বাৎসল্য গোষ্ঠাদিলীলা পূর্ব্ববত ক্রম॥
খণ্ডিতা মিলনাভাবে কলহান্তরিতা।
মানদদগ্ধ কৃষ্ণ তাহে গেলা যথা তথা॥
অভিপ্রায়ে জানি নিজ গৃহকে গমন।
রাধা লঞা কথা এথা নাহি সে বর্ণন॥
কিন্তু নিজ গৃহে শয্যোত্থান গো-দোহন।
বাৎসল্য লালন গোষ্ঠ আর গোচারণ॥
বিরহ ব্যাকুল কৃষ্ণ গোচারণ হৈতে।
রাধা লাগি একা বনে ভ্রমিতে ভ্রমিতে॥
রাধিকার দূতী আসি কৃষ্ণ লৈঞা যায়।
গৌরীপূজা ছলে বনে ঘরে বা মিলায়॥
সংগমের পরে পুন যায় গোচারণে।
দীনবন্ধু দাস কহে রসের বিধানে॥*॥

ধানশ্রী।

বিদগধ নাহ চলল নিজ মন্দির
রাই অনাদর জানি।
সহচরি হেরি গোরি পহুঁ রোখহিঁ
হঠ করি কহতহিঁ বাণি॥
মানিনি তুহুঁ বড় কঠিন পরাণ।
বিনি অপরাধে উপেখলি মাধবে
পিরিত রীত নাহিঁ জান॥
যাকর দরশ- পরশ-রস লালসে
তেজলি কুল ভয় মান।
সো তুয়া পদ ধরি ধরণি লোটাওল
না হেরলি চান্দ বয়ান॥
না বুঝিএ কো বিহি কুমতি ঘটাওল
অতএ কয়লি অভিমান।
সহচরি দীন- বন্ধু কহে মানিনি
মরণ শরণ পরিণাম॥২॥৪১০॥

তথা রাগ।

কৈছে চরণে কর- পল্লব ঠেললি
মীললি মান-ভুজঙ্গে।
কবলে কবলে জিউ জরি যব যাওব
তবহিঁ দেখবি ইহ রঙ্গে॥
আগো মা এ কিএ জিদ্দ অপার।
কো অছু বীর ধীর মহাবল
পয়ঁরি উতারই পার॥

শ্যামর ঝামর মলিন নলিন-মুখ
ঝর ঝর লোচন-নীর।
পীতাম্বর গলে পদহিঁ লোটাওল
হিয়া কৈছে বান্ধলি থীর॥
সাধি সাধি ছরমি ঘরমি মহা আকুল
ঘন ঘন দীঘনিশাস।
মনমথ দাহ- দহনে তনু ধসি গেও
রোখি চলল নিজ বাস॥
অবিরোধ প্রেম- পন্থ কাহে রোধলি
দোষলেশ নাহিঁ নাহ।
বৃন্দাবন পুন নিষেধহ মানিনি
হামারি ওরে কাহে চাহ॥৩॥৪১১॥

তথা রাগ।

কহলমো খল জন দোখল কানু।
তুহুঁ অবিচারে বাঢ়াওলি মান॥
রোখে বিমুখ যব চলু বরনাহ।
অব কাতর দিঠে মঝু মুখ চাহ॥
মানিনি তোহে সমুঝাওব কোই।
অব রহ নিরজন মন মাহা রোই॥
সহচরি লাখ বচন করি ভঙ্গ।
হৃদয়ে ধরলি তুহুঁ মান-ভুজঙ্গ॥
মদন কুমন্ত্রে অথির ভেল সোই।
চললহুঁ দংশি লখই নাহিঁ কোই॥
কোন কুমতি দরশাওল এহ।
জানলোঁ গরলে ভরল তুয়া দেহ॥
ইথি বিনু নাগদমন রস পান।
গোবিন্দদাস মণি মন্ত্র না জান॥৪॥৪১২॥

কশ্চিৎ,—

কুরু মুকুন্দস্য কপটস্য কথাঃ সখি।
প্রথমপ্রেমভঙ্গেন বৈরাগ্যং মেঽতিজায়তে॥

কোপনা।

কবহুঁ রসিক সঞে জনি দরশন হএ
দরশনে জনি হএ লেহ।
লেহ বিয়োগ কাহ জনি উপজএ
বিরহে জনি রহে দেহ॥
সজনী দুর কর ও পরসঙ্গ।
বড়ই বৈরাগ লাগল মঝু অন্তরে
পহিলহিঁ প্রেমক ভঙ্গ॥
যবহিঁ দৈববশে উপজএ প্রেমরস
শ্যামর সঞে জনি হোয়।
এক কানু সঞে গুপত প্রেম করি
সবহুঁ শিখাওল মোয়॥
হেন ওখদ সখি কতিহুঁ না পেখিএ
জনি জীবন জরি যায়।
অসমঞ্জস রস সহই না পারিএ
কবিশেখর ইহ গায়॥৫॥৪১৩॥

সুহই।

শুনইতে কানু- মুরলীরব-মাধুরি
শ্রবণে নিবারলুঁ তোরি।
হেরইতে রূপ নয়নযুগ ঝাপলোঁ
তৈখনে রোখলি ভোরি॥
সজনী তৈখনে কহলুঁ মো তোই।
ভরমহিঁ তা সঞে লেহ বাঢ়াওবি
জনম গোয়ায়বি রোই॥
বিনি গুণ পরখি পরশ-রস লালসে
কাহে সোঁপলি নিজ দেহা।
দিনে দিনে খোই সো হেন রূপ লাবণি
জীবইতে ভেলি সন্দেহা॥
যো তুহুঁ প্রেম- কলপতরু রোপলি
শ্যাম-জলদ-রস আশে।

সো অব লোচন- জল দেই সিঞ্চহ
কহতহিঁ গোবিন্দদাসে ॥৬॥৪১৪॥

কস্যচিৎ,—

জন্মান্ধা প্রেমগন্ধানপি নহি বিদিতা নো বহূনাং প্রিয়ত্বং
জ্ঞাতাহং তস্য বেত্রী যদি কথমপি মে কিং ফলং গৌরবেণ।
সখ্যো বো বেদয়ামি স্বহৃদয়মধুনা ভূরিদোষেঽপি তস্য
যা নারী ভামিনী সা জগতি পুনরহো তাপিনী ভাগ্যহীনা॥

সুহই রাগ।

আন্ধল প্রেম পহিল নাহিঁ হেরলু
ও বহুবল্লভ কান্থ।
আদর সাধে বাদ করি তা সঞে
অহনিশি জলত পরান॥
সজনী তোহে কহোঁ মরমকি দাহ।
কান্থক দোখে যোই ধনি রোখই
সো তাপিনি জগ মাহ॥
যো হাম বহুত দান করি মানলোঁ
কান্থক পিরিতি উপেখি।
সো অব মনসিজ- শরে ভেল জর জর
তাকর দরশ না দেখি॥
ধৈরজ লাজ মান সঙে ভাঙ্গল
জীবন রহত সন্দেহ।
গোবিন্দদাস কহই সতি ভামিনি
ঐছন কান্থক লেহ॥৭॥৪১৫॥

কুলবতি কোই নয়নে জনি হেরই
হেরই জনি পুন কান্থ।
কান্থ হেরি জনি লেহ বাঢ়াওই,
লেহে করই জনি মান॥
সজনী অতএ মানিএ নিজ দোষ।
মান-দগধ জিয়ু অব নাহি নিকসই
কান্থ সঞে কি করিব রোষ॥
যো মঝু চরণ- পরশ-রস লালসে
লাখ বিনতি মুঝে কেল।
তাকর দরশন বিনে তনু জর জর
পরশ পরশ সম ভেল॥
সহচরি মোহে লাখ সমুঝাওল
সো নাহিঁ শূনলোঁ কানে।
গোবিন্দদাস সরস বচনামৃতে
পুন বাহুড়াওব কান্থে॥৮॥৪১৬॥

ধানশ্রী।

চরণ-নখর মণিরঞ্জন ছান্দ।
ধরণী লোটাওল গোকুলচান্দ॥
রোখ-তিমির এত বৈরি কে জান।
রতনক ভৈগেল গৈরিক ভাণ॥
ঢরকি ঢরকি পড়ু লোচন লোর।
কত রূপে বিনতি কয়ল পহুঁ মোর॥
নারি জনমে হাম না কয়লুঁ ভাগি।
মরণ শরণ ভেল মানকি লাগি॥
লাগল কুদিন কয়লুঁ হাম মান।
অব নাহিঁ নিকষএ কঠিন পরান॥
কহে কবিরঞ্জন শুন বরনারি।
প্রেম-অমিয়ারসে লুবধ মুরারি॥৯॥৪১৭॥

সুহই।

চরণে লাগি হরি হার পিন্ধাওল
যতনে গাথি নিজ হাথে।
সো নাহিঁ পহিরলোঁ দূরহিঁ ডারলোঁ
মানিনি অবনত মাথে॥

সজনী বিহি মোহে বিপরীত ভেল।
মান-দগধ মঝু বিদগধ মাধব
রোখি বিমুখ ভই গেল॥
গিরিধর নাহ বাহু ধরি সাধল
হাম নাহিঁ পালটি নেহার।
হাথকি লছিমী চরণপর ডারলুঁ
অব কি করব পরকার॥
সো বহুবল্লভ সহজই দুল্লভ
পুন দরশনে মন ঝূর।
গোবিন্দদাস যব যতনে মিলাওব
তবহিঁ মনোরথ পূর॥১০॥৪১৮॥

সুহই।

যাকর চরণ- নখর-রুচি হেরইতে
মুরছএ কত কোটি কাম।
সো মঝু পদতলে ধূলি লোটাওল
পালটি না হেরলুঁ হাম॥
সজনী কি পুছসি হামারি অভাগি।
ব্রজকুলনন্দন- চান্দ উপেখলুঁ
দারুণ মানকি লাগি॥
কাতর দীঠি মীঠ বচনামৃতে
কতরূপে সাধল নাহ।
সো হাম শ্রবণক সীম নাহিঁ আনলোঁ
অব তুষ-দহনকি দাহ॥
কৈছে হৃদয় করি কাহাঁ সে রহু হরি
দরশন লাগি মন ঝূর।
গোবিন্দদাস যব আনি মিলাওব
তবহিঁ মনোরথ পূর॥১১॥৪১৯॥

ধানশ্রী।

সো বহুবল্লভ সহজই ভোর।
কৈছনে বেদন জানব মোর॥
চলইতে চাহি তাহে আদর ভঙ্গ।
সহই না পারিএ বিরহ তরঙ্গ॥
এ সখি কাহে উপেখলোঁ কান্থ।
না জানিএ দগধি চলব মুঝে মান॥
অব বিরচহ সখি সো পরবন্ধ।
কান্থকে যৈছে হোএ নিরবন্ধ॥
সখীগণ গণইতে তুহুঁ সে সিয়ানি।
তোহে কি শিখাওব চতুরিম বাণি॥
মোহে এত আদর সো জনি জান।
ইথে লাগি তুয়া পাএ সোপলোঁ পরান॥
হাম যদি জীবইতে মীলই কান্থ।
গোবিন্দদাস তোহারি গুণ গান॥১২॥৪২০॥

সুন্দরী কত সমুঝাওব তোয়।
কহইতে হীত বচন তব রোখলি
অব পুন সাধসি মোয়॥
যাকর দরশ পরশ রস লালসে
তেজল কুলমরিজাদ।
সখীগণ-বচন শ্রবণে নাহিঁ শুনলি
তহিঁ পুন কয়লি বিবাদ॥
সো বহুবল্লভ ধরণী লোটাওল
পদপল্লব ধরি হাথে।
তাকর বিনতি থোর করি মানলি
মানিনি অবনত মাথে॥
বিনি অপরাধে কাহে তুহু রোখলি
ছোড়লি তাকর লেহ।
দীনবন্ধু কহে শুন শুন মানিনি
খোয়লি আপন দেহ॥১৩॥৪২১॥

কস্যচিৎ,—
তদা মানমদান্ধা ত্বং ত্যক্ত্বা প্রাণপতিং হরিম্।
পুনা রোদিষি দীনাত্মা কিং করিষ্যামি রাধিকে॥

সুন্দরী কত সমুঝাওব তোয়।
পাওলি রতন অ- যতন করি খোয়লি
অব পুন সাধসি মোয়॥
কত শত গোপ- সুনাগরি পরিহরি
যব তুয়া মন্দিরে কাহ্নু।
তব তুহুঁ মান পরম ধন পাওলি
না হেরলি সো চান্দ বয়ান॥
বিনি অপরাধে উপেখলি মাধব
না বুঝলি আপন কাজ।
না জানিএ কোন কলাবতি মন্দিরে
অব রহু নাগররাজ॥
যা বিনু তিল আধ রহই না পারই
তাহে কি এমন বেবহার।
গোবিন্দদাস কহে অতএ সমুঝল
পুন ইহা না করব আর॥১৪॥৪২২॥

কস্যচিৎ,—

মমাভাগ্যবশাৎ কৃষ্ণো যদি নিষ্ঠুরতাং গতঃ
সখি গচ্ছসি কিং ভূয়ঃ প্রবিশামি নদীহ্রদে॥

ধানসী।

তিল এক শয়নে সপনে যো মঝু বিনে
চমকি চমকি ধরু কোর।
গাঢ় আলিঙ্গনে ঘন ঘন চুম্বনে
নিঝরে ঝরএ বহু লোর॥
সজনী সো যদি করু নিঠুরাই।
না জানিএ কো বিধি নিধি দেই লেয়ল
সে সুখ করি বিছুরাই॥
তুহুঁ কাহে নিরস বচনে মুঝে মারসি
ডারসি শোককি কূপে।
মুরছিত জনে পুন ঘাতন নহে সমুচিত
জগজন কহব বিরূপে॥
ভাঙ্গল মান সবহুঁ করু গঞ্জন
পিরিতি পিরিতি করু বাধা।
রসিক সুনাহ আপন সুখ পাওব
এ বড় মঝু মন সাধা॥
সো মুখ-চান্দ হৃদয়ে করি পৈঠব
কালিয়-বিষহ্রদ-নীরে।
পামরি গোবিন্দ দাস মরি যাওব
আনল সাজি তছু তীরে॥১৫॥৪২৩॥

ধন্যা বিচারশূন্যাসি প্রবেক্ষ্যামি কথং হ্রদে।
শ্রুত্বা হৃৎকম্প আসীন্মে প্রেয়ানপি মরিষ্যতি॥
—ইতি কস্যচিৎ

ধানশ্রী।

রসবতি হোই মান-মদে মাতলি
লাগল দুরদিন জানি।
বিদগধ মাধব সো জনি রোখল
বিধির ঘটন অনুমানি॥
সুন্দরী সম্বরু বিরহ-বিলাপ।
হেরইতে তোহাঁরি মলিন মুখ-পঙ্কজ
অন্তর থরহরি কাঁপ॥
তুহুঁ অবিচারে মরণ-পথ পেখলি
শুনইতে দর দর দেহ।
ঐছন কঠিন বচন শুনি মাধব
কৈছনে বান্ধব থেহ॥
সরস বচনে অব নাহ বুঝাওব
আনব বাহু পসারি।
এত বলি দীন- বন্ধু চলু কাহ্নুক
চরণ-চিহ্ন অনুসারি॥১৬॥৪২৪॥

ধানশ্রী

রসময় বচনে রাই পরবোধল
সহচরি কয়ল পয়ান।
বংশীবট যমু- না-তট-কানন
নিরখই চকিত নয়ান॥
সহচরী ঢূরত কানন মাঝ।
পেখল এক বকুলতলে আকুল
পড়ি রহু নাগররাজ॥
চল করি নাহ- নিকট-পথ পরিহরি
কুসুম চয়ন করু ছন্দ।
দল-চালন শুনি হরখি আসি তহিঁ
মীলল গোকুলচন্দ্র॥
ঝর ঝর লোর ভোর দিঠি-পঙ্কজ
কাতর অবনত মুখ।
সহচরী দীন- বন্ধু কহে মাধব
পিরিতি-ভঙ্গ কত সুখ॥১৭॥৪২৫॥

———

কস্যচিৎ,—

মম দোষং বিনা রাধা বরারোহা কথং প্রিয়ে।
ইতি চিন্তাকুলাত্মাহং জ্ঞাতা চেদ্বদ কারণম্।

ধানশ্রী।

করযুগ যোড়ি মোড়ি তনু মাধব
কহতহিঁ সহচরি আগে।
কে জানে কামিনী কাহে উপেখল
অবিচল নব অনুরাগে॥
সজনী কাহে কয়ল ধনী দ্বন্দ্ব।
রসবতী হোই পিরিতি-পথ রোধল
মঝু মনে এ বড়ি ধন্দ॥
একল প্রেম জানি দুহুঁ জীবন
কেবল ভিন ভিন দেহ।
ঐছন লেহ কাহে ধনি তেজল
মঝু মনে সংশয় এহ॥
গণি গণি অমনি থেহ নাহিঁ পাওলুঁ
মান-দগধ তনু শেষ।
সহচরি দীন- বন্ধু যদি আওলি
কহ কহ বচন বিশেষ॥১৮॥৪২৬॥

কস্যচিৎ,—

স্ত্রীণামাজন্মরামা প্রিয়বিনয়বচঃ শ্রোতুকামাভিরামা
সা রাধা প্রেমবাধা ত্বমপি নিজতনৌ পামরীচিহ্নমাধাঃ
দৃষ্টাগঃ কৃষ্ণ রুষ্টা ত্বমথ পরিচিতস্বীয়বৈদগ্ধ্য আগা-
ত্জন্মান্ধ প্রেমসন্ধো হরি হরি ন তব ক্বাপি দৃগ্গোচ-
রোঽপি।

ধানশ্রী

এই তুহুঁ জগমাঝে রসিক কহাওসি
পিরিতি-রীত নাহিঁ জান।
তুয়া অপরাধে রাই যদি রোখল
তোহে সমুচিত নহে মান॥
মাধব কো কহু বিদগধরাজ।
প্রেম পরশমণি পদতলে ডারলি
হঠে নঠ কলি সব কাজ॥
কুলবতি যুবতি চতুর অতি রসবতি
রঙ্গিণি সহজই বামা।
মরমি জানি যদি আদর সাধল
কাহে উপেখলি রামা॥

তুয়া অপরাধে সাধি পুন মানিনি
মাফ করায়লুঁ মান।
দীনবন্ধু বলে রাইক মন্দিরে
অব তুহুঁ করহ পয়ান ॥১৯॥৪২৭॥

কস্যচিৎ,—

বিদগ্ধা সা দূতী বিনয়বচ আকর্ণ্য চ হরেঃ
করে ধৃত্বা রাধাসবিধমতিবোধাগতবতী।
রসপ্রখ্যাশিক্ষানয়বিনয়দীক্ষাসুনিপুণা
রহো রাধাসঙ্গে হরিমতনুরঙ্গেঽর্পিতবতী।

কস্যচিৎ,—

নিজভর্ৎসনমালিবচশ্চতুরশ্চতুরাননভাবিততুচ্ছকরঃ।
করসংপুট আশু নিশম্য পুনঃপুনরাকুল আহ বচো
বিনয়ম্

ধানশ্রী।

লাগল কুদিন বুঝই নাহি পারলোঁ
ঐছন রস পরিণাম।
তাকর মান- ভরমে হাম রোখলোঁ
চিরদিনে বিধি ভেল বাম॥
সজনী দারুণ মান-ভুজঙ্গ।
রতন-হার বলি হৃদয়ে চঢ়াওলু-
গরলে ভরল সব অঙ্গ॥
তুয়া কর-পল্লবে জীবন সোঁপলোঁ
তুহুঁ সমুঝাওবি রাধা।
অবিচল প্রেম- পন্থ দরশাওবি
পূরবি মনসিজ সাধা॥
তব কিঙ্কর বলি খত লিখি দেওব
নব নব রঙ্গিণি ঠাম।
জীবনে মরণে তোহারি গুণ গাওব
দীনবন্ধু পরমাণ ॥২০॥৪২৮॥

ধানশ্রী।

দূতিক সঙ্গে চলল বর-কানু।
নিরসল সব দুখ উজল বয়ান॥
সুন্দরি সরূপে কহবি তুহুঁ মোয়।
কনকবরণি ধনি তেজল মোয়॥
সহচরি কহে শুন নাগর কানু।
তুহুঁ কি না জানসি তাকর মান॥
সহজই সরল তরলমতি ভেল।
বহুত বুঝাই মান দুর গেল॥
তব যদি মান করই পুন সোই।
তবহুঁ মিলাওব কহলুঁ মো তোয়॥
শুনইতে মন মাহা আনন্দ ভেল।
রাইক কুঞ্জে হরি দরশন দেল॥
দুহুঁ জন দরশনে আনন্দ ভেল।
মান-জনিত দুখ সব দুর গেল॥
চন্দ্রশেখর কহে নাগররাজ।
ধনি সঞে বৈঠল আলি-সমাঝ ॥২১॥৪২৯॥
ইতি কুঞ্জলীলারূপ-সঙ্কীর্ণসম্ভোগঃ॥

ততঃ।

পহুঁ নিজ কাজে চলল নব রঙ্গিণি
সঙ্গিনি সখীগণ মেল।
বিদগধ নাহ গোঠ পরবেশল
সহচর জয় জয় দেল॥

কানাই তুহুঁ পাগল অনুমানী ।
ঘোর গহন ইথি কী ফল নিতি নিতি
একলি পৈঠহ জানি ॥
শ্যামর সকল অঙ্গ ভেল ঝামর
লাগল কণ্টক আচোর ।
চিরদিন পুণ্য- পুঞ্জ ফলে অব জনি
জীবন বাচল তোর ॥
তুয়া বিনে কাতর অবশ কলেবর
নয়ন আন্ধাওল মোর ।
সহচর মেলি কহত হরি হাসত
দীনবন্ধু পহুঁ ভোর ॥২১॥৪৩০॥
ইত্যাদি গৃহগমনপর্য্যন্তং পূর্ব্বখণ্ডে ত্রয়োদশ-
পরিচ্ছেদে দ্রষ্টব্যম্ ॥

ইতি শ্রীরাধাকৃষ্ণ-সংকীর্ত্তনামৃতে উত্তরখণ্ডে কলহান্তরিতা-বিলাপ
সখ্যুক্তি-দূতীদ্বারা কৃষ্ণানয়ন-মীলনপূর্ব্বক কৃষ্ণস্য গোষ্ঠ-
প্রবেশ-বনভোজনাদি-গৃহগমনদিগদর্শন-
পর্য্যন্তসংগ্রহো নাম দ্বিতীয়ঃ
পরিচ্ছেদঃ ॥

অথবা বৃন্দাদূতী সহ গত্বা মীলনং পূর্ব্বপরিচ্ছেদে
যথা তথাত্রাপি ॥

অথ প্রোষিত-প্রেয়সী ।

স্তবমালায়াং তল্লক্ষণং,—

কুতশ্চিৎ কারণাদ্যস্যা বিদূরস্থো ভবেৎ পতিঃ
তদসঙ্গমদুঃখার্ত্তা ভবেৎ প্রোষিতভর্ত্তৃকা ॥

স্বামীর প্রবাস জানি বিরহদুঃখিতা ।
সেই নায়িকার নাম প্রোষিতভর্ত্তৃকা ॥
প্রোষিতভর্ত্তৃকা নারী অতি বিরহিণী ।
ক্ষণে ক্ষণে বাঢ়ে দুঃখ দিবস রজনী ॥
সেই বিরহের হয় ত্রিবিধ আখ্যান ।
ভাবী ভবন্ আর মথুরাবস্থান ॥
মথুরা হইতে ব্রজে নাহি আগমন ।
স্বপ্ন সন্দর্শনে মাত্র জানিহ সঙ্গম ॥
নিত্য কৃষ্ণ যদি আছে বৃন্দাবনে ।
ব্রজবাসী কৃষ্ণ দেখি স্বপ্ন সম মানে ॥
সাক্ষাৎ মিলন নাই শাস্ত্রে পরকাশ ।
অতএব সেখানে সঙ্গত ভাবোল্লাস ॥
নায়ক আসিব বলি মনের উল্লাস ।
সঙ্গম সমান ভাব নাম ভাবোল্লাস ॥
ইহাতেই সকল কীর্ত্তন হয় সায় ।
বৈষ্ণব গোসাঞি শেষে দীনবন্ধু গায় ॥

তত্র গৌরচন্দ্র ।

নদীয়া নগরে প্রতি ঘরে ঘরে
কি শুনি দারুণ কথা ।
ছাড়ি গৃহবাস করিবে সন্ন্যাস
কহিতে লাগএ বেথা ॥
নিমাই পরান-পুতলি তুমি ।
তোমা না দেখিলে হিয়া বিদরিঞা
মরিঞা যাইব আমি ॥
এ জরা-জননী যুবতী রমণী
পাথারে ভাসাঞা যাবে ।
শুনি বিষ্ণুপ্রিয়া নিছনি লইঞা
অনলে পশিবে তবে ॥
রাতুল কমল জিনি পদতল
কেমনে হাটিবে তায় ।

এ ঘর বাহিরে সরস আদরে
কে আর ডাকিবে মায় ॥
ভকত-চকোর মরিব সকল
না দেখি ও মুখ-চান্দে।
দীনবন্ধু কহে উচিত এ নহে
শুনিতে পরান কান্দে ॥১॥৪৩১॥

যথা রাগ।

গিরি পুরি ভারতী বড়ই কঠিন-মতি
যব আওল পুরমাঝ।
তাহে হেরি অন্তর থরহরি কাপই
এত দিনে পড়ল অকাজ ॥
সজনী ঘরে ঘরে শুনি উপদেশ।
নিশি পরভাতে গৌরবর-নাগর
ছোড়ি চলব ত্বরদেশ ॥
রজনি বিরামি যৈছে নহে প্রাতর
ঐছন রচহ উপায়।
গগনক চান্দ ফান্দ করি বান্ধহ
মন্দিরে রহু গোরা রায় ॥
অহনিশি অম্বরে চান্দ উদয় হেরি
দিনকর পড়ব নিরাশ।
রোখহিঁ নিজসুত শমন আনি কিএ
দীনবন্ধু করু নাশ ॥২॥৪৩২॥

ধানশ্রী।

ভারথি গৌর নিকট যব ভেঠ।
পুরজন হেরি বয়ন করু হেঠ ॥
তব ধরি দক্ষিণ পয়োধর কাপি।
অবিরল লোরে নয়ন রহু ঝাপি ॥
সজনী লাখ বিপদ নাহিঁ মানি।
রসময় গৌর বিমুখ-ভয় জানি ॥
মঝু মন ঐছন করত বিষাদ।
ছোড়ব গৌর পড়ব পরমাদ ॥
দারুণ বিধি জনি সাধই বাদ।
তমু ডারব সব গাঙ্গ অগাধ ॥
কিএ অনুতাপে করব বিষপান।
দীনবন্ধু শুনি হরল গেয়ান ॥৩॥৪৩৩॥

ধানশ্রী।

সাঝহিঁ গোঠ- বিজই যতুনন্দন
গোধন দোহন কেল।
তবহিঁ এক রথ হেরি নিকট পথ
গোকুল আকুল ভেল ॥
সুন্দরি অন্তরে গণই বিষাদ।
কি জানিএ কানু চলই যদি মধুপুর
তবহিঁ পড়ব পরমাদ ॥
তহিঁ ঘন দক্ষিণ পয়োধর ফুরই
নাচই দক্ষিণ নয়ান।
ঘরে ঘরে নগরে অমঙ্গল শুনি পুন
জানল বিধি ভেল বাম ॥
দহ দহ অন্তর অথির কলেবর
মীলল সহচরি পাশ।
দীনবন্ধু ভণ মঝু মন ঐছন
কানু চলব পরবাস ॥৪॥৪৩৪॥

সুহই।

না জানিএ কো মথু- রা সঞে আওল
তাহে হেরি মঝু জিউ কাপি।

তব ধরি দক্ষিণ পয়োধর ফূরই
লোরে নয়ন রহু ঝাঁপি ॥
সখি হে অকুশল-শত নাহি মানি।
বিপদক লাখ তৃণ সম না গণিএ
কাহ্নু-বিচ্ছেদ ভয় জানি ॥
কিএ ঘর বাহির চিত না হএ স্থির
জাগরে নিন্দ নাহিঁ ভায়।
গঢ়ল মনোরথ তৈখনে ভাঙ্গই
কহ সখি কি করি উপায় ॥
কুসুমিত কুঞ্জে ভ্রমর নাহি গুঞ্জরে
সঘনে রোয়ত শুক শারি।
গোবিন্দ দাস আনি সখি পূছহ
কাহে এত বিঘিনি বিথারি ॥৫॥৪৩৫॥

তথা রাগ।

নামহিঁ অক্রূর ক্রূর নাহিঁ তা সম
সোই আওল ব্রজমাঝ।
ঘরে ঘরে ঘোষই শ্রবণ অমঙ্গল
কালিয় কালিম সাঁঝ ॥
সজনী রজনী পোহাইলে কালি।
রচহ উপায় যৈছে নহে প্রাতর
মন্দিরে রহে বনমালী ॥
যোগিনী-চরণ শরণ করি সাধহ
বান্ধহ যামিনীনাথে।
নক্ষত্র চান্দ বেকত রহু অম্বরে
যৈছে নহত পরভাতে ॥
কালিন্দী দেবী সেবি তাহে ভাখব
সো রাখব নিজ তাতে।
কিএ শমন আনি তুরিতে মিলাওব
গোবিন্দ দাস অনুমাতে ॥৬॥৪৩৬॥

ধানশ্রী।

কালি কুঞ্জে হাম কাহ্নু যব ভেঠ।
সজল নয়ানে বয়ন করু হেঠ ॥
মান ভরমে হাম হাসি হাসি সাধ।
না জানিএ ঐছে পড়ব পরমাদ ॥
এ সখি মোহে কহত উপদেশ।
জানলোঁ কাহ্নু চলব পরদেশ ॥
পুছইতে কহে গদ গদ আধ বোল।
ঢর ঢর নয়নে হেরই মুখ মোর ॥
নিবিড় আলিঙ্গনে পুন রহু ধন্দ।
দর দর হৃদয় শিথিল ভুজবন্ধ ॥
চুম্বনে বদনে বদন রহু মেলি।
আনহিঁ ভাঁতি রভস রস-কেলি ॥
এতহুঁ কপট কৈছে হিয়া মাহা গোই।
গোবিন্দদাস ভালে মোহে হেরি রোই ॥৭॥৪৩৭॥

যাহা লাগি গুরু-গ- ঞ্জনে মন রঞ্জলোঁ
গুরু দুরজন কি না কেল।
যাহা লাগি কুলবতি- বরত উপেখলোঁ
লাজে তৃণাঞ্জলি দেল ॥
সজনী জানলোঁ কঠিন পরান।
ব্রজ পরিহরি অব সো হরি যাওব
শুনতহিঁ নাহিঁ বাহিরান ॥
যো মঝু দরশ পরশ-রস লালসে
মণিময় মন্দির ছোড়ি।
কণ্টক কোরে জাগি নিশি বাদরে
পন্থ নেহারই মোরি ॥
যাহা লাগি চলইতে চরণে বেঢ়ল ফণি
মণিমঞ্জির করি জান।

গোবিন্দ দাস ভণে সো দিন কৈছনে
বিছুরব ইহ অনুমান ॥৮॥৪৩৮॥

সাজলী মধুপুর যাওব মুরারি।
এ হেন ধরম তাহে কোনে শিখাওল
তেজিতে অবলা ব্রজনারী ॥
সজনী এত কি করএ জানি শ্যাম।
নিমিখ বিচ্ছেদ হলো থীর নাহি বান্ধএ
সতত জপএ মঝু নাম ॥
রস-কারাগার তেজি কাহে যাওব
চলইতে ইথে নাহি বাট।
মনহি শিকলি তাহে প্রেম কুলুপ গো
লাগিঞাছে পিরিতি কবাট ॥
ইহ মোহ বন্ধন কৈছনে কাটব
মঝু মনে নাহি পাতিয়ায়।
এ তিন ভুবন মাহ না দেখিএ হেন জন
সো প্রিয় বাহির করায় ॥
ফণি-ভয়-মোচন জননী-সহোদর
সিন্ধি আর তাকর চরে।
গোবিন্দ দাস কহে কালি প্রাতরে
সো হরি নিব মধুপুরে ॥৯॥৪৩৯॥

সুহই।

দঢ় অনুমানি কহই সব সহচরি
নাগর রসময় দেহ।
কৈছনে সো অব মধুপুর যাওব
ছোড়ব ইহ নব লেহ ॥

সুন্দরি কী ফল এত অনুতাপ।
তুহুঁ অবিচারে মরণ-পথ হেরলি
শুনইতে অন্তর কাঁপ ॥
নাহ-বাহ ধরি আনি সুধাওব
শুনি যদি কৈতব বাদ।
সহচরি মেলি ঘেরি পহুঁ রাখব
না ছোড়ব তিল আধ ॥
তুহু ভুজ-ভুজগ- পাশ করি বান্ধবি
সাধবি মনসিজ কাজ।
প্রেম-কবাট দেই পুন রাখবি
নিজহিয়-মন্দির মাঝ ॥
হরি বিনু ফাফর একলি অক্রূর
ঘর যাওব পরভাতে।
সহচরি দীন- বন্ধু কহে পন্থহিঁ
বজর পড়ব তছু মাথে ॥১০॥৪৪০॥

তথা রাগ।

সহচরি-সরস- বচন শুনি সুন্দরি
অন্তর উলসিত ভেল।
ধরি সখি আচর অন্তর দর দর
কত শত আদর কেল ॥
সজনি কি কহলি শুভ পরিবন্ধ।
বচন-সুধারসে তনু মন সেচলি
ভাঙ্গল দারুণ ধন্দ ॥
বিপদ-বিনাশিনি জগজন-মোহিনী
তুহুঁ রসবতি চতুরাই।
রসময় নাহ বাহ ধরি আনবি
রাখবি মন্দির মাই ॥
তুয়া করে জীবন যৌবন সোপলোঁ
তুহুঁ সাধবি সব কাজ।

সহচরি দীন- বন্ধু শুনি ধাওল
যাহাঁ নাগর নটরাজ ॥১১॥৪৪১॥

সখা রাগ।

প্রাতরে তুহুঁ চলবি মথুরাপুর
যবহুঁ শুনল ব্রজ-নারি।
বিরহক ধূমে ঘুম নাহিঁ লোচনে
মোচত উতপত বারি ॥
মাধব ভালে তুহুঁ ব্রজ অনুরাগি।
অব সব বল্লবি জরব বিরহানলে
কো পুন ইহ বধ ভাগি ॥
গিরিবর-কুঞ্জ- কুসুমময় কাননে
কালিন্দী কেলি-কদম্ব।
মন্দির গোপুর নগর সরোবর
কো কাহা করু অবলম্ব ॥
ব্রজপতি লেই অতএ চলু অক্রুর
সঙ্গে শ্রীদাম সুদাম।
গোবিন্দদাস ভণ যব নহে ঐছন
আপে চলহুঁ বলরাম ॥১২॥৪৪২॥

ধানশ্রী।

এত দিনে রমণি রভস-রস জানল
উপজল নব অনুরাগ।
প্রেমক অঙ্কুর তুহুঁ যদি ভাঙ্গবি
লাগব তিরিবধ-ভাগ ॥
মাধব তুহুঁ বড় হৃদয় পাষাণ।
নব নব লেহ ছোড়ি অব কৈছনে
মধুপুর করবি পয়ান ॥
ঘরে ঘরে নগরে সবহুঁ জন ঘোষই
তুহুঁ যাওবি দুরদেশ।
শুনইতে সুন্দরি বিরহ-বেয়াকুল
মরণ শরণ অবশেষ ॥
হা হরি করি করি বদন সুখাওল
অবনি-পতন মুরছাই।
দীনবন্ধু কহে তুরিতে চল মাধব
জীবইতে সংশয় রাই ॥১৩॥৪৪৩॥

নাগর আসিঞা রাইএরে দেখসিঞা।

বিরহে জারল গোরি জিএ দণ্ড দুই চারি
দূতীমুখে এ কথা শুনিঞা ॥
বান্ধিতে রহিল চূড়া তিলক হইল মুড়া
তর নাহিঁ সহে বাঁশী নিতে।
নূপুর বিহনে পায় অমনি চলিঞা যায়
পীতধড়া পরিতে পরিতে ॥
লুনি জিনি সুকোমল ও রাঙ্গা চরণ-তল
কোথা পড়ে নাহিক ঠাহর।
কৃপা করি চাতকিরে পিয়াস করিতে দূরে
ধায় যেন নব জলধর ॥
আবেশে রাধার ধাম আসি উত্তরিল শ্যাম
বিরহিণী জিল হেন বাসে।
যদুনাথ দাস কয় মৃত তরু মুঞ্জরয়
বসন্ত নিয়ড় পরকাশে ॥১৪॥৪৪৪॥

আস্য আস্য বন্ধু আধ আচলে বস্য
নয়ন ভরিঞা তোমা দেখি।
দেখিতে দেখিতে মোর পরাণ যেমন করে
সেই সে পরাণ তার সাখি ॥
কালিয়া কপালে তোমার কে দিলে চন্দন
আন্ধারে করে ঝিকমিক।

আনের কাছে তুমি যেমন তেমন বন্ধু
আমার কালিয়া মাণিক ॥
কাল কেশের আড়ে লুকাঞা রাখিব তোমা
মনে করিঞাছি সাধ।
গুরু জনা সুধাইলে তাহারে উত্তর দিব
পরিঞাছি কাল পাটের জাদ ॥
কালিয়া বরণখানি কেশেতে করিল বেণী
সতত লইঞা থোব বুকে।
চান্দমুখে দিঞা মুখ পূরিব মনের সুখ
যে বলে সে বলু ছার লোকে ॥
মৃগমদ-বরণ অঙ্গে করি অভরণ
তুমি বন্ধু নয়নের তারা।
কি জাতি দারুণ প্রেম যেন দরিদ্রের হেম
তিলে কত যুগ হই হারা ॥
কহএ উদ্ধব হীন জিএ থাকি যত দিন
তুমি মোরে না ছাড়িহ দয়া।
বিচ্ছেদ অনুরাগে যখন পরাণ যাবে
দিহ রাঙ্গা চরণের ছায়া ॥১৫॥৪৪৫॥

কৌতুকে দুই কুল- কমল তেয়াগলোঁ
তুয়া পদ-পঙ্কজ আশে।
পাগুখ মীনে দীন যেন লাগল
না করিলাম নাশ-তরাসে ॥
মাধব নিকরুণ হৃদয় তোহাঁরি।
অব ঘর যাইতে ঠাম না পাওবি
পরিজনে পাড়ই গারি ॥
গগনক চান্দ পাণিতলে বারলুঁ
সাগর নগর-বেভার।
অমিয়া-ঘট বলি হাথ পসারলুঁ
ঢারল গরলক ধার ॥

সুরতরুতলে হাম জনম গোয়াঁওব
ঐছন চিতে ছিল ভাগে।
জ্ঞানদাস কহে দীন দুরগ হএ
ভালে জন করে অপমানে ॥১৬॥৪৪৬॥

সঙ্কেত পাইঞা তুমি আইলে আপনি।
কহিব সকল কথা জাগিব রজনী ॥
আপনি কহিব আমি আপন বসত।
গৃহ মাঝে লোক লাজে গোয়াঁইব কত ॥
নিশি দিশি মনে মোর উঠে যতখানি।
না দেখিলে যত হএ বুঝহ আপনি ॥
কুহু নিশি সময়ে পাইলাম তোমার লাগ।
প্রকাশিব মনে মোর যত অনুরাগ ॥
বিরলে পাইলুঁ তোমা ছাড়িব কেমনে।
লুকাঞা রাখিব তোমা যৌবনের বনে ॥
কেবল পিরিতিময় রসের মূরতি।
এক নিবেদন নাথ ধরিবে আরতি ॥
কুচন্দন মাঝে সুরুজ গজমোতি।
আজুকার মানে উদয় না করিব রাতি ॥
একে অবলা নারী তাহে পরাধিনী।
তিলেকে মরিএ তোমার বিচ্ছেদ কথা শুনি ॥
মরিলে সন্ধান নাহিঁ নাহিঁ সমাধান।
জ্ঞানদাসের বাণী পাষাণে নিশান ॥১৭॥৪৪৭॥

কস্যচিৎ,—

ইতি নিশাবসানতো হরিঃ সুদূরতাং গমী
বদন্তি সর্ব্বতো জনা ইদং বচোঽতিশোকদম্।
কথং ত্বমাত্মযোষিতং ক্ষিপন্নগাধসাগরে
বিহায় মামনাথিনীমুসস্তহো গমিষ্যসি ॥

জাতি কুল শিল ছাড়িঞা সকল
শরণ লঞাছি আমি।
নবীন পিরিতি আদর আরতি
কেমনে ছাড়িবে তুমি॥
বন্ধু কি শুনি লোকের মুখে।
সকল গোকুল করিঞা আকুল
মথুরা যাইবে সুখে॥
যমুনার কূলে বিরহ অনলে
মরিব তোমার লাগি।
লোকে অপযশ ঘোষণা রহিবে
হইবে বধের ভাগী॥
এ তিন ভুবনে তোমা ধন বিনে
কে আর আমার আছে।
দীনবন্ধু বলে দূরদেশে গেলে
ডাড়াইব কার কাছে॥ ১৮॥ ৪৪৮

মধুকর বিকচ কমল যদি তেজই
চাতক নবরস মেহ।
ভূখিল চকোর চান্দ যদি তেজই
কৈছে ধরব নিজ দেহ॥
মঝু ইহ বচন কপট যদি মানসি
অঙ্গ পরশি নিজ হাথে।
দীনবন্ধু ভণ শপথ করিএ যেন
সংশয় নহ অছু বাতে॥ ১৯॥৪৪৯॥

কস্যাচিৎ,

প্রাণা রুদন্তি গণয়ন্তি ন তে প্রবোধং
যাতাসি চেন্ন মথুরাং কুরু নাথ দিব্যম্।
নারীকুলে যদি ন জন্ম বিধির্ব্বিধাস্যৎ
দিব্যেন কিং প্রতিদিশং ত্বরসাহবহিষ্যম্॥

কস্যচিৎ,—

অম্ভোক্তং গগনে ন চন্দ্র ইতিবৎ মে মাথুরপ্রাপণং
মূঢ়োক্তং বত চিত্রমত্র বচনে শোকঃ কথং তে হঠাৎ।
হিত্বা ত্বাং নিজজীবনং কথমহো গন্তাস্মি দেহো মৃতো
বিজ্ঞায় ত্বমিদং পুনঃ কিমথবা হাস্যাস্পদং ভাষসে॥

ধানশ্রী।

আন্ধল কহই চান্দ নহি অম্বরে
ঐছন দুরজন ভাষ।
শুনি পুন তুহুঁ অবি- চারে দঢ়াওলি
মঝু মাথুর পরবাস॥
সুন্দরি অন্তরে করু অনুমান।
তুহুঁ মঝু জীবন পরিহরি মৃত তনু
কৈছনে করব পয়ান॥

মন ছন ছন করে পরাণ কান্দে।
যত যত বল হিয়া থির নাহি বান্ধে॥
মথুরা না যাবে যদি আমারে ছাড়িঞা।
বল দেখি নিজ কর মোর মাথে দিঞা॥
নারী না করিত যদি নিকরুণ বিধি।
দেশে লঞা যাত্যাম তোমা গুণনিধি॥
কুলভয় না থাকিলে ভুজলতা দিঞা।
হিয়ার মাঝারে তোমা রাখিতাম বান্ধিঞা॥
হিরা মণি মাণিক রতন যদি হত্যে।
গলাএ গাথিঞা নিলে তবে কোথা যাত্যে॥
যত যত করি মনে কিছুই না ভায়।
দীনবন্ধু কহে হিয়া বিদরিতে চায়॥ ২০॥৪৫০

ধানশ্রী।

কোনো বিঘটনে না দেখি যে দিনে
তোমার ও চান্দ মুখ।
কে জানে সে দিনে কত উঠে মনে
দুখের উপরে দুখ ॥
ধনি পরান-পুতলি তুমি।
শিরে হাথ দিঞা বলি দঢ়াইঞা
তোমা না ছাড়িব আমি ॥
অগতির গতি তোমার পিরিতি
পাঞাছি অনেক সাধে।
ও মুখ মলিন সজল নয়ন
দেখিঞা পরান কান্দে ॥
জল বিনে মীন মরএ যেমন
তোমা না দেখিলে মরি।
দীনবন্ধু বলে তোমারে ছাড়িলে
বাচিব কেমন করি ॥ ২১ ॥ ৪৫১ ॥

ধনী শ্যাম সোহাগে।
বিছুরল সব দুখ নব অনুরাগে ॥
বড় আনন্দ মনে।
শ্যামর-বচন-সুধারস পানে ॥
ধনী প্রেম-তরঙ্গে।
ঢরকি ঢরকি পড়ে শ্যামর অঙ্গে ॥
হরি আদর সাধে।
ঘন ঘন চুম্বই ও মুখচান্দে ॥
ধনী মাতল গোরি।
শ্যামর চীত-রতন করি চোরি ॥
হরি কোরে আগোর।
ভুজ ভুজ বন্ধনে পহু ভেল ভোর ॥
দুহুঁ তেজল লাজ।
ঘন ঘন কঙ্কণ কিঙ্কিণী বাজ ॥
ধনী ডুবল রসসিন্ধু।
সময় জানি দুরে রহু দীনবন্ধু ॥২২॥৪৫২
ইতি বাক্যবিলাসরূপ-সমৃদ্ধমানসম্ভোগঃ ॥

ধানশ্রী।

নাহ জাগাই চমকি ধনী বৈঠল
জানি রজনি অবশেষ।
চন্দন অলক তিলক শিখিচন্দ্রক
দেই বনাওল বেশ ॥
দুহুঁ দরশনে দুহুঁ ভোর।
সিন্দুর কাজরে সাজি রাই মুখে
চুম্বই নন্দকিশোর ॥
আদর সাধ রভস রস কৌতুকে
দুহুঁ তনু যৌতুক দেল।
যত যত বিপদ বিরহ-দুখ চিরদিন
চপল সপন সম ভেল ॥
অরুণ উদয় হেরি নাগর নাগরি
থরহরি কাপই দেহ।
দীনবন্ধু ভণ তুরিতহিঁ দুহুঁ জন
পৈঠল নিজ নিজ গেহ ॥২৩॥৪৫৩॥

ইতি শ্রীরাধাকৃষ্ণসঙ্কীর্ত্তনামৃতে উত্তরখণ্ডে ভাবিপ্রোষিতভর্ত্তৃকায়া বিলাপানন্তর-দূতীপ্রবোধ-পূর্ব্বককৃষ্ণানয়ন-নিবেদন-সম্ভোগ-নিজনিজগৃহাগমনপর্য্যন্তসংগ্রহস্তৃতীয়ঃ পরিচ্ছেদঃ ॥

ভর্ত্তার ভবিষ্যৎ প্রবাসে যে নায়িকা।
বিয়োগিনী সেই ভাবিপ্রোষিতভর্ত্তৃকা ॥
ভাবিপ্রোষিতভর্ত্তৃকার অতএব পতিসঙ্গ।
বর্ত্তমানে কভু নাহি স্বামিসঙ্গরঙ্গ ॥

অতএব ভাবীর মিলনে নাহি দোষ।
রসজ্ঞ জনের ইথে পরম সন্তোষ ॥
সিদ্ধান্তের পক্ষে সঙ্গ নাহি ভাগবতে।
কেবল প্রলাপমাত্র সমস্ত রাত্রিতে ॥
এই মত নাহি আর দান-কেলি-লীলা।
পুনঃ পুনঃ নাহি রাধাকৃষ্ণ-সঙ্গ লীলা ॥
দ্বারকা হইতে ব্রজে কৃষ্ণের আগমন।
এ সকল ভাগবতে না কৈল বর্ণন ॥
কিন্তু প্রথম স্কন্ধে কুরুক্ষেত্র হৈতে।
চির দিনে কৃষ্ণ যবে গেলা দ্বারকাতে ॥
দেখিঞা দ্বারকাবাসী আনন্দিত মন।
কৃষ্ণের নিকটে দুঃখ করে নিবেদন ॥
কমলনয়ন যবে সুহৃদ দর্শনে।
মধুপুরে কুরুক্ষেত্রে করহ গমনে ॥
সেই হৈতে ত্রুটিকাল যুগ সম হয়।
তোমা বিনে দেখি সব অন্ধকারময় ॥

তথাহি।

যর্হ্যম্বুজাক্ষাপসসার ভো ভবান্
কুরূন্ মধূন্ বাথ সুহৃদ্দিদৃক্ষয়া।
তত্রাব্দকোটিপ্রতিমঃক্ষণো ভবে-
দ্রবিং বিনাক্ষ্ণোরিব নস্তবাচ্যুত ॥ ইতি ॥

শ্লোকে আছে সুহৃদ দর্শনে মধুপুরে।
গমন করহ তাথে কোটি সংচরে ॥
মথুরাতে সুহৃৎ নাহিঁক সেই কালে।
শ্রীরূপ গোস্বামী জানি বিবরণ করে ॥
মধুপুর পদে বলি মথুরামণ্ডল।
একবিংশ যোজন স্থান হয় পরিসর ॥
তার মধ্যে ষোল ক্রোশ শ্রীব্রজমণ্ডল।
সেই স্থানে সুহৃদ দর্শনে চলাচল ॥
অতএব কৃষ্ণচন্দ্র দ্বারকা হইতে।
ব্রজে আগমন করে বিহার করিতে ॥
অন্যথা দ্বারকাবাসীর প্রত্যক্ষ বিষয়।
অজ্ঞের বচনে পুন সেহো মিথ্যা হয় ॥
উপটঙ্কে জানি ব্রজে পুনরাগমন।
স্পষ্ট কিছু ভাগবতে না কৈল বর্ণন ॥
ইথে এই মত মনে অনুমান করি।
ব্রজে পুন প্রকট হৈল নন্দসুত হরি ॥
পুনরাগমনলীলা করিলে বর্ণন।
নিত্যস্থিতি ভঙ্গ হয় হেন লয় মন ॥
কিন্তু ভাগবতভাব বুঝিতে নাহি শক্তি।
সেই বুঝে যার আছে রাধা কৃষ্ণে ভক্তি ॥
শ্রীভাগবতে যদি নাহি দানলীলা।
দানকেলিকৌমুদী তথাপি গোস্বামী বর্ণিলা ॥
দিবা রাধাকৃষ্ণলীলা সূর্য্যপূজা ছলে।
গৌরীপূজা তীর্থযাত্রা আদি সুকৌশলে ॥
এ সকল বিদগ্ধমাধবে সুবিস্তার।
শ্রীগোবিন্দলীলামৃতে অনেক প্রকার ॥
যেমত আছএ তৈছে ভাবীর মিলন।
মহাজনপদ আছে অনেক বর্ণন ॥
অতএব সেই পদ সুসংগ্রহ করি।
অনন্ত অপার শাস্ত্র বুঝিতে না পারি ॥
অশাস্ত্র হইলে কেনে লিখিব গোসাঞি।
অতএব সিদ্ধান্তবিরোধ কিছু নাঞি ॥
রসাভাস সিদ্ধান্তবিরোধ দুই দোষ।
ভাবীর মিলনে দুই দোষ হৈল শোষ ॥
আগম নিগম বেদ বেদান্ত পুরাণ।
ইতিহাস আদি গ্রন্থে যার নাহিঁ জ্ঞান ॥
সেই অল্পজ্ঞানী যদি খণ্ডে ভাবি লীলা।
দীনবন্ধু দাস তারে সিদ্ধান্ত কহিলা ॥

ইতি শ্রীরাধাকৃষ্ণসংকীর্ত্তনামৃতে উত্তরখণ্ডে তৃতীয়-
পরিচ্ছেদে ভাবিপ্রোষিতভর্ত্তৃকায়াঃ কৃষ্ণমিল-
নান্তর্গত রসাভাসসিদ্ধান্তবিরোধদোষখণ্ডনং ॥

যাত্রা।

নিশি পরভাত জানি যদুরাজ।
অক্রূর আনি কয়ল রথসাজ ॥
দাম শ্রীদাম সঙ্গে বলরাম।
রথ আরোহণ করলহিঁ কানু ॥
অক্রূর সারথি করু আগুসার।
সঙ্গে চলল সব গোপ গোয়ার ॥
নন্দমহল কলরব উতরোল।
শুনইতে দীনবন্ধু ভেল ভোর ॥১॥৪৫২॥

অথ ভবন্ বিরহঃ।

তত্র গৌরচন্দ্রঃ।

পাহিড়া রাগ।

গোরা পহুঁ অদ্বৈতমন্দির ছাড়ি চলে।
কান্দে শান্তিপুরনাথ শিরে দিঞা দুটি হাথ
লোটাঞা লোটাঞা ভূমিতলে ॥
অদ্বৈতঘরণী কান্দে কেশপাশ নাহি বান্ধে
হা নাথ বলিঞা উচ্চস্বরে।
নিত্যানন্দ করি সঙ্গে আপন কীর্ত্তন রঙ্গে
কে আর নাচিবে মোর ঘরে ॥
অনেক দিবস পরে অবধৌত বিশ্বম্ভরে
নানারূপে করিলা বিহারে।
এবে সেই দুটি ভাই কি দোষে ছাড়িয়া যাই
শান্তিপুর করিয়া আন্ধারে ॥
নদিয়ানিবাসী যত কান্দে তারা অবিরত
হা হা বলি লোটায় ভূমিতলে।
লোচনানন্দ ভণ গোকুল হই যেন
তেমতি হইল শান্তিপুরে ॥২॥৪৫৫॥

নিশি পরভাতে ময়ূর নাহিঁ নাচত
রোয়ত শুক পিক সারি।
নন্দ মহল কল- রব শুনি আকুল
ধাওল ব্রজপুরনারী ॥
সুন্দরি মন্দির-বাহির ভেল।
গুরু জনে এক নয়ন পথ-পাঁতরে
অপর নয়ন ধনী দেল ॥
হরি লই অক্রূর যাওত মধুপুর
হেরি পড়ল পরমাদ।
কুল-ভয় পরিহরি নাহ হৃদয় ধরি
অন্তরে উপজএ সাধ ॥
হৃদয় জানি পুন আওব বলি হরি
কর-সঙ্কেত করি গেল।
দীনবন্ধু হের- বিরহ-বেয়াকুল
জীবইতে সংশয় ভেল ॥৩ ৪৫৬॥

অস্তমিত যামিনীকন্ত।
বিফল ভেল মণি মন্ত্র ॥
উদয় অচল বরণারুণ।
উয়ল দিনমণি দারুণ ॥
দেখ সখি পাপি অক্রূর।
হরি লই চলু মধুপুর ॥
দ্বিজকুল মঙ্গল উচার।
চলু সব গোপ গোয়ার ॥
কোই না কহু অছু বাত।
হরি জনি মথুরা যাত ॥
ব্রজপতি-দম্পতি-চীত।
কোন কয়ল বিপরীত ॥
তেইঁ বুঝি নিকরুণ ধাতা।
গোবিন্দদাস অনুমাতা ॥৪॥৪৫৭॥

প্রাচীনৈঃ, –

অয়ি দীনদয়ার্দ্র নাথ হে
মথুরানাথ কদাবলোক্যসে।
হৃদয়ং ত্বদলোককাতরং
দয়িত ভ্রাম্যতি কিং করোম্যহম্ ॥ইতি॥

সো হিমকর হেরি লাগএ চঙ্ক।
কাহ্নু বিনু জীবন কেবল কলঙ্ক॥
এত দিনে জানলোঁ বচনক অন্ত।
চপল প্রেম থির জীবন দুরন্ত॥
তাহে অতি দুরজন আশকি পাশ।
সম্বদি না যায় গোবিন্দদাস ॥৬॥৪৫৭॥

হরি নহে নিরদয় রসময়দেহ।
কৈছনে ছোড়ব নবিন সুলেহ॥
পাপি অক্রুর কিএ গুণ জান।
সব সুখ বারি লেই চলু কান্হ॥
এ সখি কাহক জনি মুখ চাহ।
আচর গহি অব বারহ নাহ॥
যতি খন দ্বিজকুল মঙ্গল পঢ়ই।
যতি খন রথপর কোই না চঢ়ই॥
যতি খন গোকুল তিমিরে না গিরই।
করইতে যতন দৈবে যদি ফিরই॥
এতহুঁ বিপদে জিউ রহত একন্ত।
বুঝলোঁ নেহারত লাজক পন্থ॥
অতএ সে কী ফল দারুণ লাজ।
গোবিন্দদাস কহে না সহে বেয়াজ॥৫॥৭৫৮।

অথ মাথুরবিরহঃ।
তত্র গৌরচন্দ্রঃ।
সুহই।

কহ সখি জীবন উপায়।
ছাড়ি গেল গোরা নটরায়॥
কোথা গেলে পাব দরশন।
নিরমল সো চান্দবয়ন॥
কি বিহি লিখিল মোর ভালে।
চিরি চাহোঁ এ পাপ কপালে॥
ঝুরি ঝুরি তনু হল্য খীন।
এ দুখে বঞ্চিব কত দিন॥
হিয়া জর জর অনুরাগে।
এ দুখ কহিব কার আগে॥
কহে বাসু ঘোষ নিদান।
গোরা বিনে তেজিব পরান ॥৭॥৪৬০।

শুনলহুঁ মাথুর চলত মুরারি।
চলতহুঁ পেখলোঁ নয়ন পসারি॥
পালটি নেহারত হাম রহুঁ হেরি
শূন্য মন্দিরে আয়লুঁ পুন বেরি॥
দেখ সখি নীলজ-জীবন মোই।
পিরিতি যায়ত অব ঘন রোই॥
সো কুসুমিত-বন কুঞ্জ-কুটীর।
সো যমুনা-জল মলয়-সমীর॥

কুলমরিজাদ- জলধিজল পহিরলুঁ
যাকর পিরিতি সোহাগে।
সো প্রিয় প্রাণ- পিয়া বিনু অন্তর
জর জর ভেল অনুরাগে॥
সজনী না বুঝিএ প্রেমক রীত।
কো জানে জলদ উপেখব চাতক
বিহিক চরিত বিপরীত॥

সো মৃদু হাস ভাষ মধুরাধর
সোঁয়রিতে আন নাহি ভায়।
হা হরি করি কত রজনী পোহাওব
লোচনে নিন্দ নাহি আয়॥
অবিরত হৃদয় দহই বিরহানল
যৌবন থীর নাহি বাঁধে।
কহ ঘনশ্যাম দাস ধনি বিরমহ
কাহ্নু না করু প্রেমবাধে॥৮॥৪৬১॥

যাহার লাগিঞা হাম সব তেয়াগিল।
সে যদি নিঠুর হঞা মথুরা রহিল॥
মরিব মরিব সখি নিশ্চএ মরিব।
কাহ্নু হেন গুণনিধি কারে দিঞা যাব॥
পুন যদি চান্দমুখ দেখিতে না পাব।
বিরহ আনল জ্বালি তনু তেয়াগিব॥
কহে বলরাম দাস বিরমহ রাই।
চান্দমুখ না দেখিলে মরিব সভাই॥৯॥৪৬২

সে মোর পিয়ার ফুলের বন সে পিয়ার ভ্রমরা
পিয়া বিনু ঘুরি বুলে মধু না খায় তারা॥
মো যদি জানিতাম পিয়া যাবে রে ছাড়িঞা।
পরানের পরান দিঞা রাখিতাম বান্ধিঞা॥
কেমোন দারুণ বিধি মোর পিয়া নিল।
এ ছার পরান কেনে অবহুঁ রহিল॥
মরম ভিতরে মোর রহি গেল দুখ।
নিশ্চয়ে মরিব পিয়ার না দেখিলে মুখ॥
এইখানে করিত কেলি বসিঞা নাগররাজ।
কিবা হৈল কেবা নিল কি পড়িল বাজ॥
সে পিয়ার পিয়া আমি আছি একাকিনী।
এ ছার শরীর আছে নিলজ্জ পরানী॥
চরণে ধরিঞা কান্দে গোবিন্দদাসিয়া।
মুই অভাগিয়া আগে যাইতাম মরিঞা॥১০॥৪৬৩॥

শ্রীরাগ।

এই না মাধবিতলে আমার লাগিয়া পিয়া
যোগী যেন সদত ধেয়ায়।
হেন পিয়া বিনু হিয়া ফুটিঞা না পড়ে গো
নিলজ পরান নাহি যায়॥
সখী হে বড় দুখ রহল মরমে।
আমারে ছাড়িঞা পিয়া মথুরা রহল গিয়া
এই বিধি লিখিল করমে॥
আমারে লইঞা সঙ্গে কেলি কৌতুক রঙ্গে
ফুল তুলি বিহরএ বনে।
নব কিশলয় তুলি শেজ বিছাওল
রস পরিপাটির কারণে॥
আমারে লইঞা বুকে শয়নে সপনে দেখে
যামিনী জাগিঞা পোহায়।
এ হেন গুণের পিয়া কোথা বা রহিল গিয়া
কার সনে রজনী গোয়াঁয়॥
এতেক দিবস হল্য প্রাণনাথ না আইল
কার মুখে না শুনি সংবাদ।
গোবিন্দদাস চলু শ্যাম বুঝাইতে
দারুণ বিরহ বিষাদ॥১১॥৪৬৪॥

প্রাচীনৈঃ,—

ক্ক নন্দকুলচন্দ্রমাঃ ক্ক শিখিচন্দ্রকালঙ্কৃতিঃ
ক্ক মন্দমুরলীরবঃ ক্ক নু সুরেন্দ্র-নীলদ্যুতিঃ।
ক্ক রাসরসতাণ্ডবী ক্ক সখি জীবরক্ষৌষধিঃ
নিধির্ম্মম সুহৃত্তমঃ ক তব হন্ত হা ধিগ্ বিধিঃ॥

সুহই

কে মোরে মিলাঞা দিবে সো চান্দ-বয়ান।
আখি তিরপিত হবে যুড়াবে পরান॥
কাল রাতি না পোহাএ কত থাকিব বসিঞা
গুণ শুনি ঝুরে মন না যায় পাতিয়া॥
উঠিঞা বসিঞা কত পোহাইব রাতি।
ছার পরান নিঠুর নারী জাতি॥
কি করিব ধন জন সোদর বন্ধুগণ।
পিয়া বিনু শূন্য মোর এ তিন ভুবন॥
আজু যদি না দেখিলাম সো চান্দবয়ান।
নিশ্চয়ে জানিহ সখি তেজিব পরান॥
কেহো নাহি বোলে রে আইল তোর পিয়া।
কত না রাখিব চিত নিবারণ দিয়া॥
কত দূরে পিয়া মোর করে পরবাস।
এতখন না আওল বলরাম দাস॥১২॥৪৬৫॥

কেহো ত না বোলে রে আসিব তোর পিয়া।
কত না রাখিব চিত নিবারণ দিয়া॥
উঠি বসি করি কত পোহাইব রাতি।
ছার পরাণ রে কঠিন নারী জাতি॥
কত দূরে পিয়া মোর করে পরবাস।
সমতি না আয়ে কহে বলরাম দাস॥১৩॥৪৬৬॥

সুহই।

যেখানে সতত বস্যে রসিক মুরারি।
সেখানে লিখিহ মোর নাম দুই চারি॥
নেহ সব অভরণ দিহ পিয়া ঠাম।
জনম অবধি মোর এই পরণাম॥
নিজগণ গণইতে লএ মোর নাম।
অরুণ দুলহ করে দেই জলদান॥
ভণএ বিদ্যাপতি শুন বর-নারি।
ধৈরজ ধর চিতে মিলব মুরারি॥১৪॥৪৬৭॥

প্রাচীনৈঃ,—

করে ধৃত্বা নাথঃ কথিতবান্ যত্ বাতঃ প্রিয়সখি
ব্যলীকস্তৎ সর্ব্বং গণিতমিহ নিত্যং পর্ব্বং তদবধি
মধৌ চেন্নায়াতঃ করিব তনুপাতঃ কিল শুচা
কুহুকণ্ঠীনাদঃ কি ইলা পরমাদঃ প্রিয়সখি॥

কস্যচিৎ,—

দৃষ্ট্বা মামাতকৌতুকা মধুপুরে মৎসন্নিধিং চাগতঃ
জিজ্ঞাসুঃ শিবমস্তু তে সকরুণাখ্যানোঽভবন্মাধবঃ।
স্মৃত্বা কেলিবিলাসকুঞ্জমচিরাদাগন্তুকামঃ প্রিয়ো
মা রোদীঃ সখি নোঽদ্য ভাগ্যবশতঃ শ্রীকৃষ্ণ
আগচ্ছতি

সুহই।

কে যাবে মথুরাপুর কার লাগি পাব।
এ সব দুখের কথা লিখিঞা পাঠাব॥
হাথ কলম করি নয়ন করি দোয়াতি।
কলিজা কাগজ করি লিখি চান্দমুখ॥
কে মোরে মিলাঞা দিব সো চান্দবয়ান
অমূল্য রতন দিব বাটিঞা পরান॥

কালুক দিন হাম মথুরা সমাগম
পন্থহি দরশন ভেলা।
তোহারি কুশল যত পুন পুন পূছত
লোরে নয়ন ঢরি গেলা॥

পীত নিচোলে নয়নযুগ মোছইতে
পুন অচেতন তছু হোর।
উরুপর থোই চাপি খিতি লুঠই
ফুকরি রোই কত বেরি ॥
তুয়া বিনে রাতি দিবস নাহিঁ যাবই
এ তুয়া বুঝলোঁ অনুমানে।
মোহে বিছুরল বলি কবহুঁ না বোলবি
কবি বিদ্যাপতি ভানে ॥১৫॥৪৬৮॥

অত্রৈব ভাবোল্লাসঃ।
অথবা দূতী।

কালুক দিন হাম মধুপুর গেল।
পন্থহিঁ তাকর দরশন ভেল ॥
তুহুঁ ধনি মানিনি অন্তরে জানি।
সাধল মাধব ধার মঝু পাণি ॥
সুন্দরি কী ফল রোদন তোর।
শুনইতে অন্তর দর দর মোর ॥
দুর করু দারুণ বিরহক দাহ।
অবহিঁ মিলব তোহে বিদগধ নাহ ॥
চিরদিন তাপ করব অব দূর।
চলতহিঁ দীনবন্ধু মধুপুর ॥১৬॥৪৬৯॥

সুহই।

সখীগণ মেলি রাই পরবোধল
মধুপুর কয়ল পয়ান।
পহিলহিঁ যাই নগর পরবেশিতে
পন্থহিঁ মীলল কাহ্ন ॥
মাধব রাই পিরিতি মনে আনি।
বিছুরল ধন জন গেহ দেহ পুন
বিরহ-বিষম দুখ জানি ॥
আদর বাদর দর দর অন্তর
লোরে নয়ন ঢরি গেল।
সহচরি করপ- ল্লব ধরি মাধব
মধুপুর বাহির ভেল ॥
রাইর কুশল যত পুন পুন পূছত
গদ গদ বচন বিশেষ।
সহচরি দীন- বন্ধু কহে সো ধনি
দশমী দশা অবশেষ ॥১৭॥৪৭০॥

শীর্ণা গোকুলমণ্ডলী পশুকুলং শস্পায় ন স্পন্দতে
মূকাঃ কোকিলপঙ্ক্তয়ঃ শিখিকুলং ন ব্যাকুলং নৃত্যতি।
সর্ব্বে তে বিরহজ্বরেণ বিকলাঃ গোবিন্দ দৈন্যং গতা
কিন্ত্বেকা যমুনা কুরঙ্গনয়না নেত্রাম্বুভির্ব্বর্দ্ধতে ॥
—ইতি প্রাচীনেঃ।

সুহই।

কি কহব বরজ- রাজকুল-মঙ্গল
তুহু জীবন দুরদেশ।
ব্রজজন-মীন খীন-তনু জল বিনু
মরণ শরণ অবশেষ ॥
মাধব যব তুহুঁ কয়লি পয়ান।
তব ধরি গোকুল বিরহ-বেয়াকুল
ছটফট ধরণি শয়ান ॥
ব্রজপুরে অবিরতি শমন গতাগতি
যমুনা দেখি নিজ নীরে।
আদরে সোদর- চরণ পাখালই
ব্রজবধূলোচন নীরে ॥
নাগরি-নগর হেরি তুহুঁ বিছুরলি
বনচারিণি বনকুঞ্জ।

দীনবন্ধু কহে বেদ বিফল নহে
নাগর তিরিবধুপুঞ্জ ॥১৮॥৪৭১॥

নখানি বিধুশঙ্কয়া করতলেন তন্ব্যাবৃণোৎ
ততঃ কিশলয়ভ্রমাচ্ছয়মথাক্ষিপদ্ভূরতঃ।
ততো বলয়শিঞ্জিতে ভ্রমরগুঞ্জিতাশঙ্কয়া
উহূরিতি কুহূরবধ্বনিভিয়াঽপতন্মূর্চ্ছিতা ॥
—ইতি প্রাচীনৈঃ

নিজ কর-পল্লবে অঙ্গ না পরশই
শঙ্কই পঙ্কজ ভাণ।
মুকুরতলে নিজ মুখ হেরি সুন্দরি
শশি বলি হরই গেয়ান ॥
মাধব দারুণ প্রেম তোহারি।
যে হাম হেরলোঁ তে অনুমানলোঁ
ভাগে জীবএ বরনারি ॥
চন্দন-শীকর অনল-কণা সম
দেহ উঠএ বিম্বকাই।
দীঘ নিশাস- পবন-দব দাবই
জীবই কেমন উপায় ॥
কহ কবিশেখর ভালে তুহুঁ নাগর
ভালে তুয়া প্রতি করু আশে।
আপন পরম জনে এতেক নিঠুরপণ
আন কি কাজ বিভাষে ॥১৯॥৪৭২॥

প্রাচীনৈঃ,—

মুখং তস্যাঃ প্রাতঃসময়রজনীনাথসদৃশং
দিবাদীপজ্যোতিস্তনুরপি নিশাপঙ্কজদৃশঃ।
কফোণেঃ কেয়ূরং ব্রজতি মণিবন্ধং নু ধমনী
গতাবাস্তে জ্ঞাতুং মধুমথন নাদ্যাপি দয়সে॥

মাধব আই না পেখসি বালা।
আজিহু কালি পরান পরিতেজহুঁ
কত সহু বিরহক জ্বালা ॥
শীতল সলিল কমলদল-শেজহুঁ
লেপহুঁ চন্দনপঙ্কা।
সে সব যতহিঁ আনল ভেলহিঁ
দশ গুণ দহই মৃগাঙ্কা ॥
শকতি গেলহিঁ ধনি উঠই ধরণি ধরি
পেখলুঁ নিশি দিশি জাগি।
চমকি চমকি ধনি বোলত শিব শিব
জগত ভরল তছু আগি ॥
কি উপচয় বিধি লঙ্ঘই না পারিএ
কবি বিদ্যাপতি ভাণ।
কেবল দশমী দশামিহ পাওল
অবহুঁ করহ অবধান ॥২০॥৪৭৩॥

শ্রীকৃষ্ণস্যোক্তিঃ।

তিল এক নয়ন ওত জিউ না সহ
না রহ দুহুঁ তনু ভীন।
মাঝে পুলক-গিরি অন্তর মানিএ
ঐছন রহ নিশি দীন ॥
সজনী কোন পর জীয়ব কাহ্নু।
রাই রহল দুর হাম মথুরাপুর
এ তোয়া না সহে পরান ॥
ঐছন নগর ঐছন বর-নাগরি
ঐছন সম্পদ মোর।
রাধা বিনু সব বাধা মানিএ
নয়ন না তেজই লোর ॥
সোই রমণীগণ সোই যমুনাবন
শুনইতে চমকিত চীত।

কহ কবিশেখর অনুভবে জানলে।
বড়কা বড়ই পিরিত ॥২১॥৪৭৪॥

সিন্ধুড়া।

রাইক প্রেম হৃদয়ে করি মাধব
ধরণি পড়ল পহুঁ ভোর।
উছলি প্রেমজল কণ্ঠরোধ ভেল
কহতহিঁ গদ গদ বোল॥
সজনী মঝু মনে দারুণ বাধা
গমন-বিলম্ব হেরি করি সংশয়
পাছে তনু তেজই রাধা॥
এক সখি যাই রাই পরবোধহ
শপথ করিএ তুয়া আগে।
তেজলুঁ মধুপুর যাওব গোকুল
রসবতি পিরিতি সোহাগে॥
শুনি সহচরি মা- ধব ব্রজমণ্ডল
গমন করল পরতীত।
চাতক সজল জলদ জনু পাওল
ঐছন উলসিত চীত॥
এক সখি আওল নাগর আদর
কহইতে রাইক পাশ।
দীনবন্ধু পহুঁ শুভ সম্বাদল
পূরল ধনিমন আশ ॥২২॥৪৭৫॥

ধানশ্রী।

আজু বিহনে হাম মধুপুর গেল।
পন্থহিঁ তাকর দরশন ভেল॥
পুন পুন কুশল···পহুঁ তোর।
ঢরকি ঢরকি পড়ু লোচনলোর॥
সুন্দরি এত দিনে ভাঙ্গল ধন্দ।
জানলোঁ বিদগধ গোকুলচন্দ্র॥
মঝু মুখে বিপদ শুনল যব তোর।
কাতরে ধরণি পড়ল পহুঁ ভোর॥
গদ গদ কহল পরশি মঝু অঙ্গ।
তেজলুঁ মধুপুর যদুকুল সঙ্গ॥
সহচরি তুহুঁ পরবোধহ রাই।
ভেঠব রসবতি গোকুল যাই॥
শুনইতে মঝু উলসিত ভেল দেহ।
কহইতে আওলুঁ মাধব লেহ॥
দীনবন্ধু কহে শুন পরিণাম।
মধুমতি আনি মিলাওব কান্থ॥২৩॥৪৭৬॥

অথ ভাবোল্লাসঃ

তল্লক্ষণং কস্যচিৎ,—
কেনচিৎ কারণেনৈব প্রিয়াগমননিশ্চয়াৎ।
উল্লাসো যত্র ভাবে স্যাৎ ভাবোল্লাসঃ স কথ্যতে

তত্র গৌরচন্দ্রঃ।

কি কহব রে সখি অপরূপ রাজ।
ভকতকলপতরু নবদ্বীপ মাঝ॥
পিরিতির শাখা সব অনুরাগ পাত।
আরতি কুসুম তাহে জগত মোহিত॥
ভকত-চাতক পিক করে অভিলাষ।
উপজল বহু প্রেম না পূরল আশ॥
নিরমল প্রেমফল ফলে সব কাল।
এক ফলে নব রস গলএ রসাল॥
পদখঞ্জন খোজে ভকত-অলিকুলে।
কহে বাসু অদভুত অবনিমণ্ডলে ॥২৪॥৪৭৭॥

অথ শ্রীরাধায়া ভাবোল্লাসঃ।

ধানশ্রী।

যব হরি আওব গোকুল পুর।
ঘরে ঘরে নগরে বাজব জয়ধুর॥
রসাবেশে ধাওব সব রমণীক ঠাট।
চৌদিগে পসারব চান্দক হাট॥
মঙ্গল-কলস করব কুচভার।
আলিপন দেওব গীমক হার॥
সহকার পল্লব চুঞ্চুক ভেল।
মাধব সেবি মনোরথ নেল॥
ধূপ দীপ নৈবেদ্য করিব পরতেকে।
লোচন-নীরে করিব অভিষেকে॥
আলিঙ্গন দেওব পিয়াকর আগে।
ভণএ বিদ্যাপতি ইহ রস ভাগে॥২৫॥৪৭৮॥

আঙ্গিনা আওব যব রসিয়া।
পালটি নেহারব ঈষত হাসিঞা॥
আসি আচরে পিয়া ধরবে।
যাওব হাম যতন পহুঁ করবে॥
রস নাগল রমণী।
কত কত যুবতি মনহি অনুমানী॥
রভস মাগব পিয়া যবহিঁ।
মো মুখ মোড়ি বোলব নহি তবহিঁ॥
কাচুয়া হরব হরি হঠিয়া।
করে কর ঠেলব কুটিল আধ দিঠিয়া॥
তৈখনে হরব চেতনে।
বিদ্যাপতি কহ ধনি তুয়া জীবনে॥২৬॥৪৭৯॥

প্রবন্ধঃ।

রে রে পরমপ্রেমপিয়া পরানন্দজনী
নয়নগোচর কোন দিন জানি রে।
নাহ নাগর গুণকি সাগর
মঝু পিয়া কলাসাগর রে॥
যবহুঁ পিয়া মঝু ভবনে আওব
দূরসে মুঝে কতি পাঠাওব
তেজি দূখন সকল ভূখন
সমুখে সাজব রে।
লাজ নতি ভয়ে নিকটে আওব
রসিক ব্রজপতি হিএ সান্ধাওব
কাম কৌশল কোপ কাজহিঁ
আজু রাজব রে॥
কবহুঁ দুহুঁ মেলি সংগীত গাওব
আশ দেই পিয়া পাশ রাখব
সময় বুঝি তহিঁ সাহিঙ্গি হোই পুন
মাহিঙ্গি হোয়ব রে।
কবহিঁ কোকিল মধুর কুহু কুহু
কবহুঁ কপোত-কণ্ঠরব মুহু
কবহু আসন কলা শাসন
কছু না গোয়ব রে॥
কবহুঁ দুহুঁ মেলি কুঞ্জে যাওব
কবহুঁ কর গহি কণ্ঠে ন্যাওব
কবহুঁ কৈতব কোপ কয় রস
রাশি রূষব রে।
বচনছলে যব মান সাধব
মীনকেতন যুঝত জানব
মদন মনমথ হাথি মাতব
অচিরে মূষব রে॥
এত কহিতে সখি তুরিতে আওল
সুধা সম দো বাত ন্যাওল

কাহ্নু সুন্দর চতুর মন্দির
নিকট আওল রে।
হরখি উঠি বসি কহই রাধা
অচিরে বিহি কিএ পুরল সাধা
শরদ-চান্দ কি চকোরে মীলল
সিংহ ভূপতি গাওল রে ॥২৭॥৪৮০॥

কস্যচিৎ,—

সখ্যঃ পুনরপি কৃষ্ণো যদপি সমাগত আরাৎ
অঞ্চলপূরিতরত্নপ্রাপণতোঽপি ন দেয়ঃ ॥

ধানশ্রী।

আজুক কি কহব আনন্দ ওর।
চিরদিনে মাধব মন্দিরে মোর ॥
পাপ সুধাকর যো দুখ দেল।
পিয়াক দরশনে সব সুখ ভেল ॥
আচল ভরিঞা যদি মহানিধি পাওঁ।
আর দুরদেশে হাম পিয়া না পাঠাওঁ ॥
শিতের উড়নী পিয়া গিরিষের বা।
বরিষার ছত্র পিয়া দরিয়ার না ॥
ভণএ বিদ্যাপতি শুন বর-নারি।
পিয়া সে মিলল যেন চাতকে বারি ॥
॥২৮॥৪৮১॥

ধানসী।

সজনী কুদিন সুদিন অব ভেল।
চির দিনে মাধব মন্দিরে আওল
চিরদুখ অব দূর গেল ॥
ব্রজভুমে যত তরু তারা সব মঞ্জরু
কুসুম হউক বিকশিত।
লইঞা কমল-গন্ধ পবন বহুক মন্দ
মদন হউক উপনীত ॥
কোকিল কল কল গীত সুমঙ্গল
শুক করু পঞ্চম গান।
ময়ুর ময়ূরীগণ অব করু নর্ত্তন
অলি চলু কমলিনী ঠাম ॥
তড়িত-জড়িত ঘন করু অব বরিষণ
গগনে উদয় করু চন্দ্র।
রসের পদবী যত প্রহেলিকা শত শত
কহ সহচরি দীনবন্ধু ॥২৯॥৪৮২॥

কস্যচিৎ,—

বদন্তু কোকিলাঃ কলং ন বজ্রসন্নিভং ভবেৎ
নটন্তু বৈ শিখণ্ডিনো ন তে যমস্য কিঙ্করাঃ।
চলন্তু মন্দমারুতা ন তে ভবন্তি বহ্নিবৎ
হরিঃ স্বয়ং সমাগতঃ সমা ভবন্তি তে পুনঃ ॥

ধানশ্রী।

সজনী হরি যদি মীলল গেহ।
যত যত বিপদ সকল ভেল সম্পদ
জীবন পাওল দেহ ॥
দারুণ কোকিল যত দুখ দেওল
কলরব-বজর-নিনাদে।
সো অব কুহু কুহু করু পহুঁ মুহু মুহু
শুনইতে লাগই সাধে ॥
কুসুমিত কুঞ্জে ভ্রমরগণ গুঞ্জরু
মদন কদন করু রঙ্গে।
মনসিজ-ভয় যত ভাগল দুর পথ
শ্যামের রস-পর সঙ্গে ॥

বৃন্দাবন বন গিরি গোবর্দ্ধন
সুখময় সাগর ভেল।
দীনবন্ধু বলে পুণ্যপুঞ্জ ফলে
সকল বিপদ দুর গেল ॥৩॥৪৮৩॥
ইতি ভাবোল্লাসঃ ॥

অথ স্বাধীনভর্ত্তৃকা।

স্তবমালায়াং তল্লক্ষণং,—

যস্যাঃ প্রেমগুণাকৃষ্টঃ প্রিয়ঃ পার্শ্বং ন মুঞ্চতি
বিচিত্রবিভ্রমাশক্তা সা স্যাৎ স্বাধীনভর্ত্তৃকা ॥

যার প্রেমগুণে পতি আকৃষ্ট হইঞা।
নিরবধি কাছে রহে মন যোগাইঞা ॥
মনে যত ইচ্ছা তাহা স্বামীকে আদেশে।
আজ্ঞাকারী স্বামী তাহা করে রসাবেশে ॥
স্বামীকে অধীন করি মানে যে নায়িকা।
রসতন্ত্রে তার নাম স্বাধীনভর্ত্তৃকা ॥
স্বাধীনভর্ত্তৃকা প্রবাসের পর মীলা।
মহান্তের বর্ণন অনেক এই লীলা ॥
বুঝিহ রসিক ভাই বৈদগ্ধ্য মিলনে।
নায়িকার সমাদরে দীনবন্ধু গানে ॥

এই ত কহিল অষ্ট রস-বিবরণ।
মাথুরে নাহিঁক কৃষ্ণ আসিঞা মীলন ॥
অতএব ভাবোল্লাস সম্ভোগের প্রায়।
যেই রসে শ্রোতা বক্তার আনন্দ জন্মায়।
অষ্ট প্রকার ভেদ হএত নায়িকা।
তার মধ্যে শেষ দেখি স্বাধীনভর্ত্তৃকা ॥
দ্বারকা হইতে ব্রজে কৃষ্ণের আগমন।
ব্রহ্মবৈবর্ত্তে আছে স্পষ্ট এ লিখন ॥
সমৃদ্ধমান সম্ভোগ দূর প্রবাসের পর।
এইখানে স্বাধীনভর্ত্তৃকা দৃঢ়তর ॥
অতএব শেষে তার করিল বর্ণন।
কিন্তু তাহা সহ নহে কীর্ত্তনের ক্রম ॥
ভাবোল্লাস পরে সংকীর্ত্তন আর নাঞি।
আছএ প্রার্থনা আর বৈষ্ণব গোসাঞি ॥
দশ দিন দিবা রাত্রি করি এক ক্রম।
দীনবন্ধু কহে রাধাকৃষ্ণসংকীর্ত্তন ॥

ইতি শ্রীরাধাকৃষ্ণসংকীর্ত্তনামৃতে উত্তরখণ্ডে ভবন্মাথুর-ভাবোল্লাস-স্বাধীনভর্ত্তৃকালক্ষণসংগ্রহশ্চতুর্থঃ পরিচ্ছেদঃ

অথ প্রার্থনা।

ং,—

গলে বস্ত্রং ধৃত্বা তদুরসি গৃহীত্বা করপুটে
তৃণং দন্তে ধৃত্বা বিনয়মথ কৃত্বা তব পদে।
ইদং যাচে হি ত্বাং সকলপুরুষার্থাদিকমপি
শচীপুত্রং নিত্যং ভজ পরমবন্ধো মম মনঃ ॥

গৌরচন্দ্র।

গোরাগুণে আছিলা ঠাকুর নরহরি।
স্বরূপ রূপ সনাতন মুকুন্দ মুরারি ॥
প্রিয় গদাধর আর ঠাকুর শ্রীনিবাস।
প্রিয় বাসু ঘোষ আর প্রাণ হরিদাস ॥
এ বড় রহল শেল মরম সহিতে।
একু বেলায় কোথা গেল না পাই দেখিতে ॥
পরানের পরান গেল শ্রীরঘুনন্দন।
না মরে এ সব শোকে এ দাস লোচন ॥১॥৪৮৪॥

বল বল হরি শ্রবণ করহ
বিপদে বেঢ়ল দেশ।
এ তত্ত্ব জানিঞা আগে পলাইল
শ্রবণ দশন কেশ ॥
তার পাছে পাছে লোচন বচন
তারা দুই দিল ভঙ্গ।
মোর মোর করি রাত্রি দিনে মরি
যমদূতে দেখে রঙ্গ ॥
সুন্দর নগরে প্রতি ঘরে ঘরে
বিষম যমের থানা।
দণ্ড দিবস পলক গণিছে
কবে আসি দিবে হানা ॥
এ ধন সম্পদ পুত্র বধূ যত
সকল নিমের তিতা।
সেই পুত্র বধূ হাথে গলে বান্ধি
মুখে জালি দিবে চিতা ॥
বদন ভরিঞা হরি না বলিলে
শমন তরিবে কিসে।
দাস লোচন কহিঞা ফারাক
জীব ডুবিবে আপন দোষে ॥২॥৪৮৫॥

যথা রাগ।

প্রাণের হরি হরি কবে আর এমন দশা হব।
এ ভব সংসার তেজি পরম আনন্দে মজি
কবে আর ব্রজভূমে যাব ॥
সুখময় বৃন্দাবন কবে পাব দরশন
গড়াগড়ি দিব কবে তায়।
কবে বা এমন হব শ্রীরাসমণ্ডলী যাব
সে ধূলি মাখিব কবে গায় ॥
ব্রজভূমে কুলি কুলি বাউল হঞা হাথ তুলি
কান্দিঞা বেড়াব উচ্চ রায়।
বংশীবট-ছায়া পাঞা পরম আনন্দ হঞা
পড়িঞা রহিব কবে তায় ॥
নিকুঞ্জে নিকুঞ্জে যাঞা অষ্টাঙ্গ প্রণাম হঞা
ডাকিব নাথ নাথ বলি।
কবে যমুনার তীরে পরশ করিব নীরে
কবে খাব করপুটে তুলি ॥
কবে গোবর্দ্ধন গিরি দেখিব নয়ন ভরি
রাধাকুণ্ডে করিম প্রণাম।
ভ্রমিতে ভ্রমিতে সব এ দেহ পতন হব
এই আশা করে নরোত্তম ॥৩॥৪৮৬॥

শ্রীভাগবতে,—

আসামহো চরণরেণুযুষামহং স্যাং
বৃন্দাবনে কিমপি গুল্মলতৌষধীনাম্।
যা দুস্ত্যজং স্বজনমার্য্যপথঞ্চ হিত্বা
ভেজুর্ম্মুকুন্দপদবীং শ্রুতিভির্বিমৃগ্যাং ॥

ধানশ্রী।

কবে হব বৃন্দাবনবাসী।
নিরখিব নয়নে যুগলরূপরাশি ॥
তেজিঞা শয়ন-সুখ বিচিত্র পালঙ্ক।
কবে ব্রজে ধূলাএ ধূসর হব অঙ্গ ॥
রতন ঝারির জলপান দূর করি।
কবে যমুনার জল খাব কর পুরি ॥
ষড়্‌রস মধুর ভোজন পরিহরি।
কবে ব্রজে মাগিঞা খাইব মাধুকরী।

তাপ দূর করিব শীতল বংশীবটে।
কবে কুঞ্জে বৈঠব বৈষ্ণব নিকটে ॥
... ... ॥৪॥৪৮৭॥

শ্রীমদ্রঘুনাথদাসগোস্বামিনো মনঃশিক্ষায়াং,—

যদীচ্ছেরাবাসং ব্রজভুবি সরাগং প্রতিজনু-
র্যুবদ্বন্দ্বং তচ্চেৎ পরিচরিতুমারাদভিলষেঃ।
স্বরূপশ্রীরূপং সগণমিহ তস্যাগ্রজমপি
স্ফুটপ্রেম্না নিত্যং স্মর পরমজস্রং ননু মনঃ ॥

শ্রীগুরুচরণ দুটি জিনি কল্পতরু কোটি
সে চরণ হৃদয়ে ধরিঞা।
আপনার তনু মন তাহে করি সমর্পণ
ভজ ভাই একমন হঞা ॥
পীতাম্বর পরাইঞা ভক্ষ্য উপহার দিঞা
সেবা করি মনের হরিষে।
গুরুরূপা সখী সঙ্গে সখীরূপ ধরি রঙ্গে
ডগমগ রসের আবেশে ॥
শ্রীগুরুচরণ আগে যাব তার মহাভাগে
প্রবেশ করিব বৃন্দাবনে।
কলিন্দনন্দিনীকূলে কলপতরুর মূলে
রত্নবেদী পরমমোহনে ॥
তাথে রত্নসিংহাসনে বসিয়াছে দুই জনে
নটবর নটিনীর বেশে।
সৌদামিনী জলধর গোরি শ্যাম মনোহর
ঢল ঢল রসের আবেশে ॥
সখীগণ চারি পাশে নিজ নিজ অভিলাষে
সেবা করে আনন্দিত মনে।
দীনবন্ধু দাস ভণে নাগর নাগরী সনে
কত দিনে দেখিব নয়নে ॥৫॥৪৮৮॥

তথাহি —

সখীনাং সঙ্গিনীরূপামাত্মানং বাসনাময়ী।
আজ্ঞাসেবাপরা তত্তদ্বাসোঽলঙ্কারচর্চ্চিতা

মনঃশিক্ষায়াং—

ন ধর্ম্মং নাধর্ম্মং শ্রুতিগণনিরুক্তং কিল কুরু
ব্রজে রাধা-কৃষ্ণপ্রচুরপরিচর্য্যামিহ তনু।
শচীসূনুং নন্দীশ্বরপতিসুতত্বে গুরুবরং
মুকুন্দপ্রেষ্ঠত্বে স্মর পরমজস্রং ননু মনঃ ॥

যথা রাগ।

কবে আর এমন দিন হব।
সখীর সঙ্গিনী হঞা কল্পতরুমূলে যাঞা
রাধাকৃষ্ণ নয়নে দেখিব ॥
সখীর ইঙ্গিত জানি আপনাকে ধন্য মানি
যুগল চরণ ধোয়াইব।
সুবাসিত সুশীতল আনি যমুনার জল
দোহাঁকারে স্নান করাইব ॥
দিঞা নীল পীত বাস পুরিব মনের আশ
চন্দন পরাব রসরঙ্গে।
কিংকিণী-কঙ্কণ আদি আভরণ মহানিধি
ইছিঞা নিছিঞা দিব অঙ্গে ॥
কুটজ মালতী যূথি কাঞ্চন করবি জাতি
চম্পক কেশর শেফালিকা।
পুন্নাগ টগর কুন্দ নল দল মুচকন্দ
বকপুষ্প বিবিধ মল্লিকা ॥
মালা গাথি নানা ফুলে পরাঞা দোহাঁর গলে
যতনে আনিব নানা ফল।
কদলী পনস জম্বু বিল্ব পিল্ব দাড়িম্ব
পিয়াল রসাল নারিকেল ॥

পুরি ঝুরি চিনি ফিনী মণ্ডা মিশ্র শিখরিণী
দধি দুগ্ধ সন্দেশাদি যত।
খণ্ড খিরিসার বৃক্ষ এই মত নানা ভক্ষ্য
আনিঞা জোগাব শত শত॥
করাইঞা ভোজন দিঞা পুন আচমন
কর্পূর তাম্বুল দিব মুখে।
রসের পদবী যত শুনাইব শত শত
রভস করিব রস সুখে॥
বুঝিঞা মনের কাজ শ্রীমণিমন্দির মাঝ
কুসুম আসন বিছাইঞা।
শয়ন করাঞা তাথে চামর লইঞা হাথে
ঢুলাইব যতন করিঞা॥
দোহাঁর অঙ্গ হেলাহেলি দেখি কোনো ছলা করি
মন্দির বাহিরে ডাড়াইব।
মধুমতী পদ পাশে লুকাইঞা অভিলাষে
দীনবন্ধু রভস দেখিব॥৬॥৪৮৯॥
ইত্যাদি প্রার্থনা।

বৈষ্ণবের শ্রীচরণ যে করএ প্রাণধন
ইহা যেবা সত্য করি বলে।
আর কিছু নাহিঁ জানে কায় মন বাক্য সনে
অনায়াসে কৃষ্ণ তারে মিলে॥
বৈষ্ণব সদয় হল্যে কৃষ্ণ পাই কুতূহলে
ইহাতে সন্দেহ যার হয়।
গৃহ পবিত্র যার নামে দরশ পরশ কেবা জানে
তার সাক্ষী ভাগবতে কয়॥
ইহা জানি সব ছাড়ি পরম আনন্দ করি
ভজ কৃষ্ণ বৈষ্ণব গোসাঞি।
দুষ্কর সংসার বড় চরণে ধরিঞা পড়
এমন দয়াল কেহো নাঞি॥
দীনহীন দুঃখী জনে দেন কৃষ্ণ-প্রেমধনে
দয়াময় বৈষ্ণব ঠাকুর।
গোবিন্দদাসের আশ এই মনে অভিলাষ
কবে হব নাচের কুক্কুর॥৭॥৪৯০॥

অথ বৈষ্ণবগোস্বামিগানং।

পুরাণে,—

যে কণ্ঠলগ্নতুলসীনলিনাক্ষমালা
যে বা ললাটফলকে লসদূর্দ্ধপুণ্ড্রাঃ।
যে বাহুমূলপরিচিহ্নিতশঙ্খচক্রাঃ
তে বৈষ্ণবা ভুবনমাশু পবিত্রয়ন্তি॥
বাঞ্ছাকল্পতরুভ্যশ্চ কৃপাসিন্ধুভ্য এব চ।
পতিতানাং পাবনেভ্যো বৈষ্ণবেভ্যো নমো নমঃ॥

ভজ কৃষ্ণ বৈষ্ণব ঠাকুর।
বৈষ্ণব ভজিলে ভাই পরম আনন্দ পাই
পাপ তাপ সব যায় দূর॥

ভাই তুমি ত পরম ভণ্ড।
সেথা কি বলিলে এথা পাসরিলে
পাইবে উচিত দণ্ড॥
জলবিন্দু হেন চপল জীবন
মিছা ধনজন আশা।
যমদূতে কবে বান্ধ্যা লঞা যাবে
ভাঙ্গিঞা পঞ্জর বাসা॥
বিষম শমন করিবে দমন
ভেজাঞা আপন চণ্ড।
লোহার ডাঙ্গুষ মাথাএ মারিবে
করাতে চিরিবে মুণ্ড॥
অখিলের পতি অগতির গতি
হরি হরি বলি ডাক।

হরির চরণ করিঞা স্মরণ
শমন জিনিঞা থাক ॥
চল নীলাচল অযোধ্যা নগর
গোকুল মথুরা কাশী।
নৈমিষ-কানন বদরিকাশ্রম
হও সুরধুনীবাসী ॥
দেখি যমরাজ মনে পাঞা লাজ
বয়ন করিবে হেট।
দীনবন্ধু বলে এমতি নহিলে
খাইবে হারির কেট ॥৮॥৪৯১॥

এই ত কহিল রাধাকৃষ্ণসংকীর্ত্তন।
ইবে কহি উত্তরখণ্ডের নির্ঘণ্টন ॥
প্রথম পরিচ্ছেদে রূপোৎকণ্ঠা অভিসার।
বাসকসজ্জা উৎকণ্ঠিতা বিপ্রলব্ধা আর ॥
খণ্ডিতা নায়িকা কৃষ্ণ প্রতি ক্রোধবতী।
কৃষ্ণ রুষ্ট হঞা যাত্রা কৈল গৃহ প্রতি ॥
প্রেমের বিচ্ছেদে অতি ব্যাকুল হইঞা।
বনে বনে ফিরে কৃষ্ণ ক্রন্দন করিঞা ॥
হেন কালে বৃন্দা সঙ্গে হইল দরশন।
বৃন্দা সঙ্গে লঞা গেল রাধার ভবন ॥
মানিনী রাধিকা বৃন্দা কৃষ্ণ দুই জনে।
ভঞ্জন করিল মান অনেক সাধনে ॥
তাথে হইল রাধা সঙ্গে কৃষ্ণের সঙ্গম।
প্রাতঃকাল জানি কৃষ্ণের স্বগৃহ গমন ॥
কিংবা একা কৃষ্ণ বনে বিলাপ করিঞা।
মনে অনুমান করি যোগিবেশ হঞা ॥
... ...
রাধাকৃষ্ণ সঙ্গ জটিলাকেই বঞ্চিঞা ॥
অথবা একলা বৃন্দা রাধার মন্দিরে।
আসিঞা অনেক মত বুঝাইল তারে ॥
বুঝিঞা না বুঝিল সে দুর্জ্জয় মানিনী।
বৃন্দা পুন আসি কৃষ্ণে কহিল কাহিনী ॥
তার বাক্যে যোগিবেশে মানভঞ্জন।
সঙ্গ রঙ্গ লীলা নিজ গৃহে আগমন ॥
দ্বিতীয় পরিচ্ছেদে ধনী কলহান্তরিতা।
রাধিকার দূতী বলে কৃষ্ণ সঙ্গে কথা ॥
আশ্বাস পাইঞা দূতীর বাক্যে দামোদর।
রাধা সঙ্গে রসরঙ্গে আনন্দ অন্তর ॥
তারপর বনে কৃষ্ণ সখাগণ সঙ্গে।
বিহার করিঞা ঘরে গেলা নানা রঙ্গে ॥
তৃতীয় পরিচ্ছেদে ধনী প্রোষিতভর্ত্তৃকা।
ভাবি কৃষ্ণ প্রবাসেই ব্যাকুল রাধিকা ॥
দূতী দ্বারা কৃষ্ণসঙ্গ বহু নিবেদন।
কৃষ্ণের বিনয়বাক্যে বিরহ খণ্ডন ॥
চতুর্থে ভবন্ বিরহ প্রাতঃকালে।
রাধা দেখে কৃষ্ণচন্দ্র মথুরাকে চলে ॥
তারপর মাথুর বিরহ বিবরণ।
সেইখানে দূতী করে বহু আশ্বাসন ॥
তাহাতে কৃষ্ণের আর্ত্তি দূতীমুখে শুনি।
ভাবোল্লাসে আনন্দবিহ্বলা হৈল ধনী ॥
অথবা দূতীর কৃষ্ণ নিকটে গমন।
দূতী দেখি কৃষ্ণ কৈল বহু আশ্বাসন ॥
মথুরা হইতে এই করিলাম গমন।
কহ যাঞা রাধা যেন না করে রোদন ॥
এই বাক্য দূতী আসি কহে রাধিকারে।
শুনিঞা আনন্দে ধনী ধৈরজ না ধরে ॥
নায়ক আসিব বলি হৈল ভাবোল্লাস।
প্রোষিতভর্ত্তৃকার সঙ্গ সমান উল্লাস ॥
তারপরে স্বাধীনভর্ত্তৃকার লক্ষণ।
চতুর্থ পরিচ্ছেদে এই পর্য্যন্ত লিখন ॥
পঞ্চমে প্রার্থনা আর বৈষ্ণব গোসাঞি।
দীনবন্ধু দাস গায় শুন শ্রোতা ভাই ॥

রাধাকৃষ্ণসংকীর্ত্তনামৃত সুমধুর ।
শুনিতে শুনিতে বাঢ়ে আনন্দ প্রচুর ॥
আমি অজ্ঞ হঞা এই করিল সংগ্রহ ।
নিন্দা না করিহ কেহো করি অনুগ্রহ ॥
বর্ণন না করি কিন্তু পূর্ব্বপদাবলী ।
দেখি দিবারাত্রি লীলা মাত্র ক্রম করি ॥
প্রপিতামহের নাম শ্রীঠাকুর হরি ।
তার পাদপদ্মধূলি নিজ শিরে ধরি ॥
পিতামহ ঠাকুর নাম শ্রীনন্দকিশোর ।
তাহার করুণাবলে হেন ইৎসা মোর ॥
পিতা শ্রীবল্লবীকান্ত ঠাকুরের দয়া ।
সেই বলে লিখি আমি ভক্তিশক্তি পাঞা ।
পূর্ব্বপ্রতি পুরুষের যোগ্যতা অনন্ত ।
পাণ্ডিত্যে সংগ্রহ কৈল কত শত গ্রন্থ ॥
স্তবমালা স্তবাবলী বিদগ্ধ মাধব ।
গোবিন্দলীলামৃত আর ললিত মাধব ॥
বিল্বমঙ্গল কর্ণামৃত রসামৃতসিন্ধু ।
ব্রহ্মসংহিতা ভাগবতামৃত নানা ছন্দ ॥
সন্দর্ভ দশম টিপ্পনী আদি যত ।
ভক্তিগ্রন্থ সংগ্রহ করিল শত শত ॥
ইতিহাস পুরাণ আগম অলঙ্কার ।
নব্য প্রাচীন স্মৃতি সাহিত্য আপার ॥
পদ পদাবলী কত করিল বর্ণন ।
প্রাচীন আনিঞা কত করিল লিখন ॥
আমি অল্পজ্ঞানী গ্রন্থ বুঝিতে নাহি শক্তি ।
সৎসঙ্গ নাহিক তাথে নাহিঁ জানি ভক্তি ॥
যথাকথঞ্চিৎ গ্রন্থ করিঞা দর্শন ।
কিঞ্চিত লিখিল এই সংকীর্ত্তন ক্রম ॥
শ্রোতাগণ শুন রাধাকৃষ্ণসংকীর্ত্তন ।
তোমরা শুনিলে সফল হয় মোর শ্রম ॥
শ্রীনন্দকিশোরপাদপদ্ম করি আশ ।
সংকীর্ত্তনামৃত কহে দীনবন্ধু দাস ॥

ইতি শ্রীরাধাকৃষ্ণসংকীর্ত্তনামৃতে উত্তরখণ্ডে প্রার্থনা-বৈষ্ণবগোস্বামি-পদসংগ্রহঃ পঞ্চমঃ পরিচ্ছেদঃ ।

শকাব্দা ১৬৯৩ মাহ বৈশাখ ৫ রোজ ॥

সমাপ্তশ্চায়ং গ্রন্থঃ ॥